এই জন্য ছেড়ে দেব ২৫ গুণ করলে prohibitive হয়ে যাবে। যে কোন স্থানে হোক এমন কি যদি একজনের সঙ্গে জমি বিক্রয়ের চুক্তি করি এবং যদি সেটা prohibitive হয়, তবে সে চুক্তি চুক্তিই নয়। (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: নিশ্চয়ই) আপনিও বলছেন, সে চুক্তি চুক্তিই নয়। দ্বিতীয়তঃ আমরা যদি মূল্য ধরতে চাই, কি তার দাম হবে, এর জন্য যে material আমাদের কাছে আসা উচিত, তা কই? কোম্পানির যে সমস্ত stock আছে, জিনিষপত্র আছে, তা কতদিনের কেনা এবং তার দাম আজ কি হতে পারে, বিশ বৎসর পরে যা হবে সে সম্বন্ধে কোন explanatory note নেই। প্রধান মন্ত্রীর বক্তৃতায় তা কিছু নাই। কত বছরে কত খরচ হয়েছিল বা কত বছরে কত income হয়েছিল, তা জানাচ্ছেন না। এবং তা ছাড়া last yearএ gross income ও working expense কত হয়েছিল? তার মধ্যে stock machinery এবং আর যে যা জিনিষপত্র আছে, তা কতটা ভাল অবস্থায় আছে, কতটা বদলাতে হবে? একটা sum ৮০ হাজার পাউণ্ড রেখেছেন for repair, replacement, সেটা ৮০ লক্ষই বা হবে না কেন, এক লক্ষই বা হবে না কেন বা ৫০ হাজারই বা হতে পারবে না কেন তার কারণ কি। কেন ৮০ হাজার পাউণ্ড রেখেছেন? সেটা বাড়ান যেতে পারে কি না। প্রতি বৎসর renewal কি হতে পারে। বিশ বছর পরে যা আমরা কিনব, তা একেবারে রদ্দি মা'ল হতে পারে। ২০ বছরের জন্য ৮০ হাজার পাউণ্ড করে প্রতি বৎসরে for renewal and replacement ধরা হয়েছে; কিন্তু, Sir, কোম্পানি গত ৫ বা ৭ বৎসরের মধ্যে averageএ কত টাকা করে এই renewal ও replacementর জন্য ব্যয় করেছেন বা করেন নি এর কোন record আমাদের কাছে নাই। যে fact আমাদের কাছে এসেছে, তা থেকে কোন motive impute না করেও infer করা যায় যে এর মধ্যে কিছু গোপন করা হয়েছে—আমাদের কাছ থেকে facts suppress করা হয়েছে। বোধ হয় গভর্ণমেণ্ট কিছু জানেন না—না জেনেই চুক্তি করেছেন কিম্বা যারা এ সম্পর্কে আইন প্রণয়ন করছেন, তারা সবই জেনেছেন; আর আমাদের মঞ্জুরি দিতে বলছেন অন্ধভাবে। গভর্ণমেণ্ট যা করছেন, ভালই করছেন এ বিষয়ে অন্য কিছু বলবার নেই। এর মধ্যে আমি আর কিছু দেখতে পারছি না যদিও আমি প্রাণপণে চেষ্টা করেছি বুঝতে কি করে এই agreementটা স্বীকার করা যায়। কিন্তু একমাত্র অন্ধভাবে ছাড়া তা করবার উপায় নাই।

তারপরের কথাটা হয়েছে যে purchase price কেন ধরা হয়েছে ৩৭ লক্ষ পাউণ্ড। এটাই বা ৪০ লক্ষ পাউণ্ড বা ৫০ লক্ষ বা ১৫ লক্ষ নয় কেন? হঠাৎ ৩৭ লক্ষ পাউণ্ড হল কেন তার কোন basis নেই। এই জন্য আমি কোন উদ্দেশ্য আরোপ করে নয় যে fact গোপন করা হয়েছে suppress করা হয়েছে। And this is fact. (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: অজ্ঞতা বশতঃ।)

অজ্ঞতাবশতঃ যদি চুক্তি করে থাকেন, তবে তা কোনমতেই গ্রাহ্য নয়। কিন্তু আমি বলছি এতগুলি টাকা ২০ বৎসর পরে যে তাদের দিবেন, তার কোনই কারণ নেই। এই সমস্ত কারণে আমার মনে হয় যে এই বিল জনমত সংগ্রহের জন্যই যাক বা select কমিটিতেই যাক, ভালরকম না দেখে পাশ করা উচিত নয়। এই সমস্ত জিনিষ যদি না আসে কোম্পানির আয়ব্যয়ের হিসাব, কি stock কি debenture কতগুলিই বা share তার কত মূল্যই বা হতে পারে, তা ছাড়া কত divident দিয়েছে বা কোম্পানির গত দশ বৎসরে average earning কত হয়েছে তাহলে কি করে জিনিষটা বিচার করা যায়? ২০ বৎসর 4 per cent. dividend দেওয়া হবে না 3 per cent. বা 2 per cent. দেওয়া হবে তাও হিসাব করতে হবে; 4 per

cent. দেব কেন, কেন 1 per cent. দেব না (The Hon'ble BHUPATI MAZUMDAR: বোটেই দেব কেন?) তাঁ, বোটেই বা দেব কেন এটা বিচার করা যায়, যদি facts and material আমরা না পাই। I am a man of average intellect—বোকা লোক। দেশের বেশীর ভাগ লোকই আমাদের মতন। তারা কি করে বুঝবে। অন্ধভাবে নেওয়া ছাড়া। অতএব এই সমস্ত Agreement দেখে মনে হয় এর মধ্যে hide and seek রয়েছে। সেটা তারা প্রকাশ করুন লোকের সন্দেহ দূর করুন। কোম্পানির মোট কত share আছে তার মধ্যে কত বিদেশী কত দেশী share আছে, সমস্ত জিনিষ বুঝে দেখতে হবে এবং সেটা বুঝবার মত material ছাড়া এই Bill আজকে এখানে considered হতে পারে না। এমন একটা শক্ত যা কেউ বুঝতে পারে না তাতে একমাত্র হবু চন্দ্র রাজার গবু চন্দ্র মন্ত্রীর মত হাত নেড়ে হয় হাত নাড়তে হয়, নয়ত এখানেই শেষ করতে হয়।

Sj. KANAI LAL DE: Sir, তিন ঘণ্টা ধরে এখানে বসে আছি, আমাদের House আর আর কতক্ষণ চলবে? এখন adjourn হওয়া উচিত।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: No no.

Sj. SIBNATH BANERJEE: স্পীকার মহাশয়, আজকে আর কতক্ষণ চলবে সেটা জানতে পারলে আমার পক্ষে সুবিধা হয়।

Mr. SPEAKER: আপনি আরম্ভ করুন।

Sj. SIBNATH BANERJEE: ৩।। টায় আরম্ভ হয়েছে আর কতক্ষণ চলবে?

Mr. SPEAKER: সে প্রশ্ন রেখে, আপনি আরম্ভ করুন।

Sj. SIBNATH BANERJEE: Mr. Speaker, Sir, মাননীয় প্রধান মন্ত্রী বলেছেন তিনি Tram Companyর সঙ্গে এই যে চুক্তি করেছেন এটা best under the circumstances. এই যে উক্তি করেছেন, best under the circumstances, এটাতে আমি তার সঙ্গে এক মত। এই Houseএর যা circumstances তাতে এর চেয়ে ভালো আশা করা যায় না। আমাদের মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় capitalismএর একজন সাধক। তিনি জানেন কারা কারা চোখ্ বুজে হাত তুলবে। সেইটে খুব ভালো জানেন কাজেই বলেছেন best under the circumstances (laughter). কিন্তু এটা best under the circumstances in his own opinion—তাঁর নিজের দৃষ্টিভঙ্গি অনুসারে, তাঁর জ্ঞান বুদ্ধি ও বিবেচনা অনুসারে নিশ্চয়ই এটা best কিন্তু অন্য একটা দৃষ্টিভঙ্গি আছে যারা মনে করে এটা bestত নয়ই worst. কেন এটা worst সেই কথাই বলব। Best তো নয়, worst। কেন worst বলছি সে সম্বন্ধে দু'একটি কথা বলব। প্রথমেই আমি প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি Constitutionএর আশ্রয় নিয়েছেন। সেই Constitutionএ যেখানে compensation দেওয়ার কথা আছে সেই অংশটা প্রধান মন্ত্রীর খুব ভাল লেগেছে, কিন্তু হরিপদবাবু যেখানে শ্রমিকদের পরিশ্রমে অর্জিত অর্থে পূর্ণ অধিকারের কথা বলছিলেন সেই অংশটা তত ভাল লাগেনি। Constitution কংগ্রেসের বড় বড় পণ্ডিতেরা তৈরী করেছেন। এই Constitution আমরা অনেক জায়গায় স্বীকার করি না, এবং অনেক আপত্তিও রয়েছে। কিন্তু ডাঃ রায়ের মত অনেকেই আছেন যারা capitalism, পুঁজিবাদের সমর্থক তাঁদের খুব ভাল লেগেছে। Constitution বেশী দিন থাকবে না। এই Constitutionএরও change করা যায়, যেমন দু'একটি জিনিষের change হয়েছেও। জমিদারী প্রথা বিলোপ করতে যেয়ে তাঁরা একটা আইন করেছিলেন বটে, কিন্তু Supreme Court ও High Courtএর মন্তব্যের পরে তাতেও সামান্য change করেছেন। এই Constitutionএর আওতায় আজ যাঁরা আছেন তাঁরাও change করতে বাধ্য হতে পারেন। এই Constitutionএর উপর কি আস্থা ডাঃ রায় রাখেন তিনিই জানেন। এই Constitutionএর উপর বেশী ভরসা রাখা ঠিক হবে না। জমিদাররা এই Constitutionএর আশ্রয় নিয়েছিলেন, কিন্তু কালের স্রোতে ভেসে গিয়েছেন। অন্যান্য রাষ্ট্রেও জাতীয়করণ হয়ে গিয়েছে, আমাদের দেশেও Parliamentএ সেই Constitution পরিবর্তন করতে হবে। সুতরাং তার উপর নির্ভর করা সঙ্গত হবেনা। আজকাল ডাঃ রায় চোখে কম দেখছেন। এই ঘরে যে আলো আছে তাতে তাঁর হয় না, আর একটা আলো তাঁর দরকার হয়। তাঁর যদি সেই দৃষ্টিশক্তি থাকত এবং দুনিয়ার দিকে ভাল করে তাকিয়ে দেখতেন তবে এই Constitutionএর উপর এত জোর দিতেন না। Nationalisation

কথাটাই তাঁর মুখ থেকে বের হয় না, socialisation যদি হোত তাহলে তিনি আঁতকিয়ে উঠতেন এবং heartfail করাও অসম্ভব ছিল না। Municipalisation, socialisationএর দরকার নাই, আমি nationalisationএর কথা বলছিলাম, তাতেই তিনি বলছেন hackneyed expression, municipalisation কথাটা ঘাবড়াবার কথা নয়; তিনি তো এক সময় Calcutta Municipalityর কর্ণধার ছিলেন। অন্যান্য দেশে Tramway বলেন, Electricity বলেন, ইত্যাদি সবই রাষ্ট্রীয়করণ হয়ে যাচ্ছে; কিন্তু সেদিকে আপনাদের কোন দৃষ্টি নাই। এই Constitution ধারানুযায়ী compensation দিতে হবে, না দিলে চলবে না এবং কিভাবে বিদেশী নিতে হবে কেবল সেদিকে আপনাদের দৃষ্টি গিয়েছে। এই দাবী nationalisationএর দাবী আজকের নয়। আমি জোরের সঙ্গে বলতে পারি ১৯২৮ সালে যখন Simon Commission কলকাতায় এসেছিলেন তখন Tramway Companyর শ্রমিকদের strike হরতাল করতে বলা হয়েছিল এবং শ্রমিকেরা তাতে যোগ দিয়েছিল এবং আমিও ছিলাম। তারপরে ৫৪ জনকে ডিস্‌মিস্‌ করা হয় এবং নেতাজী সুভাষচন্দ্র অনেক চেষ্টা করে তাদের পুনর্নিযুক্ত করতে পারেন নি। সেই সময়ই আমরা দাবী করেছিলাম Tramway Company nationalise করতে হবে। ২২ বৎসর হয়ে গিয়েছে, কিন্তু nationalisation তো হলই না, সে কথা উঠলেও আজও পূর্বাবস্থাই রয়েছে। Dr. Royএর সেটা ভাল লাগে না, তাঁর কাছে সেটা hackneyed expression. E. I. R., B. N. R. কোম্পানির মত বড় বড় Company যদি nationalise করা হতে পারে তবে Tram Company nationalise করা এমন কি বড় কথা। চীন ও অন্যান্য দেশেই শুধু নয়, এই ভারতবর্ষের মধ্যে, এই বাংলাদেশের মধ্যেও, যে রেলওয়ে লাইন রয়েছে তা nationalised হয়েছে। ডা: রায়ের এটা অজানা কিছু নয়, তাঁর চোখের সামনেই এটা হয়ে যাচ্ছে তিনি পছন্দ করুন আর নাই করুন। সমস্ত দেশব্যাপী যে ঢেউ এসেছে তাতে তিনিও ভেসে যাবেন, তিনি ঠেকাতে পারবেন না। আমি বলতে চাই তিনি তাঁর দূরদৃষ্টি হারিয়ে ফেলছেন। আমি তাঁর চোখের দৃষ্টি কথা বলছি না, অন্য দৃষ্টির কথা বলছি। তিনি যা মনে করছেন সেটা ৫০ বৎসর আগেকার জিনিষ। তাঁর অভিপ্রায় অনুসারে সব কিছু হবে এটা তাঁর মারাত্মক ভুল। তাঁর অভীপ্সিত জিনিষ এখানে পাস হয়ে যাবে জানি, আবার "অরণ্যে রোদন করা ছাড়া আর কিছুই হবে না"। কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই একদিন এই ভুলের মাশুল দিতে হবে এবং আমাদের ভবিষ্যৎ বংশধরেরা এজন্য আমাদের গালাগালি দেবে। বৃটিশ আমলেও আমরা এই দাবী বরাবর জানিয়ে এসেছি এবং বলেছি যে, এই contract আর renew করা না হয়। আগেকার দিনের Congress Committeeর resolutionএ এইসব পাওয়া যেতে পারে। ১৯২৮ সালে নেতাজী সুভাষচন্দ্র যখন বাংলাদেশের কংগ্রেস-নেতা ছিলেন তখন তিনি এই Tram Company nationalise করবার চেষ্টা করেছিলেন।

প্রধান মন্ত্রী একটা যুক্তি দিয়েছেন যে, ৫টা—টালিগঞ্জ, নোনাপুকুর, হাওড়া ইত্যাদি—পৃথকভাবে চালান যায় না। সেটা সত্য কথা, আমি মানি। তাহ'লে পৃথক পৃথক workshopএর দরকার। সেজন্য সেটা সম্ভব নয়, এ বিষয়ে আমি প্রধান মন্ত্রীর সঙ্গে একমত।

এটা জানা কথা যে Tram Company শ্রমিকদের সঙ্গে ভাল ব্যবহার করে না। একদিন Dr. Roy এই কোম্পানির শ্রমিকদের strike সমর্থন করে বলেছিলেন যে, এই Company underএ কাজ করা উচিত নয়। কিন্তু আজ তিনি সব ভুলে গিয়েছেন। তিনি আজকে পৃথক পৃথক workshop দরকার ইত্যাদি কথা ব'লে এড়িয়ে যাচ্ছেন, কিন্তু practical difficulties আমিও ভাল বুঝি। ডা: রায়ের সঙ্গে যোগাযোগে আমাকে কাজ করতে হয়েছিল। তাঁকে আমরা সমর্থন করেছিলাম, এবং তিনি কৃতকার্য্য হয়েছিলেন। আমি আশা করেছিলাম তাঁর দৃষ্টিভঙ্গির কিছু পরিবর্ত্তন হবে। (The Hon'ble PRAFULLA CHANDRA SEN: হ্যাঁ, কিছুটা progressive হয়েছেন তিনি।) বসিরহাট ব্যাপারে তাঁর যে জোর দেখেছিলাম এই Companyর ক্ষেত্রে তার বিপরীত দেখছি। এটা তাঁর জীবনে দৈবাৎ ঘটে গিয়েছে, এটাকে আমরা তাঁর জীবনের একরকম ব্যভিচারই (laughter) বলতে পারি। পাকে চক্রে পড়ে সেটা করেছেন। কিন্তু তাঁর দৃষ্টিভঙ্গির কোন পরিবর্ত্তন হয়নি। এই প্রগতিমূলক কাজটা তিনি ভুল ক'রে ক'রে ফেলেছেন।

আমরা আশা করেছিলাম বারাসত-বসিরহাট ব্যাপারে তিনি যে ব্যবস্থাবলম্বন করেছিলেন এক্ষেত্রেও তাই করবেন। দেশের লোক চরম sacrificeএর মধ্য দিয়ে এই companyকে nationalise করবেই। বেসরকারী Company সম্বন্ধে দেশের লোক যে ব্যবস্থাবলম্বন করেছে এই Tram Companyর বেলায়

তার ব্যতিক্রম হবে না। ওঁরা অনেক কিছু লিখেছেন—এটা করতে হবে, ওটা করতে হবে। Calcuttaর Tram বন্ধ হয়ে যায় তখন জনসাধারণের চাপে পড়ে তাড়াতাড়ি একটা ব্যবস্থা করতে হয়। স্যার, সাতটা বেজে গিয়েছে আর বলা যাচ্ছে না। (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: খুব ভাল হচ্ছে, বলে যান না) আমার এখনও আরো এক ঘণ্টা সময় দরকার। আজকে আর বলতে পারছি না। যদি আগে থেকে notice দিতেন তাহলে whole night থাকতাম। সুতরাং কালকে আবার বলা যাবে, আজকে আর বলা যাচ্ছে না।

Mr. SPEAKER: Mr. Banerjee, the position is this: I have got a list of speakers on this subject. Naturally it would take a long time to go on with a view to finish the Bill. That is the reason why I want to finish as much as possible, so that we can conclude as early as possible.

Sj. SIBNATH BANERJEE: This is the last speech, I take it.

Mr. SPEAKER: That I admit.

Sj. SIBNATH BANERJEE: Sir, I shall be very much obliged if you kindly allow me to finish my speech tomorrow. আপনার কাছে আমি আবেদন করছি আজকের মতন শেষ করে দিন। কালকে আবার বলবো। আজকেত East Bengal ও Mohon Baganএর খেলাত দেখতে দিলেন না। আজকে East Bengal জিতেছে তাই বাড়ী গিয়ে আনন্দ করতে হবে। (Laughter).

Mr. SPEAKER: Well, Mr. Banerjee wants time and so passionately that it will be cruel to force him to finish his speech tonight. I think I should adjourn the House till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 7-5 p.m. till 3 p.m. on Wednesday, the 19th September, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 19th September, 1951, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, II Hon'ble Ministers and 65 members.

STARRED QUESTION

(to which oral answer was given)

Held over Supplementaries on Starred Question No. 10

SJ. ANNADA PROSAD CHOUDHURY: মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর উত্তরে (*b*) paragraphএ বলেছেন, "The proposals were directly received by the Director of Public Instruction". কিন্তু আমরা জানি যে শিক্ষা বিভাগে schoolএর যেটা recurring or capital grant সেটা দেওয়ার যে proposal দেওয়া হয় তা Inspectorএর কাছে থেকে তদারক করে এবং তাঁর কাছ থেকে অনুমোদন পেয়ে তারপর সেখানে বিচার করা হয়। কিন্তু এখানে Director of Public Instructionএর কাছে থেকে সোজাসুজি proposal এসেছিল এবং সরকার তা মঞ্জুর করেছেন এবং বলেছেন under the rules obtaining at the time—এই বিশেষ ক্ষেত্রে এই বিশেষ বিষয়ে ruleটা ছিল, না সাধারণ ruleই ছিল?

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Is it a supplementary question or is it a statement that he is making?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: প্রথমত: এটা school নয়। দ্বিতীয়ত: সাধারণভাবে যে নিয়ম আছে সেই নিয়ম অনুসারে শিক্ষা বিভাগের কাছে আবেদন করা চলত।

SJ. ANNADA PROSAD CHOUDHURY: Supplementary question, Sir. এই (*f*) paragraphএ বলা হয়েছে এই Institutionকে যে সমস্ত grant দেওয়া হয়েছে তা প্রথমে founder Secretaryকে either from Calcutta or from Alipore Treasury থেকে দেওয়া হয়েছিল এবং তারপর February to March, 1948, and Feburary to Octobor, 1949এ Jhargramএর S. D. O.র মারফৎ টাকা দেওয়া হয়েছিল। কিন্তু কি কারণে ১৯৫০-৫১ সালে Jhargramএর S. D. O.কে না দিয়ে আবার সেই founder Secretaryকে টাকা দেওয়া হয়েছিল?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: ১৯৪৯ সালের কয়েক মাসে এই Subdivisional Officerএর মারফৎ টাকা দেওয়া হয়েছিল। তার কারণ founder Secretary জানিয়েছিলেন যে তিনি ঐটা পরিচালনা করতে পারছেন না, তাঁর পরিবারিক কারণে অর্থাৎ স্ত্রী বিয়োগ হওয়ার জন্য। সেই জন্যই Subdivisonal Officerকে ঐ grant draw করতে দেওয়া হয়েছিল।

SJ. ANNADA PROSAD CHOUDHURY: Paragraph (*m*)এ বলা হয়েছে, "it has been reported that the Institution at Jhargram has been closed down and the properties notified for sale". সেখানে যদি এই institution বন্ধ করে দেওয়া হয়ে থাকে এবং তারপর তার সমস্ত সম্পত্তি notice দিয়ে বিক্রয় করে দেওয়া হয় তাহলে গভর্ণমেণ্ট যে টাকা দাবী করেছেন, ৮,৭৯১৲ টাকা, সেই টাকা আদায়ের কি পথ গভর্ণমেণ্টের আছে?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Society সম্পত্তি বিক্রয় করলেও সেটা registered societyর সম্পত্তি; কাজেই গভর্ণমেণ্টের পাওনা টাকা বা grant আদায়ের কোন বাধা হবে বলে মনে হয় না।

Sj. ANNADA PROSAD CHOUDHURY: Society তাঁদের সম্পত্তি বিক্রয় করে যদি সেই টাকা অন্য বাবদ খরচ করে ফেলে, তাহলে গভর্ণমেণ্ট তার দাবী থেকে বঞ্চিত হতে পারেন সুতরাং সে বিষয় ,গভর্ণমেণ্ট কি বিবেচনা করেছেন?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: প্রথমেই আপনাকে প্রশ্নের (*i*) to (*k*) উত্তরে বলা হয়েছে "The accounts of the Bodhana Samity are now being examined in detail by a firm of public auditors and their reports are awaited". Auditorএর report পেলে সোসায়িটির দায়িত্ব ও Governmentএর কত টাকা পাওনা তা সাব্যস্ত হবে। সুতরাং তা সাব্যস্ত না হওয়া পর্য্যন্ত Societyর কত টাকা দেনা বা সরকারের কত টাকা পাওনা সেটা জানতে না পারলে সঠিক দাবী করতে পারা যাচ্ছে না। কাজেই কত টাকা দেনা পাওনা সেটা সাব্যস্ত না হওয়ার পূর্ব্বে আমরা তাদের কি notice দেব বা তাদের সম্পত্তি কি করে attach করবো। কারণ সম্পত্তি attach করতে গেলে suit করে তবে করতে হবে, নতুবা আইন অনুসারে করা যায় না।

Sj. ANNADA PROSAD CHOUDHURY: শিক্ষা বিভাগের Deputy Secretary যখন একটা cheque audit করে বলেন ৮,৭৯১৲ টাকা বে-হিসাবী খরচ করেছেন এবং ঐ টাকা গভর্ণমেণ্টের কাছে ফেরৎ দেওয়া উচিত। তারপরেও যদি সে এই সম্পত্তি বিক্রয় করে দেয়, তাহলে সেই টাকা আদায় হবে কি করে?

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. What the hon'ble member is saying is nowhere in the question or in the answers nor does it arise out of the question or the answers. Supplementary questions are put which should arise out of the main question or the answers given.

Mr. SPEAKER: Mr. Choudhury you are presuming something which is not there, you must ask a question and get an answer before presuming something.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: Something is stated in the reply and unless I refer to that reply how can I put this supplementary questions.

Mr. SPEAKER: Which part of the replies you are referring to?

Sj. ANNADA PROSAD CHOUDHURY: এখানে বলা হয়েছে it is being audited এবং a check audit has been made এবং আরও বলা হয়েছে যে and it has been referred to that the accounts of the Bodhana Samity are being examined in detail by a firm of auditors তাহলে আমি জিজ্ঞাসা করতে পারি যে—

Mr. SPEAKER: You are going into details that do not appear in the answers.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: The Hon'ble Minister just referred to the answer (*i*) to (*k*). In that answer it has been stated that there has already been a test check——

Mr. SPEAKER: But this answer (*i*) to (*k*) does not mention what is contained in the test check whereas you are going on mentioning a figure of

Rs. 8,000 and odd and so on which you seem to be reading from some audit report that you possess. Without mentioning any such figure and without presuming anything that is not there in the answer you first of all put a question and elicit the answer.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: *All right, Sir, in answers (i)* to (*k*)তে বলা হয়েছে যে Government একটা test check করেছেন ১৯৪৪ থেকে ১৯৪৮ সাল পর্য্যন্ত এবং জানা গিয়েছে যে বে-হিসাবী খরচ করার জন্য গভর্ণমেণ্ট তাদের নিকট ৮,৭৯১৲ টাকা দাবী করেছেন—এটা কি সত্য?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: ঠিক বলতে পারি না। Notice চাই।

Sj. ANNADA PROSAD CHOUDHURY: যদি এটা সত্যি হয় যে সম্পত্তি বিক্রয় করবার notice দেওয়ার পর, সেই সম্পত্তি বিক্রয় করে দিয়ে Society সেই টাকা অন্য বাবদে খরচ করে দেয়, তাহলে গভর্ণমেণ্টের পক্ষে সেই টাকা আদায় করবার কি পথ আছে?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: আপনার এটা একটা hypothetical question. কারণ আপনি "যদি" দিয়ে আরম্ভ করেছেন।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Complaints against the dealer in rationed commodities of Jagaldwip in Indus police-station, Bankura

3. Sj. KANAI LAL DE: (*a*) Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state whether Government has received any complaint against the dealer in rationed commodities such as sugar, *atta*, flour, etc., of Jagaldwip in Indus police-station (district Bankura)?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what action, if any, has been taken by the Government on such complaints; and

(*ii*) whether the Government consider the desirability of holding an enquiry into the dealings of the said dealer?

MINISTER in charge of the FOOD DEPARTMENT (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Yes.

(*b*)(*i*) The Subdivisional Controller of Food, Vishnupur, and the Chief Inspector, Vishnupur, enquired into the matter and the dealership was cancelled on the basis of their reports.

(*ii*) Does not arise.

Transfer of District Officers of Bankura

4. Sj. KANAI LAL DE: Will the Hon'ble Minister in charge of the রাষ্ট্র Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত দুই বৎসরে বাঁকুড়ায় ৬ জন আরক্ষাধ্যক্ষ (Superintendent of Police) ও ৪ জন জেলাশাসক (District Magistrate) বদলি হইয়াছিল;

(খ) সত্য হইলে, এত ঘন ঘন বদলির কারণ কি;

(গ) এইরূপ ঘন ঘন বদলির জন্য শাসনকার্যের অসুবিধা হয় কি না;

(ঘ) এইরূপ ঘন ঘন বদলির জন্য কত টাকা ভ্রমণব্যয় হইয়া গিয়াছে; এবং

(ঙ) অপরিহার্য কারণ ব্যতীত ঘন ঘন বদলির নীতি পরিবর্তন করা বাঞ্ছনীয় কি না?

MINISTER in charge of the HOME DEPARTMENT (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (ক) গত দুই বৎসরে ৩ জন আরক্ষাধ্যক্ষ ও ৪ জন জেলাশাসক বাঁকুড়ায় বদলি হইয়াছেন।

(খ) এবং (গ) ১৫ই আগষ্ট, ১৯৪৭ এর পূর্ব্বে যে সকল বদলি হইয়াছে তাহার জন্য এই সরকার দায়ী নহেন। ঐ তারিখের পর ২ জন জেলাশাসককে ও ১ জন আরক্ষাধ্যক্ষকে বদলি করা হইয়াছে। শাসনকার্যের সুবিধার জন্য কোনও কোনও সময়ে অল্পদিনের জন্য পদবিশেষে কর্মচারী বদলি করিতে হয়।

(ঘ) এ সম্বন্ধে সঠিক তথ্য সহজলভ্য নহে।

(ঙ) এই প্রশ্ন উঠে না, কারণ অপরিহার্য কারণ ব্যতীত কর্মচারী বদলি না করার নীতিই সরকার বরাবর অনুসরণ করিয়া আসিতেছেন ও করিবেন।

Distribution of building grant to educational institutions in Bankura district

5. Sj. KANAI LAL DE: Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৪৮।৪৯।৫০ সালে কোন্ কোন্ educational institutionকে গৃহনির্মাণ বাবদ কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) কোন্ কোন্ institution উক্ত সাহায্যের জন্য আবেদন করিয়াছে; এবং

(গ) কি নীতি অনুসারে সাহায্য দেওয়া হইয়াছে?

MINISTER in charge of the EDUCATION DEPARTMENT (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (ক) এবং (খ) তালিকা নীচে দেওয়া হইল।

(গ) জেলা-পরিদর্শক প্রথমে স্থানীয় প্রয়োজনীয়তা আছে রিপোর্ট করিলে স্কুলের জমির পাকা স্বত্ব আছে কি না দেখা হয়। বাড়ীর নক্সা ও প্রাক্কলন বাস্তু ও স্বাস্থ্যবিভাগের দ্বারা পরীক্ষা করান হয়। পরীক্ষার ফল সন্তোষজনক হইলে এবং বাজেটের টাকা বরাদ্দ থাকিলে মোট খরচের এক-তৃতীয়াংশ এবং বিশেষ ক্ষেত্রে অর্দ্ধেক অংশ সরকারী সাহায্য দেওয়া হয়। বাঁকুড়া জেলায় যে যে স্কুলকে সাহায্য দেওয়া হইয়াছে তাহা এই নীতি অনুসারেই হইয়াছে। কলেজের সাহায্য-প্রার্থনা সম্বন্ধে শিক্ষাধিকর্তা ঐরূপ পদ্ধতি অনুসারে বিবেচনা করেন ও তাঁহার নির্দেশ বা মন্তব্য অনুসারে বিহিত আদেশ দেওয়া হয়।

Statements referred to in reply to clauses (ক) and (খ) of unstarred question No.5

(ক)

LIST OF INSTITUTIONS THAT RECEIVED BUILDING GRANT DURING THE YEARS 1948, 1949 AND 1950

Serial No.	Name of institution.	Estimate.	Total amount sanctioned.	Amount paid.			Due.
				1948.	1949.	1950.	
		Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1.	Ramananda College	2,08,692	69,564	..	40,000	29,564	Nil
2.	R. K. Mission Sarada Vidyapith.	5,002	1,667	..	..	833	834
3.	Maliara High English School.	46,496	10,000	5,000	..	5,000	Nil
4.	Amarkanan Desh-bandhu Institution.	10,000	7,500	7,500	..	..	Nil
5.	Ditto ..	10,06,042	35 347	..	..	17,673	17,674
6.	Tiluri High English School.	9,679	3,227	1,613	..	..	1,614
7.	Anderthole Middle English School.	1,701	1,134	567	..	567	Nil
8.	Kankradara Middle English School.	19,785	9,892	3,685	1,000	5,207	Nil
9.	Sarenga Mahatmaji Smriti Vidyapith.	9,999	8,999	8,999	..	..	Nil
10.	Ditto ..	17,817	13,363	..	..	6,681	6,682
11.	Ranebandh Middle English School.	4,229	3,229	..	1,614	..	1,615
12.	Ditto ..	9,337	6,224	..	..	3,112	3,112
	Total ..		1,70,146	27,364	42,614	68,637	31,531

N.B.—Nos. 7-12 are Scheduled Caste schools, hence these were treated as special ones and Government grants in excess of one-third of the estimated cost were paid.

No. 4.—The school was badly damaged by storm.

(খ)

NAMES OF SCHOOLS IN THE DISTRICT OF BANKURA WHICH SUBMITTED APPLICATIONS FOR BUILDING GRANT.

1. R. K. Mission Sarada Vidyamandir, Joyrambati.
2. Maliara High English School.
3. Amarkanan Deshbandhu Institution.
4. Tiluri High English School.
5. Anderthole Middle English School.

6. Kankradara Middle English School.
7. Sarenga Mahatmaji Smriti Vidyapith.
8. Ranebandh Middle English School.
9. Jorada New Model High English School.
10. Patrasayar Bamira G.D. Institution.
11. Amdahi Middle English School.
12. Sonamukhi High English School.
13. Harmosra High English School.
14. R. K. Mission Middle English School, Ramharipur.
15. Sashi Bhusan Raha Institution.
16. Mejea High School.
17. Kotalpur High English School.
18. Baliatore High English School.
19. Christian Collegiate School.
20. Gangoria Middle English School.
21. Gandhi Vidyalaya.
22. Vishnupur Music College.
23. Bankura Christian College.
24. Bisnupur Ramananda College.

STARRED QUESTION

(to which oral answer was given)

Shifting of Raina police-station to Aherbelma in Burdwan district

***11. Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that Raina thana in the Burdwan district is going to be shifted to Aherbelma (now named as Shyamsundarpur) only three miles off from Raina?

(*b*) If the answer to (*a*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether Raina is an important place having within it post office, sub-registry office and other Government offices;

(*ii*) whether Raina thana has got a compound and buildings of its own;

(*iii*) whether the proposal for shifting was given due publicity with a view to obtain public opinion;

(*iv*) if not, the reason therefor;

(*v*) whether respectable gentlemen of the locality including persons of Aherbelma village forwarded a representation to the Inspector-General of Police against such shifting; and

(*vi*) whether Government consider the desirability of holding an enquiry before shifting the thana?

MINISTER in charge of the HOME (POLICE) DEPARTMENT (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) It has been decided to shift the police-station from Raina to Aherbelma.

(*b*)(*i*), (*ii*) and (*v*) Yes.

(*iii*) No.

(*iv*) It is not the practice to give publicity to proposals of the kind with a view to elicit public opinion.

(*vi*) Government see no need to alter the decision already arrived at after careful consideration of local conditions.

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY: Supplementary question, Sir, প্রধান মন্ত্রী মহাশয় বলেছেন যে "it has been decided to shift the police-station from Raina to Aherbelma". কি কারণে এই decisionটা নেওয়া হ'ল আমরা জানতে পারি কি?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: The village Raina in the district of Burdwan where the local police-station is situated is a very out of the way place. It is notoriously malarious. Officers and men constantly suffer in this place and there are no proper facilities for medical treatment at Raina. It is normally an inaccessible place and during the rains it is completely cut off. The police patients cannot therefore be easily removed to the police hospital at Burdwan. The thana buildings at Raina are in an extremely bad state of repairs and the absence of suitable quarters for thana staff has made the condition worse still. There are quarters for the officer in charge which are in a dilapidated condition while the second Sub-Inspector and the Assistant Sub-Inspectors have no quarters at all and have hired miserable huts in the bazar or live in the thana building and the inspection room. The Deputy Inspector-General of Police who inspected the buildings some time in May, 1950, observed that the thana buildings and the constables' barracks were cracked all over so much that they might collapse at any moment, and the barracks have been declared definitely to be unfit for human habitation by the Subdivisional Officer and the Works and Buildings Department. The approximate cost of reconstruction of the thana buildings is estimated at Rs. 60,000 and this sum would be necessary to repair the old buildings. On the other hand the local zamindar has offered to construct thana buildings and constables' barracks and police officers' quarters according to the standard type and plan and let them out at moderate rent and maintain them in case the thana at Raina is transferred to Aherbelma which is an adjacent village. This village is within a mile from Shamsundarpur on the Bankura-Damodar Railway and it has a much better situation than Raina so far as communications are concerned for control of crime. There is a charitable dispensary at Aherbelma, a free primary school and a high school and there is a proposal to start a hospital and a college in the near future. Considering all these points Government came to the conclusion that the thana should be shifted to Aherbelma.

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY: Supplementary question, Sir, প্রধান মন্ত্রী মহাশয় বললেন যে Aherbelma (শ্যামসুন্দরপুরে) যাতায়াত করা অত্যন্ত কষ্টকর, কিন্তু সেটা একটা flag station; Raina হচ্ছে A. D. station, সুতরাং Raina যাওয়ার বেশী সুবিধা হয়। Raina থেকে Aherbelma মাত্র করেক মাইল দূরে এবং এটা একটি important place. তাহলে Raina কি করে সহজে যাওয়া যায় না?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I have nothing more to add.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: এটা প্রায় একশো বছরের পুরাতন থানা এবং এটা গভর্ণমেণ্টের নিজের জায়গা। এখানে না করে তিন মাইল দূরে এই থানা একজন বড়লোক বাড়ী তৈরী করে দিচ্ছেন বলেই এটা সেখানে সরিয়ে নিচ্ছেন। তাহ'লে কি যে কোন বড়লোকই বাড়ী তৈরী করে দেবেন সেখানেই থানা সরিয়ে নিয়ে যেতে হবে?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: একশ বছর যদি এর বয়স হয়ে থাকে তবে একে বিসর্জন দেবার সময় হয়েছে।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: তাহলে ত প্রায় সবগুলি থানারই বয়স একশ বছর হয়েছে, সবগুলিকেই বিসর্জন দিন, কলিকাতারও একশ বছর বয়স হয়েছে। তার কি করবেন?

(No reply.)

Sj. ANNADA PRASAD CHOUDHURY: মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন [*b*(*i*)তে] যে সেখানে পোষ্ট অফিস, Sub-Registry office এবং অন্যান্য গভর্ণমেণ্ট অফিস রয়েছে। তাছাড়া সেখানে একটা High Schoolও রয়েছে। এই অবস্থায় গভর্ণমেণ্টের নিজের জায়গায় নিজের বাড়ী ভেঙ্গে গিয়েছে এবং সেটাকে ৬০ হাজার টাকা ব্যয়ে মেরামত করাতে হবে বলে থানাটাকে আর একজন জমিদারের বাড়ীতে সরিয়ে দেওয়া হবে কি?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I have nothing further to add.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Expenditure on Small Irrigation Schemes in Cooch Behar district

6. Sj. UMESH CHANDRA MANDAL: Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state the amount which was spent in Cooch Behar district last year under Small Irrigation Schemes and Re-excavation of Derelict Irrigation Tanks (separately)?

MINISTER in charge of the AGRICULTURE DEPARTMENT (the Hon'ble Prafulla Chandra Sen): No amount was spent in connection with the execution of Small Irrigation Schemes and Schemes for the Re-excavation of Derelict Tanks in the district of Cooch Behar during 1949-50.

Shifting of Raina police-station to Aherbelma in Burdwan district

7. Sj. BIMAL COMAR GHOSE: (*a*) Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state whether Raina police-station in Burdwan district has been or is being shifted to Aherbelma?

(*b*) If the answer to (*a*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) if any public notification was issued before such shifting was effected with a view to obtaining public opinion;

(*ii*) whether it is a fact—

(1) that Raina thana connects two districts, Burdwan and Bankura, by a railway and is much bigger place than Aherbelma, and

(2) that it has within its jurisdiction a sub-registry office, a post office and other Government offices;

(*iii*) whether any respectable gentlemen including the President of Aherbelma Union had forwarded a representation to the Inspector-General of Police against the shifting of the Raina thana to Aherbelma; and

(*iv*) whether Government will re-examine the whole question with a view not to shift Raina thana to Aherbelma?

MINISTER in charge of the HOME DEPARTMENT (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) It has been decided to shift the police-station from Raina to Aherbelma, but the shifting of the police-station has not yet been effected.

(*b*)(*i*) There is no provision for any notification inviting public opinion in such matters.

A notification giving effect to the change will be issued in due course.

(*ii*)(1) It is true that Raina thana connects two districts, Burdwan and Bankura by a railway, but Shyamsundarpur (Aherbelma) is also a station on this railway. Raina is no doubt a bigger place than Aherbelma.

(2) and (*iii*) Yes.

(*iv*) Government see no need to alter the decision already arrived at after careful consideration of local conditions.

Adjournment motion.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা adjornment motionএর notice দিয়েছি, সেটা হচ্ছে জলপাইগুড়িতে যে ৯ জন লোক hunger strike—

Mr. SPEAKER: I am informed that the hunger-strike is over.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: The strike was called off last night.

Allotment of Non-Official days.

SJ. DEBENDRA NATH SEN: On a point of privilege, Sir, I have given notice of a non-official resolution, but from the list of business circulated I find that no non-official day has been allotted.

Mr. SPEAKER: I shall look into the matter.

GOVERNMENT BILL.

The Calcutta Tramways Bill, 1951.

SJ. SIBNATH BANERJEE: মাননীয় Speaker মহাশয়, কাল আমি বলেছিলাম যে nationalise করবার জন্য গভর্ণমেণ্টকে বাধ্য করবার একটা methodএর দরকার। এখানে আইন বলে একটা বাঁধা পদ্ধতি আছে। তাতে মনে হচ্ছে প্রধান-মন্ত্রী মহাশয় যে রকম বলেছেন যে under the circumstances, তিনি যা করেছেন, সেটাই best. সেইজন্য আমাকে বলতে হচ্ছে, অন্য একটা পন্থাও রয়েছে, যা নাকি এখানের রেলওয়ের শ্রমিকরা অবলম্বন করে ছিল এবং জনসাধারণের সমর্থন পেয়ে তারা strike করেছিল। তারপর সেই Railway টার যদিও পুরাপুরি জাতীয়করণ হয়নি—মাঝা মাঝি একটা ব্যবস্থা হয়েছে। কিন্তু interested partyকে সরিয়ে দেওয়া হয়েছে। জানি না শেষ পর্য্যন্ত এখানেও সেই পন্থাই আমাদের অবলম্বন করতে হবে কি না। আর একটা example—যেটা কাগজে প্রায় রোজই বেরুচ্ছে সে আর একটা পন্থা ইরাণ থেকে দেখা দিয়েছে সম্প্রতি। আমি ১৯১৭ সালে Moscowতে যা হয়েছিল বা ১৯৪৮।৪৯।৫০ সালে চীনে যা হয়েছে, ঠিক তেমনি একটা পন্থা—মালিকদের বিরুদ্ধে—ঠিক তেমনি একটা পন্থা—এখানকার জনসাধারণের Assemblyতে

যা গৃহীত হয়েছিল—তাই এখানকার বর্ত্তমান প্রধান-মন্ত্রীকে দেখাচ্ছি। তাই থেকে প্রধান-মন্ত্রী মহাশয়কে আমরা কিছু শিক্ষা দিতে পারি কিন্তু তিনি সে শিক্ষা নিতে প্রস্তুত নন। একটু বইজেই সেই শিক্ষাটুকু নিতে পারতেন। কারণ দেখা যাচ্ছে তাতে Governmentএর এমন কিছু বাধ্য নেই। কিছু দিন আগে তারা ধার চাইলেও ধার পেতেন না কিন্তু এখন দেখা যাচ্ছে, ধার চাইবামাত্র তা পান। এই ত এক কোটি সত্তর লক্ষ টাকা চেয়েছিলেন; তিন ঘণ্টার মধ্যে সেটা overdrawn হয়ে গেল। কাজেই গভর্ণমেণ্ট loan নিয়েও অনায়াসেই একটা কিছু করতে পারতেন। বাংলাদেশ এবং আরও কয়েকটা রাজ্যের loan নেওয়ার ব্যবস্থা রয়েছে। সে দিক থেকে ভয় পাবার কিছু ছিল না। Important যে সব concern, তাদের nationalise করবার জন্য টাকা চাই দেশবাসী তা দিতে সর্ব্বদাই প্রস্তুত। আর একটা ব্যবস্থা করতে পারতেন। Co-operative basisএ এটাকে রেজিষ্টারি করে। ঘাড় নাড়ছেন (pointing to the Treasury Benches). আপনারা ভাবছেন —এতবড় একটা concernকে কি করে তা করা যায়! Dundeতে চট কলে কি চলেছে? Co-operative basisএ চলেছে। এখানেও সেই co-operative basisএ এটাকে চালালে এতে যে ৬ হাজার শ্রমিক আছে, ৬০ লক্ষ যারা যাতায়াতে ট্রাম ব্যবহার করে অর্থাৎ যারা ট্রামে চলে ও ট্রাম চালায়—তাদের যদি approach করেন, by way of share, তারা এটাকে সাহায্য করতে বাধ্য। কিন্তু তিনি এ দিক দিয়ে যাবেন না। তিনি গিয়েছেন ঐ প্রতিষ্ঠান যেভাবে আছে, ঠিক সেইভাবে চলতে থাকুক। অর্থাৎ যে foreign capitalist বা আমাদের স্বাধীনতা movementএর againstএ ছিল, যারা এখানে থাকলে আমাদের এই নাবালক স্বাধীনতা বিপন্ন হতে পারে—তারা যাতে এখনও আমাদের ঘাড়ের উপর চেপে থাকতে পারে—যাদের চিরকালের policy হচ্ছে—administration and exploitation—তাদের হাত থেকে, টাকা বাই, এই অজুহাতে তিনি administrationটা নিজেদের হাতে আনতে সাহস পাচ্ছেন না। কিন্তু আমি বলি, সে জন্য যদি ধার করে টাকা দিতে হয় তার againstএ আমরা নই। আমরা চাই পরিচালনভার সম্পূর্ণভাবে নিজেদের হাতে থাকবে। যদি বলেন, আমাদের experience নেই, সেটা একটা কথাই নয়। কারণ ৪০ হাজার মাইল ব্যাপী Railway ৭ শত কোটী টাকার ব্যাপার—সেখানে যদি Indiansরা চালাতে পারে, যারা বিদেশী ছিল, চলে যাবার পরও, তাহলে এই ক মাইল Tramway কি তারা চালাতে পারে না? Dr. Roy ভয় করছেন যে চালানো জানা দরকার। গভর্ণমেণ্ট যদি দেশীয় উপযুক্ত লোকেরা চালিয়ে যেতে পারে, তবে ট্রামওয়ে তারা চালিয়ে যেতে পারবে না, এ ধারণা Dr. Royর করা উচিৎ ছিল না। এ জানা সত্ত্বেও সে দিকে যেতে তিনি রাজী নন। তিনি একটা কথা খুব বেশী বলেছেন, দেখ কত সুবিধা হয়েছে—আমরা Advisory Board পেয়ে গেছি। কিন্তু এই Advisory Board আমাদের অনেক জায়গায় আছে—Port Commissioner, Railwayতে আছে—তারা যান, একটু হাওয়া খেয়ে চলে আসেন। ওদের যে কি ক্ষমতা আছে জানি না। Advisory Board শুধু adviceই দিতে পারে কিন্তু তাদের মত গ্রহণ করা না করা নির্ভর করে Board of Directorsদের মর্জ্জির উপর। এ কথার অতিরিক্ত যদি কিছু থাকে, অনুগ্রহ করে, আমাকে ডাঃ রায় দেখিয়ে দেবেন। (VOICE FROM TREASURY BENCH: আপনি না পড়েই বলছেন। ভাল করে পড়ুন।) আপনারা ত ভাল করে পড়েছেন। খুব ভাল করে—নতুন যদি কিছু থাকে—বলুন। It is a challenge.

তারপর agreementএর কথা। Confiscationএর কথা ছেড়েই দিলাম—কারণ সেটা very unpleasant to the present Ministers. কিন্তু সোজাসুজি কেনা বেচা হিসেবে দেখলেও যে দামটা তারা দিচ্ছেন সেটা অনেক বেশী। কাল শ্রীযুত দেবেন সেন সেটা দেখিয়েছেন—যে পাঁচ কোটি টাকা হয় না, হয় তিন কোটি—সেখানে difference হয় ২ কোটি। তারপর আমরা শুনেছি যে invested capital ছিল ৯ লক্ষ ৫২ পাউণ্ড পর্য্যন্ত। তারপর দেওয়া আছে ৭ লক্ষের কিছু বেশী। Preferential shares and debentures আছে ৬ লক্ষের মতন। এবং তার interest দেওয়া হচ্ছে। যদি কিনেই নিতে হয়—confiscate না করে—তাহলে companyর invested capital যা ৯ লক্ষ পাউণ্ড—তার বেশী দাম হতে পারে না। এবং সেই ৯ লক্ষ পাউণ্ড দেওয়া দরকার কি না সেটা বিবেচনার বিষয়। আমি Moscow বা চীনের বা Iranএর কথা ছেড়েই দিচ্ছি। এই Houseএই যা করা হয়েছিল যে কথা আমি আগে উল্লেখ করেছি, এমন একটা আইন এখানে পাশ হয়েছিল, তার মধ্যে বোধ করি Dr. Royও ছিলেন—যদি ১ শত টাকা দিয়ে তার থেকে ২ শত টাকা আদায় হয়ে থাকে, তাহলে আর কিছুই দিতে হবে না। আইন মত ১ শত টাকা দিয়ে ৫ শত টাকা আদায় হবার পরেও বাকী টাকার জন্য বাড়ী ঘর বিক্রয় হয়ে যেত। তা থেকে লোকদের বাঁচাবার জন্য

money-lenderদের কাছ থেকে খাতকদের বাঁচাবার জন্যই এই ব্যবস্থা বিধিবদ্ধ করা হয়েছিল। সেটা Moscow, China, Iranএর উদাহরণে নয়—commonsense দ্বারা জিনিষটা বিচার করে করা হয়েছিল। যদি সেই বিচার এখানে করা হয় তাহলে যে ৯ লক্ষ গাউণ্ড তারা দিয়েছিল, তার পাঁচ গুণ নিয়েছে। Money-lending Billএ যে principle accept করা হয়েছিল এই Houseএ সেই নীতি অনুসারে যদি কিছু দাও দেওয়া হয়, তাতেও কিছু বাধা নাই।

সুতরাং সে অনুসারে compensation দেবার কোন প্রয়োজন নেই। অবশ্য Dr. Roy যে এ কথা মেনে নেবেন, সে আশঙ্কা আমার নেই। আর একটা কথা তিনি বলেছেন যে টাকাটা এতে invest না করে যদি আমরা বড় বড় project যথা Damodar Valley, প্রভৃতির জন্য খরচ করি সেটা more productive হবে। কিন্তু আমি বলি—সেটা more productive কিনা বলা যায় না—কারণ সেটা অনেক জটিল ব্যাপার। সোজা কথা হচ্ছে এই--বিদেশী মালিকদের এখানে বসে থাকতে দেওয়াই আপত্তিজনক। কারণ আমাদের আশঙ্কা হয় তারা আবার কোন গোলমালের সুযোগে আমাদের ঘাড়ে চেপে বসবে। যেমন Iranএ ঘটেছে। Pro-Britishরা এখনও সেখানে এক গভর্ণমেণ্ট উল্টিয়ে আর এক গভর্ণমেণ্ট করতে চেষ্টা করছে। আজ এখান থেকে তারা চলে গিয়েছে Labour Partyর চাপে, কিন্তু Churchill Party তাতে রাজী নয়। তার প্রমাণ, ভারতবর্ষে ও তার চার পাশে যা ঘটছে, তারস্কল-কাটি তারাই নাড়ছে। সুতরাং তাদের যদি আরও ২০ বছর বাসের সুযোগ দেওয়া যায়, তাহলে তাদের intrigue করবার further সুযোগ দেওয়া হয়। ২শ বছর পরে আমরা যে জিনিষটা পেয়েছি—তারপরে আর এই বিপদের risk আমাদের রাখা উচিত নয়। তার ফলে আমাদের স্বাধীনতা আবার বিপন্ন হতে পারে। সে বিষয়ে আমাদের সাবধান হওয়া দরকার।

Election পর্য্যন্ত তাঁরা অপেক্ষা করতে পারতেন, সে সম্বন্ধে উনি যা বলেছেন তাতে আমি একমত নই। General electionএর পরে তাঁরা এখানে থাকবেন না তা তাঁরা জানেন। তার জন্যই existing Constitutionএ সেটা করিয়ে নেবার চেষ্টা করছেন। কোন কারণ নেই আজকে ২০ বৎসরের জন্য এই রকম চুক্তি করায়। যে কোম্পানীকে তাঁরা সমর্থন করছেন সেই Companyর সম্বন্ধে দুই একটা কথা বলা দরকার। সুদূর ভবিষ্যতে কি হতে পারে, Political intrigue ইত্যাদি নানা কারণে কি হতে পারে তা এখন দেখা যাচ্ছে না। শ্রমিকদের তাঁরা সঙ্গে কি ব্যবহার করছেন এবং passengerদের কিভাবে exploit করছেন তা ভাববার কথা। শ্রমিকদের মাহিনা বাড়ান যায় না, কিন্তু কেন ভাড়া বেড়ে গেল। শ্রমিকরা আজকে অসুস্থ হয়ে মারা যাচ্ছে। ভুবনেশ্বর তেওয়ারী ১১ বৎসর এই companyতে চাকরী করায় T. Bতে আক্রান্ত হল, কিন্তু company এক পয়সা দিয়েও তাকে সাহায্য করেনি। এই company বহু লক্ষ টাকা এখান থেকে মুনাফা করে নিয়ে গিয়েছে, কিন্তু এক পয়সাও শ্রমিকদের জন্য ব্যয় করেনি। আরও অনেক case আছে। এই সেদিন একটা লোক অসুস্থ হয়ে হাসপাতালে পড়ে আছে। Company একটা পয়সা দিয়ে সাহায্য করা দূরের কথা, companyর শ্রমিকরা এই চেয়েছিল যে তাদের যদি কিছুক্ষণের জন্য duty থেকে off করে দেওয়া হয় তাহলে তারা গিয়ে তাকে দেখাশুনা করতে পারে। কিন্তু company তাতেও রাজী নয়। Tribunalএর award তাঁরা নানাপ্রকারে bypass করার চেষ্টা করছেন। Senior staffদের বাড়ীর কাছাকাছি duty দেওয়া হবে এই কথা company বলেছিল, কিন্তু তা করেনি। অথচ Officerদের বেলায় হয়েছে অন্যরূপ। Double duty আজ পর্য্যন্ত বন্ধ করা হয়নি। যে সমস্ত শ্রমিকরা দূরে থাকে তারা রাত্রির dutyর পর কি করে বাড়ী ফিরবে company সেদিকে দেখে না। Tribunal award অনুসারে তাঁরা double duty দেবেন না একথা স্বীকার করেছিলেন, কিন্তু এখন সেটা bypass করা হচ্ছে। যারা দুঃস্থ, অনাহারে থাকে তারাই কেবল double duty করছে। এই জিনিষটা তাঁরা কলকাতার বুকের উপর বসে করছেন এবং Dr. Roy তাঁদের প্রশ্রয় দিয়ে যাচ্ছেন।

Mr. SPEAKER: Order, order, we are discussing the Calcutta Tramways Bill and I do not think it is necessary to go into details of the labour disputes betwen the labourers and the company.

Sj. SIBNATH BANERJEE: Mr. Speaker, স্যার, আমি দেখাতে চেষ্টা করছি যে, এই company এত জঘন্য যে তাঁদের আর একদিনও এখানে রাখা উচিৎ নয়। আমি বলতে চাই তারা publicএর পকেট মারছে এবং শ্রমিকদের উপর নিপীড়ণ ও শোষণ করছে। আমি আর ২।৫ মিনিটের বেশী বলব না

প্রায় শেষ করে এনেছি। আমি বলতে চাই কলকারখানায় duty কোথাও ৮ ঘণ্টা continuous duty নাই। Company বলে শ্রমিকদের continuous duty হয় না, তারা একবার করে ঘুরে এসে ১৫।২০ মিনিট time পায়। কিন্তু ট্রামের সংখ্যা এত কমে গিয়েছে যে, শ্রমিকেরা চা খাবার time পর্য্যন্ত পায় না। এই হল বর্ত্তমান পরিস্থিতি। শ্যামবাজার Sectionএ ৪৫টা Tram যেখানে পূর্বে ছিল সেখানে এখন ৩৩টা Tram করে দিয়েছে, আর time সম্বন্ধে যেখানে ১ ঘণ্টা ১০ মিনিট ছিল সেখানে ৫৫ মিনিট, কোন কোন স্থলে আর ৪৮ মিনিট করে দিয়েছেন। এই রকমভাবে যে company শ্রমিকদের শোষণ ও নিপীড়ণ করে সেই companyর সঙ্গে কোনরূপ মীমাংসা করা উচিৎ নয়। ১৯২৮ সাল থেকে আমরা এই দাবী করছি সেই Simon Commissionএর সময় হতে। আমরা সেই সময় Tram Companyকে বয়কট করেছিলাম, তার ফলে ৫৪ জনের চাকরী যায়, আমারও ৫ টাকা জরিমানা হয়েছিল। যাক, এসব অবান্তর কথা। কিন্তু এখন কথা হচ্ছে যারা এই রকমভাবে জুলুম করে যাচ্ছে তাদের সঙ্গে কেন এই চুক্তি? তাঁদের অন্ততঃ শ্রমিকদের জানান উচিৎ ছিল, এবং শ্রমিকদের জন্য একটা সর্ত্ত থাকা উচিৎ ছিল যাতে তাদের সুবিধা হয়। লোকের মতামতও নেওয়া হয়নি, পরন্তু সংবাদপত্রকেও জানান হয়নি। তাঁরা একটা referendumও তো করতে পারতেন। শ্রমিকের কথা বাদ দিন, জনসাধারণের মতামতও তো নিতে পারতেন। অবশ্য এই Assembly কোন কোন সদস্য এইটাকে সমর্থন করে বলছেন আরও ২০ বৎসরের Lease দেওয়া হোক। কিন্তু যারা প্রকৃতই দেশসেবক তাঁরা কখনও এইটা সমর্থন করতে পারেন না। এই House থেকে এটা পাস হয়ে যাবে। কিন্তু আমরা তীব্র বিরোধিতা করছি এবং বাইরে থেকেও তীব্র বিরোধিতা করব এই সঙ্কল্প নিয়ে আমি আসন গ্রহণ করছি।

Sj. JYOTI BOSE : Government পক্ষ থেকে ত' কেউ কিছু বলছেন না। For the sake of better debate, Sir, if the Government supporters would talk also in the meantime, it would be better.

Mr. SPEAKER: I appreciate your point. But if the Government supporters do not want to speak, what can I do.

Sj. JYOTI BOSE : In that case, Sir, I shall speak.

Mr. SPEAKER: Yes, you better speak.

Sj. JYOTI BASU: Mr. Speaker, Sir, as the previous speakers had unequivocally opposed this Bill which is before us, similarly I too am unequivocally opposed to this Bill because I feel and have felt that 30th August, 1951, was indeed a black day for our country, because it was on this day that the transfer agreement was signed by the Congress Ministry sitting opposite. Sir, this document is a contract of slavery: it is against sovereignty and independence and it is contrary to all that we have sought and fought for for the last thirty or forty years. You will remember, Sir, that throughout India's struggle for national independence and sovereignty thousands and millions of our people day after day had expressed their determination to win political, economic, cultural and spiritual freedom. But the political freedom that we have won is that we are inside the British Commonwealth of Nations. By economic freedom at least people had meant that the British concerns here should be confiscated and nationalised and that our economy should never be tied to the British imperialist economy and that it is the right of our countrymen to build up heavy and other industries in India so that we may really be economically free and not dependent on imperialist powers like Great Britain and America. But after four years we find that nothing of the kind has happened. We find, especially if we look at West Bengal, that the Britishers are continuing to rule and dominate over our economy as they have been doing for the last 200 years. Our jute, tea, many of our iron and steel concerns, many of our banks, and trade are still in the hands of the British. We have been fighting for the last thirty

years against this kind of domination of British imperialist and capitalist and even today we find that octopus grip of British imperialists in our economy throughout India, and especially in West Bengal.

Of course, this is not surprising to us. When our country was divided by means of the Mountbatten Award we reiterated at that time that the Congress leaders had given an assurance to the Britishers before that division took place that their economic interests, i.e., the interests of the Britishers in India would be safe in the hands of the Congress leaders if they came to power in India and that is why it would not be out of place here if I read out to you two paragraphs from the manifesto of the Communist party of India which we have issued just before the coming election:—

"In violation of every pledge, in violation of every solemn declaration to implement which tens of thousands laid down their lives the Nehru Government made India a part of the British Commonwealth of which the British King is the head and in many areas of which Indians are treated worse than pariahs. Our Navy and Air Force are commanded by Britishers, our Army is controlled by their advisers and experts, our arms are modelled and manufactured by the British.

Britishers continue to own or control our mines,.....". (At this stage there was a noise in the Treasury Benches).

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. Is the honourable member entitled to read *in extenso* from the election manifesto of his party while speaking on this Bill? Is it relevant?

Mr. SPEAKER: Mr. Basu, we are now discussing this Bill and you can say in this connection what should be nationalised but it is not necessary for you to read the Communist manifesto.

Sj. JYOTI BASU: Mr. Speaker, Sir, as you know by now I am a member of the Communist party returned on a Communist ticket and I think if I am relevant to the matter I can read out from the manifesto of the Communist party of India issued before the coming general election. I do not think if I am relevant you can stop me but if I am not relevant certainly you can stop me. You just listen to me instead of hearing the shoutings from the Congress benches, and then I think you could realise my position.

"Britishers continue to own or control our mines, our plantations, our oil wells and refineries, our jute mills, many of our engineering works and other concerns. They control our foreign trade, our banking and finance...."

Mr. SPEAKER: Order, order, Mr. Basu. As a matter of fact, apart from other objections, we do not permit long extracts of this nature to be read out. Whatever arguments you have to place before the House you are entitled to do but reading *in extenso* of a manifesto on behalf of a particular party, I do not think, is at all relevant. Therefore you can say whatever you like to, having a bearing on the subject but I cannot allow you to go on quoting *in extenso* from an election manifesto in this fashion.

Sj. JYOTI BASU: Sir, I would ask you to give me a patient hearing and then if you find that I am not relevant you can pull me up.

Mr. SPEAKER: The position is this that the question before us is whether this agreement should have been entered into or not. Any reference to that question is relevant but you cannot in that connection read out a whole election manifesto.

Sj. SIBNATH BANERJEE: Sir, the agreement is not before us but the question is whether this Bill is to be passed or not.

Mr. SPEAKER: Yes, but the agreement is there in the body of the Bill. The question is whether this Bill which incorporates the agreement should be taken into consideration. Now I quite appreciate that in considering this Bill you are entitled to say that instead of entering into the agreement Government should have nationalised this company, this particular concern. You can generally therefore allude to the policy of nationalisation although that is merely incidental. You can say that nationalisation should have been the policy of Government but even then you must confine yourself specifically to the question before us. We are not discussing the entire policy of nationalisation—whether that policy is to be adopted by the Government. But I do not prevent you from incidentally referring to the policy of nationalisation but if you make that the main burden of your speech, then I am compelled to ask you to be relevant.

Sj. DEBENDRA NATH SEN: Sir, here the point at issue seems to be that my honourable friend, Mr. Jyoti Basu, wants to clarify this point that the Congress Government entered into a contract at the time of transfer of power that the British capitalist interest here would be safe in the hands of the Congress and he is now trying to show that by reading extracts. His point is this that the Congress Government entered into a secret contract that the British capitalist interest was safe and that point he has been developing.

Mr. SPEAKER: If you wish you can bring in the whole history of the administration if that be relevant to the point under discussion. But that is not the subject now before us. The motion before us is that this Bill be taken into consideration. Now what is the Bill? The Bill embodies an agreement between the Government and the Calcutta Tramways Company and that is being discussed. Therefore what I would suggest to you is this—please confine your attention to the principle of the Bill, whether this Bill should be passed by this House or not. Now, incidentally I admit, you can refer to general subjects but what I differ from you in is this. You cannot make the question of nationalisation the main burden of your speech but you may incidentally refer to it. You should confine yourself to the specific matter contained in the Bill. Suppose you begin discussing the whole policy of nationalisation on a Bill regarding the Calcutta Tramways Company. Now, that cannot be relevant. Incidentally, you may say that you are in favour of nationalisation and that nationalisation should be the policy of the Government, but you cannot deliver a lecture on the nationalisation policy of the country as a whole over all industries.

Sj. DEBENDRA NATH SEN: I think he is not discussing nationalisation at all. He is discussing the motive of the Government.

Mr. SPEAKER: He is discussing what is more or less a Central subject as to what was the nature of the agreement entered into by the Congress Party with the British Government at the time of transfer of power. I have already stated that you can generally refer to it but do not make it the main burden of your speech.

Sj. JYOTI BASU: With due respect to you, Sir, I spoke for two minutes only before you stopped me and yet, Sir, you say that the main burden of my speech has already been found out. Had I spoken for half an hour and gone on in this manner, then this question could have arisen, but I spoke for only two minutes. However, I shall close reading the manifesto of the Communist Party for the time being since you do not like to hear it, but all the same, I shall give some arguments in my speech. Again if you think you have to stop me, please do stop me. But my speech is my own and I shall make it.

Mr. SPEAKER: I may say that what I stated was simply an appeal to the speakers. I have not yet applied the rules upon the speeches made. In spite of the fact that members are certainly entitled to have a proper and full discussion on the questions which are before the House and I will not in the slightest degree prevent them from doing so, at the same time we have got to keep it in mind that, after all, there must be a time-table for the House to be followed. Therefore I would once more request them that they should cut short the number of speakers of the same party. If at the consideration stage, third reading and other stages, so many speakers of the same party speak, then it becomes very difficult for me to control the time of the House. I am simply to control the time of the House so that utmost business may be put through within the requisite time. I do not want to stifle discussion in the slightest degree, but, at the same time,

I would appeal to you not to take up more time than is necessary in order to have your voice heard. This is simply an appeal which I hope you will remember in course of your speeches. As yet I have not enforced any rule.

SJ. SIBNATH BANERJEE: Mr. Speaker, Sir, আপনি যে appeal আমাদের উপর apply করেছেন, আপনাকে অনুরোধ করছি যে এই appeal টা Government sideএতে apply করার ব্যবস্থা করুন যাতে তাঁরা time-tableটাকে একটু recast করেন।

Mr. SPEAKER: So far as Government side is concerned, there has been only one speech, but so far as the Opposition is concerned, they have had so many speeches. So, how can I appeal to the Government side?

The time-table is there. We are already late. The business of the 17th is still proceeding although today is 20th. After all, we have got to sit longer hours then. That will also be difficult for you. So, it is for you to decide. I have got nothing to do with it but to draw your attention to this fundamental point. If you wish to speak, how can I prevent you? Therefore, what I have stated to you is the necessity of confining your speech to the fundamental points which are necessary to be brought before the House and not to dilate upon the same subject.

SJ. SIBNATH BANERJEE: You have been not only fair but you have been indulgent. On that I have no dispute, but when you made an appeal, I would request you to divert that appeal to that direction also.

Mr. SPEAKER: So far as time-table is concerned, you know the time-table is there and it is for you either to keep to the time-table or extend it as much as possible. Nobody can prevent you from doing that. But you have got to take into account the present position and you have got to curtail your time accordingly.

SJ. SIBNATH BANERJEE: Three times I wanted to finish my speech and three times you stopped me. Please give me two minutes and I will finish. এখানে একটা ব্যাপার দাঁড়িয়েছে এই যে Government চাচ্ছেন যত কম সময় আমাদের দিতে পারেন আর আমরা চেষ্টা করছি যত বেশী সময় নিতে পারি।

Mr. SPEAKER: It is not a question of time being given by the Government.

SJ. SIBNATH BANERJEE: এটা যদি না হয় তাহলে আমরা যাতে বেশী time নিতে পারি সেই চেষ্টা করব; এটা human nature. আমাদের সঙ্গে যদি একটা বোঝাপড়ায় আসতে পারেন time-table নিয়ে, যেমন ট্রামওয়ে কোম্পানীর সঙ্গে আসতে পেরেছেন, সেই রকম ভাবে একটা time-table করুন।

League Ministryর সময়, আমরা অনেকেই এক মিনিটের বেশী হয়ত অনেক সময় বলতে পারি নি, এবং তাঁরা যেমন time-table করতেন তা আমরা strictly follow করেছি। সুতরাং সেইভাবে যদি একটা time-table করা যায় তাহলে we shall strictly follow it, as we strictly followed it in the past. We did it during the League Government and during the other Government. You remember it very well. If two whips sit together এবং পরামর্শ করে একটা programme করা হয় তাহলে কাজ চালাতে কোন অসুবিধা হয় না।

Mr. SPEAKER: May I request you to make the two whips sit together and formulate the time-table?

SJ. SIBNATH BANERJEE: Do it to morrow.

Mr. SPEAKER: There must be a method devised in order to conserve the time of the House. The new suggestion has come that both the whips should sit together and they should formulate a time-table. If they do not agree, the Speaker will decide as to how much time will be given to the different parties.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I have no dispute on that point. My difficulty is that I do not know whether the Opposition do really follow one whip. I do not know yet whether they have formed a party and whether there is a whip who would be obeyed by others. Then he could come and discuss with us, but I do not know that.

Mr. SPEAKER: Is it possible for the Opposition to choose some person on behalf of the Opposition with whom the Government can deal?

Shaikh MOHAMAD RAFIQUE: We should not be forgotton.

Sj. SIBNATH BANERJEE: It is not possible to give a reply off hand. We shall consult amongst ourselves tomorrow and give a reply. In any case, the Krishak-Praja-Majdoor Party has got 9 members.

Mr. SPEAKER: This has to be done. There must be a time-table for every transaction of the House—either it is by rules or by agreement or by some sort of convention. Now, a suggestion has come that let the whip of the Government decide with the whip of the other side as to how much time should be allotted and they should be prepared not to take more time. Now, you have to let me know the names of persons who would represent the different sections of the House.

Now, let me know as to how many more members there are to speak on this motion. There may be one or two members from each section and not 10 or 15.

Shaikh MOHAMAD RAFIQUE: Let us now adjourn today.....

Mr. SPEAKER: I am not in favour of this dilatory procedure. The time of the House is very valuable and we must make the full use of the time at our disposal. So far as the members of the Opposition are concerned. I would request them to give me the names, so that in consultation with the Chief Whip of Government I can fix the time-table. Otherwise if we proceed on like this, I think it would not be possible for us to conclude the Bill even by the end of October.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : মাননীয় স্পীকার মহোদয়, আপনি আমাকে বলবার অনুমতি দেবার পর অনেক সময় অতিবাহিত হয়ে গেল। বর্ত্তমানে গভর্ণমেণ্ট ও ট্রামওয়ে কোম্পানীর সঙ্গে যে agreement হয়েছে আমি তার বিরোধিতা করছি। ৫০।৬০ বৎসরের অধিক কাল ধরে আমরা, যারা রাজনীতির সঙ্গে জড়িত, আমরা দেশের প্রত্যেকটি স্বাধীনতা আন্দোলনের প্রথম থেকে শেষ পর্য্যন্ত দেখে আসছি। তখনকার দিনে আমরা যখন স্বদেশী আন্দোলন করেছিলাম তখন আমরা এই ধারণা নিয়েই সমস্ত প্রকার বিদেশী দ্রব্য বর্জন করেছিলাম। এবং সেই সময় বিলাতি দ্রব্য বর্জন করতে গিয়ে আমাদের নানা প্রকার দুঃখকষ্ট ভোগ করতে হয়েছিল। সেই সময় আমরা মনে করেছিলাম যে যদি আমাদের কখনও দিন আসে তাহ'লে ইংরাজের যে সমস্ত শোষণের উপায় আছে সেই সমস্ত শোষণের উপায় বন্ধ করবো, সব ক্ষমতা আমাদের হাতে পেয়ে। কলিকাতা ট্রামওয়ে কোম্পানী, ইলেকট্রিক্ কোম্পানী এবং গ্যাস্ কোম্পানী প্রভৃতি এইগুলি ইংরাজ কোম্পানীর শোষণের একটা উপায়। আজ আমাদের দেশ স্বাধীন হবার পর যদি আমরা সেই সমস্ত ইংরাজ কোম্পানীর যে সমস্ত ব্যবস্থা আছে এখনও লুট করবার, সেইগুলি যদি বন্ধ করতে পারি তাহলে আমাদের দেশের লোক গভর্ণমেণ্টকে ধন্যবাদ দেবে এবং সুখী হবে।

কিছুদিন আগে শুনেছিলাম কলিকাতা কর্পোরেশন, Calcutta Electric Co.র ভার নিজের হাতেতে নেবে এবং একজন Engineer বলেছিলেন যে যদি কলিকাতা কর্পোরেশন এই কোম্পানীর ভার নিজের হাতে নেন,

তা'হলে এমন ব্যবস্থা করা যাবে যে এই ইংরাজ কোম্পানী যে rateএ electricity সরবরাহ করছে তার চেয়েও অনেক কমে electricity সরবরাহ করা যাবে। কিন্তু তখন ইংরাজ রাজত্বের যে প্রভুত্ব চলছিল, তার-জন্যই সেই Engineerএর যে পরিকল্পনা বা তার যে ব্যবস্থা তা কার্য্যকরী হতে পারে নি। আজকে যে ট্রামওয়ে কোম্পানীর সঙ্গে agreement আমাদের গভর্ণমেণ্ট করছেন, আমি জানি যে এই agreement করবার পূর্ব্বে আমাদের দেশের লোক জানত না যে এই রকম একটা agreement হচ্ছে। এই agreement করবার পূর্ব্বে দেশের লোক কেউ জানে নি যে এইরূপ একটা agreement হচ্ছে ২০ বৎসরের জন্য। এই ২০ বৎসর পরে ট্রাম কোম্পানির কি অবস্থা দাঁড়াবে আমরা অনেকেই তা দেখতে পাব কি না সন্দেহ। এবং ডাঃ রায়েরও বোধ হয় সে সুযোগ হবে না। কিন্তু আমরা দীর্ঘ ২০ বৎসরের জন্য আমাদের দেশের একটা লাভজনক ব্যবসায়কে ইংরেজের হাতে যে দিয়ে গেলাম, এর জন্য এখনো লোকে আমাদের নিন্দা করছে এবং ভবিষ্যৎ বংশধরেরা আরো বেশী নিন্দা করবে। আমার মনে হয় ট্রাম কোম্পানি চালাবার জন্য যদি ২।৪।৫ কোটি টাকা ক্ষতিও দিতে হয় সে ক্ষতিটা ভবিষ্যতে লাভ থেকে উঠে যাবে। আর, গভর্ণমেণ্ট যদি এটাকে নিজে কিনে নিয়ে দেশের লোকের কাছে তার জন্য টাকা ধার চান তাহলে দেশের লোক আগ্রহের সহিত এই কোম্পানিটা কেনবার জন্য টাকা ধার দেবে। এবং গভর্ণমেণ্টকে ধন্যবাদ দিতে কার্পণ্য করবে না। কারণ গভর্ণমেণ্ট কোম্পানিটাকে চালালে যে লাভটা হবে সেটা দেশের লোকই পাবে। সেই সুযোগটা না করে গভর্ণমেণ্ট ২০ বৎসরের জন্য ইংরেজের হাতেই কোম্পানিটাকে ছেড়ে দেয়ার জন্য আমি এই বিলের বিরোধিতা করছি। গত ৬০ বৎসর ধরে আমরা যে মনোভাব নিয়ে চলে এসেছি গভর্ণমেণ্টের বর্ত্তমান ব্যবস্থা সেই মনোভাবের সম্পূর্ণ বিরোধী হয়েছে। ফলে দেশের লোকের আশা তো পূর্ণ হয়ই নাই বরং তারা নিন্দা করেছে। আমরা যখন নূতন নির্বাচনের জন্য বাহির হইয়া যাইতেছি ডাঃ রায় বলেছেন, "আগামী নির্বাচনে আপনাদের একটু সুবিধা করে দিলাম" অবশ্য ঠাট্টা করে বলেছেন কিন্তু এ দ্বারা আগামী নির্বাচনের কোন কিছু সুবিধা করছেন কি না জানি না। কিন্তু দেশের লোক যদি বলে, ট্রাম কোম্পানির এত লাভ, এই লাভজনক ব্যবসায় হাতে নেওয়ার জন্য দেশের লোকের কাছ থেকে কেন টাকা নিলেন না তখন তার উত্তরে আমাদের বলবার কি থাকবে, আমি বুঝতে পারি না। এই জন্য যে চুক্তি হয়েছে, তার বিরুদ্ধে আমি মত প্রকাশ করছি এবং আমি জানি যে আমি যে বিরুদ্ধে মত প্রকাশ করছি, সেটা, যাদের আমি represent করছি, তারা আমাকে সমর্থন করবে।

Sj. KANAI LAL DE: বরেণ্য সভাপাল মহাশয়, আমার বেশী বলার ইচ্ছা নাই আর বেশী বলবার সময়ও নাই। যে সমস্ত কথা বলা হয়েছে তাই যথেষ্ট। আমাদের প্রধান মন্ত্রীমহাশয় যিনি এই বিল উপস্থিত করেছেন তিনি যদি সে সমস্ত কথা শোনেন এবং দেশের দিকে তাকিয়ে, ভবিষ্যৎ বাংলার দিকে তাকিয়ে যদি তিনি সে কথাগুলি বিবেচনা করে দেখেন তা'হলেই আমাদের বলার সার্থকতা থাকে। ইংরেজ শিল্পপতিদের দিকে না চেয়ে এবং তাঁর যেসব বন্ধু ইংরেজ শিল্পপতিদের সঙ্গে হাত মিলিয়েছে তাদের দিকে না চেয়ে তিনি যদি দেশের দিকে ভালো করে তাকান তাহলে আমাদের আর বেশী কিছু বলার থাকে না। যে উদ্দেশ্য নিয়ে এই Agreement করা হয়েছে আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুক্ত জ্যোতি বসু মহাশয় তা উদ্‌ঘাটিত করেছেন। সুতরাং সে বিষয়ে আমি আর পুনরুক্তি করতে চাই না। আমি শুধু কয়েকটী কথা সেই সম্বন্ধে বলতে চাই যা মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় গত কল্য বলেছেন। তিনি প্রায়শঃই লোককে শ্লেষ করে কথা বলেন। কিন্তু একথাটা তাঁর ভাবা উচিত যে তিনি যদি অন্য লোককে শ্লেষ করে বলেন তাহলে তাঁর সম্বন্ধেও অন্য লোকের সে অধিকার রয়েছে এবং সে অধিকার তারাও দেখাতে পারে। আমি বলেছিলাম কলকাতা সহরে এত congestion হয়েছে যে বাসে ট্রামে ওঠা যায় না, উঠতে পারলেও প্রায়ই দাঁড়িয়ে থাকতে হয়। পাকিস্তান থেকে বহু লোক এখানে আসার দরুণ জনসংখ্যা বিস্তর বেড়ে গিয়েছে; সেই জন্য কলকাতায় চারদিকে ট্রাম লাইন সম্প্রসারণ করার কথা আমি বলেছিলাম। তার জবাবে তিনি বলেছিলেন, কি করে সম্প্রসারণ হবে? সম্প্রসারণ করতে যে টাকা লাগে তা আমি জানি, তিনি আমাকে শ্লেষ করে বলেছিলেন যে, কানাইলাল দের চেয়ে I am bigger industrialist. তিনি যে bigger industrialist তা আমরা জানি, এবং এটাও জানি যে সেইজন্যই তাঁর গরীবের প্রতি দরদ নাই, কেবল শিল্পপতিদের জন্যই দরদ।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: On a point of personal explanation, Sir, I never compared myself with Sj. Kanai Lal De. Neither did I say that I am a bigger industrialist.

Sj. KANAI LAL DE : তারপরে তিনি বলেছিলেন, আমি যে সহরতলিতে train line সম্প্রসারণের কথা বলেছি তার জন্য তিনি বলেছেন, Kanai Lal De is interested (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY : I never mentioned the interest of Sj Kanai Lal De at all.) আমার ব্যক্তিগত কোন interest নাই। তাতে interest আছে পূর্ববঙ্গ থেকে যেসব উদ্বাস্তু কলকাতার আশে-পাশে এসে বাস করছে তাদের। আর interest আছে তাঁর বন্ধু ধনিকদের যারা কলকাতার আশে পাশে হাজার হাজার বিঘা জমি কিনে রেখেছে নামমাত্র দামে, এবং সেই সব জমি এখন অতি উচ্চ মূল্যে বিক্রয় করছেন।

Mr. SPEAKER : Order, order. Are we discussing the Calcutta Tramways Bill or something else ?

Sj. KANAI LAL DE : আমার বক্তৃতা এখনই শেষ করছি। তার আগে একটী কথা বলছি—মন্ত্রিমণ্ডল এই যে বাংলা দেশের লোকদের বঞ্চিত করবার জন্য, তাদের ক্ষতি করার জন্য এবং আরো ২০ বৎসর তাদের ইংরেজের পায়ে বেঁধে রাখবার জন্য এই যে বিল আনয়ন করেছেন তার আমরা প্রতিবাদ করছি। হয়ত ভোটের জোরে তারা এটাকে পাশ করিয়ে নিবেন, কিন্তু এও জানি ভবিষ্যতে এই বিলটা পদদলিত হবে।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহাশয়, বক্তৃতা সংক্ষেপ করার জন্য বার বার আপনি অনুরোধ করেছেন। আমি যথাসাধ্য সংক্ষেপে বলবার চেষ্টা করব। কিন্তু আমার পূর্ববর্তী বক্তারা যা বলেছেন তার পুনরুক্তি না করেও আমার বক্তব্য একটু লম্বা হতে বাধ্য। কারণ আমরা discussionএর সময় বেশী কিছু বলতে পারিনি। এখন কিছু বলার দরকার হবে। কাল মন্ত্রী শ্রীযুক্ত হরেণ রায় চৌধুরী বলেছিলেন (The Hon'ble RAI HARENDRA NATH CHAUDHURI : আমাকে কেন টানছেন আবার ?) বিলটা যখন পাশ হয়ে যাবে তখন সকলেরই will have to face responsibility. একথাটা সত্য যে oppositionএরও responsibility থাকে। কিন্তু পাছে কেউ ভুল না করেন যে এই বিলে আমাদের সমর্থন রয়েছে। সেই জন্যই আমরা স্পষ্টাক্ষরে প্রতিবাদ করছি যাতে এই বিল পাশ করার কোন responsibility না থাকে। আমি ১৩ বৎসর যাবৎ এই হাউসের oppositionএ ছিলাম ও আছি। এক বছর আসি নাই। অথচ এখানকার সমস্ত দায়িত্ব লীগ আমল থেকে আজ পর্য্যন্ত opposition memberএরও এ একটা অদ্ভুতপূর্ব যুক্তি দেখছি। কাজেই আমরা যে এটা একেবারেই পছন্দ করিনা তা আমি পরিষ্কার করে বলছি। কেবল অন্ধ যারা তারাই শুধু বুঝতে পারবে না যে আমরা এই বিলের সম্পূর্ণ বিরোধী ছিলাম এবং এটা মন্ত্রীদল পাশ করেছেন in the teeth of opposition Publicও যে এটার বিরোধী সে কথাও আমরা বার বার জানিয়েছি। যদি দরকার হয় যেমন যেমন কাশ্মীরে হচ্ছে—Plebiscite—গণ ভোট নিন, কিন্তু জানি মন্ত্রীরা তার ধার ধারবেন না। (a voice—Plebiscite নিয়েই ত বাংলা ভাগ হয়েছে) হাঁ তা হয়েছে বটে কিন্তু তার তেমন একটা gravity ছিল না, বাংলার একটা কথা আছে আমড়া গাছে নেংড়া ফলে না। কিন্তু Synthetic Processএ under Pressure under scientific managementএ ফলেও। ডাঃ রায় সমাজতন্ত্রীদলের সমর্থক নন, তিনি nationalise করতে রাজি হবেন না; তিনি ট্রাম বিলের সঙ্গে Socialismর কথা তুলে শ্লেষ করে গালা গালি দিয়েছেন। কিন্তু আমি Bismarkএর মতন বড় বড় নামের সঙ্গে তাঁর তুলনা করব না করলে বোধহয় তিনি লজ্জিত হবেন। তবে একটা কথা তাঁকে জোরের সঙ্গেই বলতে পারি ইতিহাসে এমন নজির রয়েছে—যে Socialismএর শিক্ষা দ্বারা এমন সব কাজ হয়েছে যা নাকি তিনি জানেন না, অথচ follow করছেন। এবং আমি আশা করি ডাঃ রায়েরও সেই রকম ভাবেই শুদ্ধি হবে। তবে আপাততঃ আমি তার কোন চিহ্ন দেখতে পাচ্ছিনে—(laughter)। আর একটা আমি বরাবর জানতাম যে এখানে তিনি ডাক্তার হিসেবে অপ্রতিদ্বন্দ্বী। কিন্তু কাল তিনি নিজেই বলেছেন আমি একজন ভাল business man—business এ খুব পরিপক্ক। কিন্তু আমি জানতে চাই কবে থেকে তিনি businessএ পরিপক্ক ? তিনি কি business করেন তা জানি না, তবে তাঁর নাম অনেকে director হিসেবে ব্যবহার করে। তিনি যে administrationএ খুব পরিপক্ক এটা স্বীকার করি। আর ডাক্তার হিসেবেও যে পরিপক্ক তা সকলেই জানে কিন্তু তাই বলে, business হিসেবে যে পরিপক্কতার claim তিনি করেছেন সেটা মানতে রাজি নই।

আমাদের দুর্ভাগ্যক্রমে যে figureগুলি গেল কাল supply করা হয়েছিল, তার সুযোগ তিনি নিতে পারেন নি। আজ আমাদের কাছে যে facts রয়েছে তার থেকে দেখা যায় যে socialise, municipalise, nationalise করার জন্য Dr. Banerjee অনেকগুলি amendment দিয়ে ছিলেন।

Mr. SPEAKER: Mr. Banerji, when you go into the figures please see that the figures and all the criticisms that have been levelled by Mr. Deben Sen are not repeated.

Sj. SIBNATH BANERJEE: তাঁরা হিসাব করে দেখিয়েছেন ২১ লক্ষ পাউণ্ড। তার উপর 4 per cent. হ'লে ৮৭ হাজার pound হয়। আমি বলতে চাই এটা একটা হিসাবের ভুল। এখানে ভুলের কোন স্থান নাই, কারণ প্রথমে হচ্ছে share capital ৯ লক্ষ পাউণ্ড। Capital Reserve for replacement and renewal ৭০ হাজার পাউণ্ড, বাইরে থেকে investment নয়। সেই ৩ লক্ষ ৮০ হাজার পাউণ্ড সেটাও বাইরে থেকে investment নয়। Revenue Appropriation account ৭৩ হাজার, এটাও বাইরে থেকে investment নয়। তাহলে মোট হিসাবে 9 per cent. বত পড়ে। কাজেই যে 4 per cent. or the investment capitalএর কথা বলা হয়েছে তাতেও ৮৭ হাজার পাউণ্ড হয় না, কম হয়। যে ৯ লক্ষ টাকা reorganised হয়েছে তা থেকে এটা হয়েছে। আবার এটাও বাইরে থেকে সংগ্রহ করা হয়েছে। ১৮৮০ সালে যখন এই Company started হয় তখন ৩॥০ লক্ষ পাউণ্ড অর্থাৎ ৪৫ লক্ষ বা উর্দ্ধ সংখ্যা ৫০ লক্ষ টাকা হতে এটা করা হয়েছিল। এর পরেও যদি 4 per. cent. ধরা হয় তাহ'লে তো আর কথাই নাই। এর হিসাবপত্র পাওয়া যায় না। ১৯০৬ সালে যখন reorganised হয় সেটাও আমাদের সামনে রয়েছে কাজেই তাঁরা যে হিসাব করেছেন সেটা একেবারে অন্যায় করেই করেছেন। তবু তাঁরা ২১ লক্ষ পাউণ্ড ধরেননি, আরও বাড়িয়ে ৩৭॥০ লক্ষ পাউণ্ড ধরেছেন। কাজেই এই যে বিরাট ফাঁক রয়েছে হিসাবে এটা দেখাবার জন্য অন্য factsএ যাবার দরকার হয় না। কিন্তু এটা যে capital থেকে সংগৃহীত হয়েছে এটাতে নিশ্চয়ই তাঁদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। দেবেন সেন মশাই দেখিয়েছেন যে, হিসাবের ভুল রয়েছে। On the basis of facts supplied by us and on the interpretation made by us on the facts supplied by him তাতে বলতে পারা যায় আবার এই কোম্পানির সঙ্গে contract পরিবর্ত্তন করা সম্ভব, amendment করা সম্ভব। ভোটে আমরা জিতবনা জানি, কিন্তু যে যুক্তি কালকে দেওয়া হয়েছিল তার বিরুদ্ধে তিনি কিছু বলছেন না। তাঁরা তো নিজেদের five-year's planএর মধ্যে আবদ্ধ করেছেন। ২০ বৎসর ধরে এটা চালাবার কোন প্রয়োজন নাই। এখন তিনি যদি convinced হন তাহ'লে আমি আশা করব তিনি এই contract পরিবর্ত্তন করার চেষ্টা করবেন যাতে তাঁরা আর ফাঁকি দিতে না পারেন। আর বেশী বলার দরকার নাই। General Election পরে কি অবস্থা হবে তা এখন বলা যায় না; এটাকে একটা scrap of paper হিসাবে বাতিল হয়ে যাবে। আমাদের দেশের রাজন্যবর্গ, রাজা, মহারাজা ইত্যাদির সঙ্গে অনেক চুক্তি ছিল——

Mr. SPEAKER: You make general observations. You need not go into these figures.

Sj. SIBNATH BANERJEE: That has relevence, Sir, The contracts are not sacrosanct and I am trying to show it.

Mr. SPEAKER: That you have done.

Sj. SIBNATH BANERJEE: I only said once but I want to impress by argument. Perhaps you have been impressed but you are not the Chief Minister. ২০ বৎসরের সোজা হিসাবে দেখা যায় any business man সেটা বুঝতে পারেন তারা কম করে হলেও ৫ কোটি টাকা নেবে। তাছাড়া Page 2তে দেখা যায় London office expenses সম্বন্ধে Tram Companyর সঙ্গে যে চুক্তি হচ্ছে তাতে একথা কোথাও বলা হয়নি যে, pound Sterling Rupeeতে transfer করা হবে যাতে তাঁদের দেয় Income tax ভারতবর্ষ পায়। এটা চুক্তির মধ্যে নাই, আলোচনাও হচ্ছে না। London officeএর খরচ আমাদেরই ২০ বৎসরে ধরে বহন করতে হবে। এটা অবশ্যই Dr. Royএর চোখে পড়া উচিত ছিল। Tramএর শ্রমিকরা তিন মাস strike করার পরে মাহিনা ও Dearness allowance ইত্যাদি নিয়ে পায় মাত্র ৭৫৲ টাকা, কিন্তু বড় বড় officerরা পায় তার থেকে ১০ গুণ থেকে ২০ গুণ পর্য্যন্ত। এটা বিলেতে চলে যাচ্ছে এটাও একটা বড় বড় blame। আমরা চাই এটা শ্রমিকদের মধ্যে বণ্টিত ব্যয়িত হয়। As a businessman—যাতে তার সঙ্গে কোম্পানির সম্বন্ধ না থাকে এবং এটা State Treasuryতে আসে—as a good businessman সেটাই তাঁর কাছে আশা করব। This is an argument to the honourable Chief

Minister as a good businessman; এখন আমরা কিভাবে এই বিলটা দেখি এবং বিচার করি বলেই আমি আমার বক্তব্য শেষ করব। অনেকে অনেক বক্তৃতা করেছেন। তাঁদের বক্তৃতার অনেক point miss হয়েছে। আমরা দুই দিক থেকে এই জিনিষটা দেখি। একটা হচ্ছে কোম্পানি শ্রমিকের সঙ্গে কি রকম ব্যবহার করে, publicএর সঙ্গে কি ব্যবহার করে। Nationalise করবার জন্য এটা একটা প্রধান যুক্তি ও বিবেচনার বিষয়। যদি workerদের সঙ্গে এবং publicএর সঙ্গে ভাল ব্যবহার করে তবে সেটাকে পরে nationalise করলেও চলে। কিন্তু এই considerationএ বিচার করলে এই companyকেই প্রথমে nationalise করা উচিত। তারপর কথা হচ্ছে আরও প্রয়োজন এই জন্য যে, এটা বিলাতি capital। আরও অন্যান্য বিলাতি কোম্পানি আছে যেমন ধরুন চা বাগান সেখানেও অত্যাচার কিছু কম নয়। সেখানে প্রবেশ করতে হলেও permission নিয়ে প্রবেশ করতে হয়। Jute কল, Electricity, Tram এই রকম আরও অন্যান্য জিনিষ আছে যা নাকি সকলের আগে nationalise করা উচিৎ। শ্রমিকদের সঙ্গে ভাল ব্যবহার কখনই তারা করে না। ১৯২৭ সালে Simon Commission বয়কট করার সময় এই কোম্পানি পুলিসের সাহায্যে শ্রমিকদের উপর অত্যাচার করেছে। জেলে পুরে দিয়েছে, লাঠি charge করেছে। ৫৪ জনকে চাকরী থেকে বরখাস্ত করেছে। ১৯৪৭ সালে ৩ মাস ধরে strike করতে হয়েছিল। সেই ১৯২৭ সাল থেকে এই ২৪ বৎসরের মধ্যে বার বার শ্রমিকরা এই দাবী করেছে যে, এই company আমাদের সঙ্গে মানুষের মত ব্যবহার করে না, এই company nationalise করা হোক।

Mr. SPEAKER: I think you referred to that aspect of the case during the consideration stage. Have you finished the figures? I think you will be more usefully occupied if you point out that the Agreement is wrong.

Sj. SIBNATH BANERJEE: Yes, Sir, that point I stressed at the second reading but that did not apparently create an impression on the Chief Minister and he did not meet that argument. So now I am under the painful necessity of impressing upon him that point with a view to get a reply from him. So I am trying to show that this is one argument. এটা ও একটা আমার argument যে এই কোম্পানি অবিলম্বে nationalise করা দরকার। (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: তোমার কথা আমাকে impress করছে না।) সেটাতো স্বীকারই করছি আপনাকে impress করতে পারছি না। আমি জানি আমার কথাগুলি আপনাকে touch করবে না। আরেকটা কথা হচ্ছে political considerationএ ইংরেজরা এদেশে শাসন এবং শোষণ দুই রেখেছিল। এখন শাসন ব্যবস্থা নিজের হাতে না রেখে পরোক্ষভাবে শোষণ করছেন। তাঁরা আপনাদের শিখণ্ডী রেখে শাসন ও শোষণ দুই-ই করছেন। যাতে পরের মাথায় কাঁঠাল ভেঙ্গে খাওয়া যায় সেই চেষ্টা ইংরেজরা করছেন। আমাদের আশঙ্কা হচ্ছে ইংরেজরা আবারও হয়তো শাসন যন্ত্র নিজেদের হাতে সুযোগ পেলে নিয়ে নেবে। এই company কলিকাতার বুকের উপর pestering cancerএর মত in our body politic এখনই আমাদের সুযোগ চা বাগান থেকে আরম্ভ করে এই সব বিদেশী কোম্পানির হাতে আর ক্ষমতা ছেড়ে দেওয়া যায় না, তাদের হাতে political string থাকবে এটা হতে পারে না, তাদের একমাত্র technical expert হিসাবে রাখা যায় তখনকার দিনে সাদা চামড়াই ছিল dominating facter, তাঁরা ছিল vested interest এখন এখানে না থাকলেও আনাচে কানাচে বসে আছে। আমরা সুযোগ পেয়েও হারালাম। Tram Company nationalise করা দরকার। Dr. Roy Transport nationalise করার জন্য খুব উদগ্রীব,——

Mr. SPEAKER: Mr. Banerjee, I think you have already taken 25 minutes and you are still repeating the same arguments.

Sj. SIBNATH BANERJEE: I am not repeating any argument. Which argument did I repeat? Kindly show, Sir, which argument I did repeat.

Mr. SPEAKER: It is very difficult to point out which argument you are repeating. As a matter of fact, in the third reading of the Bill what is required to be said is not being said but only general platitudes and general observations are being made. Therefore there must be some limit to the repetition of the same general arguments put forward by several members already. There must be something more specific at this stage.

SJ. JYOTI BASU: On a Point of Order. May I draw your attention to the watch? It is time that.....

Mr. SPEAKER: Please wait. I have got to deal with Mr. Banerjee first and then I will deal with your watch (Laughter).

SJ. SIBNATH BANERJEE: I would like to make my submission to the wise observations coming from your wise lips. I may be confronted with the same position to-morrow again.

আমি repeat করছি না। Barasat-Basirhatকে reference স্বরূপ বলছি। কালকে যে agreement দিয়েছিলাম তা reference স্বরূপ touch করলেই যদি repetition হয়ে যায় তাহলে আমি কি করবো? আপনি যে বলেছেন যে এই সমস্ত বিষয় আলোচনা করা 3rd readingএ admissible নয়, consideeation stageএ করতে পারেন কিন্তু আমি বলছি এগুলি 2nd readingএ বলা যেতে পারে এবং 3rd readingএও এগুলি আরো admissible.

Mr. SPEAKER: At the consideration stage as a matter of fact the House has expressed its opinion upon the Bill by passing that particular objective Bill. Now at that consideration stage you could have impressed many things upon him by your arguments but that stage is now over. Now it is a post-mortem which is going on. At the consideration stage you get wider scope than at the third reading stage because at the consideration stage you can influence the Government by your arguments as to what you think should be done. Now, when the House has already passed the clauses, this means that now the stage is such when you can say something this way or that way or you can say to the Government that they have done this and that. The scope of debate at the third reading stage is restricted and you cannot have the same latitude as you have at the consideration stage.

SJ. JYOTI BASU: On a Point of Order, Sir. It is not post-mortem stage because we may convince some of the members of the other side to make.....

Mr. SPEAKER: I appreciate, Mr. Basu that it is not absolutely post-mortem but it is three-quarters dead and one-quarter alive. Something very very effective should be said at this stage.

SJ. SIBNATH BANERJEE: Without meaning it, Mr. Speaker, this Bill was dead before it was passed and it is going to be dead even if it is passed by this House. What you said by implication is quite correct, namely, that the Bill was dead before it was passed and it is going to be dead even if it is passed by this House. But that is not the point I want to influence.

আমি জানি যে 3rd readingএ restriction আছে, সেখানে বেশী figure quote করতে গেলে আপনি তা বাধা দিতে পারেন কিন্তু আমাদের একটা অসুবিধা আছে। আপনার last orderএ আপনি যে argument দিলেন তারপরে আমাদের Oppositionএর আর কিছুই বলবার থাকে না। তবে Governmentএর যে সমস্ত omission and commission আছে সে সম্বন্ধে 2nd reading কেন, 3rd readindএও আমরা বলতে পারি। উনি যে সমস্ত argument দিয়েছেন সে সম্বন্ধে আমি 3rd readingএ বলতে পারি; and it is always done in this House and in other Houses. তবে repetitionএর পর repetition করা নিশ্চয়ই অন্যায়। আমাকে repetition হচ্ছে দেখিয়ে দিলে নিশ্চয়ই আমি তা মানবো।

SJ. JYOTI BASU: I think he can continue tomorrow.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: It is all very well for gentlemen who have finished their speeches to say that we should stop at

this stage and continue tomorrow but it will be very difficult for the members who have to give their replies to the arguments put forward to carry into their heads all the arguments so far put forward and to remember the same till tomorrow. So I would request the members of the House to continue until they finish. I suppose the member speaking now will finish very soon.

Sj. SIBNATH BANERJEE: What about yourself?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I will finish in 4/5 minutes time.

Sj. SIBNATH BANERJEE: যদি প্রধান মন্ত্রী মহাশয় মাত্র চার পাঁচ মিনিট বলেন তাহলে আমাকে বেশী করে বলতে হবে যাতে তাঁর মনে থাকে। তিনি একটা কথা বলেছেন Advisory Body সম্বন্ধে। এদের হাতে power দেওয়া হয়েছে। তাদের একটা বড় brain আছে বলেছেন, কিন্তু যদি সত্যি সত্যি তাদের brain থাকতো তাহলে এই রকম একটা চুক্তি করতেন না এবং ইংরাজ অনেক আগেই আমাদের দেশ থেকে চলে যেত। ইচ্ছা করলে এই companyটাকে nationalise করতে পারতেন। Governmentএর যদি আজ সত্যিকারের brain থাকতো তাহলে কাশ্মীর সমস্যা অতি সহজেই সমাধান করতে পারতেন।

Mr. SPEAKER: Is it a speech on ths third reading or on the fifth reading.

Sj. SIBNATH BANERJEE : Mr. Speaker, Sir, আর একটা কথা বলেই আমি বলা শেষ করছি। সেটা হচ্ছে এই যে Dr. Roy বলেছেন যে এই Tramways Companyকে manage করবে কে? সেই জন্যেই ২০ বৎসর রাখা দরকার। তাঁরা জানেন যে Transport Board যা বর্ত্তমানে রয়েছে সেই boardই run করাতে পারে এবং তাদের workersরা manage করতে পারে, তার বহু প্রমাণ আছে। অনেক জায়গায় দেখেছি যে Selection Board এবং Union Boardএর representative নিয়ে একটা representative board করে তারা jointly Co-operate করে কাজ করছেন যাতে passenger বাড়ে। ইংলণ্ডেও এই রকম ব্যবস্থা আছে। সেখানেও এই রকম representative board দিয়েই manage করা হয়। কিন্তু আমাদের Governmentএর সে ধরণের আস্থা আমাদের দেশবাসীর প্রতি নাই সেই জন্যেই তারা মনে করেন যে ইংরাজ না হলে আমাদের চলবে না। আমাদের দেশের জনসাধারণ যারা politicaly unconscious, তাদের হয়ত বুঝিয়ে বলবেন যে ইংরাজ আমাদের দেশে থাকলে ভাল হয়, সেই জন্য এই Tramways companyকে আরো ২০ বৎসরের জন্য রাখা উচিত। তাঁরা যদি এই ধরণের যুক্তি দিয়ে কাজ করেন তাহলে ভবিষ্যতে হয়ত ভারতে আবার চার্চিচল এট্‌লিকে ডাকতে হবে। কাজেই এটা একটা dangerous proposition. Dr. Roy বলেছেন এইটা থেকে বিরত হওয়া দরকার কারণ it is almost half-dead, আমি বলছি it is completely dead সুতরাং চুক্তি অনুসারে কাজ হবে না অতএব এই চুক্তিপত্রটা ছিড়ে ফেলে দেওয়া হক, before it is passed.

Sj. JYOTI BASU: On a point of order, Sir. We have been sitting here for 4 hours and 10 minutes. Therefore it is not possible for us to go on with this Bill today. We should not hurry through this Bill even at the last stage. Therefore you should adjourn the House now.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, is it to be conceded that on any Bill where the Government spokesman has been only one, every one of the Opposition will speak? Then, Sir, ten or eleven members will control the whole Assembly. Let us understand what are we to do. If ten or eleven members go on and control the Assembly, other steps will have to be taken——

(At this stage there was loud noise and cries of "Are you threatening us"?)

Sir, I am on my legs, I will not yield to anybody.

(Again loud noise from both sides.)

Dr. SURESH CHANDRA BANERJI: We would like to know what steps you can take——

(Again loud noise.)

Mr. SPEAKER: Order, order. I am not able to hear one word of what you are saying. What is your objection?

SJ. JYOTI BASU: Sir, the Chief Minister in his speech said that if the Opposition members speak for some hours he will take other steps. This is an insult to us. We would like to know what steps the Chief Minister will take.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, if they had only waited before they took up this attitude, they could have understood what I meant. My proposition is, that I have been watching patiently the way in which the Opposition has been working. It seems to me that it is really an oppression on the majority by the minority. Therefore I suggested that we ought to know exactly where we stand. Ordinarily the Opposition should be given all opportunities for placing their points of view, and we have deliberately refrained from taking part in the discussion and allowed the Opposition to speak; and you have also been indulgent to the Opposition and you have allowed them to cover the same grounds over and over again. I feel that if they decide on holding up the work of the House, I shall have to take other steps. There are many steps available under the Constitution or under the rules. Of course, I am prepared to meet the Opposition as far as possible. You have suggested, Sir, one way of allowing the Whips of the two parties to come to a compromise so far as the programme is concerned. But my difficulty is, that five or ten people should not keep back fifty people on the other side who also wanted to speak. I have restrained them from speaking because I want to go ahead. After all, it is a strain on everybody. I do not know how long this thing should be kept hanging on. I have got to reply to all the criticisms that have been put forward. If my friends opposite say that they are tired, they must know, Sir, that I am also tired. At the same time, Sir, to listen to all the arguments and facts in order to give a suitable reply would also be a very great strain upon the person who would have to do it. I would request Dr. Banerji across the floor to say whether it would be possible for us to finish it today. I understand there are three more speakers on the other side and perhaps all the members belonging to the Opposition will speak. They are welcome, but I say it is time you should realise where we are drifting to. We should know that the business of the Assembly should be run on a business line. Of course the minority can always go on obstructing in their own way by putting in different propositions and speaking over the same points over and over again. Under the rules they may be allowed to speak as far as possible—I think I am not conversant with the rules—but commonsense tells me that there must be a limit to this either by a previous consultation among the Whips or by some other means. My difficulty is, I do not know whether they are a well-knit party under one group; in that case the easiest course would be for the Whips of both the sides to make an arrangement. As far as I am aware, the Opposition consists of different groups, all of whom may not be guided by one Whip. As far as I know—I speak subject to correction—there should be 11 or 12 members belonging to a party to form a duly constituted Opposition under the constitution of the Assembly. Therefore, I do not know whether there will be a whip of that type. Therefore, Sir, I put it to you that let us get on with our work. Let us finish it, if possible, today. If my friends on the opposite side say that they cannot finish it today let it be taken up tomorrow. But I do feel that there must be a limit to it so that we may carry on the business of

the House. After all, we have heard arguments—some of them are good and some of them are repetitions twice over but that does not emphasise the argument in any particular manner. In fact, it loses its force if you go on repeating the same argument over and over again. Therefore, I leave it to you what to do next. I am told by the Secretary that there are three more members on the opposite side wanting to speak on the Bill. It is now quarter past seven. If you so wish, you can adjourn the House till tomorrow. But I do feel, let us understand where we stand so far as the rules and regulations are concerned and let us see, while giving all opportunities to the Opposition to speak as much as they like, that they may not interrupt or interfere with the progress of things in the Assembly.

Dr. SURESH CHANDRA BANERJi: Sir, আমরা মোটেই obstructionist নই। আমরা বরাবরই helpful হবার চেষ্টা করে আসছি, আগাগোড়াই Co-operate করতে চেষ্টা করছি। মাত্র ৪ দিনের মধ্যে এই Houseএ অনেকগুলি বিল পাশ হয়ে গেল। Calcutta Tramway Billএর মত important বিল সম্বন্ধে মাত্র তিন দিন আলোচনা হচ্ছে। এটা খুব বেশী নয় এই রকম একটা বড় বিল গত ১৬ বৎসরের মধ্যে আমি দেখতে পাইনি। সভাপতি মহাশয়, আপনি জানেন আমরাও জানি, এই Houseএ এমন বিলও এসেছে, ৩ মাস ধরে যার আলোচনা হয়েছে। Bengal Tenancy Amendment Bill for 3 months, the League people allowed us in opposition, to discuss তারপর Bengal Money-lenders বিল--(Interruptions from Ministerial Bench) আমাকে disturb করবেন না। (Sj. SIBNATH BANERJEE : ওরা বড় বেশী জানেন।) Now you have come forward with such a big Bill—১৬ বৎসর মধ্যে এ রকম বড় বিল দেখিনি (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI : You do not know.) দয়া করে disturb করবেন না। বলতে দিন। আমরা মোটেই obstructionist নই তা বলা খুবই অন্যায় হবে। আমরা বরাবরই co-operate করতে রাজী--এই Billটা যাতে নির্দ্ধারিত সময় মধ্যে শেষ হয়, তার জন্য যথাসাধ্য চেষ্টা করব।

We must perform our duty and consistent with the performance of our duty we are co-operating with you in every possible way but we must not be forgetful of our duties. We will not obstruct you. That is not our policy but you must have sympathy and feeling for us also.

Mr. SPEAKER: Dr. Banerji will you please sit down? I cannot allow the House to go on like this. Every moment everybody cannot jump up. It is for the Speaker to control and not for the members to control. Unless you recognise this thing it is difficult to control the House. One member should be speaking at one time.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I appreciate Dr. Banerji's approach to the whole problem. If you so desire, let us postpone till tomoroow.

Mr. SPEAKER: Before I adjourn the House till tomorrow let me say a few words. The position is that there is no doubt whatsoever that proper opportunities should be given for ventilation of all points of view in the House on an important subject. It does not mean, however, that we should go on even after the points have been brought forward before the House for consideration—that we should spend more time than what is necessary in order to bring these points before the House. However important may be the subject, how much time is necessary to bring forward all points of view, all arguments which bear upon the question? I regret to say that we have not been able to keep up to that position always. It is quite natural that we cannot keep up to that position always. Now, the proposition was, so far as this Bill was concerned, as to whether this Agreement should be given effect to or not. We started the Bill yesterday. There is only one Agreement on which you have got to speak. Now, yesterday six or eight

members spoke. Today I found there was division even on Schedule II—on every schedule—on everything there was division. That was allowed, though I should tell you that there is a power given to the Speaker that if he considers it necessary instead of calling a division and spending so much time over it he may simply ask the members to rise in their seats and finish it. But I did not want to deprive the members of their satisfaction that their names should be recorded as protesting against each and every clause of the Bill. I, however, appealed to them that so far as the third reading is concerned, they should be a bit restricted to such points as may have a bearing on the subject. The Parliamentary procedure requires that a certain course of action should be followed and unless and until there is good co-operation from all sides of the House it becomes difficult to control. Therefore, I would once more earnestly request the members that while not losing sight of the points which should be stressed they should devote their mind to curtail their debate as far as possible and confine themselves to things which have a bearing on the subject.

There is one thing more. It becomes very difficult if many members rise at one and the same time. On one remark so many members rose and I could not hear what that was about. I would request that in such circumstances the passions should be kept a little cool so that we may be able to proceed with the business of the House. I find that there is a consensus of opinion that the House should adjourn its business till tomorrow. I therefore adjourn the House till 3 p.m. tomorrow and I hope the members will keep in mind what I have said just now.

Adjournment.

The House was accordingly adjourned at 7-25 p.m. till 3 p.m. on Friday, the 21st September 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 21st September, 1951, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 11 Hon'ble Ministers and 61 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Alleged punishment of a police officer for using Bengali language in office files

*14. **Sj. KANAI LAL DE:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(ক) বাঙ্গালা ভাষায় মন্তব্য লেখার জন্য কলিকাতা পুলিশ বিভাগের জনৈক কর্মচারী (Sub-Inspector) ঊর্ধ্বতন কর্মচারী কর্তৃক তিরস্কৃত হইয়াছেন বলিয়া যে সংবাদ ২২শে সেপ্টেম্বর তারিখের অমৃতবাজার পত্রিকায় সম্পাদকীয় মন্তব্যের মারফৎ বাহির হইয়াছে তাহার প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষিত হইয়াছে কি; এবং

(খ) বাঙ্গালা ভাষায় মন্তব্য ও সরকারী চিঠিপত্র লেখা সম্বন্ধে বর্তমান নীতি মন্ত্রীমহাশয় জানাইবেন কি?

MINISTER in charge of the HOME (POLICE) DEPARTMENT (the Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: (ক) হাঁ, কিন্তু সংবাদটি সত্য নহে।

(খ) সরকারী নথিতে মন্তব্যাদি বাঙ্গালা ভাষায় লিপিবদ্ধ করার নির্দেশ থাকিলেও ব্যবস্থা-পরিষৎ কর্তৃক বাঙ্গালা ভাষা সরকারী কার্যের ভাষারূপে গৃহীত না হওয়া পর্যন্ত সংবিধানের ৩৪৫ ধারা অনুসারে ইংরাজীই সরকারী ভাষা হিসাবে চলিতে থাকিবে।

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় মন্ত্রী মহোদয় যে উত্তরে বলেছেন যে সরকারী নথীতে মন্তব্যাদি বাংলা ভাষায় লিপিবদ্ধ করার নির্দেশ থাকিলেও এখনও ইংরেজী ভাষায়ই চলতে থাকবে। এ দ্বারা কি এটাই বুঝতে পারব যে কোন সরকারী কর্মচারী যদি বাংলায় তার মন্তব্য লেখেন তবে কর্তৃপক্ষ তাতে আপত্তি করবেন।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: এটা একটা theoretical question.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কোন সরকারী কর্মচারী বর্তমানে বাংলাভাষায় সরকারী নথিপত্রে মন্তব্য লিখেন কি না?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: হাঁ।

Sj. CHARU CHANDRA BHANDARI: তাতে কর্তৃপক্ষ কোন আপত্তি করেন কি না?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: না।

Scarcity of rice in Murshidabad district

*15. **Maharaja SRIS CHANDRA NANDY, of Cossimbazar:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state if it is a fact—

(*i*) that the district of Murshidabad is suffering from acute scarcity of rice;

(*ii*) that in certain thanas of the district, namely, Noada, Hariharpara, Domkal, Raninagar, Bhagwangola, Lalgola, Jangipur and Suti rice is selling at a price between Rs.35 and Rs.60 per maund;

(*iii*) that deaths due to starvation and diseases resulting from malnutrition have been reported from some of these thanas;

(*iv*) that the part of the district lying on the east of the Bhagirathi is deficit in food and dependent on the yield of the part lying on the west of Bhagirathi; and

(*v*) that due to the recent floods the standing *aus* paddy crop has been totally destroyed in a large area of the district?

(*b*) If the answer to (*a*) (*i*) to (*iii*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps have so far been taken by the Government—

(*i*) to improve the food position in the district; and

(*ii*) to stop the recurrence of such scarcity in future?

(*c*) If the answer to (*a*) (*iv*) is in the affirmative, do the Government consider the desirability of doing away with the present cordoning system within the district?

(*d*) If the answer to (*a*) (*v*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps the Government have so far taken or propose to take for adequate relief of the flood-affected areas?

MINISTER in charge of the FOOD DEPARTMENT (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*)(*i*) Yes. There was acute scarcity of rice in Murshidabad during the lean period of 1950.

(*ii*) Market prices of *aman* rice in respect of these thanas during July, August and September, 1950, are shown below:—

	July.	August.	September.
(1) Noada ..	Rs.38 to Rs.40 ..	Rs.42-8 ..	Rs.30-8 to Rs. 38.
(2) Hariharpara ..	Rs.34 to Rs.36 ..	Rs.37-8 ..	Rs.28 to Rs.34.
(3) Domkal ..	Rs.32 to Rs.45 ..	Rs.40 to Rs.41 ..	Rs.26 to Rs.31.
(4) Raninagar ..	Rs.36 to Rs.40 ..	Rs.32 to Rs.40 ..	Rs.25 to Rs.38.
(5) Bhagawangola ..	Rs.29 to Rs.35 ..	Rs.40 to Rs.42 ..	Rs.25 to Rs.37-8.
(6) Lalgola ..	Rs.32 to Rs.35 ..	Rs.32 to Rs.37-8	Rs.25 to Rs.37-8.
(7) Jangipur (Raghunathganj).	Rs.24-10 to Rs. 38	Rs.30-8 to Rs.40	Rs.24-10 to Rs.35-8
(8) Suti ..	Rs.33-8 to Rs.39	Rs.36 to Rs.40 ..	Rs.30 to Rs.35-8.

(*iii*) Certain reports of death due to starvation have appeared in the Press but these proved to be false on enquiry. There was, however, malnutrition amongst a section of the poorer people.

(*iv*) Yes.

(*v*) 14,600 acres of standing *aus* crop were destroyed due to flood this year in the district of Murshidabad.

(*b*) (*i*) In addition to stocks procured locally which were available for consumption in the district, the following stocks were sent during 1950:—

	Thousand tons.
Rice	.. 3·4
Paddy	.. 1·6
Wheat including wheat products	.. 3·9

(*ii*) To stop recurrence of scarcity in the district, steps have been taken to build up reserves in the early months of 1951 and instructions have been issued to move stocks into the deficit pockets. Cordons have been tightened to prevent smuggling outside the district.

(*c*) No. Cordoning is necessary to enable the Government to procure at a reasonable price to meet the needs of deficit areas and also to stop smuggling through bordering thanas to Pakistan and to other deficit areas.

(*d*) The following amounts have been sanctioned for giving relief in the flood-affected areas of the district of Murshidabad:—

	Rs.
Agricultural loan for house-building ...	30,000
Agricultural loan for other purposes ...	1,45,000
Free house-building grant ...	4,000
Distribution of gratuitous relief ...	3,600

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই যে answer (*iii*)তে তিনি যে বলেছেন enquiryর কথা—সেই enquiryটা কে করেছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: District Magistrate of Murshidabad.

Dr. SURESH CHANDRA BANERJI: তিনি কি enquiry করে গভর্ণমেণ্টের কাছে কোন report দিয়েছিলেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: নিশ্চয়ই।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি সে reportএ কি কি লেখা ছিল?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: সেই reportটা আমার এখানে নাই। কিন্তু তাতে উল্লিখিত হয়েছে যে Pressএ প্রকাশিত ঐ রকম মৃত্যুর ঘটনাগুলি মিথ্যা।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি সেখানে deaths due to অনাহার যে হয় নাই সে সম্বন্ধে Magistrate কি সুস্পষ্ট প্রমাণ ছিল।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: যেহেতু তদন্ত করে দেখা গেছে যে অনাহারে মৃত্যু হয় নাই।

Dr. SURESH CHANDRA BANERJI: কি করে তিনি বুঝলেন যে অনাহারে নয়। অন্য কোন অসুখে মৃত্যু হয়েছে।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: ঠিক যেভাবে তদন্ত করলে জানা যায়, ঠিক সেইভাবে তদন্ত করে বুঝেছেন।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় মন্ত্রীমহাশয় আবাদের অবগতির জন্য বল্‌বেন কি কি করে সেটা জানা যায়?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: এ কথা সাধারণভাবেই বুঝা যায় এ সবারই জানা কথা--বুঝাবার কোন প্রয়োজন নেই।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় মন্ত্রীমহাশয় বল্‌বেন কি না খেয়ে মরা এবং অসুখে ভুগে মরা লক্ষণের মধ্যে কি পার্থক্য?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: সেটা ডাক্তারকে জিজ্ঞাসা করুন।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় মন্ত্রীমহাশয় যে লিখেছেন যে to stop recurrence of scarcity in the district, steps নিয়েছেন in the shape of building up reserves and moving stock, etc., যাতে ভবিষ্যতে খাদ্যাভাব আর না ঘটে, সেজন্য এই যা লিখেছেন, তাছাড়া আর কোন steps গভর্ণমেণ্টের পক্ষ থেকে নেওয়া হয়েছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: মাননীয় সদস্য মহাশয় ধরে নিতে পারেন যে মুর্শিদাবাদ জেলায় আমরা যে পরিমাণ ধান ও চাল সংগ্রহ করেছিলাম তা বাদে এখান থেকে চাল পাঠিয়েছিলাম ৩·৪ হাজার টন, ধান পাঠান হয়েছে ১·৬ হাজার টন; আর আটা ও গম মিলিয়ে পাঠান হয়েছে ৩·৯ হাজার টন। এত খাদ্য ছেড়েও যেখানে অভাব হয়, সেখানে কি করা যেতে পারে। এসব খাদ্য ছাড়াও, সেখানে house-buildings জন্য agricultural loan দিয়েছি, এবং অন্যান্য বাবদও টাকা দেওয়া হয়েছে, gratuitous relief দিয়েছি; তা ছাড়া আর free house-building বাবদ টাকা দেওয়া হয়েছে।

Dr. SURESH CHANDRA BANERJI: খাদ্যশস্য অভাব পূরণের জন্য খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে গভর্ণমেণ্টের পক্ষ থেকে ঐ জেলায় কি করা হয়েছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: এ প্রশ্ন ওঠে না। অনেক কিছু করা হয়েছে। মোটের উপর ১৯৫০ সালের চাইতে মুর্শিদাবাদের এবারকার অবস্থা ভাল।

Dr. SURESH CHANDRA BANERJI: মন্ত্রী মহোদয় বল্‌বেন কি কটা পুকুর সেখানে সংস্কার করা হয়েছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: এ প্রশ্নের সঙ্গে এই supplementary question ওঠে না। তবে আমি সদস্য মহাশয়কে বল্‌ছি কাগজপত্র না দেখে এসব বলা যায় না।

Janab MD. KHUDA BUKHSH: Arising out of Hon'ble Minister's answer (*b*)(*ii*), will he be pleased to state at what places reserves have been built up and what is the quantity of reserve at each place?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Whatever quantity we have been able to procure in Murshidabad has been kept in reserve for Murshidabad people.

Janab MD. KHUDA BUKHSH: Sir, I wanted to know the names of the places where the reserves have been kept.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: I cannot say off-hand. I want notice. I can tell you that last year up to 17th September, 1950, in terms of rice we procured in Murshidabad five thousand tons.

Janab MD. KHUDA BUKHSH: Arising out of the answer (*c*) where he states that cordoning is necessary to prevent smuggling into Pakistan, will the Hon'ble Minister kindly state if the price in Pakistan is higher than in Murshidabad?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: This year it is not, but last year, *i.e.*, 1949 it was so.

Janab MD. KHUDA BUKHSH: In answer to a supplementary question the Hon'ble Minister has said that the condition of paddy crop in Murshidabad this year is better than in last year. Will he be pleased to state what are the sources of his information?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: The source of my information is the Statistical Bureau.

Sj. DEBENDRA NATH SEN: With regard to the reply (*a*)(*iii*), will the Hon'ble Minister be pleased to state as to how many reports of deaths were enquired into by the District Magistrate of Murshidabad?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: All the cases reported to us were sent to the District Magistrate.

Sj. DEBENDRA NATH SEN: Will the Hon'ble Minister be pleased to state as to what was the cause of death in each case found by the District Magistrate on enquiry?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: It was due to various diseases including malnutrition.

Sj. DEBENDRA NATH SEN: With regard to answer (*d*), will the Hon'ble Minister be pleased to state as to what is the state of affairs now after the additional stocks and relief sent to that district?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: The condition of Murshidabad is now good.

Sj. DEBENDRA NATH SEN: Will the Hon'ble Minister be pleased to state, with regard to answer (*b*)(*ii*) where it has been stated that steps have been taken to build up reserves, as to whether actually a reserve has been built up, and, if so, what is the amount?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: I have informed the honourable members a couple of minutes ago that we have procured five thousand tons of rice.

Sj. DEBENDRA NATH SEN: Will the Hon'ble Minister be pleased to state whether in spite of these steps having been taken by him still there is scarcity and the price is very high?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: No.

Sj. HARIPADA CHATTERJEE: মাননীয় মন্ত্রীমহাশয় এই 2(*c*)তে উত্তর দিয়েছেন যে no cordoning is necessary to enable the Government to procure at a reasonable price to meet the needs of deficit areas ইত্যাদি--মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে, পশ্চিম মুর্শিদাবাদ থেকে পূর্বপারে খাবার না আনলে চলে না। তাঁরা যে rationing সেখানে দিয়েছেন তাতে হয় না। সুতরাং smuggle করতেই হয় যদিও সংগ্রহ কার্য পূর্বপারে অত্যন্ত অসুবিধাজনক, এটা কি তাঁরা মানবেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আমি আপনার প্রশ্ন বুঝতে পারছি না।

Sj. HARIPADA CHATTERJEE: আমি যদি ছোট ছোট করে প্রশ্ন করি তা'হলে আপনি কি বারবার তার উত্তর দেবেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: নিশ্চয়ই দেব।

Mr. SPEAKER: Will you please make your question short and impact?

Sj. HARIPADA CHATTERJEE: পূর্বপারে পশ্চিম পার থেকে খাবার আনতে হয় তা না হ'লে চলে না এটা মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: মুর্শিদাবাদ জেলায় এই বৎসর এই সময় আমরা ২ লক্ষ ১৯ হাজার লোককে modified rationingএর মধ্যে রেখেছি, সুতরাং লোকে ১৬ টাকা ১৪ আনা দরে চাল পাচ্ছে। তাতেও যদি লোকের অসুবিধা হয় তাহলে আমরা আর কি করতে পারি?

SJ. HARIPADA CHATTERJEE: আমার প্রশ্নটার জবাব দেবেন?

Janab MD. KHUDA BUKHSH : Will the Hon'ble Minister be pleased to state whether he referred to the current year's paddy crop when he said that the proposition was very good or to last year's paddy crop ?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: I referred to last year's crop and in fact the matter refers to 1949 crop.

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি বর্ত্তমানে মুর্শিদাবাদের বন্দরে চালের average market price কত?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: I want notice.

SJ. DEBENDRA NATH SEN: Will the Hon'ble Minister be pleased to state if the price of the rice in Murshidabad is now in the region of Rs. 60 per maund ?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: No.

SJ. HARIPADA CHATTERJEE: 1950এর July, August, Septemberএর এক list দিয়েছেন, 1951এর July, August, Septemberএর list জানাবেন কি?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আমি ১৯৫০ সাল সংক্রান্তই বলছি।

SJ. HARIPADA CHATTERJEE: আমার questionটার উত্তর হয়নি। পূর্বপারে statutory rationing নাই, পশ্চিমপার থেকে আনতেই হয়।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: মাননীয় সদস্যগণ জানেন যে, যেখানে চালের দর market price non-rationed areaতে ২৫৲ টাকার উপর হয় সেখানেই আমরা modified rationing দিয়েছি। আপনি যেখানকার কথা বলছেন সেটা কোন থানা, কোন য়ুনিয়নের মধ্যে তা না বল্লে কি ক'রে বলা যেতে পারে?

SJ. HARIPADA CHATTERJEE: আমার জিজ্ঞাস্য হচ্ছে, যেখানে "খাদ্য শস্য ফলাও" নীতি অবলম্বন ক'রেও control ইত্যাদি প্রয়োগ করে ও ধানচালের দর কমাতে পারছেন না সেখানে সংগ্রহ করবার অধিকার Governmentএর নাই, একথা স্বীকার করবেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: সে প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে।

SJ. HARIPADA CHATTERJEE: যেখানে আপনারা নিজেরাই স্বীকার করছেন ঘাটতি অঞ্চল সেখানে সরকারের কম দরে কিনবার অধিকার আছে? আপনারা কেন কম দরে কিনবেন, লোকের শ্রমলব্ধ জিনিষ কেন কম দরে কিনবেন?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আমরা বাজার দরে কিনি।

Point of privilege.

SJ. BIMAL COMAR GHOSE: On a point of privilege, Sir. I have two points of privilege which I shall place for consideration one after the other. I shall first refer you to Rule 24 of the Assembly Procedure Rules, which says "The first hour of every meeting shall be available for the asking and answering of questions". Sir, yesterday we devoted twelve minutes and today twenty minutes to the answering of questions. Yesterday we had two questions and today also we had two questions. I feel that

the right which the ordinary members have of asking and answering questions is not being properly safe-guarded. What the Government are doing is an indirect obstruction amounting to an encroachment upon and wasting of the private members' time. We have to ourselves one hour in which to ask questions and get replies. There have been lots of questions sent to the Government of which the answers are not forthcoming. We are some times accused that we waste Government's time, but it appears that Government are also wasting our time and when you, Sir, accuse us of wasting Government's time you should take that fact into consideration. I should like to know if you can help us in any way in this matter.

Mr. SPEAKER: The position is that the first hour of every meeting shall be available for the asking and answering of questions. It does not mean that one full hour must be taken for questions. Whatever answers the office receives from the Government are printed and published. With regard to the question as to whether the Government have answered some of the questions or not, the proper course for you will be to point out to me the particular questions whose answers are being delayed and so far as our office is concerned we shall send a reminder with regard to those questions.

Sj. BIMAL COMAR GHOSE: If I may say, Sir, you remember your office circulated to us at the end of the last session questions which were outstanding and the office knows about it—the answers to which questions have not yet been forthcoming.

Mr. SPEAKER: As I already told you in the previous session, we have no power to compel Government to give answers within a particular time. If you desire it, the rules will have to be amended. It means a Bill will have to be brought—either a private member should present it or the Government should do it. It is for them to consider, but so far as this office is concerned we have no right to compel the Government to answer a particular question within a particular time.

Sj. KANAI LAL DE: On a point of information, Sir. আমি একটা question আড়াই বৎসর পূর্বে দিয়েছিলাম.....

Mr. SPEAKER: Whichever questions you desire should be answered immediately, you put your requisition to the office regarding them. We shall send reminder to the Government. That is all that we can do.

Sj. KANAI LAL DE: আপনি এইমাত্র বললেন কিনা।

Mr. SPEAKER: It is not necessary to take the time of the House to point out certain questions. It is a matter of administrative work, and you draw our attention to particular questions and we shall inform the Government.

Sj. BIMAL COMAR GHOSE: I have another point of privilege, Sir, and that is in respect of a very healthy innovation introduced by the Assembly Secretariat in the shape of circulating to us what has been called an Order Book. In that Order Book which was circulated to us on the 17th September, and for which I feel that our thanks are due to the Secretariat office, we found certain questions listed which would be answered on subsequent days and that was of great advantage to us, because we know as to what questions would be coming up for answer. Therefore, we could get ourselves prepared to some extent even without knowing what the Government answers would be. I thought that was very helpful for eliciting information and generally for getting information by members.

I do not know why that has been stopped. I wish that that be continued because that was a privilege which the members were given and I feel that that should be continued.

Mr. SPEAKER: I will look into that matter.

GOVERNMENT BILLS.

The Calcutta Tramways Bill, 1951.

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় Speaker মহাশয়, আমি প্রথমেই জনাব মোদাস্যের হোসেন সাহেব আমাদের সর্বজন শ্রদ্ধেয় শ্রীযুক্তা বিভাবতী বসু মহাশয়ার সম্বন্ধে যে ভাষা ব্যবহার করেছেন তার তীব্র প্রতিবাদ করছি। দ্বিতীয় কথা, আমাদের প্রধানমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, তিনি আমাদের Election Speech করবার সুযোগ দিয়েছেন। তাঁকে আমি মনে করিয়ে দিতে চাই যে, তিনি যখন স্বর্গীয় সুরেন্দ্রনাথের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন তখন দেশবন্ধু C. R. Dasএর Election Speechই তাঁকে এবং অন্যান্য মন্ত্রীদের এই Houseএ এনেছিল। গত নির্বাচনেও আমরা স্বর্গীয় শরৎচন্দ্র বসু মহাশয়ের বক্তৃতার জন্য এখানে আসতে পেরেছিলাম।

Mr. SPEAKER: আপনি মাইকে গিয়ে বলবেন কি?

Sj. HEMANTA KUMAR BOSE: আমরা জানি যে, আমরা যখন সকলে কংগ্রেসের নেতৃত্বে স্বাধীনতা সংগ্রাম করেছিলাম তখন আমরা যাঁরা বিরুদ্ধ পক্ষে ছিলাম তখন ইংরাজরাও এই কথাই বলত। আজকেও সেইরকম কথাই শুনছি। যাঁরা জনসাধারণের কথা বলেন তাঁদের আর Election Speech (নির্বাচনী বক্তৃতা) করতে হয় না। জনসাধারণের সমর্থন তাঁদের জন্য সব সময়ই আছে। আমি বলছি যে, আমরা জনসাধারণের কথা নিয়েই এই Houseএ এসেছি, Electionএর কথা নিয়ে নয়। তাই আমাদের জনসাধারণের কথাই বলতে হচ্ছে। আজকে এখানে যেভাবে Tramways Billটা পাস করিয়ে নেওয়া হচ্ছে তা না ক'রে যদি সেটা জনসাধারণের সমর্থনের জন্য তাদের সামনে উপস্থিত করা হোত তাহ'লে বুঝতে পারতাম জনসাধারণের মতামতের প্রতি আপনাদের কিছুমাত্র শ্রদ্ধা আছে। আজ আপনারা ২০ বৎসরের জন্য একটা contract করে একটা বিল আমাদের সামনে এনেছেন, অথচ আপনারা জানেন জনসাধারণ এর বিরোধী। ব্রিটিশ শাসনের অবসানের পরে এখনও পর্য্যন্ত সেই সমস্ত ব্রিটিশ ব্যবসাদাররা আছেন এবং তাঁরা কিভাবে এই ভারতকে শোষণ করছেন তা আপনারা জানেন। যদিও রাজনৈতিক ক্ষেত্রে আমরা কতকটা স্বাধীনতা লাভ করেছি বটে, কিন্তু অর্থনৈতিক ক্ষেত্রে আমাদের সম্পূর্ণ পরাধীনতা বজায় আছে। এ জন্য জনসাধারণ অনেক সময় মনে করে হস্তান্তরিত ক্ষমতার মধ্য দিয়ে এখনও আপনাদের সঙ্গে ব্রিটিশের যোগাযোগ আছে। এই সমস্ত বিলের জন্যই তাদের মনে দিনের পর দিন আশঙ্কা বেড়ে যাচ্ছে। সুতরাং জনসাধারণের মত জানি বলেই আমরা বিশেষভাবে এই কুড়ি বছরের contractএ যে বিল আনা হয়েছে সেই বিলের ঘোরতর প্রতিবাদ করছি। আমার পূর্ববর্ত্তী বক্তাগণ তাঁদের বক্তৃতার মধ্যে দেখিয়েছেন যে এই ইংরাজ কোম্পানি কুড়ি বছরের শোষণের সুযোগ পেয়ে তাঁরা শুধু পাঁচ কোটী টাকা পাবেন তা নয়, তাছাড়া আরও তারা বহু কোটী টাকা আমাদের দেশ থেকে শোষণ করে নিয়ে যাবেন। যতদিন ভারতবর্ষে এই ধরণের শোষণের ব্যবস্থা চলতে থাকবে তত দিন আমাদের যে শোচনীয় অবস্থা তার অবসান ঘটবে না। আমি সেই জন্য আমার বক্তৃতায় বলছিলাম যে ভারতবাসী মনে করেছিল, যে এ দেশ থেকে বৃটিশ শাসনের অবসানের পর সমস্ত বিদেশী কোম্পানীকে বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্ত করাটা Constitution বিরোধী বলে আমি মনে করি না। কারণ সরকারকে অনেক সময়, অনেক জিনিষই বাজেয়াপ্ত করতে হয়। সরকারের পক্ষে বাজেয়াপ্ত করা একটা আইনসঙ্গত ব্যাপার বলে আমি মনে করি। ভারতবর্ষের স্বাধীনতার জন্য, জনসাধারণের মঙ্গলের জন্য যেটা প্রয়োজন সেটা করা উচিত ছিল। পূর্বে যখন ইংরাজ এখানে ছিল তখন তাঁরা যে সমস্ত আইন এখানে চালাতেন, বলতেন সে আইন, সঙ্গত আইন, জনসাধারণের এই আইন অনুসারে চলা উচিত, এর বিরোধীতা করা উচিত নয়। সুতরাং আজ যদি জনসাধারণের স্বার্থকে সফলের উপরে স্থান দিয়ে না রাখি, এবং কয়েক জন লোক এই রকমভাবে দেশের স্বার্থকে জলাঞ্জলি দেয়, তাহলে আমাদের বিশেষ ক্ষতি হবে। এই বিষয় আর বিশেষ কিছু বলতে চাই না, শুধু এইটুকু বলতে

চাই এখানে দাঁড়িয়ে যে আমার মনে হচ্ছে, বাইরে যা শুনতে পাই আজ তাই দেখছি। এই কাজে দেখছি যে-ভারতবর্ষের উপর বৃটিশের অর্থনৈতিক প্রভুত্ব, ও প্রতিপত্তি এবং তার শোষণ ব্যবস্থা, বজায় রাখা। বর্ত্তমান গভর্ণমেণ্ট সেই শোষণ ব্যবস্থা যাতে আরও কায়েম থাকে তারই ব্যবস্থা করছেন। এই ধরণের agreement জনসাধারণ কখনই গ্রহণ করবে না। আজকে সাম্রাজ্যবাদ এশিয়াকে ধ্বংস করছে এবং ভারতবর্ষকে ক্ষতিগ্রস্ত করছে। আজ সমগ্র এশিয়ার যে নূতন জাগরণ এসেছে, তার ফলে এই সাম্রাজ্যবাদী শোষণ ব্যবস্থার শীঘ্রই অবসান হবে। আজ যাঁরা এই রকম বিল হাউসের সামনে উপস্থিত করেছেন তাঁদের এক দিন দেশবাসীর কাছে যাবার পূর্বে প্রকৃত ভালবাসে, জনসাধারণের কাছে জবাবদিহী করতে হবে; কারণ এই বিলে কখনও দেশের মঙ্গল হতে পারে না। এই বিল প্রত্যাহারের জন্য আমি দাবী করছি।

Janab MUDASSIR HOSSAIN: On a point of personal explanation Sir. My name has been mentioned by the honourable member. Now, Sir, I never meant any disrespect or discourtesy to the lady. I have the greatest respect and greatest esteem for the lady concerned. Sir, if in the course of my speech I have used any language which is offensive or which she think, is offensive, I beg to tender my apology for the same.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহোদয়, এই বিলের আলোচনা কয়েকদিন ধরে হচ্ছে। একটা কথা এর মধ্যে যা দাঁড়িয়েছে, সেটা হচ্ছে এই যে একটা agreement Government Tramways Companyর সঙ্গে করেছেন, সেই agreementটা আমাদের সামনে আনা হয়েছে এবং তাতে এক বিন্দুও বদল করার ক্ষমতা এই Houseএর নাই। হয় তাকে গ্রহণ করতে হবে নইলে সম্পূর্ণরূপে বর্জন করতে হবে। এই অবস্থায় আমি সরকারকে জিজ্ঞাসা করি যে এই রকম একটা agreement সরকারের পক্ষে এখানে আনা সমীচীন হয়েছে কি না। সরকার দেশের জনমত জানেন। অবশ্য অন্য কোন industries বা অন্য কোন কোন concernকে জাতীয়করণ করা ভিন্ন কথা। কিন্তু যে সমস্ত industries বা যে সমস্ত কারবারে ইংরাজের স্বার্থ আছে বা ইংরাজ দ্বারা পরিচালিত, সে সমস্ত concern সম্পর্কে জনসাধারণের কি মত তা সরকারের জানতে বাকী নাই। সরকারই হউন কিম্বা মন্ত্রিবর্গই হউন, যিনিই হউন কিম্বা আজকের সরকার পক্ষের সদস্যই হউন তাঁরা ভোটের জোরে এই বিল পাস করাতে পারেন কিন্তু জনসাধারণের কি মত এই জিনিষ সম্বন্ধে তা তাঁদের জানতে বাকী নাই। তাঁদের মনে যদি এই ছিল যে অবিলম্বে এই companyকে জাতীয়করণ না করে তার সঙ্গে চুক্তি করা তাহলে ভবিষ্যৎ কালে যাতে এইটা কিনতে পারেন তা করা উচিত ছিল। তাই এমন কোন একটা agreement করা উচিত ছিল যেটা আমরা ratify করতে পারতাম বা reject করতে পারতাম। কিন্তু তা না করে তাঁরা এমন একটা বিল এনেছেন যার মধ্যে একটা "কমা", "সেমিকোলন" পর্য্যন্ত বদল করতে পারা যাবে না। তাঁরা অনেক রকমভাবে এই agreementটা করতে পারতেন এবং Tramways Companyর সঙ্গে একটু bargain করারো সুবিধা হত। তাঁরা একটা resolution করে একটা draft agreement এনে এই Houseএর সামনে উপস্থিত করতে পারতেন। তখন memberদের মত নিয়ে এইটা পাস করা যেত। কিম্বা সেটা করবার পূর্ব্বে এই draft agreementটা কোন্ নীতিতে, কোন্ basisএ হবে সেই রকম কতকগুলি principle করে তাঁরা এই প্রস্তাবটা আনতে পারতেন। তাড়াহুড়া না করে এইভাবে করার প্রয়োজন ছিল বলে আমার মনে হয়। আমাদের এখানে ৫-৭টা চুক্তি হয়েছিল, সেই চুক্তির তারিখ ভিন্ন ভিন্ন ছিল, ১৮৭৯ সালের অক্টোবর মাসে, ১৮৯৩ সালের সেপ্টেম্বর মাসে ১৮৯৯ সালের ডিসেম্বর মাসে, ১৯০৫ সালের মে মাসে, প্রভৃতি তারিখে হয়। সাত সাত বৎসর অন্তর একটা করে সুযোগ আসছে। এই জন্য সরকারের উচিত ছিল যাতে এই Houseএর মধ্যে দেশের জনমত প্রতিফলিত হয় সেইভাবে কাজ করা। তাঁরা এই রকম একটা complete agreement না এনে একটা draft agreement আনতে পারতেন। কোন principle বা basisএর উপর চুক্তি করতে পারা যায় সেই রকম একটা resolution তাঁরা এখানে আনতে পারতেন, কিন্তু তাও তাঁরা করেন নাই। এই companyকে ইচ্ছা করলে purchase করবারও ব্যবস্থা করতে পারতেন কিন্তু তাঁরা করেন নাই। এর উদ্দেশ্য হচ্ছে obvious. এই agreement তাঁরা এখানে ভোটের জোরে পাস করে নিতে পারেন। কিন্তু আমি ইতিপূর্ব্বেই বলেছি যে, যে চুক্তি হয়েছিল ভিন্ন ভিন্ন municipality এবং Secretary of State for Indiaর সঙ্গে, সেটা unconscionable bargain. কারণ আমরা দেখতে পাচ্ছি যে দাম আমাদের কাছে দাবী করা হয়েছে

সেই দামে যদি আমরা কিনতে চাই তাহলে তার ২৫ গুণ দিতে হবে। যেটা working expenses বাদ দিয়ে যেটা net income হয় তার ২৫ গুণ কখনও হতে পারে না। এটা শুনলেই লোকে মনে করবে যে net incomeএর ১৫ গুণ হয়, ২৫ গুণ এটা কখনও হতে পারে না। এই চুক্তিটা প্রথমে কি অবস্থায় হয়েছিল? 2nd October, 1879এ Corporationএর সঙ্গে একটা চুক্তি হয়েছিল; সেই চুক্তি যখন Calcutta Corporationএর সঙ্গে হয়েছিল তখন Corporationএর অধিকাংশ সভ্যই ছিলেন মনোনীত সভ্য এবং তার Chairmanও ছিলেন মনোনীত। তখনকার দিনে in the Suburbs of Calcutta, যেমন বেহালা Municipalityতে সেখানকার অধিকাংশ Commissioners এবং Chairman মনোনীত ছিলেন। ইংরাজের আমলে তাদের রক্ষার জন্য September, 1893 and December, 1899 সালে এই রকম চুক্তি হয়েছিল এবং যাঁরা চুক্তি করেছিলেন তাঁরা জনসাধারণের প্রতিনিধি নন। তাই সেই চুক্তি অনুসারে যে price হয় সেটা prohibitive. তাই আপনারা যদি এই রকম একটা পাকা চুক্তি না এনে একটা draft নিয়ে আসতেন তাহলে আমরাও ভিন্ন মত প্রকাশ করতাম। এই Tramways Companyকে যদি জাতীয়করণ করার উদ্দেশ্য নিয়ে তার সম্মুখীন হতেন তাহলে এই ধরণের একটা unfair চুক্তি আমাদের সামনে খাড়া করতে হত না। এইরূপ অপকার্য্য করার জন্য ভবিষ্যৎ বংশধররা Governmentকে যে অভিশাপ করবে সেটা Governmentকে সহ্য করতে হত না। কিন্তু গভর্ণমেণ্ট তা করেননি। এই চুক্তি সম্পর্কে অনেক কথাই ইতিপূর্ব্বে আমার বন্ধু দেবেন বাবু ও জ্যোতি বাবু আলোচনা করেছেন আমি তার আর পুনরুক্তি করতে চাই না। তবে এই চুক্তিটা যে কত খারাপ তা আমি দেখাব।

একটা কথা হচ্ছে এই চুক্তি অনুসারে ২০ বৎসর পরে কোম্পানীকে আমরা যে টাকাতে কিনব সে টাকা হচ্ছে ৩৭ লক্ষ ৫০ হাজার পাউণ্ড, অর্থাৎ পাঁচ কোটী টাকা। কতকগুলি data গভর্ণমেণ্ট আমাদের সামনে দিয়েছেন এর থেকে পড়ে দেখাচ্ছি যে কিভাবে ক্রয়মূল্যটা calculate করা হয়েছে। তাঁদের কতকগুলি figure—calculation of the purchase price under the contract—সেটা থেকে আমরা দেখতে পাই full value of the full assets of the company as on 31st December, 1949, as per balance sheet হচ্ছে ২৩ লক্ষ ৬৭ হাজার পাউণ্ড। যেটা book value তার প্রায় শতকরা 40 per cent. বৃদ্ধি করা হয়েছে, মূল্য বৃদ্ধির জন্য। 40 per cent. for net appreciation in value সেইটা ধরা হয়েছে। তারপর, তার উপর purchase price, current assets, assets, fixed assets, for renewals and replacements ইত্যাদি যোগ করা হয়েছে। এই সমস্ত যোগ করে যা থাকে তার থেকে অনুগ্রহ করে শতকরা পাঁচ ভাগ করে বাদ দেওয়া হয়েছে। এই সমস্ত করে যে দামে পাওয়া গিয়েছে সেটা আবার চুক্তি অনুসারে ২০ বৎসর পরে কেনা হবে। আমরা যদি ধরেনি যে কোম্পানীর যে assets আছে এবং তার বৃদ্ধি মূল্য দেওয়া হয়েছে, তার 5 per cent. বাদ দিয়ে যে purchase price অঙ্ক কষা হয়েছে তাতে যা দাঁড়িয়েছে।

বিশ বৎসর যে assetএর উপর নির্ভর করে যার উপর basis করে এই calculation করা হয়েছে এবং তার ফলে আমরা দামটা যে দেবো, তারপর আমরা যখন এই কোম্পানিটা পাব তখন সেই asset থাকবে কি না। আজকে যদি এটা কিনে নিতাম তাহলে কতকটা ন্যায়সঙ্গত হত এখন যা fixed asset আছে তার উপরে মূল্যটা হত। কিন্তু ২০ বৎসর পরে এই asset আমরা পাব কি পাব না এটা বিচার্য্য। বর্ত্তমানের এই যে assest, বাড়ীঘর, plant এ সমস্তই যে ঠিক থাকবে তার একটা বিধান এই চুক্তির মধ্যে রয়েছে সেটা হচ্চে এই যে গভর্ণমেণ্ট প্রতি বৎসর কোম্পানিকে ৮০ হাজার পাউণ্ড রাখতে দেবেন for repair and replacement. এই একটী মাত্র clause আছে যা থেকে আমরা বুঝতে পারব এই asset থাকবে কি না বিশ বছর পরে। সাধারণতঃ যখন income-tax ধার্য্য করা হয় তার depreciation rate 10 per cent. সাধারণতঃ যখন commercial rate ধরা হয়। তাতে 5 per cent. depreciation ধরা হয়। তাহলে ২০ বছর পর্য্যন্ত যদি 5 per cent. করে depreciation হয়। তাহলে asset কি থাকে। এখন দেখা যাক যে টাকার ব্যবস্থা করা হয়েছে for repairing and renewal সে টাকা পর্য্যাপ্ত কিনা। এই যে ক্ষয়ক্ষতি হচ্ছে, সেটা পূরণ করবার পক্ষে। আমরা যদি calculate করে দেখি মোট যে asset আছে তাদের হিসাবে যা দিয়েছেন সেখানে ৮০ হাজার পাউণ্ড for repair and replacement ধরে calculate করলে দেখি যে 2 per cent.—শতকরা ২৲ করে পড়ে মাত্র। এই যে fixed asset

যা আছে, তা যদি থাকে, তাহলেও 2½ per cent. (আড়াই per cent.)এর বেশী পড়ে না। তার উপর বহু দিনের বৃদ্ধি বাদ, বহুদিনের পুরাণো plant এটা যদি ধরা হয় তাহলে হার কম হবে। আশী হাজার পাউণ্ডের যদি মাত্র 2 per cent. হয় তাহলে make up হতে পারে, এখানে 3 per cent. করে প্রতি বৎসর যে লোকসান হবে তা make up করবার কোন উপায় নাই। আর একটা কথা সরকার পক্ষ থেকে বলতে পারেন যে agreement, *i. e.* clause 4, item Cতে আছে ২০ হাজার পাউণ্ড ধরা হয়েছে সেটা বেশী হতে পারে, সেটা কোন অবস্থায় হবে।

Thirdly, setting aside each accounting Year, in renewals and replacements, further sum 80 thousand pounds sterling or a greater sum as contractors of the company for the time being may in consultation with the Government consider necessary in the light of experience or a new increasing price অর্থাৎ তিনটা অবস্থায় এই যে ৮০ হাজার পাউণ্ডের ব্যবস্থা করা হয়েছে in the light of experience তা থেকে কি পাই দেখতে হবে, অর্থাৎ আগে আগে যে খরচ হয়েছে তা থেকে দেখি ১৯৪৩ সালে repair and replacement বাবদ ব্যয় হয়েছিল মাত্র ১০ হাজার পাউণ্ড। ১৯৪৪ সালে ১৮ হাজার পাউণ্ড, ১৯৪৫ সালে প্রায় ৩৩ হাজার পাউণ্ড, ১৯৪৬ সালে ১১ হাজার পাউণ্ড, ১৯৪৭ সালে মাত্র ৯ হাজার পাউণ্ড, ১৯৪৮ সালে ৩৪ হাজার পাউণ্ড, ১৯৪৯ সালে ৬১ হাজার পাউণ্ড। এই জন্য In the light of experience আমরা দেখছি এই বাবদ খরচ কখনো ৬১ হাজার পাউণ্ডের বেশী হয় নাই, কিন্তু এখন দেখছি সেটাকে বাড়ানো হচ্চে ৮০ হাজার পাউণ্ড। In the light of experience যদি হয় তাহলে fixed asset কিছু বাড়তে পারে। কিন্তু আমি যা পূর্বে বলেছি—বর্ত্তমান যে assets তার depreciationই বা কি সেটাও বিচার্য্য বিষয়। তারপর increasing priceএর জন্য যদি বেশী টাকা বরাদ্দ করা হয়, তাহলে সঙ্গে সঙ্গে depreciationটাও ধর্ত্তব্য। তাই কোন অবস্থাতেই ৮০ হাজার পাউণ্ড খরচ করার যুক্তি দেখি না। অথচ বহু দিনের পুরাণো plant ও asset—প্রতি বৎসর 3 per cent. করলে, তার অবস্থা কি দাঁড়াবে কেউ বলতে পারে না। শুধু তাই নয় আরো আছে। গভর্ণমেণ্ট যা আমাদের সামনে উপস্থিত করেছেন, তাতে আছে যা fixed asset যা তাঁরা দিয়েছেন—সেটা কি দেখা যাক। কোন value কোনো জায়গায় তার কেউ কমেণি। কোম্পানির বইয়ে যা লেখা আছে—book value of the companyর asset, on the December, 1949এ যা ছিল, তারপরে পঞ্চাশ সাল, তারপরে একান্ন সাল, এই ব্যবস্থা কার্য্যকরী হবে ডিসেম্বরের পর থেকে। তা যদি হয় তাহলে আরো দু' বছরের depreciation তার সঙ্গে যোগ হবে। কাজেই যে asset আমরা পাচ্ছি প্রকৃত পক্ষে তা নয়। দুই বছরের depreciation—10 per cent. তার সঙ্গে যোগ হয়ে গেছে।

এখন এই agreementএর কথা আপনারা সকলে চিন্তা করে দেখুন। ওঁদের principleটা স্বীকার করে নিলেও কোম্পানির যে asset আছে তা থেকে যদি 10 per cent. বাদ দেই তাহলে যে মূল্য দাঁড়ায় প্রকৃত পক্ষে যে জিনিষটা আমরা পাব তার দাম ৫ কোটি টাকার স্থলে ১॥ কোটির বেশী হয় না। যে নীতিতে, যে principleএ, যে basisএ, ওঁরা calculate করেছেন সেইভাবে liberally calculate করলেও এটা দাঁড়ায় না। অথচ ওঁরা ৫ কোটি টাকা ধার্য্য করে দিয়েছেন। অতএব আমি পুনরায় বলবো সরকারের উচিত ছিল এই রকমটা না করে একটা draft agreement করা। এখনো সময় আছে; এখানে এই agreementএর clause 9এ যা দেখি তাতে এই একটা বিষয় পরিষ্কার লেখা রয়েছে "This agreement shall be binding subject to an Act by the Legislature of West Bengal confirming it".

এখন যদি আমরা এটা ratify না করি তাহলে কারো উপরই এই agreement কার্য্যকরী হবে না। অতএব আমার সরকারের কাছে দাবি এই যে তাঁরা এই বিলটাকে প্রত্যাহার করে নিন, এবং প্রত্যাহার করার পর এখানে যেরূপভাবে আলোচনা হলো সেই lightএ কোম্পানির সম্মুখীন হোন। এবং কোম্পানিকে বলুন যে agreement করা হয়েছে সেটা unconscionable bargain সেটা repudiate যদি এখনি না করা হয় তবে অবিলম্বেই জাতীয়করণ করতে হবে। আর compensation যদি দিতে হয়ই, দিতেই আমরা চাই,—কিন্তু সেটা হতে হবে reasonable compensation. আমাদের Constitutionএ আছে—এই

ক্ষতিপূরণ কোন principle বা mannerএ দিতে হবে। Share capitalএর মূল্য যেটা সেটাকে যদি টাকার রূপান্তরিত করি তাহলে দাঁড়ায় ১ কোটি ২৫ লক্ষ টাকা। আর company's assets যা আছে তা ২০ বৎসরে ঐ ১ কোটি ২৫ লক্ষের বেশী থাকবেই না হয়ত। সুতরাং আমি সরকারকে এই কুখ্যাত বিলটা প্রত্যাহার করতেই বলছি।

Dr SURESH CHANDRA BANERJI : মাননীয় স্পীকার মহোদয়, ৪ দিন ধরে এই বিলটার আলোচনা চলছে। এর পক্ষে এবং বিপক্ষে অনেক কথা বলা হয়েছে। এই পরিষদের বাইরেও এই বিল নিয়ে তর্ক-বিতর্ক হয়েছে সংবাদপত্রেও যথেষ্ট আলোচনা হয়েছে। সম্প্রতি আমাদের অর্থমন্ত্রী মহোদয় এক বিবৃতি প্রসঙ্গে বলেছিলেন—এটা business like হয়েছে, দামও ঠিক হয়েছে, সব কিছুই ঠিক মতই হয়েছে। আমাদের মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় বলেছেন তিনি ব্যবসায়ী এবং সেই হিসেবে বলেছেন যে এটা business like হয়েছে। কিন্তু এখানে অন্য একজন ব্যবসায়ী শ্রীবিমল চন্দ্র ঘোষ বলেন যে এটা business like হয় নাই। এটা অব্যবসায়ীর মতন হয়েছে। আমার বন্ধু দেবেন সেন তাঁর যুক্তিপূর্ণ বক্তৃতায় দেখিয়ে দিয়েছেন—যে দাম নির্দ্ধারিত হয়েছে সে দাম, কোম্পানির বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যে চুক্তি আছে সেই অনুসারে যে দাম, তার চেয়ে অনেক বেশী হয়েছে। আর এখানে চারুবাবু তাঁর তথ্যপূর্ণ বক্তৃতা দ্বারা বুঝিয়ে দিয়েছেন যে এটা একটা অব্যবসায়ী মূলক agreement হয়েছে। আমি নিজে ব্যবসায়ী নই, আমি একজন রাজনৈতিক। আমি রাজনৈতিক দৃষ্টি ভঙ্গি দিয়ে এই বিলের আগাগোড়া বিচার করেছি। রাজনৈতিকের কর্ত্তব্য হচেচ সব কিছু বিচার করবার সময় ভেবে দেখা উচিত আমরা যে কাজ করছি বা গভর্ণমেণ্ট যে কাজ করছেন তা দ্বারা দেশের জনগণের মঙ্গল কি অমঙ্গল হবে। সে দিক থেকে বিচার করলে—সুতরাং সে দিক থেকে বিবেচনা করতে হবে, বিলটা উভয় পক্ষেরই বাঞ্ছিত কি না। যদি তা না হয় তাহলে আমাদের রাষ্ট্রের অসীম দুঃখ ও লজ্জার কারণ হবে। লজ্জার কারণ কেন হবে তা সেদিন বক্তৃতার সময় বলেছি। আমাদের এই রাষ্ট্রের মঙ্গল সাধন যে ভাবে আমরা চলেছি সেই ভাবে কখনই সম্ভব হবে না। মন্ত্রীরা যতই ভাল করতে ইচ্ছা করুন না কেন, যদি আমাদের এই সমস্যাসঙ্কুল রাষ্ট্রের মঙ্গল সাধন করতে হয় তবে আমাদের অর্থনৈতিক নীতির আমূল ও বৈপ্লবিক পরিবর্ত্তন সাধন করতে হবে। এবং এই বৈপ্লবিক পরিবর্ত্তনটা এমন ভাবে করতে হবে যাতে যে সমস্ত বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠান আছে, যেমন জুটকল, পাট শিল্প ইত্যাদি রাষ্ট্রায়ত্ত কোরে তা ভালভাবে পরিচালনা কোরে যে লাভ হবে তা জাতির ও রাষ্ট্রের গঠনমূলক কাজে নিয়োগ করতে পারা যায়। সেদিন আমি বলেছিলাম আমাদের বাংলার পাট শিল্প পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট যদি রাষ্ট্রায়ত্ত করতেন তবে ১০০।২০০ কোটি টাকা আমাদের গভর্ণমেণ্টের পক্ষে পাওয়া সম্ভব হতো। এবং সে টাকার দ্বারা পশ্চিমবঙ্গের বহু সমস্যা দামোদর পরিকল্পনা, ময়ূর পরিকল্পনা, উদ্বাস্তু সমস্যা ইত্যাদি আরও অনেক সমস্যার সমাধান হতো। কিন্তু গভর্ণমেণ্টকে যখনই কিছু করতে হয় তখনই শোনা যায় টাকা নাই। অথচ আমাদের চক্ষের সামনে যে টাকা ব্যয় হয় সেটা জাতির মঙ্গলের জন্য ব্যয়িত না হয়ে মুষ্টিমেয় লোকের পকেট স্ফীত করে তুলছে। এই ভাবে চল্‌লে গভর্ণমেণ্ট যত টাকাই ব্যয় করুন না কেন আমাদের রাষ্ট্রের সমস্যার সমাধান হতে পারে না। আমাদের দুর্গতির অবসান তো হবেই না, উপরন্তু দিনের পর দিন বেড়ে যাবে। আমরা বল্‌ছি না Tram Company রাষ্ট্রায়ত্ত করলেই সকল সমস্যার সমাধান হয়ে যাবে। It is a symbol রাষ্ট্রায়ত্তকরণ নীতি আমরা গ্রহণ করেছি। এই নীতি আমাদের পক্ষে। আজ গভর্ণমেণ্টের পক্ষে ৫ কোটি দেওয়া সম্ভব নয়, ২০ বৎসর পরে কি কোরে সম্ভব হবে। সুতরাং এই নীতি সম্পূর্ণ অবাস্তব নীতি ও কাজে পরিণত করা অসম্ভব। সুতরাং এই নীতি যত শীঘ্র পরিবর্ত্তন করা যায় ততই রাষ্ট্রের পক্ষে মঙ্গল। আমাদের Constitutionএ expropriation allow করে না। চারুবাবুর কথা সমর্থন কোরে আমিও বল্‌ছি share-holdersদের ন্যায়সঙ্গত Compensation দেওয়া উচিত। Tram Company পুরাণো হয়ে গেছে সুতরাং আমার মতে Book Value হওয়া উচিত ৩ কোটী ৫৭ লক্ষ টাকা। এই টাকাটা প্রতি বৎসর ১১ লক্ষ ৭০ হাজার টাকা দিলে ৩০ বৎসরে পরিশোধ হয়ে যায়। তাহলে Tram Company আমরা নিজের হাতে নিয়ে যে লাভ হবে তাতে রাষ্ট্রের মঙ্গলজনক অনেক কাজ অনায়াসে হতে পারে। কিন্তু যে নীতি আমরা পোষণ করছি সেই নীতি আমাদের রাষ্ট্রের অমঙ্গলকর। রাষ্ট্রায়ত্তকরণ নীতি আমরা গ্রহণ করেছি এবং বেহার ও মধ্যপ্রদেশে কাজ আরম্ভ হয়েছে। তারপর আমাদের Constitutionও সেই ভাবে সংশোধিত হয়েছে। আমরাও সেইটা মেনে নিয়েছি। আমরা Compensation দেব, কিন্তু কোন্ নীতিতে ও কিভাবে Compensation দেব তা সম্পূর্ণ নির্ভর করে আমাদের উপর। আমরা ব্যবস্থা পরিষদে আইন করে তা ঠিক ক'রে দিতে পারি

আমরা আজ যে প্রস্তাব করছি ৩ কোটি ৫৭ লক্ষ টাকা ৩০ বৎসরে দেব এই রকম একটা আইন যদি Dr. Roy আনেন আমরা সানন্দে তা গ্রহণ করব এবং তা হ'লে এই মুহূর্তে Tram Company nationalise করতে পারব। মধ্যপ্রদেশ যা করেছে আমরাও তা করতে পারি। আমরা পরে Compensation দিতে চাই। অবান্তরের পথে আমরা যেতে চাই না। অন্যান্য রাষ্ট্র এগিয়ে চলেছে। মহামতি গোখেল এক সময় বলেছিলেন what Bengal thinks to day India thinks tomorrow আমি বলতে চাই, what other states do to day we cannot do অবস্থা আজকে হচ্ছে এই। এর চেয়ে অধিক অপমান আর কি হতে পারে? তাই আমি বলছিলাম এটা আমাদের অসীম দুঃখের কারণ হবে। জাতির ভাগ্য অতি গভীর পঙ্কে নিমজ্জিত হবে; সমস্ত বাংলার মাথা নত হয়ে যাবে।

Tramway Company, Calcutta Electric supply Corporation, Jute Industry এবং আরও অন্যান্য industry আমরা nationalise করতে পারতাম এবং সমস্ত বাংলাকে নূতনভাবে জাগিয়ে তুলতে পারতাম। নব জাগরণ আনয়ন ক'রে বাংলার চেহারা পরিবর্তন ক'রে দিতে পারতাম। শুধু বাংলার কেন, সমস্ত ভারতবর্ষের অর্থনৈতিক চেহারা পরিবর্তন করে দিতে পারতাম। গোখেল এক দিন যা বলেছিলেন তা সত্য হোত। কিন্তু আমরা তা করিনি; আইনও আমাদের পক্ষে ছিল, কিন্তু আমাদের সাহস ও দূরদৃষ্টির অভাব। পুঁজিবাদী এই নীতি সমস্ত বাংলা তথা ভারতবর্ষের মাথা নত করে দিয়ে জাতির সর্বনাশ করেছে।

এখনও ইচ্ছা করলে Dr. Roy জাতির মঙ্গল করতে পারেন; তাহ'লে আমরা তাঁকে সর্বান্তঃকরণে সমর্থন করব ও সহযোগিতা দেব। যদি তিনি তা না করেন, তাহলে আমি মুক্তকণ্ঠে বলছি এই জাতি এই আইন কখনো মানবে না। এই আইন বাংলায় বেশী দিন চলবে না। Dr. Roy বলেছেন counting the chickens before they are hatched করে কোন লাভ নাই; আমি বলছি One day they will be hatched, এবং what Bengal does to day the whole of India does tomorrow, তা সত্য হবে। আমরা না থাকলেও এ দেশের লোক তাদের অর্থনৈতিক স্বাধীনতার জন্য নিশ্চয়ই চেষ্টা করবে। একদিন আমাদের স্বপ্ন সফল হবে। বাংলা দেশের লোক এই আইনকে টুকরো টুকরো করে ছিঁড়ে ফেলে দেবে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I do not think anybody can blame us for having no patience to listen to the speeches from the other side of the House. There has been no truer word spoken during this debate than the one sentence which Mr. Jyoti Basu said yesterday, viz., for the purpose of nationalisation it is not enough merely to change the management, it is not enough to be able to control and manage a concern but that we should be able to manufacture the goods here: we should be able to look forward to the day when we shall in this country be able not to depend upon any help from outside except such as is obtainable in the ordinary trade relationship for running a concern like this. It is from that point of view that the Government of West Bengal had offered and the Government of India had acquired land for locating the Chittaranjan Locomotive Works in Bengal. It is for the same purpose that we have arranged that cable and machine tools manufacturing concerns should be located in Bengal because we want to manufacture them. It is for the same purpose that we made an offer to the Government of India to acquire the buildings and lands at Hijli for the establishment of a higher technological institute so that our boys may learn higher technology and increase production in every field. It is for the same purpose that we acquired from the Government of India and established the ceramic and glass factory so that our boys may learn how to manufacture ceramics and glass. It is for the same purpose that we have acquired and located the Mathematical Instrument Factory at Jadavpur so that our men can learn to manufacture mathematical instruments. It is for the same purpose that we have established the motor transport department and arranged with those who supply us with chassis and elements of bodies that they should help us not merely to manufacture the body but the machines and other parts which drive the engine. I say that as far back as 1918, long before I came into politics, I started a concern, not by trying to oust bodily the European

elements but in competition with the great manufacturing concerns like the Parke Davis, and Burrows Wellcome, and we tried and succeeded in manufacturing serum and vaccine in India and in Bengal which had been considered impossible. I have always followed the principle that what man has done, man can do and I think today instead of fighting on the political platform to gain little things we should join together to try and find out and remove the blot from our midst so that our men may develop these industries and not only run the industries but also run the industries in competition with outsiders. I have faith in my countrymen and I do believe that they can stand in competition with anybody coming from any part of the world. Only our difficulty has been that we are rather backward because we have not had the advantage of scientific advance that has taken place in other parts of the world. But we shall make good our drawbacks. It is for that purpose that we have developed our own salt manufacturing concern at Midnapore. It is for that purpose that we are trying to solve the problem of deep-sea fishing which has baffled many progressive Governments from time to time. It is for that purpose that we are going ahead with all these concerns. Therefore I am not one of those who believe that by only driving out the Europeans we can do it. I have no inferiority complex. I feel we can fight with them.

But, Sir, the position is entirely different here. The position is that the Tramways Company had entered into contracts with different statutory bodies. My friend, Mr. Charu Bhandari, has quoted figures that the contracts had different varieties. That appears to be so only on a superficial reading of the contracts. I have all the contracts with me and every one of these contracts ends on the 1st of January, 1952. I say that without any fear of contradiction. It is true that they were made on different dates but the ending period begins on the same date. It was necessary that for every one of them there should be a year's notice to be given for acquisition. That notice has not been given. That was the position which was put before us in February and March, 1951——

SJ. BIMAL COMAR GHOSE: On a point of information, Sir——

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I wish they will not interrupt me as I did not interrupt them. Every one of these contracts ends on 1st January, 1952, and therefore the choice lay with us as to what we should do: how we should approach this problem. You will find in the very beginning of the Bill itself as to how to acquire the property and how to acquire the management of the concern. It is true that the acquisition of this concern does not follow the ordinary orthodox routine method of purchasing straightway either by paying in cash or, as my friend Dr. Banerji has said, by paying under the cash credit system. But that is not the point. The point was, here were the old agreements and as we did not give notice in time the agreements will remain in force for seven years. You can tear off the contracts and say that we shall not listen to it. But there are the High Court and the Supreme Court which you cannot abolish by tearing off a piece of paper here. Therefore I have to make the best of a bad bargain. I would not like to call it nationalisation but at the same time under the circumstances this is the best that could be done.

Then I come to the various points, although I would have preferred not to refer to them at this stage for consideration. But I will now refer to the various small points that have been referred to by my friends opposite. First of all, Mr. Deben Sen seems to think that the figures given on the first page were not quite correct. I say this is entirely wrong. I have got the balance sheets from 1938 onwards. If he takes certain figures and calculates in a certain way he will find that that is all right.

Statistics is always intended to delude the unwary but I have spent some time over it and I can say that the working expenses include the renewal item. That has been provided for in the column against that item although Sj. Deben Sen says it was not.

The other point raised by Sj. Deben Sen is, why take seven years, take only three years and then the profit would not be so much. In reply I say, why not take the year 1947? it is minus 54,000 pounds and you multiply it by 25 and it is minus something. So you might get something from them and not give anything to them. That is one way of looking at the thing, but the other way is this. The contract says "last seven years". You cannot take three years because it says seven years. Nor can you take one year because it says seven years. Then my friend Sj. Charu Chandra Bhandari in his eloquent speech spoke about depreciation. I do not know how much business he has run, but he ought to know that the rates of depreciation on different items of industry are different. Land is not to be depreciated by five per cent.; building is not to be depreciated by five per cent.; and permanent way is not to be depreciated by five per cent. Let him go and enquire of the Registrar of Joint Stock Companies, and he will find out that there are different depreciation rates for different objects. I put it to him, does he believe in the theory that a piece of land which was worth Rs. 100 in 1920 and we are giving Rs. 140 for it—does he think that the value of Rs. 140 will go down in 1972 to a figure of Rs. 50? If he thinks so, I have no quarrel with him. He has his own opinion and I have mine. He has said that for a period of three or four years the amount of depreciation has been shown to be low. I feel this was during the period of war years. If he had taken care to look at the figures properly, he would have seen that during the war years, 1943, 1944, 1945, 1946, 1947—of course 1947 was a difficult period here—the amount spent on renewals and repairs was low because they could not get the materials. But if he had seen a little lower, he would have found a provision of £3,37,000, which is for the purpose of making good the small depreciation of previous years or renewals of the previous years. My friend Sj. Debendra Nath Sen wants to know why did we not define the words "capital at charge". I was greatly surprised that he should make such a remark. "Capital at charge" is an expression which is well-known to those who are accustomed to see balance sheets and to read accounts. "Capital at charge" does not mean the fixed capital. It does not mean the capital which was subscribed by the shareholders only. And why is that so? You will find that £9½ lakhs is the amount that is given by the shareholders. Seven lakhs have been added to it because that was the amount that accrued out of the previous year's balance. It was open to the shareholders either to share that amount among themselves or instead of increasing the share capital as we always do in other concerns, you put in the capital reserve into the capital. Now, the question is they tell me that this is an important item—capital at charge at the present moment. You will find in the Bill itself the amount that is provided for dividend on capital at charge is a fixed amount. It does not vary from time to time—because every year as we go along the capital at charge will go on increasing perhaps. As we put in more money into the Renewals and Replacements it goes to the capital. So we do not want that. We have fixed the capital. We have said we shall give you four per cent. only on the capital at charge at the present moment—that we shall not go on increasing the capital at charge at your wish and pay four per cent. on it. That is a point which my friends opposite probably have missed.

Then the question has been raised about the Advisory Committee. Again, I say that the whole proposition was that they had—let us use a very hackneyed expression—the whip hand because they were in possession. If

we did not make a contract—if we threw it away—and if we said "take it back"—then what happens—they go back to the old contracts and they depend upon those contracts which were existing for seven years. The question is, shall we do that or shall we not. If we do it, shall we do it for ten, fifteen or twenty years. While they have yielded on some points, they have not yielded on the question of twenty years. They have yielded on this question that the Advisory Committee be appointed. I now ask any gentleman present here—if he has got a house or has to manage a business—would he allow anybody from outside to come and advise him? Would he appoint an advisory committee to tell him who his servants would be or what would their wages be? Yet in this connection although they have brought in the capital at the present moment—yet they have agreed to have an Advisory Committee, not merely for giving advice in general terms but also on the question of the labour dispute, on the question of the fares to be charged as well as on the question of new alignments that are to be made in the Tramways Company. Those will be the functions of the Advisory Committee. I do hope and trust that the members of the Adivosry Committee will see to it that those properties are kept in proper condition as is mentioned there in the Bill—that these conditions are given effect to —that all the conditions of the Bill are given effect to. If the Tramways Company do not do it, the agreement is an agreement, and the Advisory Committee will advise and tell the Government and the Tramways Company that the agreement is gone. Now what would happen? There would be an arbitration and, after that, they can go to the High Court and so on. My point is—starting from this issue—that there is a Company which enjoy certain contractual privileges—whether we should allow them to have those privileges which according to my calculation—of course, I do not agree with the calculations given by my friends opposite—are twice as much today as the value which we have given them. Whether we should do that or whether we should at least try and get some control over them?

There is another point which is very important. We want development, and yet we do not want an unplanned development. We want that the development of the Tramways Company should proceed according to the desires and interests of the people. Therefore, whenever any new capital is to be taken, for that sanction has to be obtained of the Government of West Bengal. We can tell them that you can develop the tramway in a particular route for which you can raise this capital—unless you are able to do it—by simply changing over from one place to another—by taking away the permanent way from one place to another.

There is another point on which I am very keen as somebody hinted here—I do not know who he is—that it is necessary that, in order that there should be a development of the transport system, there should be some correlation between the Tramways Company and our bus service. And through the Advisory Committee we feel that it should be possible for us to have no competitive fares over the same route—where the tram and the bust services run together. I have not given up my old vision of having a transport service for the whole of West Bengal—not merely to cover the bus service, the road service, the tram service but also the aviation service as well as the inland steamer service; and for that purpose we have taken in hand very large repairs of roads in different parts of the State. We feel that we shall be able to have a Transport Board as soon as we have got all the materials ready, so that this Transport Board can co-ordinate and facilitate the work of transport in the whole of West Bengal.

Finally, Sir, I do say—and I say that with all the emphasis at my command—that we have spent hours, days and weeks examining this project from various points of view—not merely from the point of view of

a financier but also from the point of view of what political effect it would have. I do say this that seeing all the conditions that are present the agreement that we have arrived at at the present moment is the best agreement that we could under the circumstances. It is possible that in future years we might again come to another agreement with the Tramways Company which would be more favourable.

Sir, a question has been asked—you have been asked that question once or twice—as to whether there can be an agreement of this type which would be sacrosanct and which cannot be touched and yet which would be put in a Bill. I would remind the members of the House of what happened to the Irish Treaty Bill in which the Speaker of the House of Commons said that the Bill is there as a result of contract between two parties, Ireland and England, and not one word, not one semi-colon, and not one comma could be altered. The agreement has to be taken or rejected as it stood. Therefore this is nothing very unusual. This happens whenever there is a question of a contract between the Government and another party outside. Therefore, Sir, we have done the correct thing in bringing it before the Legislature and asking them to ratify this agreement.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Calcutta Tramways Bill, 1951, as settled in the Assembly be passed was then put and a Division taken with the following result:—

Ayes—48.

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Banerjee, Sj. Sushil Kumar
Barman, The Hon'ble Syama Prasad
Bhattacharyya, Sj. Shyamapada
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Das, Sj. Radha Nath
Das Gupta, Sj. Khagendra Nath
Dass, Sj. Kanailal
Dolui, Sj. Harendra Nath
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu
Ganguli, Sj. Bepin Behari
Gayen, Sj. Arabinda
Golam Hamidur Rahman, Janab
Gomes, Mr. D.
Gupta, Sj. J. C.
Haldar, Sj. Kuber Chand
Khuda Bukhsh, Janab Md.
Mahammad Kased Ali, Janab
Mahammad Sayeed Mia, Janab
Mahanty, Sj. Charu Chandra
Maiti, The Hon'ble Nikunja Behari
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Mal, Sj. Iswar Chandra
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annadaprasad
Mandal, Sj. Bankubehari
Mandal, Sj. Umesh Chandra
Misra, Sj. Sowrindra Mohan
Mookerji, The Hon'ble Kalipada
Mudassir Hossain, Janab
Muhammad Siddique, Dr. Syed
Murarka, Sj. Basantlal
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Ricketts, Mrs. E. M.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Jajneswar
Roy Sarkar, Sj. Birendra Nath
Roy Singh Sarker, Sj. Satish Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Serajuddin Ahammad, Janab
Shamsul Huq, Janab
Zaman, Janab A. M. A.

Noes—13.

Abdul Aziz Ansari, Janab Mohamed
Badrudduja, Janab Syed
Bandyopadhyaya, Sj. Pramatha Nath
Banerji, Dr. Suresh Chandra
Basu, Sj. Hemanta Kumar
Bhandari, Sj. Charu Chandra
Bose, Srijukta Bivabati
Chatterjee, Sj. Haripada
Choudhury, Sj. Annada Prosad
De, Sj. Kanai Lal
Ghose, Sj. Bimal Comar
Ghose, Dr. P. C.
Sen, Sj. Debendra Nath

The Ayes being 48 and the Noes 13, the motion was carried.

The West Bengal Fire Services (Amendment) Bill, 1951.

The Hon'ble JADABENDRA NATH PANJA: Sir, I beg to introduce the West Bengal Fire Services (Amendment) Bill, 1951.

(The Secretary then read the short title of the Bill.)

The Hon'ble JADABENDRA NATH PANJA: Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1951, be taken into consideration.

The motion was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9.

SJ. SUSHIL KUMAR BANERJEE: Sir, I beg to move that in clause 9, in proposed section 14, in line 14, for the words "shall, in writing" the words "shall, upon application made in writing to the Collector," be substituted.

The motion was then put and agreed to.

The question that clause 9, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 10.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12.

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13.

Sj. HEMANTA KUMAR BASU: Sir, I beg to move that after clause 13(*b*)(*iii*) the following paragraph be added, namely:—

"(*iv*) the following further proviso be added—

'Provided that if a room or small space in a building be occupied for storing inflammable articles, the licence fees therefor shall be calculated on the annual rental value of the portion actually occupied in storing such goods.' "

আমার এটা যোগ দেবার কারণ হচ্ছে, এখন যে ব্যবস্থা আছে তাতে করে সমস্ত বাড়ীর যে Municipal valuation সেই হিসেবে তাকে দিতে হয়। আমার এই proviso এর মানে হচ্ছে যে বাড়ীর যত টুকু portion বা ঘরে মাল store করা হবে। তারই rental value basisএ license দেওয়া হবে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, with regard to this amendment and with regard to the amendment of which Mr. Clarke has given notice, I would like to point out to my friend Sj. Hemanta Kumar Basu that this Bill is intended primarily for the purpose of varying the rates not merely on the rental of a particular place but also on the quality and quantity of goods. Supposing you have got a small area, say, 100 sq. ft. in which very inflammable goods are kept, certainly we may charge more with regard to that, because that may cause fire to semi-inflammable materials. There have been some applications or representations made by the timber merchants or the furniture merchants of Bowbazar and other areas where also they have asked for certain concessions regarding the rates such as Sj. Hemanta Kumar Basu has suggested. Similarly Mr. Clarke has suggested——

Mr. SPEAKER: Mr. Clarke's amendment has not been moved.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I just wanted to mention that we are examining every one of them and I may say that we will examine this position also to see if we can give relief to smaller industrial concerns and, then, if necessary, we shall bring in an amending Bill later. But at the present moment it is very difficult to accept the amendment as it stands.

The motion of Sj. Hemanta Kumar Basu that after clause 13(*b*)(*iii*) the following paragraph be added, namely:—

"(*iv*) the following proviso be added—

'Provided that if a room or small space in a building be occupied for storing inflammable articles, the licence fees therefor shall be calculated on the annual rental value of the portion actually occupied in storing such goods.' "

was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14.

The question that clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15.

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clause 18.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19.

The question that clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20.

The question that clause 20 do stand part of the Bill was then put and agreed to.

Clause 21.

The question that clause 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23.

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clause 24.

The question that clause 24 do stand part of the Bill was then put and agreed to.

Clause 25.

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26.

SJ. SUSHIL KUMAR BANERJEE: Sir, I beg to move that in clause 26 in the proposed Schedule to the West Bengal Fire Services Act, 1950, in condition (3) in line 2, for the word "prescribed" the word "prepared" be substituted.

The motion was then put and agreed to.

The question that clause 26, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble JADABENDRA NATH PANJA: Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1951, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Bengal Municipal (West Bengal Amendment) Bill, 1951.

The Hon'ble JADABENDRA NATH PANJA: Sir, I beg to introduce the Bengal Municipal (West Bengal Amendment) Bill, 1951.

(The Secretary then read the short title of the Bill.)

The Hon'ble JADABENDRA NATH PANJA: Sir, I beg to move that the Bengal Municipal (West Bengal Amendment) Bill, 1951, be taken into consideration.

Sir, the object for which and the reason why the Bill has been brought in have been elucidated in the Statement of Objects and Reasons. I need not dilate further on these topics, but I would like to point out that a mistake has crept in in the Statement of Objects and Reasons. In paragraph 2(*e*) of the Statement the word "fee" has been printed wrongly—it should be "rebate". I am sorry for the mistake.

With these words, Sir, I commend my motion to the acceptance of the House.

Sir, the circumstances we are in now are very strange. Personally I feel that we are just in the same position in which we were during the years 1937-39 when we never felt ourselves at ease in our everyday life. Every moment spies were shadowing us, the C.I.Ds. were everywhere and there was always the dread of the lawless laws coming on our heads and we had to live perpetually in constant dread and fear. Even today I may sight strange persons at strange hours coming not only to my office but to my residence and asking me strange questions. I find strange people posted before my residence. They are shadowing the trade unions. The C.I.Ds. are going about asking for information about the names of members, the names of their fathers, their residences, their finances, etc. I find also that trade union workers have been served with externment orders on whimsical grounds. There is now a strange atmosphere everywhere and I do not feel that we have got freedom. Rather, we feel otherwise. We feel that people came to realise that it was a foreign Government in the past that did so, and people then withstood all oppression. But now it is because the so-called Congress Government that is doing these things that there is a confusion in our mind. That is the situation now. It is still worse than before. This Bill gives further power and latitude to persons in power. Sir, reports of deaths from starvation from 24-Parganas are appearing in newspapers, but if this Bill is passed, will the newspapers be able to print those things, or to give a report that the price of rice in Jalpaiguri is from Rs. 50 to Rs. 80 per maund or in Murshidabad from Rs. 40 to Rs. 70? I do not know they will be able to do so, for they will have to depend on the mercy of the Executive. Therefore I say if you want to take away all our rights and privileges, do that. But do not come in this way assuming that the entire people are fools, that they do not understand or realise your actual intention. The way in which Government is doing this thing will defeat its very object and I say that the Government is really bringing forward more quickly than it would otherwise have been the second revolution in this Province.

8j HEMANTA KUMAR BASU : মাননীয় স্পীকার মহোদয়, আমি বর্ত্তমান সরকারের হাতে কোন রকম ক্ষমতা অর্পণ করার বিরুদ্ধে কারণ আমার অভিজ্ঞতা থেকে দেখেছি যে নির্দ্দোষ ব্যক্তিদের ধরে নেওয়া হচ্ছে। এবং তাদের বিনা বিচারে আটক রাখা হচ্ছে। দমদমের দুর্ঘটনার পর এই রকম ঘটনা ঘটেছিল। বাগবাজার হইতে চারজন লোককে গ্রেপ্তার করা হয়েছিল, আমি প্রধানমন্ত্রী মহাশয়কে বলেছিলাম যে এরা নির্দ্দোষ, এদের ধরবার কোন কারণ নাই, এদের ছেড়ে দেওয়া হক্। তাদের বিরুদ্ধে charge আনা হয়েছিল looting, arson, murder আমি বলেছিলাম উহা হতেই পারে না, মিথ্যা কথা; পুলিশ এই সম্পর্কে ঠিক সংবাদ জানে না। তারপর ৩-৪ মাস আটক রাখার পর তাদের বেকসুর খালাস দেওয়া হয়েছিল। এই রকম ভাবে মিথ্যা report দিয়ে এই সব youngmen দের আটকান হয়েছিল, তাদের নির্য্যাতন করা হয়েছিল এবং যে সমস্ত officerরা তাদের উপর এই অন্যায় করেছিল সে বিষয়ে কোন ব্যবস্থা করা হয় না। আমি একটী ছাত্রের নাম বল্‌ছি, দ্বিজেন রায়, উল্টাডাঙ্গার একটী ছেলে, গত সাম্প্রদায়িক দাঙ্গার সময় সেখানে শান্তি স্থাপনের জন্য কাজ করেছিল, আমরা সকলেই সেই সময় এইরকম কাজ করেছিলাম, সে বিষয়ে আপনারা সকলেই জানেন; এই ছেলেটীও কাজ করেছিল, কিন্তু পুলিশ হঠাৎ তাকে ধরে নিয়ে গেল এবং courtএ বিচারে সে বেকসুর খালাস হয়ে গেল, তারপর তাকে ফের Security Actএ ধরা হয়েছিল এবং অযথা তাকে ছয়মাস আটকে রাখা হয়েছিল। এই রকম অনেক ঘটনাই ঘটেছে। এই ঘটনাগুলি আমি প্রধানমন্ত্রী মহাশয়কে বলেছিলাম এবং case হলে দেখা গেল যে তারা খালাস হয়ে গিয়েছে। এইজন্য আমার মত হচ্ছে যে এই Government কে কোন রকম বিশেষ কোন ক্ষমতা দেওয়া উচিৎ নয়। যদি এঁদের কোন ক্ষমতা দেওয়া হয় তাহলে

দেশের জনসাধারণের মত সংগ্রহ করা উচিৎ। এঁরা কোন দিক থেকে কোন বিষয়েই জনসাধারণের কাছে কোন মত গ্রহণ করতে চান না। এতে বুঝতে পারা যাচ্ছে যে এই সরকারের গণতন্ত্রের উপর বা জনসাধারণের উপর কোন শ্রদ্ধা নাই এবং তাঁদের উপর বিশ্বাস নাই। যদি সে বিশ্বাস থাকতো তাহলে যে সমস্ত বিল এখানে আসছে; যে বিলের বিশেষ জনমত দরকার, সে বিলগুলি তাঁরা জনসাধারণের কাছে পেশ করতেন। আজকে এই রাষ্ট্রে এমন কোন ঘটনা ঘটে নাই যাতে রাষ্ট্র ক্ষতিগ্রস্ত হচ্ছে। বর্ত্তমান সরকারের প্রতি দেশের জনমত বিক্ষুব্ধ। সেটা তাঁরা টের পেয়েছেন। শুক্কেয় শরৎ বাবুর নির্ব্বাচন ও এই দুইটা নির্ব্বাচনের পরেই তাঁরা সেটা টের পেয়েছেন। আমরা জানি জনসাধারণ দেশের বা রাষ্ট্রবিরোধী এমন কোন কাজ করতে পারে না। তাই যারা এই সরকার বা সরকারের লোকের ব্যবস্থাকে মানতে চায় না তাদেরই সরকার তাদের বিরুদ্ধে মিথ্যা report দিয়ে তাদের দাবিয়ে রাখছে। আমি জানি একটা ছেলে, সে বেশ শক্তিমান ছেলে, তাকে ধরা হল revolver caseএর পুলিশ তাকে ধরে নিয়ে গিয়ে অমানুষিক মার মারলো, তার হাত পা বেঁধে তার মধ্যে লাঠি চালিয়ে দিয়ে ছুড়ে ফেলে ফেলে দিয়ে মেরেছিল। আমি তখন বলেছিলাম যে এই লোকটী নির্দ্দোষ, একে ছেড়ে দেওয়া হোক এবং পরে সে বেকসুর খালাস হয়েছিল। এই সব ছাত্রদের এই সরকারের প্রতি বিশ্বাস থাকতে পারে না। আর যারা এই দেশের সেবা করে এসেছে, যাদের আটক ও নির্য্যাতনের ফলেই ভারতবর্ষকে এই বর্ত্তমান অবস্থায় পরিণত করা সম্ভব করেছে, তাদেরই উপর যদি এত অবিশ্বাস ও নির্য্যাতন চলে তাহলে এই রাষ্ট্র কখনই ঠিকভাবে চলতে পারে না। সে জন্য আমার নিজের মত হচ্ছে যে কোন রকম ক্ষমতা বা শক্তি এই সরকারের উপর দেওয়া উচিৎ নয়। আমার নির্ব্বাচনের সঙ্গে সঙ্গে দেখেছিলাম C. I. D. প্রভুরা আমার পিছন লইয়াছে, আমি কোথায় যাই না যাই তাহার খোঁজ করছে। সুতরাং আমার পূর্ব্ববর্ত্তী বক্তারা যে সব কথা বলেছেন যে এঁদের বিদেশী শক্তির সঙ্গে বন্ধুত্ব আছে এবং সে বন্ধুতার বিরুদ্ধে কোন কথা বলা চলবেনা। আজকে সারা বিশ্বের জনমত জেগে উঠেছে। আজকে পৃথিবীর কোন অংশে কোন অন্যায় বা নির্য্যাতন হলে অপর অংশের লোকেরা তার দুঃখ ভোগ করে ও তার প্রতিবাদ করে এই নূতন গণতন্ত্রের মধ্য দিয়ে সারা বিশ্বে নূতন শক্তি জাগিতেছে। তাই যদি আজকে কোন বিশেষ শক্তি যদি অন্য কোন জায়গায়, আমি এমেরিকার কথা বলছি, যে "কেরিয়ার" উপর,—একটা ক্ষুদ্র-শক্তির উপর যেভাবে আক্রমণ করছে তাতে আজ এশিয়ার গণতন্ত্রের অধিকার ক্ষুন্ন হচ্ছে। এই কথার কেউ-প্রতিবাদ করতে পারে না, এতবড় অন্যায়ের কেউ প্রতিবাদ করতে পারবে না; এমন কি কোন খবরের কাগজে কোন খবরই লিখতে পারবে না। এই যদি হয় এই রকম আইন হলে পরে, যে কথা আমাদের constitutionএ দেওয়া হয়েছে যে মানুষের গণতান্ত্রিক অধিকার ব্যক্তিগত অধিকারকে অক্ষুন্ন রাখা, এই রকম আইন যদি সব সময় করা হয় তাহলে জনসাধারণের ন্যায্য যে গণতান্ত্রিক অধিকার তা ক্ষুন্ন করা হবে। এই দিক থেকে এই বিল আপনারা বিচার করুন। এই বিলের দ্বারা যে কোন লোককে মিথ্যা, prejudicial report দিয়ে আটকে রাখা যাবে; এই কথা এই বিলে এইরূপ ব্যাপকভাবে আছে যে এর কোন নির্দ্দিষ্ট সীমা নাই। এই রকম যেখানে দেওয়া আছে সেইরূপ ক্ষমতা এই সরকারের হাতে দেওয়া উচিৎ নয়। আমি সেইজন্য এই বর্ত্তমান যে Amendment এই Houseএর সামনে উপস্থিত করেছেন, আমি সরকারকে বিশেষ করে অনুরোধ করছি অন্ততঃ একবার আপনারা এই বাংলা দেশের জনমতকে বিশ্বাস করুন, একবার অন্ততঃ তাদের মত গ্রহণ করুন। এই Security Bill সম্বন্ধে জনসাধারণের কিমত তা যদি সরকার একবার গ্রহণ করেন তাহলে জনসাধারণ মনে করবে যে সরকারের আস্থা তাদের উপর আছে। এই কথা বলেই আমি এই সংশোধনী প্রস্তাব সমর্থন করছি।

Janab MD. KHUDA BUKHSH: Mr. Speaker, Sir, I would like to say that I have not been able to appreciate the arguments advanced by my friends opposite. They have moved an amendment for the purpose of sending this Bill out for eliciting public opinion. I am afraid the old Bill or the main Bill is not before the House. What is before the House is an amendment of the Security Act. Whatever had been taken exception to by either the Hon'ble High Court or the Constitution of India in the old Bill has been brought here for amendment. Sir, some friends have said that nowhere in the world is there any provision for detention without trial. Sir, I am not competent to answer that, but I can say this much that the country which supplies inspiration to my friend Mr. Jyoti Basu does not use the humane method of detaining people who subvert the security of the

State. They do not detain presons who are anti-social or people who go against the State. They are liquidated instead. Those people are encouraged to pine away and languish, in the fastnesses of Siberia.

Another friend said that this amending Bill sought to circumvent the judgment of the Hon'ble High Court. Really, Sir, I do not know if this is a method whereby Government is trying to circumvent the judgment. The High Court has held that certain provisions of the old Act, I mean the main Act, are *ultra vires* of the Constitution because of the restrictions imposed on the citizens of the State which were considered by the High Court to be unreasonable. I really cannot understand, Sir, how my friends opposite can interpret this to mean that we are trying to circumvent the judgment of the High Court. We have gone a step further. We have ensured for the citizens of West Bengal, when they are detained, that not only the grounds are reasonable but they will bear scrutiny by persons who are either Judges of the High Court or qualified to be Judges of the High Court.

In regard to the provisions which impose restriction on the press, much has been sought to be made out before this House. I for one am wholly in favour of those provisions of the Bill. My honourable friend Sj. Jyoti Basu knows that it redounds to the credit of the Government and the liberality of the laws of this Government that no one has yet been touched for writing anything against the American intervention in Korea or the United Nations intervention in Korea. That ought to convince my young friend that it is not the intention of this Act to suppress or gag honest criticisms, but what its intention is should be obvious to us, to the representatives of West Bengal that we shall not permit the press to indulge in anything which endangers or which may affect the relations between the two neighbouring States of India and Pakistan. The House knows, and the citizens of West Bengal know, that we are living in times fraught with sinister possibilities and charged with sinister potentialities. Anything said here without circumspection or without proper judgment may have repercussions elsewhere, and that may react on us here. So, it is a very wise thing to have a provision in this Act, so that we can regulate the activities of the Press when they themselves willingly or unwittingly hamper the friendly relations that exist between neighbouring States. I again reiterate my objection to the arguments advanced by my friends opposite. This is not an original Bill; the Bill is there. It is only a Bill seeking to amend certain sections of the Bill, and therefore there is absolutely no need for this Bill to go out for eliciting public opinion. Therefore, Sir, I oppose the motions for circulation.

Sj. KANAI LAL DE : মাননীয় সভাপাল মহাশয়, এই যে Security Amendment Bill আমাদের সাম্নে উৎথাপণ করা হয়েছে, কিন্তু আমি দেখছি, এই বিল উৎথাপণের কোন প্রয়োজনই ছিল না। এটা সংশোধন না করলেও পূর্ব্বেকার Actএ যে ক্ষমতা ওদের হাতে দেওয়া আছে তাই যথেষ্ট, তা দ্বারা ওঁদের উদ্দেশ্য সিদ্ধ হতে পারে। কিন্তু আমাদের বর্ত্তমান সরকার এত ক্ষমতা মদমত্ত যে তাঁরা যতই ক্ষমতা নেন তাতে সন্তুষ্ট না থেকে আরো বেশী ক্ষমতা চান। এই Security Bill যখন প্রথম পাশ হয় তখন এর মূল লক্ষ্য ছিল যে কথা তখন মন্ত্রীরা বলেছিলেন, যে Stateএর বিরুদ্ধে কোন Subversive action কেউ করলে তখন এটার প্রয়োগ হবে; যদি সেই উদ্দেশ্যই এঁদের থাকত, তাহলে যে ক্ষমতা আছে তা দ্বারাই চলত। কিন্তু সরকারের কার্য্য দ্বারা প্রমাণিত হচ্ছে যে সে উদ্দেশ্য তাঁদের নয়। তাঁদের আসল উদ্দেশ্য হচ্ছে যে ক্ষমতায় তাঁরা অপব্যবহার করে আস্‌ছেন, কোন ব্যক্তি বিশেষ বা কোন রাজনৈতিক দল বিশেষ যদি সেই ক্ষমতা থেকে তাঁদের সরাতে চেষ্টা করে, বা কোন কেউ যদি মন্ত্রীদের অপ্রীতিভাজন হয়, তাহলে তাদের মুখ বন্ধ করতে হবে, তাদের স্বাধীনতা খর্ব্ব করতে হবে, তাদের জেলে পুরতে হবে। কোন সংবাদ পত্র যদি বিরুদ্ধ সমালোচনা করে, সংবাদ পত্রের কর্ত্তব্যই হচ্ছে দেশের জনসাধারণের স্বার্থের দিকে দৃষ্টি রাখা, গণতান্ত্রিক মতবাদ প্রচার করা, জনগণের

রাজনৈতিক চেতনা বৃদ্ধি করা, এবং সরকারের যতসব অপকর্ম্ম তার বিরুদ্ধে কঠোর সমালোচনা করা, কিন্তু এইসব কাজ যদি কোন সংবাদ পত্র করে, তাহলে সে এই Security actএর বলে সরকারের কাছে রেহাই পাবে না। এবং যখন যাকে খুশী আটক করে রাখার জন্য এবং প্রকৃত ক্ষমতার অপব্যবহারের জন্য এই amendmentটা আনা হয়েছে। এই houseএ এই Security Actএর অনেকগুলি amendment আমরা পাশ হতে দেখেছি এবং যেটা প্রথম পাশ হয়েছে ক্রমশঃ সেটাকে কঠোর হতে কঠোরতর করার অভিজ্ঞতা আমাদের নতন নয়। এবং যখনই assembly বসে তখন ওরা এর একটা না একটা ধারা কঠোরতর করার চেষ্টা করেন; এর দ্বারা স্পষ্টই বোঝা যায় ওঁরা ওঁদের হাতের ক্ষমতাকে ক্রমশই দৃঢ়তর করবার চেষ্টা করে চলেছেন।

পৃথিবীতে দেখা যায়, দেশের মানুষের অন্তরের আসনে যদি সে দেশের সরকার প্রতিষ্ঠিত না হয়, তাহলে সে সরকার ভয় দেখিয়ে, জেল, পুলিশ শাস্ত্রী সেপাইয়ের দ্বারা ক্ষমতায় অধিষ্ঠিত থাকার চেষ্টা করে। আমাদের এই সরকারের ও সেই পন্থাই দেখ্‌ছি। যখন দেশ স্বধীন হয়েছে, গণতান্ত্রিক শাসন, জনসাধারণের প্রতিনিধিরা শাসন কার্য্য চালাবেন, সে অবস্থায় জনসাধারণকে যদি তারা হাত করতে পারতেন, তাহলে এ রকম আইন আদৌ আনতে হত না, এবং আমাদের প্রধানমন্ত্রীকে সর্ব্বদা সিপাহী পরিবেষ্টিত হয়ে থাকতে হত না। প্রধান মন্ত্রীর বাড়ীর সাম্নে দিয়ে যখনই যাই দেখি সর্ব্বদা সশস্ত্র প্রহরী তাঁর বাড়ীটার সম্মুখে সতর্ক পাহারা দিচ্ছে একটা মিলিটারী গাড়ী বোঝাই সশস্ত্র সৈন্য। প্রধানমন্ত্রী হচ্ছেন জনসাধারণের মন্ত্রী, তাঁর কাছে জনসাধারণ সর্ব্বদা যেতে পারবে, এবং তিনিও জনসাধারণের কাছে যখন তখন যাবেন, তার মাঝখানে সশস্ত্র প্রহরী কেন? তাই বলতে বাধ্য হচ্ছি তিনি গণতান্ত্রিক দেশের প্রধানমন্ত্রী হবার মতন লোক নন, তিনি হচ্ছেন ধনতান্ত্রিক দেশের মন্ত্রী হবার উপযুক্ত লোক। এবং সেইজন্যই জনসাধারণের সঙ্গে তাঁর যোগাযোগ নাই। তিনি কেবল আরো বেশী ক্ষমতা হাতে আনবার জন্য আইন করছেন। ইংরেজ শাসনের আমলে আমরা যখন তাদের বিরুদ্ধে আন্দোলন করে জেলে গিয়েছি, মন্ত্রীদের মধ্যেও কেউ কেউ আমাদের সহযোগী ছিলেন, তখন যে আইন সেইগুলিকে এখনকার উপযোগী করছেন। ইংরেজের আমলে, সাহেবরা, ছিল গণতান্ত্রিক দেশের লোক তাই তারা পর্য্যন্ত ওঁদের মতন এতটা নীচে নেমে আসে নাই। কিন্তু আমাদের সরকার যারা প্রকৃত পক্ষে কোন Subversive actionএ কিছু করে নাই হয়ত মনে মনে কিছু ভাবেন, তাদের ও টেনে এনেছেন। over act না হলে, কাজটার বাইরের প্রকাশ না হলে সেটা একটা offence হয় না; Jurisprudenceএর এটা হচ্ছে মৌলিক নীতি। এই সব মূল সত্য তাঁরা ছুড়ে ফেলে দিয়েছেন এসবের ধার তাঁরা ধারেন না। ক্ষমতা প্রিয় তারা এতটা হয়ে উঠেছেন, যে সেই ক্ষমতার অধিষ্ঠিত থাকার জন্য যা খুসী করার চক্ষু লজ্জাও নাই। সুতরাং এ আইন পাশ করতে দেওয়া উচিত নয়।

তারপর clause হতে তাঁরা বলছেন Security of the state, public order, decency of morality, এ সব অতি বাজে ওজুহাত, এরজন্য ত সাধারণ আইনেই ধারা আছে। penal codeএ যথেষ্ট ধারা এ গুলির জন্য আছে। এর জন্য কোন Security Act দরকার নেই। Stateকে যারা বিপন্ন করবে, রাষ্ট্রকে যারা বিদেশীর হাতে তুলে দিতে চেষ্টা করবে বা সশস্ত্র বিপ্লবের প্রচেষ্টা করবে, তাদের বিরুদ্ধে Security আইন প্রয়োগ করা যেতে পারে। কিন্তু যদি বিভিন্ন রাজনীতিক দলের ক্ষমতা হরণ করবার চেষ্টা করেন, Security Actএর আওতায় ছলে বলে কৌশলে তাদের আটক রাখবার চেষ্টা করেন তবে তা অত্যন্ত হীন ও অঘন্য পন্থা সন্দেহ তাই।

তারপর আজ আমরা দেখছি কি? সরকার দেশের অন্ন বস্ত্র ও বহু জরুরি সমস্যা সমাধান করতে পারছেন না। পল্লীগ্রামের লোক ভাত কাপড় পাচ্ছে না। রোগে ভুগছে অশিক্ষার অন্ধকারে মগ্ন রয়েছে। এ সবের প্রতিকার তারা করতে পারেন নি। লোক অনাহারে মরছে কাপড়ের অভাবে আত্মহত্যা করছে। কিন্তু তাদের হাতের Magistrate ও circle officer দ্বারা report দেওয়াবেন যে না লোক অনাহারে মরেনি; এবং কাপড় যথেষ্ট মজুত রয়েছে কাপড়ের জন্য কেহ দরখাস্তই করে নাই। প্রচলিত কথা আছে ভাত কাপড়ের কেও নয় কিল মারবার গোঁসাই।

Mr. SPEAKER: Please do not convert it in to a general discussion.

Sj. KANAI LAL DE : Speaker মহোদয় আমি যা বলছিলাম, তাতে আমি বোঝাতে চেয়েছি যে সরকার যে ক্ষমতা হাতে পেয়েছেন, তাই ঠিক মত প্রয়োগ করতে পারছেন না আবার অতিরিক্ত ক্ষমতা কেন? এই senseএ এটা relevant আমাদের সরকারেরও এই অবস্থা।

Mr. SPEAKER : All the other Speakers have used these aurguments, why are you repeating the same aurguments ?

Sj. KANAI LAL DE : আচ্ছা আমি তাই বলছি ভাত কাপড়ের কোন ব্যবস্থাই ওরা করছেন না কেবল কিল মারবার গোঁসাই হবেন এ হতে পারে না। (A VOICE: কিল খেলেন কই?) খাচ্ছিই ত সর্ব্বদাই খাচ্ছি। জনসাধারণ আপনাদের কিল খেয়ে কাৎ হয়ে পড়েছে। তারপর নির্ব্বাচনের সময় আসছে। এই জন্য বেশী ক্ষমতা পাওয়া দরকার। এ সম্বন্ধে দেশের যেখানে যাচ্ছি সেখানেই শুনছি নির্ব্বাচন স্বাধীন ভাবে হবে কি? বহু লোক বলছে--ভোট দিতে যাব। কিন্তু সরকারী কর্ম্মচারীরা, কংগ্রেসী লোকেরা বলছে, ভোট যদি তাদের না দেও তবে পুলিসে ধরিয়ে দেবে। সেইজন্য আবার বলছি Security আইন পাশ করে যেন সেই কাজ না করেন।

তারপর সংবাদ পত্রে পর্য্যন্ত কোন কথা লিখবার জো নেই। যে সব সংবাদ পত্র সরকার পক্ষে, তাদের তারা patronise করছেন আর যারা তাদের বিপক্ষে, তাদের টুঁটি চেপে ধরছেন। একটা সংবাদ পত্রের কথা জানি। লোক-সেবক সেটা জন সাধারণের পক্ষে যা কল্যাণজনক, তাই তাতে ছাপা হয় এই কাগজে কিছু দিন যাবৎ সরকারের আশ্রিত পোষণ, স্বজন-প্রীতি, এবং বন্ধু বান্ধবদের এনে কাজ দেওয়া এবং সরকারের অপরাপর বহু দুর্নীতির খবর দলিল পত্রাদির নকল সহ কিছু কিছু প্রকাশিত হয়েছে। সেই জন্য এই কাগজে সরকারী বিজ্ঞাপন দেওয়া বন্ধ হয়েছে, যদি ও এটা ৩।৪ বছরের কাগজ। আর একটা কাগজ জন-সেবক মাত্র ছ মাস যাবৎ বেরিয়েছে। প্রাদেশিক কংগ্রেসের সভাপতি অতুল্য ঘোষ মহাশয়ের কাগজ সেটা। এজন্য এখানেই তারা যথেষ্ট বিজ্ঞাপন দেন। কারণ এখন কংগ্রেস আর সরকার হরিহর আত্মা--যদিও সেই কাগজের Circulation নেই পয়সা দিয়ে কিনে সেই কাগজ কেহ পড়ে না।

তারপরে Advisory Board যেটা করেছেন, সেটা কিছুই নয়। এই যে তিনজন ব্যক্তি নিয়ে Advisory Board করা হবে তার মধ্যে একজন হবেন হাইকোর্টের জজ্ বা জজ্ হবার মত উপযুক্ত আইনজ্ঞ। কলিকাতা High courtএ 10 years practice যাদের এই রকম উকিল বা ব্যারিষ্টার বা এটর্নি যে কেউ হতে পারে। কাজেই তাঁদের লোক পাওয়া তাঁদের পক্ষে কিছুই অসুবিধা হবে না। আর দুজন যে কি ধরণের লোক হবেন তার কিছু ঠিক সেই, কোন ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও হতে পারেন বা অন্য কোন খয়ের খাঁ ও হতে পারে। তারপর আরও একটা কথা। রাষ্ট্রের নিরাপত্তা রক্ষার জন্য কাজ করার অধিকার প্রত্যেকের আছে। সুতরাং ধীরে সুস্থে ভেবেচিন্তে impartial wayতে বিচারকের দৃষ্টি নিয়ে আমাদের বিচার করতে হবে। আমাদের দেশে High Court Supreme Court এর ক্ষমতা এখনও অব্যাহত আছে। সুতরাং আমার মূল বক্তব্য হচ্ছে হাইকোর্ট জজদের মত উপযুক্ত ব্যক্তি নিয়েই বোর্ড গঠন করা উচিৎ ছিল। বহু অন্যায় সরকার কর্ত্তৃক উপেক্ষিত হলেও এই সমস্ত বিচারালয়ে এখনও সুবিচার পাওয়া যায়। পরিশেষে আমি এই কথাই বলব যা কিছু করবেন ভেবেচিন্তে করবেন, haphazardly কিছু করা উচিৎ নয়। Secuirity billটা circulate করা উচিৎ ছিল। আপনারা তো অনেক ক্ষমতা নিয়েছেন, ক্ষমতা নিতে নিতে আপনাদের রাক্ষুসে ক্ষুধা কোথায় যে মিটবে তা আপনারাই জানেন। এই ক্ষমতার সদ্ব্যবহার করলে দেশকে আপনারা অনেক এগিয়ে দিতে পারতেন। রামরাজ্যের ভিত্তি স্থাপন করতে পারতেন। এই বলেই আমি এই বিলের দৃঢ়ভাবে প্রতিবাদ করছি এবং আবারও এই বিল প্রত্যাহার করবার জন্য সরকারকে আমি অনুরোধ করছি।

Janab A. M. A. ZAMAN : মাননীয় স্পীকার মহোদয়, আজকে কিছুদিন যাবৎ বক্তৃতা শুনছি এবং তাঁদের attitudeও দেখতে পাচ্ছি। তাঁরা Assemblyকেও platform হিসাবে ব্যবহার করার চেষ্টা করছেন। এবং সেইভাবেই বক্তৃতা দিচ্ছেন। এবং বাহিরে যেগুলি প্রচার করতে পারেন না সেগুলি এখানে নিরাপদেই করছেন। আজ পর্য্যন্ত তাঁদের মুখ থেকে এই বিলটার সমর্থনসূচক কোন কথা শোনা যায়নি। আগামি নির্ব্বাচনের তো আর মাত্র ৩।৪ মাস আছে; তখন তো তাঁরা গদিতে বসতে পারবেন। আমার বক্তব্য হচ্ছে, ক্ষমতায় বসে তাঁরা যদি বুঝতে পারেন এই বিলের কোনরূপ প্রয়োজনীয়তা নাই তবে তাঁরা ইহার সংশোধন

করতে পারবেন। যে কাজটা একদিনে হতে পারত তারজন্য ৩ দিন নষ্ট করে লাভ কি? আমরাও একদিন opposition ছিলাম এবং তখনকার মত opposition আর বাংলাদেশে হবে কিনা সন্দেহের বিষয়। সেই সময় প্রত্যেকটি memberই বক্তৃতা দিতেন না, আমরা ঠিক করে নিতাম আমাদের মধ্যে কে কে বক্তৃতা করবেন। এই Security Billএর দরকার আছে কি নাই তা বেশ ভালভাবে চিন্তা করে দেখুন। আপনারা দেশকে কি অবস্থার মধ্যে ফেলে দিচ্ছেন তা একটু চিন্তা করে দেখুন। কলকাতায় কিছু কিছু গোলমাল হয়েছে তা অবশ্য স্বীকার্য্য। কিন্তু প্রত্যেক স্থানে আপনারা propaganda করে Governmentএর প্রতি জনসাধারণের শ্রদ্ধা একেবারে ভেঙ্গে দিচ্ছেন। সবই ভগবানের ইচ্ছা; ২।৪।১০ বৎসর পরে কি হবে জানি না। তখন আপনারা যদি কোন দিন গদিতে বসতে পাবেন তবে আপনাদের উপর কি দায়িত্ব বর্ত্তাবে তা একটু চিন্তা করে দেখুন। Public meeting করে উত্তেজক বক্তৃতা দিয়ে জনসাধারণকে আপনারা কিভাবে ক্ষেপিয়ে তুলছেন তা একটু চিন্তা করে দেখুন। বিল সম্বন্ধে জ্যোতি বসু অনেক কথা বলেছেন। অনেক বড় বড় কথা। কারণ, এই বিল পাস হলে নাকি গণতন্ত্রের পরিচালনায় অসুবিধা হবে। গণতন্ত্রের নামে তো অনেক কিছুই করা দরকার। জ্যোতিবাবু রাশিয়া এবং চীনের কথা উল্লেখ করেছেন, কিন্তু আমরা জানি চীনে এখনও প্রগতিমূলক কিছু হয়নি। রাশিয়ার কথা যদি বলেন তবে বলতে পারি সেখানে অক্টোবর থেকে আগষ্ট এই দশ মাসের মধ্যেই ৩০ হাজার লোককে কয়েকটা province থেকে ছাঁটাই করা হয়েছে এবং ৯০ হাজার লোককে জেলে রেখে দেওয়া হয়েছে। কাজেই এই Government যদি এই ৪ মাসের জন্যও তাঁর সহ্য না হয় তবে তিনি দয়া করে রাশিয়ার অবস্থা একটু প্রত্যক্ষ করে এলে ভাল হয়। তারজন্য তিনি সরকারের নিকট অনুমতি প্রার্থনা করতে পারেন এবং আমরাও সরকারকে ব'লে ক'য়ে তাঁর যাবার জন্য aeroplane ইত্যাদির ব্যবস্থা করে দেব। কাজেই আমি বলছি Security Billএর দরকার এবং সেটা অন্যান্য সকলেই জানেন। আমাদের সামনে election, সুতরাং দেশের শান্তি বজায় রাখা আপনাদের দিক থেকে যেমন দরকার আমাদের দিক থেকেও তেমনি দরকার। যে Governmentই থাকুক না কেন, দেশে সর্ব্বতোভাবে শান্তি বজায় রাখতে হবে। এবং তজজন্য আইনেরও দরকার। কিন্তু আপনাদের কাছ থেকে কখনো কোন ভাল কথা শোনা যায় না। আমি আর বেশী সময় নেব না; এই Houseকে Election platform হিসাবে আমি ব্যবহার করতে চাই না। জনসাধারণের কাছেই আমার বক্তব্য বলব। আমি শুধু অনুরোধ করব আপনারা একটু চিন্তা করে দেখুন আমি যা বল্লাম তা ঠিক কিনা। আজকে আমার হেমন্ত দাদা একটি কথা বলেছেন। আমি শুধু তাঁকে এটুকু বলতে চাই কলকাতা নিয়ে বাংলাদেশ নয়, বাংলাদেশের আরও অনেক অংশ আছে। এখানে আপনারা সুবিধা করতে পারেন তা আমরা জানি। দুর্ভাগ্যই হোক আর সৌভাগ্যই হোক, বাংলাদেশ আজ বিভক্ত। দেশবিভাগজনিত উদ্বেজনার জন্য অনেক refugee এখানে এসেছে, এটা অনস্বীকার্য্য। পূর্বপরিকল্পিত programme অনুসারে Communist Party, Socialist Party এবং কৃষক-প্রজা-মজদুর পার্টি তাদের প্রলোভন দেখিয়ে ক্ষেপিয়ে তুলছে। কুচবিহার সম্বন্ধে শিবনাথবাবু তাঁর statementএর এক জায়গায় বলেছেন যে, সেখানে Leader হিসাবে কেউ ছিল না। Leader না থাকলে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। কলকাতায়ও যখন procession হয় তখন Leader কেউ থাকেন না। দোতালা তেতালা restaurent ও Soda Fountainএ বসে তাঁরা টেলিফোনে খবর নেন। এই তো আজকে আমাদের Leaderদের অবস্থা। এইভাবে তাঁরা দেশকে রসাতলে দেবার চেষ্টা করছেন। এইসব থেকে বিরত থেকে যাতে দেশে প্রকৃত শান্তি বজায় থাকতে পারে তাই করা উচিত, এই আমার বক্তব্য। নানান সমস্যায় দেশ জর্জরিত, সেইসব সমস্যার সমাধানের দিকেই আমাদের দৃষ্টি দেওয়া উচিত। গণতন্ত্রের নামে অনেকেই আজকাল চীৎকার করছেন, সেইসব এখানে বলা অবান্তর হবে, আমি তাই বলব না। গণতন্ত্রের মানে অধিকাংশ লোকেই জানে না। শুধু কতকগুলি বড় বড় লোক এই ক'রে Electionএ দাঁড়াবার চেষ্টা করছেন। আমি বলছি আপনারা পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে নিজেদের viewpoint সামনে রেখে সবদিক রক্ষা করে অগ্রসর হোন। বর্ত্তমানে public opinion mobilise করবার চেষ্টা করছেন ব্রিটিশ propaganda কৌশল অনুসরণ ক'রে। সেইজন্যই আরো বিশেষ করে Securty Billএর দরকার আছে এবং তা না হলে শান্তি বজায় থাকবে না। Electionএর সময় শান্তি বজায় রাখতে হ'লে এই বিলের দরকার—এই ব'লে আমি শেষ করছি।

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY: মিষ্টার স্পীকার স্যার, এই Security Bill নামটাএত কুখ্যাত যে, এর নাম শুনলেই আমরা আতকে উঠি। এমন এক সময় ছিল যে, এই

Security Billএর নামে আমাদের আতঙ্ক হোত এবং Security Billএর জন্য আমরা অনেক দুর্ভোগ সহ্য করেছি। বিনা বিচারে অনেকে আটক থেকেছে এই বিলের জন্য। এমনি এই নাম যে এখানে স্বর্গরাজ্য হলেও এই Security Bill আতঙ্ক উৎপাদন করত। কলেরা, বসন্ত প্লেগ,' স্বর্গরাজ্য হলেও আতঙ্ক উৎপন্ন ক'রে' তেমনি এই Security Bill সেইরকম ধরণের একটা নাম। আমরা দেখি এই যে, Government যদি ভালভাবে চল্‌ত, Government বলতে আমি সরকারী কর্ম্মচারীদেরও বোঝাচ্ছি, তাহ'লে হয়তো এই Security Billএর প্রয়োগ দরকার হোত না এবং লোকে নিশ্চিন্ত থাকত এই ভেবে যে, সরকার ও সরকারী কর্ম্মচারীরা এত ভালভাবে রাজ্য শাসন করছে যে, এই আইন কখনও খারাপভাবে প্রয়োগ করা হবে না। কিন্তু এই Security Bill যাঁরা প্রয়োগ করবেন তাঁরা সেই ব্রিটিশ আমলেরই পুলিস কর্ম্মচারী; সেই পুলিশের কোন পরিবর্ত্তন হয়নি। ইংরাজ কর্ত্তৃক রাজ্য শাসনের সময় পুলিশের যে দুর্নীতি ও অত্যাচার ছিল সেইসব এখনও আছে। যাঁদের দ্বারা এই Security Bill কার্য্যে পরিণত হবে তাঁরা যদি খারাপ হয়, তাঁদের যদি সংশোধন করতে পারা না যায় তাহ'লে Government হাতে এইরূপ দায়িত্বপূর্ণ কাজ নেওয়া আমি অন্যায় ব'লে মনে করি। আমি বল্‌ছি Security of the State কারা নষ্ট করছে, কে নষ্ট করছে? এখানকার Administration, রাজকর্ম্মচারীদের দ্বারা লোকের মনে অসন্তোষ ধূমায়িত হচ্ছে, এবং লোকে যদি সেই অসন্তোষ প্রকাশ করতে যায় তাহলেই যাঁরা অসন্তোষ সৃষ্টির কারণ তারাই তাদের জেলে পুরে দেবার চেষ্টা করেন। আজ বাঙ্গালীর পেটে ভাত নাই, পরণের কাপড় নাই, এবং বর্ত্তমান administrationএর চতুর্দ্দিক দুর্নীতিতে ভরে গিয়েছে এবং তার ফলে লোকের মনে অসন্তোষের ভাব প্রবলভাবে প্রকাশ পাচ্ছে। তাঁরা যদি তাঁদের অভাব অভিযোগ সম্বন্ধে কিছু বলতে যান, তাহলে তাদের বর্ত্তমান Security Act অনুসারে ধরবার সম্ভাবনা রয়েছে।

আজ বাংলার প্রায় প্রতিটি জেলায় যে রকম খাদ্য পরিস্থিতি চলেছে, এবং বর্ত্তমানে বাংলার প্রায় সমস্ত জেলাতেই বেশী ধান উৎপন্ন হবার সম্ভাবনা নাই এবং দুর্ভিক্ষ হবারও খুব আশঙ্কা রয়েছে, এবং লোকের মন খুব অসন্তুষ্ট হয়ে রয়েছে নানা কারণে। আমি খাদ্য বিভাগকে পূর্ব্বে বলেছিলাম, এবং কতকগুলি জরুরী ব্যবস্থা অবলম্বন করবার জন্য বিশেষভাবে অনুরোধ করেছিলাম, কিন্তু সেই সমস্ত ব্যবস্থার কোনটিই নেওয়া হয়নি বরং তার বিপরিত ব্যবস্থা হয়েছে। আমার জেলার অবস্থা সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। সেখানে চৈত্র বৈশাখ মাসে যখন গরীব চাষীরা ধান বিক্রয় করে দেয় তখন সেই সময় গভর্ণমেণ্টের তরফ থেকে একটা bonus দেবার ব্যবস্থা আছে, কিন্তু যখন bonus দেওয়া হ'ল তখন দেখা গেল যে এই সমস্ত ধান বড়লোকের বাড়ীতে চলে গিয়েছে।

Mr. SPEAKER: আপনি যা বলছেন, এগুলি কি বর্ত্তমান বিলের বিষয়?

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : হাঁ, এই অসন্তোষ লোকের মনে কেন আসে, এবং লোকে কেন এই অসন্তোষ প্রকাশ করে? এবং তা করলে এটা বিলের আওতায় এসে পড়ে। আজকে বড়লোককে এই যে bonus দেবার ব্যবস্থা করেছেন, তাতে গরীব লোকদের মনে অসন্তোষ সৃষ্টি হতে পারে এবং তারা যদি মিছিল করে বক্তৃতা দিয়ে তাদের অসন্তোষ প্রকাশ করেন তাহলে তাদের উপর গুলী চলবে এবং তাদের জেল দেওয়া হবে। কাজেই গভর্ণমেণ্টের উচিৎ যাতে এই অসন্তোষ দেশ থেকে দূর হয় তার ব্যবস্থা করা। এই সমস্ত অসন্তোষ দূর করবার জন্য আপনাদের হাতে যে সমস্ত ক্ষমতা রয়েছে এবং আপনারা যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছেন তা মোটেই কার্য্যকরী নয়। আপনারা নিজেরাই দেশেতে অসন্তোষ সৃষ্টি করবার ব্যবস্থা করছেন। আজকাল গভর্ণমেণ্টের অফিসে দেখাযায় দেওয়ালে লেখা আছে "কাউকে ঘুষ দিও না। ঘুষ যদি কেউ চায় তাহলে উচ্চতর কর্ম্মচারী বা Collectorকে জানাও।" ঘুষ দিও না বলা হচ্ছে কিন্তু দেখা যায় ঘুষ আগের চেয়ে এখন বেশী পরিমাণে নেওয়া হচ্ছে। সম্প্রতি কিছুদিন পূর্ব্বে কাঁথির উপকূলেতে একটি নৌকা লুঠ হয়, এবং সেখানকার কতিপয় স্থানীয় গ্রামবাসী এই লুঠ কার্য্যে লিপ্ত ছিল। যাদের মাল চুরি যায় তারা বহু টাকা খরচ করে সেখানকার ৪০টি ঘর search করবার জন্য search warrant বের করে নিয়ে পুলিশের কাছে গেল। তারপর দেখা গেল পুলিশ, যাঁরা search করতে গেলেন তাঁরা, অত্যন্ত অসন্তোষের সহিত চার পাঁচটি ঘর search করে কতকগুলি জিনিষ উদ্ধার করলেন, তারপর বাকী ঘরগুলি আর search করলেন না কারণ তাদের কাছ থেকে ঘুষ বেশী পাবার জন্য। এই রকম ঘুষখোর যাদের হাতে রাজ্যশাসনের ভার দেওয়া হয়েছে, তাদের উপর যদি আবার Security Actএর ভার দেওয়া যায় তাহলে তারা আরও কত প্রকার অত্যাচার করতে পারে, সেটা একটু বুঝে দেখুন।

Mr. SPEAKER: We are not discussing the General Security Act. Arguments are being repeated over and over again on the Security Act. Will you kindly confine yourself to the amendments which are before us and show as to how these amendments are affecting the present Bill?

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : আমি বলতে চাই গভর্ণমেণ্ট কর্ম্মচারী যাঁরা tends to incite তাদের এই Security Act অনুসারে আটকে দিতে বলছি।

Mr. SPEAKER: The Security Act is already there. Now the only relevancy would be to show that these amendments ought not to be made in the Bill itself.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : আপনারা দেশের যদি প্রকৃত শান্তি ও নিরপত্তা চান তাহলে আপনারা এখনও এই সমস্ত corrupt গভর্ণমেণ্ট অফিসারদের ধরবার ব্যবস্থা করুন।

Security Actএর section (4)তে যেটা বলা হয়েছে সেটা এই সমস্ত dishonest officerদের বেলায় যদি apply করেন তাহলে বুঝতে পারব গভর্ণমেণ্ট একটা কিছু করলেন। আপনারা section (4)এ এই কথা বলেছেন যে "No prohibition, restriction or disability imposed by or under this Act unless otherwise expressly provided by an order made by the State Government or by any officer specially authorised by the State Government in this behalf shall apply to anything done by or under the direction of any public servant acting in the course of duties as such public servant" এই সমস্ত public servants power misuse করবে, তারা যা ইচ্ছা তাই করবে। এবং এই সমস্ত অফিসারগণ হলেন ইংরাজ আমলের বা ইংরাজগণ এদেশ থেকে যাবার আগে যাঁদের রেখে দিয়ে গিয়েছেন তাঁরাই; সুতরাং আমাদের মনে একটা সন্দেহের ভাব জাগরিত হওয়া স্বাভাবিক। তাঁরা Police Departmentএর জন্যই এই সমস্ত ব্যবস্থা করছেন, তাঁদের মনে ভয় পেয়েছেন যে, যদি এই Act না হয় তাহলে দেশে অরাজকতা সৃষ্টি হবে। এবং এই Actএর সুবিধা নিয়েই গভর্ণমেণ্টের বিরোধী লোকদের আটক রাখবার ব্যবস্থা হচ্ছে। আমি জানি ঐ দিকের দল ভারী ও ভোটের জোরে এই Act আইনে পরিণত হবে, তথাপি আমি বলব আপনারা যে Administrative Board গঠন করেছেন, এই Administrative Boardএর ভিতর আপনারা একজন High Courtএর Judge বা এমন উচ্চপদস্থ ব্যক্তিকে নিন। আমাদের দেশে বহু উচ্চপদস্থ, শিক্ষিত ব্যক্তি আছেন, তাঁদের নিন। তা নাহলে এই রকম কতকগুলি বাজে লোক, যাঁরা কেবল গভর্ণমেণ্টকে support করে যাবেন, তাঁদের নিয়ে কখনও ভালভাবে কাজ চলতে পারে না।

বর্ত্তমানে আমাদের দেশে যে গভর্ণমেণ্ট, সেটি সকলের ভুলের জন্যই হয়েছে। এবং এই ধরণের গভর্ণমেণ্ট হয়েছে বলেই আজ সকল লোকের মনে এত ভয়। Democracy এই constitutionএ ধাতস্থ হয়নি। যে Government হাতে নিয়েছে তারা Englandএর Labour Government নয়। সেখানে গভর্ণমেণ্টের অপর দলের লোককে বিনা বিচারে আটক বা detain করা হয় না। কিন্তু আমরা ততটা democracy পাইনি। আমাদের মন্ত্রী মহাশয়দের মন এত উচ্চ হয়নি যে তাঁরা সব কিছুর উপর থেকে নিরপেক্ষভাবে কাজ করতে পারেন। এবং সেই জন্য তাঁদের হাতে যদি আরও ক্ষমতা দেওয়া যায় তাহলে তাঁরা যে সমস্ত অকার্য্য করছেন, তার চেয়ে হয়ত আরও বেশী ভবিষ্যতে করবেন।

Dr. SURESH CHANDRA BANERJi: মাননীয় স্পীকার মহোদয়, এই Security আইন যখন প্রথম পাস হয় তখন এই বিলের উদ্দেশ্য ছিল অন্য। আমরা বলেছিলাম যে সাম্প্রদায়িকতা এবং চোরাকারবারী বন্ধ করাই এর উদ্দেশ্য। এই দুইটা ছিল Security Billএর প্রধান উদ্দেশ্য। এ ছাড়া সব বে-আইনী অস্ত্রশস্ত্র রাখা ইত্যাদিও এর উদ্দেশ্য ছিল। এই দুইটা ছিল বিশেষ উদ্দেশ্য Black Marketing বন্ধ করা ও communalism বন্ধ করা এবং এর দরকারও ছিল। কারণ আমরা যখন স্বাধীন হই নাই, তার আগে থেকেই সাম্প্রদায়িক বন্যা দেশের উপর দিয়ে বয়ে গিয়েছিল এবং এ অভিজ্ঞতা সকলেরই আছে। তারপর যুদ্ধের সময় থেকে Black Marketing চলেছিল তা বন্ধ করার প্রয়োজন আপনারা মর্ম্মে মর্ম্মে উপলব্ধি করছেন। এই দুইটা বন্ধ করার জন্যই West Bengal Security Bill প্রথমে পাশ করা হয়। এবং এই

দুইটা বন্ধ করার জন্য যদি এই আইনটা ঠিকভাবে প্রযুক্ত হত, তাহলে এতদিনে বাংলার চেহারা সম্পূর্ণ বদলে যেত। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাকে বলতে হচ্ছে যে এই উদ্দেশ্যে এই আইনটা প্রযুক্ত হয় নাই বরং উল্টা উদ্দেশ্যে এইটা প্রয়োগ করা হয়েছে। যেমন আমি জানি, গত বৎসর February মাসে যখন সাম্প্রদায়িক দাঙ্গা হয় তখন এমন বহু কর্মী ছিল যারা সাম্প্রদায়িক দাঙ্গা বন্ধ করবার চেষ্টা করেছিল কিন্তু Government তাদেরই বন্দী করে ফেলেছিলেন। এই ধরণের report আমি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে লিখিতভাবে দিয়েছিলাম যে এই সব লোককে আমি জানি, ওরা প্রাণপণে চেষ্টা করেছিল যাতে সাম্প্রদায়িক দাঙ্গা না ঘটে, যাতে হিন্দু মুসলমান শান্তিপূর্ণভাবে পাশাপাশি বাস করতে পারে। যারা দাঙ্গা করেছিল তাদের Government কিছু করেনি কিন্তু যারা তা বন্ধ করতে চেষ্টা করেছিল Government তাদেরই নির্য্যাতন করেছেন। আবার এই রকম reportও আছে, যারা Black Marketing করে, বেশ বড় বড় Black Marketeer, তাদের বিরুদ্ধে Government কিছু করেনি বল্‌লেই চলে কিন্তু যারা Black Marketing বন্ধ করতে চেষ্টা করেছে তাদেরই উপর এই আইন প্রয়োগ করে নানাভাবে নির্য্যাতন করেছেন। এই রকম বহু report আমার কাছে এসেছে; সুতরাং যে উদ্দেশ্যে এই আইনটা হয়েছিল সে উদ্দেশ্যে এটা প্রয়োগ করা হয়নি। এর আগে আমার বন্ধু জ্যোতিবাবু তাঁর নিজের ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলেছেন। আমি জানি তাঁদের সহকর্মীরা এই আইনের আওতায় পড়ে নির্য্যাতন সহ্য করছেন।' আমি জানি বহু লোক, যারা নিরীহ, তাদের এই আইনের আওতায় পড়ে নানা রকম নির্য্যাতন সহ্য করতে হচ্ছে। পুলিশের হয়ত কার উপর আক্রোশ আছে কিম্বা অন্য কারণে পুলিশ তাকে পছন্দ করে না, অমনি তাকে ধরে নিয়ে গেল; সত্য হক্ মিথ্যা হক্ একটা confession আদায় করে নিল। এই রকমভাবে ধরে নিয়ে গিয়ে তাকে যতদিন ইচ্ছা জেলে আটকে রাখলো এবং পরে যখন দেখা গেল যে, তার বিরুদ্ধে কিছু নাই তখন তাকে আধমরা অবস্থায় ছেড়ে দিল। গত দুই বৎসরের মধ্যে এই রকম বহু দৃষ্টান্ত ঘটেছে। আমি অনেক দৃষ্টান্তের কথা আমাদের প্রধানমন্ত্রী মহাশয়কে জানিয়ে ছিলাম।

তারপর এখন কানাইবাবু একটা বড় কথা বলেছেন যে আমি যে জায়গা থেকে দাঁড়াবো মনস্থ করেছি, আমার বিরুদ্ধে যাঁরা কংগ্রেস প্রার্থী হবেন বলে শুনেছি, তিনি আমার সহকর্মীদের ডেকে বলেছেন যে দেখেছ Security Act আছে, এই Security Actএ Dr. Banerji পর্য্যন্ত রক্ষা পাবেন না তোমরা ত তাঁর সহকর্মী; আমরা Governmentএর লোক, তাঁর কাজ করি, আমার বিপক্ষে গেলে বেশীদিন বাইরে থাকতে হবে না। এবং এই কথা প্রতিনিয়তই আমার workersরা আমাকে বলে থাকে। শুধু এখান থেকে নয় নানা নির্ব্বাচন ক্ষেত্র থেকে এই সংবাদ আসছে। আমার workersদের নির্য্যাতনের পরে আবার তাদের Security Actএ ধরা হচ্ছে। সুতরাং কানাই বাবু যা বলেছেন যে আমাদের সামনে যাঁরা আছেন তারা বসে হাসতে পারেন কিন্তু শুধু হেসে এই সত্যকে উড়িয়ে দেওয়া যায় না। সুতরাং আজ electionএর পূর্ব্বে এই রকম Security Actএর সংশোধন দেখে ভয় হচ্ছে। আমরা মনে করি এই ব্যবস্থায় যারা Governmentএর বিপক্ষে যাবে তাদের সহজেই ধরে রাখতে পারবে এবং সেইভাবেই এই আইনটা প্রয়োগ হবে ও হচ্ছে। তার ফলে আমার মনে এই ধারণা দৃঢ়মূল হয়েছে যে কাউকেই বিনা বিচারে আটক রাখা ঠিক নয়। তাঁরা ধরতে পারেন তারপর বিচার করতে পারেন, কিন্তু বিনা বিচারে দীর্ঘকাল আটকে রাখা ঠিক হবেনা।

এখানে কথা হচ্ছে যে তার একটা substitute থাকবে অর্থাৎ প্রকাশ্য আদালতে বিচার হবে না, একটা Advisory Board ঠিক করবে। সে Advisory Board খানিকটা মঙ্গল সাধন করতে পারে যদি সে Board ঠিক মতন গঠিত হয়। প্রথমে, সেই Board এর সম্মুখে যার বিরুদ্ধে এই অর্ডার দেয়া হয়েছে তাকে নিজে উপস্থিত হয়ে কিম্বা তার উকিলের সাহায্যে তার যা বলবার আছে তা বলতে দেয়া হয়। সেখানে এই ভাবের একটা ব্যবস্থা যদি থাকে তবে খানিকটা প্রতিকার হওয়া সম্ভব। কিন্তু যে ভাবে এই অপরিণত বিলে Advisory Board গঠণের ব্যবস্থার কথা বলা হয়েছে তাতে Advisory Board এর খুব মূল্য হবে বলে বোধ হয় না। বলা হয়েছে তিনজন সভ্য নিয়ে বোর্ড গঠিত হবে। তিন জনের মধ্যে একজন হবেন যাঁর নাকি High Courtএর Judge হবার যোগ্যতা আছে। Qualified to be a High Court Judge এ বিষয়ে কানাই বাবু যথেষ্ট বলেছেন এমন একজন ও হতে পারেন যাঁর নাম দশবৎসর ধরে হাইকোর্টের Rollএ আছে তিনি practice করুন বা না করুন। He is qualified to be a High Court Judge. কিম্বা এমন ও হতে পারে তিনি High Courtএ ওকালতি করছেন, practice ও ভাল, কিন্তু তার খুব বদনাম, He may be a badman, এই রকম একটা লোক যদি Boardএর chairman হয় তার

কাছ থেকে কি expect করা যায়? এমনও তো হতে পারে তিনি একজন yes man. গভর্ণমেণ্টের একজন ধামা ধরা। আর High Courtএ যার ভাল practice নাই সেই রকম লোকের গভর্ণমেণ্টের ধামা ধরা হওয়াই স্বাভাবিক। তারপর আর দু'জন কিরকম লোক কি statusএর হবেন তা কেউ জানে না। They may be honorary magistrates, they may be Subdeputy Magistrate, এই রকম তিনজন লোকের দ্বারা গঠিত যে বোর্ড তার majority decisionএর মূল্যই বাকি এটা কেবল মানুষকে ধোকা দেবার জন্য একটা উপায়। গভর্ণমেণ্ট তাঁদের মনমতন লোকের দ্বারা যারা innocent লোক তাদের নির্য্যাতন করবার জন্যই এটা করছেন। সেই জন্য আমি প্রস্তাব করেছি তিনজনই High কোর্টের জজ হওয়া উচিত।

মানুষের fundamental right হচ্ছে যে তাকে কেউ বিনা বিচারে আটক করতে পারবেনা এই fundamental right সে বহু লড়ে আদায় করেছে। তার fundamental rightই হচ্ছে এই যে গভর্ণমেণ্ট খামখেয়ালি ভাবে কাউকে আটক করতে পারবে না সেই জন্য বিচার চাই by High Court Judge. আজ মানুষকে যখন তার এই মৌলিক অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে তখন তার একটা উপযুক্ত substitute চাই। এবং সেই substitute যদি তিনজনই High Courtএর Judge হয় তবে সেটাই best আর যদি তিন নাই হয় তবে অন্ততঃ একজন High Courtএর Judge এবং বাকি দু'জন distinguished lawyers যাদের practice ও ভাল আছে এবং publicএর কাছেও সুনাম আছে অর্থাৎ যাদের মানুষ বিশ্বাস করে, শ্রদ্ধা করে। এই রকম ভাবে যদি বোর্ড গঠিত হয় তবে সেটা অনেকখানি নিরপেক্ষভাবে বিচার করতে পারবে বলে আমরা মনে করি।

তারপরে এই বিলে যা বলা হয়েছে তাতে যার বিরুদ্ধে order তাকে Advisory Boardএর কাছে কিছু বলতে দেওয়া হবে কি হবে না, অথবা তার উকিলকে কিছু বলতে দেওয়া হবে কি হবে না, তার কোন উল্লেখ্য নাই। এতে আমরা সন্তুষ্ট হতে পারছিনে। That probably depends on some Government officer. কিন্তু এটা ঠিক বুঝতে পারছিনে there must be explicit provision in the law. আইনে সুস্পষ্ট নির্দ্দেশ থাকা দরকার যে তাকে সুযোগ দিতে হবে। Personally নিজে উপস্থিত হয়ে বোর্ডের কাছে বলতে পারবে, বা দরকার হলে উকিলের দ্বারা যা তার বলা দরকার তা বোর্ডের সামনে বলতে পারবে। আরো কথা আছে; যে যার বিরুদ্ধে নির্দ্দেশ দেওয়া হবে তাকে সঙ্গে সঙ্গেই বলে দেওয়া উচিত কি কি তার অপরাধ। আমি নিজে তিনবার arrested হয়ে detained হয়েছি কিন্তু তিনবারই যে order দিয়েছে তাতে আজ ও বুঝি নাই কি আমার অপরাধ। যে ground দেয়া হয় তার উপর কিছু লিখ্‌তে হয়, কিন্তু কি লিখ্‌ব? Ground must be specific. আমাদের কালে একটা ছাপান form police officerরা fill up করাত এবং সেই formটা সকলের উপরই সমভাবে প্রযোজ্য ছিল। সুতরাং আমার বিশেষ দাবি এই যে সে রকম order দেয়া চলবে না। পরিষ্কার ভাবে জানাতে হবে কি অপরাধের জন্য তার against order দেয়া হচ্ছে।

তারপরে যে তিনটী বিষয় statement of objects and reasonsএর ভিতর লেখা আছে। প্রথম হচ্ছে formation of Advisory Board, second হচ্ছে prejudicial report এটার যে সংজ্ঞা তার অনেকখানি রদ বদল করেছেন। বার বার করে এই খসড়া পড়ছি আর ভাবছি কি dangerous করা হয়েছে। এখানে সকলেই মানবেন Security of the stateএর againstএ যদি কেউ কাজ করে তাকে ধরা উচিত। কিন্তু এই যে Public orderএ সম্বন্ধে একজন report দিল police officer, যে তুমি Public orderএর against কাজ করেছ, অমি তাকে ধরা হলো Any Police officer, a mere Daroga of a thana তাকে detain করলে অমি Magistrate you have done something which is prejudicial to public order কাজে কাজেই এই যে public order এটা is a very vague term.

তারপরে সব চেয়ে সাংঘাতিক হচ্ছে Thé friendly relation with any foreign state এ নিয়ে Parliamentএ discussion হয়েছে আলোচনা হয়েছে, এ নিয়ে আমাদের আলোচনা করার অধিকার নাই একথা খাটে না। পূর্ব পাকিস্থানে হিন্দুদের উপর জুলুম হচ্ছে কিম্বা মুসলমানের উপর এখানে জুলুম হচ্ছে

সম্বন্ধে সেখানকার paperএ লিখছে কিন্তু আমরা কিছু লিখলে That is enough to come under e clutches of this Act সুতরাং আমি বলছি এবং পার্লামেণ্টেও অনেকে বলেছেন it is a ngerous clause.

তারপর Permit সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে Trade unionএ যারা কাজ করে তারা এতকাল গভর্ণমেণ্টের ছ থেকেই Permit নিয়ে আসছে। ১০ হাজার ৫ হাজার লোক কাজ করে কোনদিন কোন অসুবিধা নাই, আজ হঠাৎ কি অসুবিধা হলো গভর্ণমেণ্টের যে powerটা দিয়ে দিচ্ছেন অন্যত্র আর সেটা দিচ্ছেন কে? যে নাকি manager of the works ফলে কাউকে permit দেয়া কি না দেয়া সেটা তার খেয়ালির উপর নির্ভর করবে। Manager একজন লোকের উপর অসন্তুষ্ট হলে তাকে Permit দিবে । It is a very dangerous clause. সুতরাং এটা গভর্ণমেণ্টের না রেখে একজন ম্যানেজারের তে ক্ষমতা দিতে বিরত থাকুন। এতে আমাদের অনেক অসুবিধায় পড়তে হবে ফলে শ্রমিক আন্দোলন তি গ্রস্ত হবে। এতে স্পষ্টই বোঝা যাচ্ছে এটার উদ্দেশ্য হচ্ছে আমরা যারা শ্রমিক আন্দোলন করি তারা যেন ভর্ণমেণ্টের প্রতিষ্ঠানে আর শ্রমিক আন্দোলন না করতে পারে।

(At this stage the house was adjourned for 15 ministes.)

After adjournment.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, আমি বলছিলাম যে ermit দেওয়ার officer, District Magistrate কিম্বা State Government কিম্বা Commissioner f Policeএর কাছ থেকে নিয়ে Manager of worksকে দেওয়া হচ্ছে তার ফলে শ্রমিকদের খুবই ক্ষতি বে এবং এই সমস্ত জায়গায় শ্রমিক আন্দোলন করা বা trade movement করা অসম্ভব হয়ে যাবে। সুতরাং য দিক থেকেই এই বিলটি বিচার করি না কেন, যে উদ্দেশ্যেই বিচার করি না কেন, কোন দিক দিয়েই তটুকু সমর্থন করার কারণ খুঁজে পাই না। যদিও আমি আগে বলেছিলাম যে জাতীয় জীবনে কখনও কখনও ecurityর প্রয়োজন হয়, এবং এই রকম একটা প্রয়োজন হয়েছিল ঠিক স্বাধীনতা লাভের পর যখন communa-ismও black marketeering were rampant. Communalism অনেক কমে গিয়েছে, কিন্তু Black marketeering এখনও রয়েছে। গভর্ণমেণ্ট যেহেতু এই security Actএর দ্বারা black marketeering বন্ধ করবার চেষ্টা করছেন না, আমার মনে হয় আমাদের দেশে Security Actএর আর প্রয়োজন নেই। আমার মতে Security Actকে সম্পূর্ণরূপে রদ করে দেওয়া উচিৎ। কোন স্বাধীন দেশের এই ধরণের Security Actকে permanent feature করে রাখা democracyর পক্ষে খুবই অন্যায়। England, America প্রভৃতি গণতান্ত্রিক দেশে কোথাও এই ধরণের Act নেই অথচ আমাদের দেশে Security Act একটা permanent feature of the country হয়ে থাকবে এটা খুবই অন্যায়। আমি এই Security Actকে কোন রকমেই সমর্থন করতে পারছি না এবং গভর্ণমেণ্টকে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি যে এই Constitutionএ যে Security Act হয়েছে তাকে সম্পূর্ণরূপে রদ করে দিন। আমাদের যে সমস্ত নিরীহ কর্ম্মী এই Security Actএর দ্বারা আটক হয়ে এখনও জেলের মধ্যে পচ্ছে তাদের বাইরে আসা এখন অত্যন্ত প্রয়োজন। কারণ তিন মাসের পর আমাদের General Election হবে এবং সেখানে যদি free fair election করতে হয় তাহলে এই সমস্ত লোক, যারা রাজনৈতিক কর্ম্মী তাদের অবিলম্বে গভর্ণ-মেণ্টের পক্ষে ছেড়ে দেওয়া অবশ্য কর্ত্তব্য। যদি তাদের ছেড়ে দেওয়া না হয় তাহলে আমাদের দেশে free fair Election হতে পারবে না।

যদি দেশে Security Act বলবৎ থাকে তাহলে যে সমস্ত লোক গভর্ণমেণ্টের বিরোধী হয়ে দাঁড়াবে তাদের বিরুদ্ধে নানা রকম মিথ্যা অভিযোগ এনে তাদের ধরে নিয়ে আটক রাখা হবে। আমি সেইজন্য পুনরায় বলছি যদি Security Act বলবৎ থাকে তাহলে কোন প্রকারেই free and fair Election হওয়া সম্ভব নয়। সুতরাং অন্য কোন কারণ থাক বা না থাক for the sake of free and fair election it is essential that the security Act must be abolished.

এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I have heard with great interest the opposition that has been led by my friends on the left side I can understand the attitude of Mr. Jyoti Basu—although I may not agree with him—because he has been a persistent opponent to the Security Act.

Sir, even before I came to this Assembly in 1948, the Security Bill was proposed in this Assembly by my learned friend Dr. Prafulla Ghosh—he was then the Chief Minister. In that Security Bill there was provision for detention, on the one hand, and externment or internment, on the other. My friends opposite have been arguing all this time without their brief. No detention is provided for in the Act or in the amendments that we have put before you because detention now is governed by an Act of Parliament. This question of externment and internment—all these are provided for in section 21A.

But, Sir, when this Act was passed in 1948 with the blessings of Dr. Prafulla Ghosh, he said "It has been said that somebody else will come as Prime Minister, but whoever comes as Prime Minister or whoever goes, I say, at least for some time to come, the necessity of the Bill will be there. I again say that for some time to come the necessity for a Bill like this will be of the first magnitude." Therefore, I ask them, did they circulate the Bill which they passed in 1948? That happened before I came in the Assembly. No, they did not. They put it before a Select Committee—and that's all. They put this matter before the House without going through the circulation procedure and if you read the Act that was passed, then you will be satisfied that the provisions of the Act were much more stringent than they are here. Therefore, to any one of the Opposition—I am talking of the Opposition that is controlled by my friend Dr. Suresh Chandra Banerji—who says "We do not want this Act", I would say, when did they discover this, when did this wisdom come into their brain that they do not want this Act because, I feel, they think that their elections may be interfered with. I hope my friend Sri Hemanta Kumar Basu will forgive me if I repeat what I said the other day because four or five speakers have referred to the election in the course of the debate. They have said "Oh, you people are going away. Therefore, why bother about this" and so on and so forth. Therefore, if I say this is an election speech, I am not very far wrong. I find the second name in the Ayes List is that of Sj. Hemanta Kumar Basu. So, I hope he has learned wisdom by now. He tells us that his election and Mrs. Bose's election are pointers that the public are not with the Congress. May I give you, gentlemen, the report that I have just received of the election which has just taken place in the Burdwan constituency: Dr. Mahammad Hossain (Congress)—9,645; Janab Abul Hayat (supported by Communists, Hindu Mahasabha, K.P.M., Socialists, etc.)—2,572. Mr. Zaman has said that, after all, Calcutta does not form the whole of Bengal. There are other parts of Bengal which do not think in the manner in which Sri Hemanta Kumar Basu wants to interpret their election. He knows very well why the Congress did not put up any candidate. If he does not know, I am very sorry for the fact. It is the speeches of my friends like Kanai Babu which I do not understand—I am sorry because of my lack of intelligence. The only thing I understood in his speech was that he prefers British Government to the present Government.

Sj. HEMANTA KUMAR BASU: On a point of order, Sir——

Mr. SPEAKER: Is it on a point of order?

Sj. HEMANTA KUMAR BASU: স্পীকার মহোদয়, আমি জিজ্ঞাসা করতে পারি কি যে কি কারণে Congress Candidateকে দাঁড় করান হয়নি।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I am very sorry, I won't give in.

My friend Haripada Babu, of course, talked about everything else but not about this Bill. He talked about the Tramways Co., he talked about the food position. They are very important, of course, but he did not waste very much time over this Bill. Therefore, I will leave the Opposition members alone because I have understood exactly what they are referring to and how.

I will now take up the speech of Sj. Jyoti Basu because, I believe, that he is consistent in his opposition. He says he is not a Communist personally. So long as the Communist does not use the same procedure as the communalist, viz., of oppression, of force, of coercion, the Communist ideology would be welcome to many people, but in that matter, so far as I am concerned, I do not make any distinction between a Communist and a communalist in their application to everyday life. He says laws such as this really lead to violence. Possibly he is right, but I would like to know why, in the first instance, in 1947 laws were found necessary. I was not in office then, I was not in the Assembly, but this I noticed the first time I came to the Assembly—some time in January, 1948—that there was a good deal of disturbed feeling both in the Assembly and outside it. I heard there had been instances where firing had to be resorted to in order to quell the mob. That was not communal firing—that was not due to a communal disturbance, but there were other disturbances that led to the incidents. Therefore, I feel that violence certainly was not caused by law, but law was caused in order to prevent violence. There may be difference in approach between one person and another. One may think that perhaps no law is necessary—do not intern anybody, do not extern anybody, do not detain any one. With great love and heavenly mercy we might get our opponents on to our side, but, I am afraid, I or my colleagues in the Cabinet or even in the largest group of members in the Assembly are not yet gifted with such a high moral fibre as to be able to display that atmosphere of goodwill.

Sj. Jyoti Basu has talked a lot about democracy and he feels that he is the greatest exponent of democracy. I have not heard of any democracy which makes a particular point of view to be forced on another and yet to be called democracy. Democracy, as I understand it—it may be that I may not convince him—is a system of life or administration which is carried on by adjustments, by mutual arrangements, by compromise, by give and take. Human constitution is built upon compromise—there is always an adjustment between one gland and another, one part of the body and another, as I have said before.

Mr. Zaman has said that in order to quell a disturbance, where 150 lives were threatened—Communist lives, of course—30,000 people were killed in 9 or 10 months and 90,000 people were arrested. I suppose those arrests were non-violent arrests—I do not think they really meant any harm or any hurt. Sir, I am mentioning these things because Sj. Jyoti Basu waxed eloquent about China, about Malaya and he said there are only two countries in the world where this sort of restraint takes place, viz., India and Pakistan. I deny that charge. But, in any case, it is certain that it is the Communist Party which has issued this statement that in order to prevent danger to 150 people, 30,000 people were killed in Canton only and 90,000 people were arrested. Sir, that is a type of democracy which does not suit him because it is a democracy in which 150 people can ask thirty thousand people to

There is one other statement which he has made. He said that the old Congress Government was against aggression of every type——

Sj. JYOTI BASU: On a point of order, Sir. When something is being quoted against me, I want to know the source—where that statement came from that thirty thousand people were killed—who issued that statement—from where was it reported?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: This was a figure given by the Chinese Communist authority.

Mr. SPEAKER: I must point out to honourable members that they ought to understand what is a point of order and what is not a point of order. The point of order raised by Sj. Jyoti Basu is not a point of order. Now the position is this. The ordinary rule is that the Leader of the House is entitled to uninterrupted hearing apart from anything else. That is the first principle which we have to observe. The second thing is that there is a tendency to rise on a point of order when it is not a point of order, and I am compelled to ask these members to sit down. But if it is any other point—a point of privilege or a point of information—either the speaker yields and sits down or, if the speaker does not yield and sit down, you must wait till the conclusion of his speech.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Thank you, Sir. I was just going to say—when my friend Sj. Jyoti Basu interrupted my course of thought—I was just going to say that he said that in the olden days the Congress was against aggression of every type. I can tell him that the Congress today is against aggression of every type—whether it is an aggression coming from the Communist group or it is an aggression coming from the Communalist group. I maintain that this preventive Act is necessary for the purpose of preventing such an aggressive attitude on the part of any group of people because we in the Government and in the Legislature have got to think of the largest number of people and their security, and not merely of 150 people for whom thirty thousand can be killed.

Sir, with these words I oppose the motion for circulation of the Bill and ask that the Bill be taken into consideration. (Applause from Government benches.)

The motion of Sj. Jyoti Basu that the West Bengal Security (Amendment) Bill, 1951, be circualted for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1951, was then put and a division taken with the following result.

Ayes—14.

Abdul Aziz Ansari, Janab Mohamed	Bose, Srijukta Bivabati
Badrudduja, Janab Syed	Chatterjee, Sj. Haripada
Bandyopadhyaya, Sj. Pramatha Nath	Choudhury, Sj. Annada Prosad
Banerji, Dr. Suresh Chandra	De, Sj. Kanai Lal
Basu, Sj. Hemanta Kumar	Ghose, Sj. Bimal Comar
Basu, Sj. Jyoti	Ghose, Dr. P. C.
Bhandari, Sj. Charu Chandra	Sen, Sj. Debendra Nath

Noes—42.

Abdullah, Janab S. M.	Das Gupta, Sj. Khagendra Nath
Abdus Shokur, Janab	Dass, Sj. Kanailal
Banerjee, Sj. Sushil Kumar	Gayen, Sj. Arabinda
Bhattacharyya, Sj. Shyamapada	Gomes, Mr. D.
Chakravarty, Sj. Satish Chandra	Gupta, Sj. J. C.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath	Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid
Das, Sj. Radha Nath	Khuda Bukhsh, Janab Md.

Mahammad Kased Ali, Janab
Mahammad Sayeed Mia, Janab
Mahanty, Sj. Charu Chandra
Maiti, The Hon'ble Nikunja Behari
Majhi, Sj. Nishapati
The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I cannot tell you about the interim grant—whether it is permissible under the rules—but if there is any difficulty with regard to this lady, I have got some fund of my own from which I can give her some help, as I do in other cases.

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় মন্ত্রীমহাশয় কি চেষ্টা করবেন যাতে এক মাস বা দু'মাসের মধ্যে এই compassionate grantএর বিবেচনা শেষ হয় ?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I will try.

Sj. KANAI LAL DE: মাননীয় মন্ত্রীমহাশয় যে বলেছেন যে তিনি নিজে থেকে কিছু দেবেন—সেটা দেওয়ার ব্যবস্থাটা তাড়াতাড়ি করবেন কি ?

(No reply.)

Mr. SPEAKER: As regards the next question, I have been requested by the honourable member to hold it over. I am holding it over.

GOVERNMENT BILL.

The West Bengal Security (Amendment) Bill, 1951.

Sj. JYOTI BASU : মাননীয় স্পীকার মহাশয়, এখন এই কক্ষের মধ্যে আমাদের শত প্রতিবাদ সত্ত্বেও যে বিলটা এখানে উপস্থিত করা হয়েছে সরকারের পক্ষ থেকে, সেটা সংখ্যা গরিষ্ঠতার জোরে সরকার পাশ করিয়ে নেবেন বলেই মনে হচ্ছে। কিন্তু এই বিল পাশ হওয়ার মধ্য দিয়ে, এখানে যে আলোচনা হয়েছে—তার মধ্য দিয়ে, কয়েকটী কথা আমাদের মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন; আমার মনে হয় তাঁর সেই কথার একটা জবাব দেওয়া দরকার। কারণ উনি এমন একটা ভাব দেখাচ্ছেন যে যে কোন গণতান্ত্রিক দেশে, অর্থাৎ

গণতান্ত্রিক নীতি পদ্ধতি মেনে যে দেশ চলে—এই রকম একটা আইন সে দেশে থাকতে পারে। এবং তিনি আরো বোঝাতে চেষ্টা করেছেন, যে আজকাল যে রকম অবস্থা সমস্ত দুনিয়ার, তাতে এই রকম জিনিষ, এই রকম আইন কানুন গণতন্ত্র-শাসিত দেশ মেনে নিয়েছে। কাজেই, আমি মনে করি এই Bill সম্বন্ধে—এর ভিতর যে সমস্ত আপত্তিকর কথা আছে তা বলবার আগে প্রধান মন্ত্রী ঐ ধরণের যেসব কথার অবতারণা করেছেন তার একটা উত্তর দেওয়া দরকার; নৈলে অনেকেরই ভুল ধারণা হতে পারে—এই Bill সম্বন্ধে। আমি প্রথমে যে বলেছিলাম যে এই বিলের দ্বারা, উনি যে সমস্ত হিংসাত্মক কাজ হয়েছে বলে মনে করেন, সেই সমস্ত কাজের প্রতিরোধ দেওয়া হয়। কিন্তু উনি বলেছেন ঠিক তার উল্টো। আমি মনে করি উনি হয়ত কতগুলি জিনিষ ভুলে যাচ্ছেন, কতকগুলি জিনিষ ওঁর মনে নাই। ১৯৪৭-৪৮ সালে আমাদের Communist Partyকে বেআইনী করবার আগে, প্রধান মন্ত্রীমহাশয় আমাদের একটা, দুটো বা তিনটে ঘটনার কথা বলুন—যেখানে ওঁর কথিতমত হিংসাত্মক কাজ হয়েছে; আমাদের দেখিয়ে দিন কোথায় বোমা পিস্তল হাতে করে কারা লড়েছে? দেখিয়ে দিন—কারা বিশৃঙ্খলা বা হিংসার আবহাওয়া সৃষ্টি করেছে। আমি তো জানি,—১৯৪৮ সালের ২৬শে মার্চ যে দিন আমাদের ধরে নিয়ে যাওয়া হয়েছিল তার আগে অবধি কোন ঘটনা ঘটেনি। এই আইনের দ্বারা Communist Partyকে বেআইনী করা হলো, এবং আমাদের পশ্চিমবঙ্গে রাতারাতি হঠাৎ আমাদের Communist Partyর নেতাদের আটক করা হলো। তার পরে দেখেছি দেশের মধ্যে একটা উত্তেজনা এবং হিংসার আবহাওয়া সৃষ্টি হয়েছিল। সেইজন্যই আমি বলেছি সেটা সৃষ্টি করেছেন কংগ্রেস সরকার এবং সেই জন্যই এই বেআইনী আইন তৈরী করেছেন। উনি যদি দেখিয়ে দিতে পারেন আগে এই রকম সব ঘটনা ঘটেছে তার পরে হঠাৎ বাধ্য হয়ে গণতন্ত্রকে খানিকটা খর্ব করেও বাধ্য হয়েছেন এই রকম আইন করতে, তাহলে সেটা সত্য বলে মানতে পারতাম। কিন্তু আমি জানি উনি শতচেষ্টা করেও দেখাতে পারবেন না যে এই রকম ঘটনা ঘটেছে; আমি বরং দেখাতে পারি যে পশ্চিমবঙ্গ সরকার কি করে হিংসার রাজত্ব স্থাপন করেছেন, এবং সেটা শুধু এই আইনের দ্বারা, এই Security Actএর দ্বারা নয়, লাঠি এবং গুলি দ্বারা। আমি দেখাতে পারি—কি-ভাবে স্ত্রীলোককে তাঁরা গুলি করে মেরেছেন, দেড়শো-দুশো লোককে গুলি করে কি করে মেরেছেন। তারপর এই আইন হবার পরে কত লোককে গ্রেপ্তার করেছেন, কত লোকের উপর restriction order দিয়েছেন তার ইয়ত্তা নাই। প্রধান মন্ত্রীমহাশয় নানা রকমের quotation দিয়ে থাকেন, তাঁর সেক্রেটারীরা সত্যমিথ্যা নানা রকমের quotation তাঁকে যুগিয়ে দেয়, কিন্তু তারা কি এরকম একটা সরকারের দৃষ্টান্ত যোগাতে পারে যে নাকি এরকম হিংসাত্মক কাজ করেছে। ওঁর হিসাব আছে কিনা জানি না, কিন্তু আমাদের হিসেবে আমাদের এই দেশের ৩০ জন মহিলাকে গুলি করে মেরেছেন ওঁরা—এই কংগ্রেস রাজত্বের ৩$\frac{১}{২}$ বছরের ভিতর। আমি জানি না—প্রধান মন্ত্রীর এসব কথা মনে আছে কিনা। আমি তাই বলেছি এই সব আইন পাশ করবার জন্য যে সব বক্তৃতা এখানে দেওয়া হয় তা দ্বারা দেশের মধ্যে একটা হিংসার আবহাওয়া সৃষ্টি করা হয়—যেখানে মানুষ ভাবে যে গণতান্ত্রিক উপায়ে আমাদের আর কিছু হবে না, হয়ত আমাদের অন্য কোনো উপায় অবলম্বন করতে হবে।

দ্বিতীয়তঃ, প্রধান মন্ত্রীমহাশয় বক্তৃতা দিতে উঠে বলেছেন—"আমি detain না করে কি করব? কোন উপায় নাই। এই রকম restriction order না দিয়ে কি করব কোন উপায় নাই।" কারণ তিনি বলেছেন—ভালবাসা আর মানব প্রেম দেখিয়ে লোককে জয় করব এরকমের অত্যুচ্চ,—high moral force—আমার নাই। কিন্তু এদিককার সভ্য যাঁরা আছেন এই আইন-সভায়, তারা কোনদিন কি কেউ একথা বলেছেন প্রধান মন্ত্রীকে বা তাঁর সঙ্গীবর্গকে যে আপনারা প্রেমের দ্বারা ভালোবাসার দ্বারা রাজ্য চালান, নয়ত চলে যান? একথা কেউত তাঁকে বলেনি, তবে এ প্রশ্ন কেন? বেআইনী আইনের বিরুদ্ধে আমরা যখন কথা বলি—তখন প্রেম, ভালবাসা বা মানবপ্রীতির কোন কথা বলি না। কাদের কাছে বলব? কংগ্রেসের মন্ত্রীদের কি আমরা জানিনা? একদিকে যে তারা গান্ধিজীর নাম আওড়িয়ে অহিংসার বুলি কপচান, রাম রাজত্বের উল্লেখ করেন, কিন্তু তাঁদের আসল মূর্ত্তিটা আমরা চিনি না? আমার নিজের অভিজ্ঞতার মধ্যে দিয়ে ৩$\frac{১}{২}$ বৎসর তাঁদের যে পরিচয় পেয়েছি তাতে ঐ সমস্ত high morals তাঁদের কাছে preach করে যে কিছুমাত্র লাভ নাই তা আমরা জানি। প্রধান মন্ত্রীর কথা, কংগ্রেসের কথা লোকদের কাছে বলতে যাওয়ায় আজ আর কিছু লাভ নাই। আমার কথা হচ্ছে এই সব বেআইনী আইন না করে বিনা বিচারে মানুষকে আটক না রেখে তাদের কাঠগড়ায় দাঁড় করান। আইন আদালত আছে, জজ magistrate আছে তাদের কাছে বিচার হোক।

বিচারে যদি ফাঁসি হয় তাহলে ফাঁসি দিন। কিন্তু বিনা বিচারে যদি আটক করেন তাহলে democracy চলতে পারেনা। আমরা প্রেমের কথা বলতে চাইনা। আমি বলতে চাই বিনা বিচারে এই সব করবেন না। আদালতে অন্ততঃ আমাদের নিজেদের আত্মপক্ষ সমর্থন করবার অধিকার দিন। জনসাধারণ শুধু এই কথাই সরকারের কাছে বলে, এর বেশী কিছু তাদের দাবী দাওয়া নেই। অনেক অবাস্তব কথা প্রধান মন্ত্রী বলেছেন যেসব কথার মূল্য কারো কাছে নেই। তিনি এসব না বললেও পারতেন। আমাদের প্রধান মন্ত্রী মহাশয় বলেছেন তিনি democracyর মানে বুঝতে পারেন না। এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে তিনি বলেছেন গণতন্ত্র মানে জোর কোরে একজনের মত অন্যের উপর না চাপানো। এই হচ্ছে গণতন্ত্র সম্বন্ধে তাঁর অভিমত। জোর কোরে হিংসাত্মক উপায়ে যাতে চাপানো না হয়—এটা তিনি একটা ভাল definition দিয়েছেন। তাহলে আমি বলি বিনা বিচারে বে—আইনী কোরে কেন আটক রাখা হবে। লোকে যা খুশী বেছে নেবে। পশ্চিমবঙ্গ কংগ্রেসী সরকারের মূলনীতি নাকি give and take পলিসি। কিন্তু এই মূলনীতি তাঁদের আমি কখনও মানতে দেখিনি। তাঁরা আরও একটা কথা বলেন সেটা হচ্ছে compromise কিন্তু কখনই কি তাঁরা সে পথে পা বাড়িয়েছেন? আমি তো কখনই দেখিনি। তাঁরা চারিদিকে দমন নীতি এমন ভাবে চালাচ্ছেন যে, তাঁদের মুখ থেকে এমন কথা শোনা যায় না যে আসুন আমরা সকলে মিলে আলোচনা করে দেখি কি করা যায়। তাঁরা জনসাধারনকে কি কখন এ কথা বলেছেন, আমরা দেখছি তোমাদের মতামত মেনে নেওয়া যায় কিনা; এবং যদি গ্রহণ যোগ্য হয় তাহলে নিশ্চয় মানবো।

ইংরেজ এখানে যথেষ্ট আইন তৈরী করে গেছে। তারা এখন এই সরকারের পশ্চাতে রয়েছে এবং শাসন করছে। তাদের তৈরী আইন দিয়েই তো আমাদের বিচার করতে পারতেন।

Communist Party কখনও একথা বলেনা যে আমাদের কথা জনসাধারণকে জোর কোরে বুঝতে হবে। জোর কোরে কখনও Communism হয় না। সাধারণ মানুষকে যদি আমাদের কথা বুঝিয়ে আমাদের পথে না আনতে পারি তাহলে জনসাধারণ কখনও আমাদের Partyর আনুগত্য স্বীকার করবে না। জোর কোরে কখনও কাহারো আনুগত্য পাওয়া যায় না। এই সরকার আজ জোর করে তাঁদের কুশাসন চালাতে গিয়ে একেবারে কোণঠাসা হয়ে গিয়েছে। আজ তাঁরা মরিয়া হয়ে জনসাধারণকে আক্রমণ করছেন তাদের বে-আইনী আইন নিয়ে। সাধারণ লোকের প্রীতি যদি এরা পেতেন তাহলে লাঠিগুলি দিয়ে রাজত্ব চালাতে হোত না।

আমাদের প্রধান মন্ত্রী বলেছেন যে তিনি তো খুব ভাল শাসন করছেন, তিনি শুধু বে-আইনী আইন দ্বারা আটক করছেন ও restriction order দিচ্ছেন কিন্তু চীন দেশে নাকি Communist Party কর্তৃক শুধুমাত্র ১০৫ জন লোককে বাঁচানোর জন্য ৩০,০০০ হাজার লোককে খুন করা হয়েছে। এই slander চীনদেশ সম্বন্ধে তিনি না করলেও পারতেন। তিনি নিশ্চয়ই এই জিনিষটা নিজে দেখেননি। তিনি যদি একটু তলিয়ে দেখে সত্য মিথ্যা নির্দ্ধারণের চেষ্টা করতেন, তিনি এই যে slanderটা চীন সম্বন্ধে যাও সে তুল্য এর দেশ সম্বন্ধে দিলেন তাহলে তিনি নিশ্চয় বুঝতে পারতেন এটা কখনও সম্ভবপর হতে পারে না। আমাদের প্রতিবেশী চীন সম্বন্ধে আমরা কিছুটা খবর রাখি এবং এটা বলতে পারি এদের বন্ধু বিলাত ও আমেরিকার এই মিথ্যা রটনার দান আছে।

Mr. SPEAKER: Mr. Basu, I think we should not at this stage discuss about China and Russia but let us talk about India as much as possible. Please come to the subject-matter which is the third reading of the West Bengal Security Amendment Bill.

Sj. JYOTI BASU: Mr. Speaker, Sir, the difficulty is that the——

Mr. SPEAKER: I do not want any explanation. Please go on.

Sj. JYOTI BASU: The Hon'ble Chief Minister has been speaking about——

Mr. SPEAKER: I do not want an explanation for what you have said already.

Sj. JYOTI BASU: And I cannot answer him?

Mr. SPEAKER: The position is that when I said please come to the point, which is the third reading of the Bill, before the House, already 15 minutes had elapsed since you began the speach. After all, this is the third reading stage, and should you still go on dwelling on the Act which is sought to be amended by the Bill before the House? If it was the stage of general discussion we could go on for days and days if time permitted, discussing about Russia and China side by side with India and about communism and socialism and so on. At this stage, only incidentally, these things are referred to, and that for a few minutes. So don't make it the chief subject of the discussion today. The subject before us is the West Bengal Security Amendment Bill by which certain sections of the original Act are proposed to be amended.

Sj. JYOTI BASU: But it is a very terrible amendment, Sir. It may be one amendment——

Mr. SPEAKER: Please go on.

Sj. JYOTI BASU: Of course, Sir, you can stop me whenever you think that I am irrelevant. I was only trying to answer the Hon'ble the Chief Minister because he had been referring to all these—not I. I did not open the subject but the Hon'ble the Chief Minister did and therefore I have to answer.

আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে বর্ধমানে কে জিতেছে না জিতেছে এটা আমার বক্তব্য নয়, কিন্তু প্রধান মন্ত্রীই এইটা এনেছেন। আমি উত্তর দিতে গেলে আপনারদের যদি আপত্তি থাকে তাহ'লে আমাকে বলতে দিবেন না তা জানি। তবু আমি বলবার চেষ্টা করছি। যদি আমার কথাবার্তা আপনাদের মতে সুবিধাজনক না হয় তা'হলে red light দেখিয়ে দেবেন এবং আমিও বসে পরতে বাধ্য হব।

Mr. SPEAKER: Not everything need be answered. The question is that, while a member delivers his speech some extraneous matters do come in, but it is not necessary that each and every such point should be touched on and replied to unless it is very important and relevant to the subject before the House and unless it affects the member. We are in the third reading stage and already 20 minutes have been taken up by the honourable member. There are other speakers after him and the business of the House has to go on without any unnecessary waste of time. So please confine the rest of your observations to the Bill before the House.

Sj. JYOTI BASU: আপনার অনুরোধ রক্ষা করবার চেষ্টা করব। প্রধান মন্ত্রী এই বিল আলোচনা কালে উত্তেজিত হয়ে বললেন তিনি এইমাত্র telegram পেলেন তাঁরা বর্ধমানে জিতেছেন। West Bengal Security Actএর সংগে এর কি সম্পর্ক আছে? জিতেছেন তা খুব ভাল কথা Muslim Constituency আপনাদের জন্য চেষ্টা করবে তা আমরা জানি, কারণ কংগ্রেসকে ভোট না দিলে চলে যেতে হবে একথা আশা করি অনেকেই মানবেন। তারা এখন কংগ্রেসে যোগ দিলে দু'দিন পরে কংগ্রেস ছেড়ে দিয়ে চলে যাবে। আমি শুধু এটা বলতে চাই এসব কথার কোন প্রয়োজন ছিল না। দুইদিন ধরে অনেক প্রকার কথাবার্তা বলে এটা বোঝনোর চেষ্টা চলছে যে এই বিল চার দরকার। আমি কিন্তু দেখাবার চেষ্টা করছি এবিলের কোন প্রয়োজন নাই। এই বিলটা যদি আইনে পরিণত করতে হয় তবে গণতন্ত্রের বুলি আওড়িয়েই করতে হবে। আমরা ধনীর গণতন্ত্রে বিশ্বাস করি না। যে গণতন্ত্রে মানুষকে বিনা বিচারে আটক ও restriction করা যায় সে গণতন্ত্রে আমরা বিশ্বাস করি না। এটা ধনীর গণতন্ত্র বলে যদি এই বিলটা পাস করানোর চেষ্টা হোত তা'হলে আমার আপত্তি ছিল না। স্পীকার মহোদয়, একটা কথা আমার মনে হয়—তাহচ্ছে এই যে, প্রধান মন্ত্রীর পক্ষ থেকে অনেক অবান্তর কথা বলা হয়েছে ব'লে আমার ধারণা। এই যে restriction সম্বন্ধে এত কথা বলা হলো এটা নাকি খুব reasonable হয়েছে; তাহলে আর কথা কি ছিল। আমি দেখাবার চেষ্টা করেছি এই সব কথা বলে কিছুই লাভ হয় না। আপনাদের পুলিস দপ্তর থেকে যে সমস্ত charge-sheet দেওয়া হয় তার বেশীর ভাগেই মিছে কথা লেখা থাকে। মিছে কথার উপর reasonable unreasonable

এসব কথা উঠে না। আপনাদের তো এই সব কথা জানবার কথা নয়, আর জানলেও বিশ্বাস করেন না। যে সমস্ত record পুলিস তৈরী করেছে সেসব সম্বন্ধে দুই-চারটা কথা আমরা বলতে পারি কিন্তু সে ভুল তো আমরা দেখিয়ে দিতে পারছি না কারণ আমাদের record দেওয়া হবে না। কাজেই এই সমস্ত কথার কোন মূল্য নেই। Restriction আইনে কোনটা reasonable আর কোনটা unreasonable তা বোঝা মুস্কিল। Advisory Boardএ যাঁরা থাকবেন তাঁরা কিসের উপর বিচার করবেন? এখানে তো আইনজ্ঞ আছেন, তাঁরা যদি বুঝিয়ে দেন তা'হলে কৃতজ্ঞ থাকবো। J. C. Gupta মহাশয় আছেন, তিনি একটু বুঝিয়ে দিন reasonable আর unreasonable Judge কিসে বিচার করবেন। আদালতে যদি বিচার হয় সেটা বুঝতে পারি। বিচারপতিদের কথা বোঝা যায়। আর একজন সদস্য বলেছেন এতে ভয় পাওয়ার কি আছে—আপনি বে-আইনী মিটিং না করেন, State এর বিরুদ্ধে অন্যায় কিছু না করেন তাহলে ভয়ের ব্যাপার কিছু নাই। আপনাদের তো আর তাহলে কিছু করা হবে না। এখানেই তো মুস্কিল। যাঁরা এদিকে বসেন আর যাঁরা ওদিকে তাব মধ্যেই তো ফারাক। ওদিকে বসে অনেক গরম কথা বলা যায়। এ কথা সহজেই বলা যায় যে আপনারা এত ভয় করছেন কেন? যিনি এখন এই কথা বলছেন তিনি যদি তার অতীত কাহিনী চিন্তা করে দেখেন তাহলে বুঝতে পারেন, তিনি পূর্বে যা বলেছেন এখন ঠিক তার উল্টো বলছেন। আমি খুদাবক্স সাহেবের কথা বলছি। দুর্ভাগ্যবশতঃ আমি যদি ওদিকে বসতাম তাহলে আমিও ঐ ধরণের কথা বলতাম।

রতন লাল ব্রাহ্মণ, তিনি একজন M. L. A.। তিনি এখানে আসতে পারছেন না, শুনলাম তাঁর নামে গভর্ণমেণ্টের তরফ থেকে একটা warrant আছে—এটা reasonable না unresonable কি হবে? কংগ্রেস গভর্ণমেণ্টের ভয় যে, তিনি যদি বাইরে থাকেন, তাঁকে যদি ধরা না হয় তা'হলে coming electionএ Darjeelingএর পাঁচটা seatই Congress হারবে। এটা আমি জানি এবং Congressএর লোকরাও জানেন। আমি তখন তাঁকে বলেছিলাম "ভাই তুমি বাইরে থাকতে পারবে না"। রতনলালের পক্ষে সেটা হয়েছে, আমার পক্ষেও হয়ত শীঘ্র হবে, আমি জানি। আমি বিশ্বাস করি রতনলালের বিরুদ্ধে যে charge দিয়ে তাকে জেলে আটক করা হয়েছে সেটা বিচারে টিকবে না। আমি এখানে লিখে দিয়ে যেতে পারি যে প্রধান মন্ত্রীমহাশয় যত বড়ই উকীল বা Advocate-Generalকে নিযুক্ত করেন না কেন এবং রতনলালের বিরুদ্ধে যে কোন chargeই থাকুক না কেন, আমি Advocate-Generalএর বিরুদ্ধে লড়াই করে, রতনলালের পক্ষে দাঁড়িয়ে, তাকে খালাস করে আনবই। আসল কথা হচ্ছে যে রতনলালকে কেন detain করা হয়েছে? এইটাই আমাদের মুস্কিল—এখানে আমি কি বলব? ঐ জন্যই আমাদের ভয় করে। আমার বিরুদ্ধে চারটা মিথ্যা charge দিয়ে, ছয় মাস আমাকে জেল খাটিয়েছিলেন—আপনারা কংগ্রেস মন্ত্রীমণ্ডলীরা। তাই বলছি ভয় করছি। প্রধান মন্ত্রীমহাশয় যদি চান আমার chargeগুলি সম্বন্ধে দেখিয়ে দিচ্ছি তাঁর পুলিশ কর্মচারীরা কতবড় মিথ্যা কথা বলে আমি এ কথা প্রমান করে দিতে পারি to his satisfaction. কাজেই আমি বলি যে জিনিষ আমি দেখছি—আইন-সভার সভ্যকে যদি এইভাবে treat করতে পারে সরকার বাহাদুর তাহলে দেশে যে সমস্ত সাধারণ লোক আছে তাদের প্রতি যে কি ব্যবহার করবে এই আইনের বলে—তাই আমার একটু ভয় হয়। সেই জন্য এই বে-আইনী আইন দিয়ে আপনারা কি করবেন তা আমি জানি।

আমরা এই সরকারকে ধ্বংস করতে চাই। এই সরকারকে আমরা গদীচ্যুত করতে চাই, এবং নিশ্চয়ই আমরা তা করব। এরজন্য আমরা সাধারণ মানুষের কাছে যাব, তারাই আপনাদের সরিয়ে দেবে। আপনারা এখানে ইংরাজী আমলের আইন আর কতদিন চালাবেন। আপনারা যখন law and orderএর কথা বলেন তখন অন্ততঃ আইন আদালতগুলিকে ঠিকভাবে থাকতে দিন।

গতকাল আমি যখন Communist Officeএ যাই তখন শুনলাম আমাদের অনেক জায়গা Police থেকে search হয়ে গিয়েছে। আমি একজনকে জিজ্ঞাসা করেছিলাম মহাশয়, ব্যাপারটা কি? হঠাৎ এই search? তিনি বললেন আমি বলতে পারি না—হঠাৎ এই search হ'য়ে গেল। এইভাবে আমাদের arrest করা হয়, সেই জন্যইত্ আমাদের ভয় হয়। ১৯৪৮ সাল থেকে এই সমস্ত বে-আইনী আইনের বিরুদ্ধে আমরা লড়াই করে আসছি, ভিতর থেকে এবং বাইরে থেকে। আগে বেশী সভ্যকে আমাদের সাথে পাইনি, কিন্তু আজ সৌভাগ্যবশতঃ অনেক সদস্যকেই আমাদের সঙ্গে পেয়েছি। বাইরের অগণিত জনসাধারণ আমাদের সঙ্গে

একতাবদ্ধ হয়ে এই বে-আইনী আইনের বিরুদ্ধে সংগ্রামের জন্য প্রস্তুত হচ্ছে। আপনারা হয়ত সংখ্যা গরিষ্ঠতার জোরে এই বে-আইনী আইনকে পাশ করিয়ে নিতে পারেন কিন্তু বাইরের গণতান্ত্রিক জনসাধারণ এই আইনকে কখনই মেনে নেবে না।

এই আইনের বিরুদ্ধে প্রতিবাদ করে কালকে ডাঃ ঘোষ বলেছিলেন যে "আপনাদের প্রতি আমাদের কোন loyalty নেই, আমাদের loyalty জনসাধারণের প্রতি।" জনসাধারনের বিরুদ্ধে যদি গভর্ণমেণ্ট কাজ করেন তাহলে সেটি ইতিহাসে রচিত হবে..এবং তার স্থান হবে dust-binএএবং সেখানে কংগ্রেসী মন্ত্রিমণ্ডলী-দেরও যেতে হবে সেটা বেশী দেরী নেই, অদূর ভবিষ্যতে হবেই।

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পীকার মহোদয়, যে বিলটা পাস করতে যাচ্ছেন, আমাদের এই দিক থেকে আমরা বলছি যে বর্ত্তমান অবস্থায় এই বিল আনার কোন প্রয়োজন ছিল না। যিনি বিলটা উত্থাপন করেছেন, তিনি বলেছেন এই বিলটা আনার অত্যন্ত প্রয়োজন ছিল এবং সেই প্রয়োজন সম্বন্ধে তিনি একটা বিষয় উল্লেখ করেছেন সেটি হচ্ছে এই যে constitutionএর যে নূতন সংবিধানের যে নূতন সংশোধন হচ্ছে, তার সঙ্গে সামঞ্জস্য রক্ষা করবার জন্যই এই বিলটা আনা হয়েছে এবং সেইজন্য তার Statement of Objects and Reasonsএ বলা হয়েছে The definition of prejudicial report in clause 4 of section 2 of the West Bengal Security Act, 1950, has been altered in view of the recent amendment of Art. 19(2) of the Constitution;

এখন দেখা যাক সংবিধানের যে সংশোধন হচ্ছে, সেই কারণে যদি এই Security Actকে কোন সংশোধন করতে হয় তাহলে সংশোধন সম্পূর্ণ হচ্ছে না। আমার নিবেদন এই যে যদি সেই একটা কারণ হয় তাহলে আমি বলবো যে এই বিল incomplete বা defective। সেই জন্য এই সংশোধন অনুসারে যদি Security Act সংশোধন করতে হয় তাহলে আরো অনেক দূর যাওয়া উচিত ছিল। দেখা যাক যে constitutionএর এই সংশোধন কি? সেই সংশোধন হচ্ছে Article 92, সেটা হচ্ছে যে, এই যে fundamental right constitutionএ দেওয়া হয়েছে, সেটার মধ্যে freedom of speech and expression কোন অবস্থায় এই জিনিষটাকে খর্ব করা যাবে এই সংশোধনে সেই কথা বলা হয়েছে। তাতে এই কথা বলা হয়েছে।

Nothing in sub-section (*a*) of clause 1 shall affect the operation of any existing law or prevent the State from making any law in so far as such law imposes reasonable restrictions on the exercise of right conferred by the said sub-clause in the interest of the security of the State.

এখন আমরা দেখছি যে এই যে সংশোধন হল constitutionএ তাতে prejudicial reportএর definitionটা, মাত্র সংশোধন করা হয়েছে। Definitionকে সংশোধন করে এই amendmentএ যে যে কথা বলা আছে সেই সেই জিনিষগুলিই মাত্র করা হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে এই, যে prejudicial reportটা যদি সংশোধন করা হয় তাহলেও দেখা যাচ্ছে তার দ্বারা কিছু হল না যেমন যে যে বিষয় এই freedom of speech and expressionকে খর্ব করা যেতে পারে সেই সেই বিষয়ের সংশোধন এর প্রয়োজন ত বটে কিন্তু সবচেয়ে বড় কথা হচ্ছে সেখানে যে restriction দেওয়া যাবে সেটা reasonable হওয়া চাই। এখন দেখা যাক prejudicial reportএর জন্য এই আইনের মধ্যে যে যে জায়গায় বিধান আছে সেখানেই freedom of speech and expressionকে arrest করা হয়েছে। সেই সমস্ত ধারায়, এই সমস্ত sectionএ যদি এই অনুসারে এই সংবিধানের সঙ্গে সামঞ্জস্য রাখার জন্য সংশোধন না করাও হয় তাহলেও এই বিলটা defective হয়ে আছে এবং incomplete হয়ে আছে। High Courtএ একটা রায় দিয়েছে যে, যে সমস্ত restriction ছিল তাতে বলা হয়েছে যে এইটা regular restriction হচ্ছে না। সুতরাং এটার সংশোধন করা হ'ক। কিন্তু prejudicial report সম্পর্কে যে সমস্ত ধারা আছে, সেই সমস্ত ধারা অনুসারে কোন caseই High Courtএ যায়নি; যদি গিয়াও থাকে, সেগুলি ভালভাবে আলোচিত হয়নি। এই সংবিধান অনুসারে যে prejudicial report আছে তা যদি সংশোধন না করা হয় তাহলে Government বলতে পারেন যে সমস্ত ধারা আছে—যে সমস্ত restriction আছে সে সমস্ত তাদের কথা অনুসারে চলবে। দেখা যাক। একটা ধারা Governmentকে দেখিয়ে দিচ্ছি যে এখানে section (4)এর সংশোধন করেছিল কিন্তু সেই অনুসারে যে সমস্ত

ব্যবস্থা আছে সেগুলি আরো সংশোধন করা দরকার। এই section (12)এ একটা বিষয় সরকারকে দেখিয়ে দিচ্ছি, সেটা হচ্ছে proscription of the documents. কিন্তু কোন বইগুলি proscribe করবেন। এই ধারায় বলা হচ্ছে "Where in the opinion of the State Government any document made, printed or published, whether before or after this Act comes into force contains any prejudicial report....."

কেবলমাত্র prejudicial report, এই কথাটাই সংশোধন করা হয়েছে। এতে বলা হয়েছে ".....the State Government may, by order, require the author, printer, publisher or the person in possession of such documents not being a newspaper to (*a*) inform the authority specified in the order of the name and address of any person concerned in the making of such report, (*b*) provide for the safe keeping by person in possession of such documents and copies thereof, (*c*) require the delivery of such documents and any copy thereof to any authority specified in the order, (*d*) prohibit further publication, sale or distribution of such documents or any extract therefrom or of any translation thereof including in the case of a newspaper or other periodical the publication, sale or distribution of any subsequent issue thereof and declare such document and every copy or translation thereof or extract therefrom to be forfeited to the State.

(2) Where in pursuance of sub-section (*1*) any document is required to be delivered to a specific authority, that authority may enter upon and search any premises whereon or wherein such document or any copy thereof is or is reasonably suspected to be.

(3) Where in pursuance of sub-section (*1*) any document has been declared to be forfeited to the State, any police officer may seize any copy thereof wherever found or any Magistrate may by warrant authorise any police officer not below the rank of a Sub-Inspector to enter upon and search any premises whereon or wherein such document or any copy thereof is or is reasonably suspected to be."

এখন দেখা যাক যে কোন বই, কোন documents, কোন publication তাঁরা proscribe করবেন? এই sectionএ বলা হচ্ছে যে, যেখানে Governmentএর মত হবে সেইখানেই তাঁরা proscribe করবেন। Governmentএর হয়ত মনে হয়ে গেল এই বইগুলির মধ্যে এমন জিনিষ আছে যা prejudicial for the public interest, যার publicationএ public morality এবং decency নষ্ট করছে, তখনই তিনি সেইগুলি proscribe করবেন।

কোন election হচ্ছে সে সম্পর্কে একটা publication বেরুলো, গভর্ণমেণ্টের মনে হলো এই কাগজের মধ্যে, এই ইস্তাহারের মধ্যে এমন জিনিষ আছে—যাতে public order, decency or morality নষ্ট হবে, অমনি সঙ্গে সঙ্গে সেটা proscribe হয়ে যাবে। এক ব্যক্তি ধরুণ ৫ হাজার টাকা খরচ করে একটা জিনিষ কিনেছে গভর্ণমেণ্টের মাত্র মনে হলো যে এর মধ্যে একটা কি খারাপ আছে আর অমনি গভর্ণমেণ্ট সেটাকে বাতিল করলেন" আমি স্পীকার মহাশয়কে জিজ্ঞাসা করছি——এইভাবে এই যে restriction order দেওয়া এটা at all reasonble কিনা? তাঁদের যেটা প্রয়োজন আছে, High Court যেটা বলে দিয়েছেন সেটা তাঁরা সংশোধন করলেন, কিন্তু prejudicial report সেটা সংশোধন করছেন না এ আইনের তাহলে কি আবশ্যকতা আছে? আর যদি আবশ্যকতা থাকে, তাহলে যতদূর যাওয়া দরকার ততদূর যাওয়া উচিত ছিল। তাঁদের বাহ্যিক কার্য্য দেখে অনেক সময় তাঁদের যে তার পিছনে কি উদ্দেশ্য থাকে সেটা অনুমান করা যায়। শুধু এইটে সংশোধন করে নিচ্ছেন কিন্তু যে restriction দিতে হবে সেটা তাঁরা সংশোধন করছেন না। সুতরাং সমস্ত sectionটা যতক্ষণ না সংশোধন করেন ততক্ষণ এটা গৃহিত হতে পারে না। সেই জন্য আমি বলছি বিলটা এই Houseএ গৃহীত না করিয়ে এঁরাকে ওঁরা withdraw করুন। এই বিলের ধারা অনুসারে যদি কোন বই ওঁরা proscribe করেন, সঙ্গে সঙ্গে

High Court তাকে *ultra vires* declare করবেন। তাতে সমস্ত জিনিষটা শুধু ওঁদের ঘাড়েই নয়। আমাদের ঘাড়েও এসে পড়বে। ওঁরা অভ্যস্ত হতে পারেন কিন্তু আমরা অভ্যস্ত নই। তাই আমি আবার অনুরোধ করছি—তাঁরা এই বিলটাকে withdraw করে নিন।

Sj. J. C. GUPTA: Mr. Speaker, Sir, I had no intention of intervening in this debate but my honourable friend Sj. Jyoti Basu has requested me to tell him what "reasonable" would mean and does mean and hence I stand. You know, Sir, I have a feeling of a sence of frustration regarding this Security legislation. When originally the Security Bill was passed,—Dr. Ghosh was in charge—I made no secret of my objections to the Bill and if you will excuse my making a personal reference it was at my insistence that the word "reasonable" was introduced in that Act—reasonable grounds. Then that word was removed and I have only this satisfaction that the High Court and the Supreme Court decided and then it is now accepted that the grounds must be reasonable and justifiable. At that time when I opposed the Act, I was told by the then Government giving certain information why a Security Act was necessary. I therefore did my best to restrict the operation of the Act to those cases and those cases only, and I insisted that this Bill should not be applied for political reasons, and Dr. Ghosh in deference to my wishes did make a statement. But whether that was actually acted upon has been questioned by many, because if I remember aright some political persons were also proceeded against. However, that is neither here nor there. Today it has been said that there is no necessity, everything is all right, public security is not in danger. We are not to shut our eyes in such a way as to criticise a measure which certainly is not popular both for the people who have the misfortune to administer it or those against whom it is applied. Sir, even in Calcutta today people cannot carry their moneys in safety. You see in the banks the hold-ups and all these things happen, and it cannot be said that the people can in all circumstances prevent any act of insecurity as my friend Mr. Jyoti Basu has said. As a matter of fact we ought not to ignore all these facts, unfortunate facts which necessitate such objectionable measures. But if any Government has got to justify itself, if the Government must look to the security of the people committed to its charge, then it has to take these powers. That is what I understood to be the situation when originally the Bill was enacted, and today it is not possible for anybody to say that the circumstances have so improved, that the security of the State has been so ensured on account of the public feeling or public opinion that no such measure is necessary. I am afraid I cannot agree to that proposition. But I must now answer the question that has been put to me as to what is the meaning of "reasonable". If one would look at the conditions attached for application of this Act in other places like England, America and in other countries, he will aways find that there is an Advisory Board who examine the materials that are placed before them by the Government. I insisted on the appointment of such an Advisory Board and placing the reasonable grounds before them as Dr. Ghosh very well knows about it, and I believe that Advisory Boards are the only protection against arbitrary application and arbitrary use of these powers by the Government. Unfortunately, we are meeting with situations where specially after the last war illegal arms and user of arms are found on all sides, and some security measures have to be taken. It is not always possible in those cases of dangerous acts and dangerous criminals to get evidence and convict them in open courts though it is always better and everybody desires that nobody should be deprived of his independence or freedom of action without a trial before court, but unfortunately we see that there are persons who do these things in secret and evidence is not available, and if the society is to be protected from the

oppressions by such persons every Government has got to take powers. But if this Act is applied for the purpose of preventing the activities of the political opponents nobody will say that this Act was at all intended for that purpose, and a Government which applies this Act for the purpose of subduing or preventing the opponents in a political contest, I think, does the greatest harm to itself. They will be condemned before the public, and I am sure when an election is coming no responsible Government, no responsible person will misuse these powers so as to incur public displeasure.

There was another aspect from which I thought that the criticism over here with regard to the amended sections in this amending Bill was somewhat inopportune. The whole Act is not before the Legislature. The new sections seek to lessen the rigours of the Act in accordance with the decisions that have been given by different courts, so that the other party has taken advantage of these amending clauses but really they have spoken against the original Act. The original Act which was necessitated at a time when the previous Government under Dr. Ghosh was in power is continuing, and it is an amendment of that Act. It has been said that public order cannot be understood, but "security of State" is very wide. But I do not think that we ought to indulge in criticism like this merely for the sake of criticism. We ought to point out that apart from ensuring the security of the State which means the security of the people the State security cannot be divorced from the security of the people. I do not believe that a State as Government has one security, and the people another. Such a State is not to be considered a responsible State, but here we must calmly consider it having regard to the difficulties that we have to face and the Government have to face, having regard to the forces of disorder which have unfortunately been released in such a degree that the life and property of the individual is not safe even in a town like Calcutta where so many measures—I mean flying squads, telephones and other things are there—and yet in day light we find that daring dacoities are committed. Having regard to that, to say that there is no necessity of any measure for security is, I submit, ignoring facts, and I beg of my friends to consider this. I am at one with them in appealing to the Government and in telling the Government that this Act should never be used for political purposes and against political opponents. This Act can have only one use and one justification, and that is ensuring the safety of the people and the security of the State. This is, I hope, what this Act will ensure, and I believe that the answer that I gave to my honourable friend regarding the necessity of having the word "reasonable" will satisfy him. (Sj. JYOTI BASU: It is not there.)

Mr. SPEAKER: Mr. Gupta your time is up.

Janab SYED BADRUDDUJA: Mr. Speaker, Sir, I was not inclined to intervene in the debate. I was watching with very close attention the last flickering lamp which was about to die out. When our funeral ceremony has been performed in this House one should feel rather disinclined to take part in the debate in an unreal atmosphere, especially when sterner realities outside call for more serious attention. But certain considerations which have been before this House have compelled me to intervene in this debate at this late stage. Sir, certain observations have been made by my honourable friend Sj. J. C. Gupta just now that when forces of disorder are rampant throughout the country, when life and property of the people are at stake, naturally there is justification for the introduction of amendments in every session to curtail the liberties even of Hindus and other people of the State. How I wish the Government applied the provisions of the Security Act against the gangsters, against dacoits, against robbers, against black-marketeers and not certainly against innocent subjects of the

State or the political parties in the country. How I wish they spared the innocent persons who have been trapped in on the flimsiest pretexts supplied by interested quarters. Sir, I would not go into details at this stage, but I will only refer the Chief Minister to the recent arrest made under section 11(3) of the Security Act of the Editor of "Angara". I do not know who supplied the information to the Government of West Bengal. I do not know on what materials the particular gentleman, the Editor of the paper, was arrested. Perhaps the translator does not understand the Urdu language well and so could not properly translate the passages and put the head lines and therefore the arrest has been made. Sir, I have copies of the issues on which the poor fellow has been arrested. He has shown fidelity to the State, he has shown loyalty to the State in no unmistakable terms. All that was done by him was that he put under headlines certain statements from various newspapers of India and Pakistan condemning in no uncertain terms the war psychosis that was being developed and fomented by these newspapers. In the interest of stability and security of the State, in the interest of helping the peaceful relation to subsist between the two neighbouring States he wanted to condemn them and in the editorial of the 2nd August he went on condemning the spies set up by the Pakistan Government in India, the spies who supply information from India to the Government of Pakistan. For this fault—for condemning this mischievous and spurious and sinister activities of certain spies of Pakistan—for supporting Government, for showing unstinted loyal allegiance to the State, this geltleman had been trapped in. The fault is that there was a fly in the ointment that this gentleman had the temerity to say that there were mal-practices at the Howrah by-election. Sir, there were forces behind it, there were conspiracies hatched behind the scene and they were waiting for an opportunity. Sir, I have got the papers with me and if you like and if the members on the other side like I can read the passages. I do not know whether you would be able to understand Urdu properly but I can translate them also to show where is the ground, where is the charge, what are the materials on which this gentleman could be arrested under the Security Act—under section 11 of the Act which says that imprisonment can be up to 5 years and, Sir, what is the remedy for this gentleman? Of course there is an Advisory Board which is supplied with certain materials which may be real or spurious and these are supplied by the police and sometimes by the Enforcement Department. These materials are sufficient to arrest and arraign a man and send him to an imprisonment for 5 years. This is one instance. The second instance. I would not refer to this instance in detail but I would refresh the memory of this Government. Some time in 1948 a particular gentleman whose name was Sitabuddin had decided to go against a particular Sub-Inspector and another Muslim gentleman named Mozammal Hossain filed a suit against another Assistant Sub-Inspector. Naturally, immediately after that both the complainants and the witnesses were trapped and put into custody under the Security Act. This is the application of the Security Act. There is no mention of the reasonable grounds anywhere. It is a misfortune and a cruel tragedy of public life in India that this sort of reactionary legislation is being introduced under the Congress regime in spite of the fact that they have in the past given assurances and pledges that this sort of legislation will not be introduced. They held out pledges from time to time before the partition of India,—before the achivement of freedom, before the attainment of the long-cherished object for which many people mounted the gallows and faced the storm, braved the danger, went through the baptism of fire, agony and misery for 40 to 50 years—but they have betrayed those pledges. We thought that on the eve of election the Government of West Bengal or for the matter of that the Government of India will have the decency, courtesy, fairness, sense of

fair-play and justice not to introduce this reactionary legislation to curtail further the liberty and the freedom of the people, to curtail further the civil liberty of the people. Sir, the High Court is the only sanctum of justice, free from communal, parochial or sectional bias and now even the judgment of the High Court is sought to be circumvented by bringing in certain amendments before the House in order to cure the defects, the irregularities, the inconsistencies, the lacunae, the laches which were inconsistent with the very spirit of the Constitution. The West Bengal Government has come forward with amendments which want to take away the rights of the people. I wish the Government had spared us for a while at least. We have apprehension that this law will not be applied against the gangsters, dacoits, communalists, communists but will be applied against those who do not see eye to eye with the Government of the land. This law will be applied more particularly against their political opponents, against those who are out to oust this Government. Like Mr. Jyoti Basu who says that this Government may go out tomorrow I have not the temerity to forecast that this Government is hurrying to its doom. I do not know what will actually happen. As Muslims we believe in the saying

تعز من تشاء و تذل من تشاء Providence alone can shape the destinies

of the people, if the Providence has placed you at the helm of affairs to guide the destinies of the vast number of Muslims placed under your charge, I would request you to rise to the height of the occasion and bring in such legislation which may be beneficial to the interests of the people. I would never ask you to impose restrictions which might curtail the civil liberties of the people for which the people have fought for decades together. Just after partition of India into Pakistan and India and Pakistan and West Bengal, there were unsettled conditions in the country and that called for certain drastic measures, because there were forces which were out to create and perpetuate disorder and chaos in the country, as extraordinary situation sometime calls for extraordinary legislation. extraordinary measures to cope with the situation, to cope with the vast increasing complexities of the situation, to cope with the vast rising tempo of communal passion, to cope with the vast rising forces of corruption and bribery, black-marketing threatening the State. But I do not know when the conditions have settled down to the normal and even the communist party which was put under ban has been declared legal, when you are talking of the freedom of expression, on the eve of election why you should introduce a piece of legislation which curbs the right of the people, which curbs the freedom of expression, which curbs the civil liberties of the people in this country in the most objectionable fashion.

My friend Mr. J. C. Gupta has just observed that the security of the State and the security of the people are synonymous terms. How I wish they were so. If they were so, there was no room for any agitation, no room for any controversy, no room for criticism for this reactionary legislation. Sir, my conception of democracy is not what the Hon'ble the Chief Minister observed. My conception of democracy is that individual rights and liberties and individual responsibility must be reconciled with the responsibility of the whole State. The State must exist for the individual and the individual must exist for the State. We are so many organs contributing to the development and growth of the entire system and the system also must contribute to the growth and development of the entire organism. Naturally, therefore, we feel that an attempt is being made to curtail the organs, to crush the organs, to paralyse the organs, to terrorise the organs, to secure the submission in the most objectionable fashion. There is a revolt, there is an agitation, there is a controversy, there is a condemnation, there is a denunciation all round for this piece of

legislation. Therefore I would appeal to the Government that on the eve of election they should withdraw this Bill even at this stage. Sir, are not the provisions of the Security Act sufficient to cope with the situation? Are not those provisions which have been passed in the teeth of opposition, in the teeth of overwhelming opposition from all over the country sufficient to cope with the situation? Are not the courts in the land, the High Court and the other courts, the Supreme Court, sufficient to deal with the situation in these cases? Sir, the whole thing depends on the gravity in the minds of the sincerest well-wishers and friends of the State and of India, because if innocent people are trapped or if political opponents are trapped or if even the members of the legislature do not escape and cannot avoid imprisonment on documents which may be fabricated or concocted, then how can you cope with the situation. Even the members of the Legislature do not escape: political individuals who differ from the Government do not escape the vigilance of the Security Act. Is not the High Court sufficiently dependable? Is not the Supreme Court sufficiently dependable? Is not the ordinary Judiciary in the land prepared to protect the liberty of the people? If so, what is the necessity of bringing in and passing this piece of legislation which circumvents the judgments of the High Court. The High Court is there with a vigilant eye to see that there is no miscarriage of justice in the land. So for correcting our vagaries and miscarriage of justice in any shape at all, why not trust the High Court? Why drag in High Court Judges to sit on the advisory board to advise Government in this matter? Why should you take recourse to this blandishment to drag in High Court Judges to advise the Executive Government? This is one reason why I say that the Judiciary should be independent of the Executive. Sir, I do not see any reason why a Judge of the High Court should condescend to serve the Government on its advisory board. I am not attacking or criticizing the judge of the High Court. I am not casting any aspersion on him. He is there in the High Court to protect us against oppression, against tyranny committed in the name of law, in the name of law and order, in the name of the maintenance of public security.

Coming to section 2 which is still there, is there any sensible man, unless he has lost his head, who does not want the security of the State? Is there any man in the State or for the matter of that in the whole of of India, who does not want to maintain public order? As a Mussalman I feel that unless there is a stable Government, if there is chaos and confusion in the country, if there is an unsettled condition prevailing in the country, Mussalmans will be the worst victims of oppression and tyranny. Naturally we will concentrate all our activities and show a spirit of cooperation to any Government that exists in the land, in order to stabllise the condition of the country so that the Mussalmans and other minorities may be safe under the protecting wings of the Government of the State.

Coming to decency and morality, who does not want decency and morality? If indecent overtures are made even in the name of law and order, if in the name of security of the State, if in the name of civilisation and culture, if in the name of freedom, equality, nationalism or any other conception of human society, if in the name of slogans people are indulging in irresponsible talks or indecent overtures, I do not know if there is any responsible person who will countenance that, foster or encourage that. Sir, we shall always try to check this growth of indecency or immorality in the State.

As regards friendly relations with foreign States it is a matter which touches me most. I am the last person to stand against any friendly relation with our neighbouring State. I do want that Mussalmans of India who constitute 4½ crores should remember that there are a crore and

fifteen lakh Hindus across the border. And it is in the interests of both Hindus and Mussalmans that this friendly relation must be stabilised, this friendly relation must be established between our two neighbouring States. There are newspapers and journals, there are organisations and associations that exist in the land which foster and foment unfriendly relationship between our two neighbouring States. There is the Hindu Mahasabha, there is the Rastriya Swayam Sevak Sangha and other communal organisations which foment troubles and rouse communal passions in order to vitiate and corrupt the whole atmosphere of the country.

Mr. SPEAKER: Mr. Badrudduja, you have made enough references to communal and other matters. Please now come to the Bill itself.

Janab SYED BADRUDDUJA: I would appeal to the Government in the name of stability, in the name of security of the State to take notice of those organisations rather than to drag in poor and unfortunate innocent people who cannot afford to be fully represented on the advisory board, on the most flimsy, mischievous and spurious reports supplied by some police officer I had occasion only recently to approach the Hon'ble the Chief Minister in connection with a case in my own constituency of Dhuliangani where an unfortunate person was arrested under the Preventive Detention Act. This person had helped the Government in securing one lakh of rupees worth of goods which was being smuggled across the border but because of the conspiracy of the other party he was dragged in. There was a conspiracy which had been hatched in secret and he had to remain in jail for five or six months. His case was sent to the advisory board and the Chief Minister wanted to help him. He was very generous to me when I appealed to him but he could not save that innocent person who had an unblemished record of service and who had helped the Government but still he could not be helped by the Government. That created an awkward situation and Government had to wriggle out of that desperate situation. Therefore, Sir, with all the emphasis at my command, with all the seriousness at my disposal, on the ground of the security of the people I condemn any attempt to introduce any legislation which smacks of reactionarism, any legislation which wants to curtail the civil liberty of the people, any legislation which cuts across the very conception of democracy, any legislation which sits tight as a nightmare upon the hearts of the people, any legislation that creates misapprehensions, that creates misgivings, doubts and suspicions in the minds of the people that on the eve of the election these reactionary provisions of the Security Bill will be used against political opponents, as was done in the Howrah by-election and in the case of the ex-Editor of "Abgara" who had the courage to go against a particular Minister and against the corrupt practices adopted in the by-election at Howrah.

Sir, the Hon'ble the Chief Minister while referring to a certain observation of the then Chief Minister, Dr. P. C. Ghosh, said, "The Security Act was meant for the communalists and the blackmarketeers." Sir, how I wish it was so. But unfortunately we find that on the eve of the Hyderabad troubles, on the eve of the apprehended Kashmir troubles, police officers began to discover plots of conspiracy and poor, innocent Mussalmans were dragged in as spies of Pakistan. In that way, Sir, the four crores of Mussalmans might be trapped in a moment on this flimsy pretext. But if there is really any charge against them, why are they not sent up to the Subdivisional Officers, the District Magistrates? Are they not fit enough, are they not competent enough to deal with such cases under the Indian Penal Code which still now exists? But on any flimsy pretext or ground, real or unreal, you arrest them, subject them to all sorts of trouble and drag them into jail. Sir, it may be that this Act is applied at times

against communalism but more particularly it is applied against those political individuals who have the courage to differ from you. I therefore appeal to the Chief Minister on the eve of the general election before we disperse and before he leaves the House with the blessings of Heaven above not to embitter the relation but to soothe the troubled water and create a condition for a better understanding so that the election may be free and fair and without any interference, and Mussalmans and Hindus and all other classes of people, to whatever political persuasion, to whatever culture, to whatever organisation they may belong, can exercise their franchise unfettered by any other consideration.

With there few words, Sir, I condemn this Bill.

Sj. HEMANTA KUMAR BASU : স্পীকার মহাশয়, এই Bill সম্বন্ধে যথেষ্ট আলোচনা হয়েছে। এই বিলটি যে অগণতান্ত্রিক তা আমাদের তিন দিকে বিরোধী দল তাঁদের বক্তৃতার মধ্য দিয়ে বুঝিয়ে দিয়েছেন। কারণ এই বিলের পিছনে কোন রকম জনসাধারণের সমর্থন নেই। যদি সরকার পক্ষের সাহস থাকত তাহলে এই বিল নিয়ে বাইরের জনসভায় আলোচনা করতেন, কিন্তু তা তাঁরা করেননি। বাইরে হাজার হাজার জনসভা হয়েছে কিন্তু কোন সভাতেই এই বিলের পক্ষে কোন সমর্থন পাওয়া যায়নি। সেইজন্য এই বিলটি সম্পূর্ণ অগণতান্ত্রিক। বর্তমান দেশের যে অবস্থা, সেই অবস্থায় এই বিলের কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। শ্রদ্ধেয় ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ কালকে তাঁর বক্তৃতার মধ্যে পরিষ্কার করে বলেছেন যে তাঁর মন্ত্রিত্ব কালে যখন বিলটি প্রস্তুত হয়েছিল তখন বিশেষ কারণে ও নির্দিষ্ট সময়ের জন্যই বিলটি তৈরী হয়েছিল। কিন্তু আজকে দেশের যে অবস্থা, সেই অবস্থায় এই বিলের কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। দেশে যে সমস্ত ডাকাতি ঘটছে সেগুলি দমন করবার জন্য পুলিশের যে বিশেষ চেষ্টা আছে তাও আমরা দেখতে পাচ্ছি না। এই Security Act দেশে থাকতে চুরি ডাকাতির সংখ্যা কি কমে গিয়েছে? দেখা যাচ্ছে যে সরকারের বিরোধী যে সমস্ত দল ও ব্যক্তি আছেন তাঁদের উপরই এই Security Act, সময়ে ও অসময়ে প্রয়োগ করা হচ্ছে। সেই জন্য আমি মনে করি বর্তমান অবস্থায় এই বিলের কোন প্রয়োজন নেই। প্রয়োজন ত নেই বরং যে সমস্ত রাজনৈতিক বন্দীদের এই Security Actএর আইনে আটক করা হয়েছে তাদের অবিলম্বে ছেড়ে দেওয়া উচিত, কারণ আগামী নির্বাচন আসছে, এবং Security Actএ যাদের ধরা হয়েছে তাদের যখনই কোর্ট বা আদালতের সামনে উপস্থিত করা হয়েছে তখনই দেখা গিয়েছে যে তাদের যে সমস্ত কারণে ধরা হয়েছে সেগুলি সম্পূর্ণ অমূলক। সেই জন্য আমি মনে করি এই বিলটি পাশ করা উচিত নয়।

SJ. SIBNATH BANERJEE: Sir, the ministerial bench is absolutely empty. Have they vacated?

Mr. SPEAKER: I think it is desirable that some of the Ministers should be here.

SJ. SIBNATH BANERJEE: Let us adjourn till they come back.

SJ. JYOTI BASU: I think they have gone for tea—it is 5 o'clock.

SJ. HEMANTA KUMAR BASU: স্পীকার মহোদয়, মন্ত্রীমহাশয় না আসা পর্য্যন্ত কি আমি বসে থাকব।

Mr. SPEAKER: Mr. Basu, don't you speak.

SJ. HEMANTA KUMAR BASU: স্পীকার মহোদয়, আমরা কয়েকজন যদি বাইরে যাই তাহলে কি House চলতে থাকবে?

Mr. SPEAKER: I am simply waiting for a few minutes. If they don't come, I will adjourn the House.

SJ. HARIPADA CHATTERJEE: It is a good lesson to them. This is an insult to you and to the House. Therefore, let us adjourn the House.

Dr. P. C. GHOSH: Let us also go out—then there will be no quorum.

Mr. SPEAKER: As there is no Minister in the House, I adjourn the House for 10 minutes.

(The House was then adjourned for 10 minutes).

(*After adjournment.*)

Mr. SPEAKER: Just before the adjournment I found that there was no Minister in the House. This is always regarded as disrespect to the House. Even after waiting for one or two minutes when nobody turned up, I had to adjourn the House. I wish that this ought not to be repeated again.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I am very sorry that this has happened, but it was really not premeditated. The only thing I wish is that discussion on this matter will be finished quickly.

Sj. HEMANTA KUMAR BASU : আমি প্রথমে বলেছিলাম যে এই আইনটা সম্পূর্ণ অগণতান্ত্রিক ও অবান্তর। তার কারণ এই Security Act পাশ হবার পর থেকে অসংখ্য সভা সমিতিতে এই আইনের প্রতিবাদ হয়েছে। সেইজন্য সরকারের উচিত ছিল—এটাকে জনমত গ্রহণের জন্য circulationএ দেয়া। যেহেতু সরকার জনমতের ধার ধারেন না,—সেই জন্যই এই circulation motionটা আনা হয়েছে। বর্তমান অবস্থায়,—আমি মনে করি এরকম আইনের কোন আবশ্যকতা নাই। এই বিলটা যে উদ্দেশ্যে এনে আইনে পরিণত হয়েছিল, সে উদ্দেশ্যে এই আইনটা প্রয়োগ করা হয় নাই, এবং রাজনৈতিক কারণে বিরুদ্ধ দলকে দমন করবার জন্য এই আইন প্রয়োগ করা হয়েছে। সেই জন্যই আবার এই সংশোধনী প্রস্তাবগুলি আনা হয়েছে।

শ্রদ্ধেয় ডা: প্রফুল্ল চন্দ্র ঘোষ সে সময় ঐ পক্ষ থেকে (pointing to Government Benches) বলেছিলেন—"এই আইনটা বিধিবদ্ধ করছি একটা বিশেষ সময়ে ও বিশেষ কারণে।" আমার মনে হয় এখন সেই বিশেষ সময় আর বিশেষ কারণ নাই। সুতরাং সকলেরই মনে সন্দেহ হচ্ছে—বোধ হয় আগামী নির্বাচনে এই আইনটার ব্যবহার করবার জন্যই এটার সংশোধন করা হচ্ছে। আমি মনে করি, এ আইনের আবশ্যকতা ত নাই-ই, বরং যে সমস্ত রাজনৈতিক বন্দীদের এই Security Actএ আটক করা হয়েছে তাদের সকলকেই ছেড়ে দেয়া হোক আগামী নির্বাচনের পূর্বেই।

কোন কারণে এখন এই আইনের সংশোধনের প্রয়োজন হলো। দেশে ডাকাতির সংখ্যা বেড়েছে কিন্তু তা দমন করা যাচ্ছে না, এইজন্য ? কিন্তু এই Security Act থাকা সত্ত্বেও (এবং বারবার কোরে তা amend করা সত্ত্বেও) ডাকাতির সংখ্যা কমছে না,—কেন ? সেটা তাঁরা নিজেদের জিজ্ঞাসা করুন। নিশ্চয়ই এর মধ্যে আরো কোন ত্রুটি রয়েছে যার জন্য ডাকাতি দমন করা যাচ্ছে না। এসব সাধারণ যে আইন আছে তা দ্বারাই দমন করা যায়। কারণ Security Act হওয়ার আগেও অনেক ডাকাতি হয়েছে এবং সরকার তা দমনও করেছেন। কিন্তু এখন দমন করা যাচ্ছে না কেন ?

এখন, আমি এই Security Act কি ভাবে প্রযুক্ত হয় সে সম্বন্ধে দুচারটি ঘটনার কথা বলছি। ১৯৪৮ সালে একদিন রাণাঘাট মহকুমার একটা ঘর থেকে "ডাকাত—ডাকাত" বলে চিৎকার করা হয়েছিল। আর তার পরের দিন হঠাৎ ১,২০০ লোককে Security Act অনুসারে গ্রেপ্তার করা হলো। আশ্চর্য্য এই যে, তিন মাস পর্য্যন্ত তাদের বিরুদ্ধে কোন charge দেয়া গেল না। সুতরাং তারা সবাই খালাস হয়ে যায়। তারপরে ১৯৪৯ সালে প্রায় ৩০০ জনকে গ্রেপ্তার করা হয়েছিল ঐ রকম ভাবেই। এই রকম যতগুলি ঘটনার বিবরণ আমার কাছে এসেছে, তাতে দেখা গেছে যে, রাজনৈতিক কারণেই এটার প্রয়োগ করা হয়েছে, এবং যে কারণের জন্য এ আইনটা তৈরী হয়েছিল সে কারণে প্রয়োগ করা হয় নাই।

সুতরাং আমরা দেখেছি জনসাধারণ তার জন্যে যত না দায়ী তার চেয়ে বেশী দায়ী পুলিস ও গভর্ণমেণ্ট officerরা। আমি অনেক জনসভায় জিজ্ঞাসা করেছি সাধারণ লোককে তারা আজকাল সরকারী অফিসে যেয়ে কি রকম ব্যবহার পায়। দেশের তো এখন স্বাধীনতা এসেছে; সরকারী কর্মচারীরা পর্বের মত ব্যবহার

করে না "এস ভাই, বস ভাই, তোমার কি দরকার ভাই" কোরে অভ্যর্থনা করে। আমি প্রায়ই যা জবাব পাই যে এখন অবস্থা নাকি পূর্বের চেয়ে শোচনীয় হয়েছে। যদি সরকারী কর্মচারীদের কাছ থেকে সদ্ব্যবহার না পাওয়া যায় তাহলে লোকের অশান্তি বাড়বে এটা স্বাভাবিক; সুতরাং আমি মনে করি যে Security of state in danger এই কথা বলে মন্ত্রীমহাশয়রা প্রায়ই চীৎকার করেন বটে তবে রাষ্ট্রীয় নিরপত্তা বিপন্ন হওয়ার একটা ঘটনাও দেখাতে পারবেন বলে আমি বিশ্বাস করি না। সুতরাং সকল দিক থেকে বিচার বিবেচনা কোরে দেখা যাচ্ছে যে আইনটা যেন বিশেষ দল বা সরকার বিরোধী পক্ষকে বিপর্য্যস্ত ও দমন করার জন্যই আনা হয়েছে। সংবাদপত্রে গভর্ণমেণ্ট বিবৃতি প্রকাশ কোরে বলেছেন যে বিশেষ ধরণের অপরাধ যেমন ডাকাতি প্রভৃতি দমন করবার জন্যই এই বিল আনা হয়েছে। কিন্তু সংবাদপত্রের উপর কি ভাবে প্রয়োগ হবে বা হচ্ছে সে সম্বন্ধে কিছু বলা হয়নি। এই আইনের বিশেষ ভাবে প্রতিবাদ করা দরকার কারণ তাদের এই ব্যাপক আইনের দ্বারা মানুষের বলা এবং মানুষের লেখা এবং মানুষের ব্যক্তিস্বাধীনতা প্রভৃতি সমস্ত কিছুই বিপন্ন হবে। এই কথা বলে আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি।

SJ. SIBNATH BANERJEE: Mr. Speaker, Sir, ডাক্তারের উপদেশ অগ্রাহ্য ক'রে আমাকে রোগশয্যা থেকে আসতে হয়েছে শুধু মাত্র Dr. Royএর Government যে বিল এনেছেন তার বিরোধিতা করবার জন্য। এই বিল যতবার এসেছে ততবার আমি oppose করে এসেছি। ব্রিটিশ আমলে কৃষক-প্রজা লীগ-কংগ্রেস coalition এর সময়ও বাধা দিয়েছি। তারপর মাঝে আমি মাত্র কয়েকদিন কংগ্রেসে ছিলাম। ১৯৪৭ সালে আমি বাধা দিতে পারিনি, কিন্তু Congress Partyর মধ্যে থেকেও যতটা বাধা দেওয়া সম্ভব তাই আমি দিয়ে এসেছি। তখন এই Houseএ নিরপেক্ষতা অবলম্বনের অনুমতি পাইনি, কাজেই অনুপস্থিত থাকতে হয়েছে। গত বৎসর অর্থাৎ ১৯৫০ সালে যখন এই বিল এই Houseএ উপস্থাপিত হয়েছিল তখন আমাকে একাই তার বিরোধিতা করতে হয়েছে যার জন্য মন্ত্রিমণ্ডলী খুব বিক্ষুব্ধ হয়েছিলেন এবং Speaker মহাশয়ও খুসী হতে পারেননি। অনেকবার voting এবং division চেয়ে এবং বক্তৃতা দিয়ে বিলের বিরোধিতার চেষ্টা করেছিলাম। আবার আজ এসেছে তারই একটা নূতন সংস্করণ, আমি এতেও বাধা দিচ্ছি এবং বাধা দেওয়ার মূল ও fundamental কারণ হল আমার Socialist Party এই রকম আইনে বিশ্বাস করে না। আমরা কখনও এই কথা বলি না যে, civil measures দরকার হয় না। Civil measures দরকার হতে পারে যুদ্ধের সময় বা যুদ্ধাবসানের কিছুদিন পর পর্য্যন্ত দরকার হতে পারে এটা আমরা মানি। England বা অন্যান্য গণতান্ত্রিক দেশে এইভাবেই করা হয়ে থাকে। আপনারা যদি প্রয়োজন মনে করেন তবে একটা Ordinance করতে পারেন, কিন্তু সেটাকে Security Actএ পরিণত করে রাজত্ব চালাবেন এটা আমরা বরদাস্ত করতে পারি না। দেশে অনেকরকম আইন আছে, যথেষ্টই আছে বলতে হবে, সেই সব আইনদ্বারাই তো সাজা দেওয়া যায়। আমার ও আমার পার্টির বক্তব্য হচ্ছে কোন দলকে charge জানতে না দিয়ে, সাক্ষী সাবুদ নিয়ে পক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সাজা দেওয়া অন্যায় এবং কিছুতেই সমর্থনযোগ্য নয় যদি গণতন্ত্রের কথা বলা হয়। আমি সে দিন উপস্থিত ছিলাম না; সে দিন নাকি Dr. Roy গণতন্ত্রের কথা শিখতে চেয়েছেন। আমি তাঁকে শেখাবার ঔদ্ধত্য প্রকাশ করব না। Englandএ Rule of Law প্রচলিত সেটা তো অন্ততঃ তিনি মানতে পারতেন। অন্যান্য দেশে যেটা চলছে সেটা আমাদের দেশে কেন চলবে না জানতে চাই। Lawএর প্রতি শ্রদ্ধা এরা সবচেয়ে বেশী ক্ষুণ্ণ করেছেন। Law একটা ক'রে সেটাকে bypass ও circumvent করে আপনারা বলছেন "আমরাই তো Law"। এটা Fascismএরই নামান্তর মাত্র। এখানেই হচ্ছে Fascism আর গণতন্ত্রের তফাৎ। তারপর বিলের একটা sectionএ prejudicial reportএর কথা দেখলাম। Prejudicial তো অনেক কিছুই হতে পারে। আমরা এখনও ভুলিনি বন্দেমাতরম্ চীৎকার করলে সেটা prejudicial হোত, গান্ধীটুপি পরলেও prejudicial হোত। গান্ধীটুপী পরিহিত কাউকে দেখলে পুলিস তাড়া করেছে এবং টুপী ছিনিয়ে নিয়েছে। জানি না Socialist Partyর লাল টুপীর উপর আক্রমণ হবে কি না।

বিভিন্ন partyর বিভিন্ন symbol আছে। কোন partyর কাস্তে হাতুরী, কোন partyর চক্র, tiger প্রভৃতি নানারকম symbol আছে। প্রত্যেকটাই তাঁদের নিকট prejudicial হতে পারে এবং তার জন্য সাজা হতে পারে সেটা কর্তৃপক্ষের ইচ্ছার উপর বা দয়ার উপর নির্ভর করবে। এবং সেটা তাদের interpretationর উপর নির্ভর করবে। তার পরে High Court, Supreme Court কোরে

নিষ্কৃতি পাব। কিন্তু ততদিন অনেক দণ্ডই ভোগ করা হয়ে যাবে। Freedom of Press যে-ভাবে curtail করা হচ্ছে এবং press স্বাধীনতা যেভাবে হরণ করা হচ্ছে তাতে কি আমরা বলতে পারি না যে আমাদের স্বাধীনতা ক্ষুন্ন করা হচ্ছে। কাগজের মাধ্যমে আমাদের মত প্রকাশের অধিকার কমিয়ে দেওয়া হচ্ছে। এই সব ব্যাপারে জনসাধারণের মধ্যে থেকে তীব্র বিক্ষোভ সৃষ্টি হতে পারে এই ভয়ে তাঁরা অশোভন তাড়াতাড়ি কোরে এই special amendments এনেছেন এটা অত্যন্ত দুঃখের বিষয়। এটা কিছুদিন পরে করা যেতে পারতো। তা ছাড়া সংবাদপত্র দমনের জন্যে ইংরেজেরা বহু আইনকানুন রেখে গিয়েছে। সুতরাং এই special amendmentএর প্রয়োজনীয়তা বোঝা যায় না। Dr. Ghosh বলেছিলেন তিনি দুই বৎসরের জন্য এটা কোরেছিলেন; তখনও আমি তাঁর সঙ্গে একমত হইনি। এই রকম একটা আইন দুই বৎসরও নিশ্চয় থাকা উচিত ছিল না। চার বৎসর পরে সেটা আজ পাশ হয়ে গেল। তারপর নূতন Assembly যদি repeal না করে তবে আরও চলবে; এটা দেশের আইন হয়ে থাকবে। এখন এমনই একটা ব্যাপার সৃষ্টি হলো যে দেশে security রাজ চলছে বলে বলা যায়। আইন যা আছে সেটা খারাপ; সেটা fundamentally oppose করছি, কিন্তু আরও বড় কথা হচ্ছে তার implementation আরও ভয়ানক। অনেক বক্তা বলেছেন এটা misleading হয়েছে। অনেক case আমি জানি, এখানে প্রত্যেকটা উল্লেখ করা সম্ভব নয়। আমি শুধু একটা ঘটনার কথাই বলবো। একটা case শুধু গত বৎসর Socialist Party strike declare করেছিলো তখন partyর ৫০ জন কর্মীকে গ্রেপ্তার করা হয় এবং বহু বাধা সত্ত্বেও strike হয়েছিল যদিও বড় strike হবে বলে আশা করেছিলাম ততবড় হয়নি। যাদের নাকি গ্রেপ্তার করা হয়েছিল তাদের দু'দিন বাদেই ছেড়ে দেওয়া হয়েছিল; কারণ পরে দেখা গেল Security Actর কোন বিধানেই তারা পড়ে না। দ্বিতীয়তঃ সেখানে Communismএর উপদ্রব ছিল না তা সত্ত্বেও তাদের ধরা হলো। Is it democracy? এটা গণতন্ত্র নয়। এটা ফ্যাসিজম বা ফ্যাসিষ্ট রাষ্ট্র। এবা এক পা দু'পা কোরে সেই ফ্যাসিষ্ট রাষ্ট্রতন্ত্রের দিকে অগ্রসর হচ্ছে। সাধারণ আইনে বহু অসুবিধা। আমি অনেকবার ধরা পড়েছি মন্ত্রী মহাশয়রা সেটা জানেন। অনেক সময় থানায় নিয়ে যাওয়ার পর জিজ্ঞাসা করেও জানতে পারা যায় না কোন sectionএ ধরা হলো। থানায় নিয়ে গিয়ে ফোন করে তারা সেটা জেনে নেয়। প্রায় ক্ষেত্রে এই রকমভাবে সময় নিয়ে section বার করে। বৃটিশ আমলে আমাদের উপর জুলুম হয়েছে বটে, তবে Rule of Lawএর প্রতি তাঁদের একটা regard ছিল। কিন্তু আমাদের এই সরকার তাঁদেরকেও অনেক পিছনে ফেলে এগিয়ে গিয়েছেন। তাঁরা জানেন এইসব অগণতান্ত্রিক আইনকানুনের দ্বারা সোজা পথে ধরা যাবে, কোনরূপ প্রমাণাদির দরকার হবে না। এটা গণতন্ত্রবিরোধী এবং Fascismএর দিকে একটা বড় step. আর একটা উদাহরণ দিচ্ছি। পঞ্চাশজনকে ছেড়ে দেওয়া হলো কিন্তু একজন লোককে ছাড়লেন না। দেখা গেল তিনি একটা unionএর secretary ছিলেন। গভর্ণমেণ্টের requisition করা একটা বাড়ী ছিল, riotএর সময় কতকগুলি লোক যেখানে এসে বাস করছিল। গভর্ণমেণ্ট দেখল তিনি যদি সেখানে উপস্থিত থাকেন তাহ'লে এই সমস্ত লোকদের সেখান থেকে উৎখাৎ করায় অসুবিধা হবে; তিনি হয়ত resistance বা বাধা দিবেন। সেই জন্য তাঁকে তিন মাস আটক রাখা হল। যে দিন সেই সমস্ত লোকেরা বাধ্য হয়ে সেই বাড়ী থেকে সরে গেল, তার পরেই তাকে ছেড়ে দেওয়া হ'ল। এই Security Act কিভাবে প্রয়োগ হয় তার জাজ্বল্য প্রমাণ এখানে রয়েছে। মিঃ জে, সি, গুপ্ত এই বিলটি সমর্থন করতে গিয়ে সবচেয়ে বড় condemnation করেছেন। উনি বলেছেন এই বিলটি যদি political purposesএ use করা হয় তাহ'লে অত্যন্ত অন্যায় হবে। সেটা তাঁরা political purposeএ use করেছেন এবং পরেও করবেন। কারণ Law Department is the worst department এবং তার implementation হচ্ছে আরও worse. দু'এক জন মন্ত্রী মহাশয় ছাড়া সকলেই অত্যন্ত ফাঁকীবাজ, অবশ্য এরাও ক্রমশঃ ফাঁকীবাজ হয়ে উঠছেন। তাঁরা চেষ্টা করছেন মুষ্টিযোগে কাজ যাতে সেরে নিতে পারে। সেই জন্য তাঁরা Security Actএর মত একটা সোজা রাস্তা চান। যার দ্বারা তাঁরা তাঁদের প্রতিদ্বন্দ্বীদের শিক্ষা দিয়ে দিতে পারেন। আমি সেই জন্য এই সময় এই আইনের প্রয়োজন আছে বলে মনে করি না। এখন war emergencyও নেই। সুতরাং এখন এই বিল আনা উচিত নয়। তাঁরা বলছেন, আমরা গণতন্ত্রে বিশ্বাসী এবং আগামী সাধারণ নির্বাচন আসছে, যে নির্বাচন পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় নির্বাচন, সুতরাং তার পূর্বেই এই Security Actকে withdraw করুন। তা যদি না করেন তা'হলে free and fair election হওয়া কখনও সম্ভব নয়।

Janab MUDASSIR HOSSAIN: Sir, I have heard with rapt attention the speeches which have been delivered by my learned friends on that side. I have found that the House has been over-flooded with eloquence and before this eloquence everything has been swept away, and it seemed that there was nothing which could be answered. But if we come down from the region of imagination to plain statement of facts and analyse the speeches which have been just delivered, you will find, Sir, that there is nothing in those speeches. There is in them mere play of words. This is nothing but hurling abuses and invectives. Sir, this reminds me of the Bengali adage— যাকে দেখতে না পারি, তার চলন বাঁকা, গরীবের বউ সকলেরই ভাবী— which means that a poor man's wife is the charm and jest of everybody. In this case the poor man's wife is the Government, and everybody feels a great pleasure in cutting jokes with them. That is the meaning of the whole thing.

Sir, one thing is clear. There is the Security Act and before that there was the Defence of India Act; and after Dr. Ghosh took the office, he was the first gentleman who introduced the Security Bill in this Assembly.

Dr. P. C. GHOSH: Which you opposed.

Janab MUDASSIR HOSSAIN: Yes, I opposed it to my heart's content. Sir, this gentleman then said that this Act was necessary for the security of an independent State, and whatever amendments we proposed were swept away on the ground that it was necessary for the protection of this infant State. Sir, it is Dr. Ghosh who is responsible for this thing, and he says in this House today that it was only to remain on the Statute Book. But, Sir, may I ask him where was the provision in his Bill that it would only remain in the Statute Book and would expire after two years? If that were so, really it would have expired after two years and there would have been no necessity for enacting such a legislation now.

Dr. P. C. GHOSH: Please read that again.

Janab MUDASSIR HOSSAIN: Sir, he might have promised but did he introduce that provision in the text of the Act that it would remain in force only for two years? No. But now he finds pleasure in cutting jokes with this Government which is a গরীবের বৌ।

Dr. P. C. GHOSH: Why not file a divorce petition?

Janab MUDASSIR HOSSAIN: When the husband offends against wife or the wife offends against the husband, then the question of divorce petition arises. But there is no such question in this case.

Then, Sir, the fact remains that the Security Act remains in the Statute Book. Now, Sir, what is the scope of this Bill? It is an amendment to the Security Act which is on the Statute Book, and the Government —I mean the Hon'ble Chief Minister—finds it necessary to amend the Bill for reasons more than one; and I think, Sir, if you kindly go through this Bill you will find that there is a great improvement here in this Bill made on the Act which was sponsored and passed by the House of which Dr. Ghosh was the leader. That it is an improvement there can be no doubt about it.

Sj. BIMAL COMAR GHOSE: Where?

Janab MUDASSIR HOSSAIN: Everywhere. Let me explain. What is the scope of this Bill? Anyone who has eyes to see, ears to hear and heart to judge can find this out—judge means conscience and a good judge means a conscientious judge.

Now, the question is what is the amendment? My friend Dr. Ghosh put in the words that any person can be detained or arrested on reasonable grounds. That was the section which was at first in the statute book. When the case went to the High Court and the Hon'ble High Court asked for reasons from the Government—what are the grounds on which you have arrested this man—you are going to put this man in jeopardy, what are your grounds? Then the Chief Minister Dr. Ghosh said "We cannot disclose them for reasons of the State". Then the High Court said "What reasons of the State can there be? The case has come before the court and you have put in your statute book—in your law—that you must arrest a person on reasonable grounds. When you are not in a position to disclose the reasons, we cannot say that there is reasonable ground." Therefore, the man was let off. On the next day, an amendment was brought by him and the words "reasonable grounds" were deleted from the statute book. The result was that the Government or the police was in a position to arrest anybody and everybody without showing any reason and without any ground whatever. Now, Sir, the Constitution says that reasonable restrictions may be put on the liberty and movement of a person for reasons of State. So, in order to bring it within the wording of the Constitution, the amendment has been brought that "prejudicial report" means what prejudicially affects the security of the State, the public order, decency or morality, the friendly relations with any foreign State or which incites or tends to incite the commission of any offence. These are the grounds on which a man can be arrested and detained without trial. Now, this is a great improvement upon the old Act because the grounds on which a man can be detained without trial have been specifically laid down and nobody can say that these are not very good grounds for detaining a person.

Now, Sir, another point has been raised, where is the safeguard that these reasonable grounds will be considered and will be found reasonable? In order to remedy this defect, an Advisory Board has been set up in which there would be two Judges, according to their amendment and the amendment of Mr. Sushil Kumar Banerjee—two High Court Judges or persons who are qualified to become High Court Judge or who have retired as Judge or served as Judge. These are the qualifications. As regards the appointment of these gentlemen in the Advisory Board, it has been said by many of our friends that they have got no confidence in them because they would be appointed by the Government. They may be qualified persons, they may be High Court Judges, they may be anybody——

(The red light was lit.)

Mr. SPEAKER: Your time is up.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(*After adjournment.*)

Janab MUDASSIR HOSSAIN: Sir, as I was saying, the objections which have been raised——

Mr. SPEAKER: I thought you had finished.

Janab MUDASSIR HOSSAIN: No, Sir.

Mr. SPEAKER: If you are so eager, please finish within three minutes.

Sj. BIMAL COMAR GHOSE: Sir, I was down for speaking. If you will permit me to loan my time——

Mr. SPEAKER: You cannot give your time.

Janab MUDASSIR HOSSAIN: As regards the personnel of the Advisory Committee, the objection is that they may be highly intelligent persons, highly learned persons, still they are liable to be influenced by the Government. This is a very mean and, I think, poor compliment to our learned citizens. If citizens who have the qualifications of a High Court Judge can be influenced, nobody is beyond influence. Even the High Court Judges are appointed by the Government. What objection can there be to appointment by the Government of High Court Judges? Therefore, Sir, it is only for the purpose of opposition that these amendments have been brought by persons, which remind me of a Bengali adage. চালুনি বলে ছুঁচ তোর পিছনে কেন ফাঁসা ?

They are *chaluns* and they point out the holes of the needles. *Chaluns* have got innumerable holes. So, it is these gentlemen who put the Security Act into the Statute Book, and they now-point out that it is the perversity of the other party which has led them to bring in amendments. It is clearly they who are *chaluns* and these gentlemen are so many *sunchs* (laughter). Sir, if you scrutinise their objection, you will only find that they are meant for the original Security Act and not for this amending Bill.

Janab Md. KHUDA BUKHSH: Mr. Speaker, Sir, I had no intention to speak at the third reading of this Bill. But my honourable friend Mr. Jyoti Basu referred me to the speeches that I delivered when the original Security Bill was before the House. Sir, then I was in the Opposition, and it was my duty and my privilege to oppose. Sir, if I had succeeded in opposing the Bill I think it is now a proper occasion for me to give a brief account of the facts. I tried to advance the reasons that I could think of in support of my point of view, i.e., to oppose the Bill, same as those who now constitute the Opposition supported that Bill, because it was their duty and their privilege to do so. But I must point out the speech that I made then. I am reading out from the published proceedings of the Assembly for the edification of my honourable friend, Sj. Jyoti Basu. Sir, I said: "Our party having long been associated with the Government of this country realised that at times of stress and emergency Government have to assume special powers. Sir, in this connection, if I am permitted to say so, in this wretched business of governing the country a Government has to anticipate difficulties and provide against them in advance. Indeed, Sir, the success or otherwise of Government depends largely on its ability to anticipate administrative difficulties." Sir, I did certainly concede to the Government the right of assuming special powers but I opposed the Bill. I also said: "The people of Bengal are determined to eschew communal violence and they are united to a man to safeguard the stability of the province both from internal disruption and external aggression." Now, Sir, I ask my honourable friend—can he conscientiously say that the people of Bengal have eschewed communal violence? (Sj. JYOTI BASU: So long as you are there!) Sir, I do not know who are instigating communal violence. My honourable friend seems to know more about those persons than I do. But I do not belong to that group of people who instigate communal violence, and I confess most handsomely that I do not. (Sj. JYOTI BASU: You belong to that party.) I am sure that the entire House will agree with me that subsequent events have belied my hopes. I hoped that after independence had been won, after the new concept of nationalism is there and we wanted to march forward with

the progress of the country, things that we had not anticipated, things that we had not hoped would occur, have happened. I ask again: will it be correct to say that there is no communal violence in the country, will it be correct to say that there are no people who are trying to subvert the stability of the province? Will it be correct to say today especially that there is no danger of external aggression and that there is no talk of both internal disruption and external aggression? Therefore, Sir, I conceded to the Government the right and principle that special powers were necessary, and when the Bill was introduced I said this: "Sir, this Bill comprises certain Ordinances which were promulgated by the Government which felt that the Government should arm themselves with sufficiently wide powers of an extraordinary nature to deal with the situations that might be created with the advent of independence, when it did come, and when the country was passing through troublous times. Government would be able to foresee and it was not expected that any human Government would be able to foresee how the situation would develop after such a momentous occurrence as the transfer of power to the people of India from the foreigners."

Now, Sir, I hope I have been able to prove that I have been consistent. If I have opposed the Bill I have opposed it on its merits and as it was my right and privilege to oppose when I was sitting in the Opposition, same as those very gentlemen who took the odium. Again, Sir, I am quoting for the edification of my honourable friend: "Dr. Ghosh had to take all the criticisms and odium about this Bill and now that it is going to be put on the statute book he has been given marching orders, and that by the party on whose behalf he was speaking."

Janab A. M. A. ZAMAN: মিষ্টার স্পীকারসাহেবান, এখানে আমার বিশেষ কিছু বলার ইচ্ছা ছিল না, কিন্তু কয়কোটি কারণে দু'একটি কথা নাবললে আমার মনে হয় অন্যায় হয়। একই কথা বারবার Opposition থেকে আমাদের শোনান হচ্ছে। তাঁরা বলছেন এই বিল দু'বৎসরের জন্য আনা হয়েছিল, কিন্তু এখন ৪ বৎসর হয়ে গেল এটাই তাঁদের আপত্তির প্রধান বিষয়। এই কথা শুনে আমার একটি গ্রাম্য গল্প মনে পড়ছে। এক ব্যক্তি ১২ পয়সা দিয়ে একটি মুরগী কিনে আনে। বাড়ীর বেড়া ডিঙ্গিয়ে পথ করে শিয়াল সেই মুরগী নিয়ে যায়। তখন সেই ব্যক্তি সকালবেলা চীৎকার করে লোক জমিয়ে ফেলে। তার কথা হচ্ছে মুরগীর জন্য কিছু নয়, কিন্তু এই যে বেড়া ডিঙ্গিয়ে রাস্তা করে দিয়ে গেল এটাই হচ্ছে শঙ্কার কথা। সুতরাং আমি বলছি পথ তো তাঁরাই দেখিয়েছেন, এখন আর এসব কথা বলে লাভ কি? আমি জানিনে কেন, আমি যখনই কোন কথা বলতে চাই তখনই জ্যোতিবাবু কয়েকটা remark pass করেন। ওঁর জানা দরকার আজ প্রায় ৩০ বৎসর হয়ে গেল, ওনার জন্মাবার আগে থেকেই আমি এই দেশে politics করছি। C. R. Das যখন বেঁচেছিলেন তখন থেকেই আমি politics করছি, উনি তখন জন্মগ্রহণ করেন নাই। ওনাকে কোথা থেকে আমদানী করা হয়েছে তা আমি বলছি। ওনার বাড়ি হচ্ছে পাকিস্থানে। উনি পাকিস্থানের সঙ্গেই জড়িত আছেন।

Mr. SPEAKER: No personal reflection, please.

Janab A. M. A. ZAMAN: উনি বলেন কিনা সেই জন্যই আমি একটু clear করে দিচ্ছি। তিনি বলেন যে তিনি non-communal. তিনি Communist Partyকে represent করেন, এবং তাদের case plead করেন। আজকে তার বক্তৃতায় তিনি এই কথা বলেছেন যে জোর করে ভয় দেখিয়ে মুসলমানদের ভোট নেওয়া হবে এবং হয়ত তার ফলে মুসলমানরা পাকিস্থানে চলে যাবে। ওনার মুসলমানদের জন্য এত দরদ কেন? উনি যে নিজে পাকিস্থানে চলে যাবেন না তার কি কোন surity দিতে পরেন? কাজেই উনি তা বলতে পারেন। যে সমস্ত মুসলমানদের বাড়ী এখানে রয়েছে তারা কখনই পাকিস্থানে চলে যেতে চেষ্টা করেনি। সুতরাং তাঁর কেন এত ভয় হচ্ছে মুসলমানদের জন্য। তাঁর ভয়ের একমাত্র কারণ হচ্ছে যে হয়ত কংগ্রেস মুসলমানদের nomination দিয়ে দেবে। কারণ কংগ্রেস nomination না দিলে ওঁরা বলে বেড়াবেন যে কংগ্রেস তোমাদের বন্ধু নয়। আমরা তোমাদের ভালর জন্য উঠে পরে লেগেছি। তাঁর এই সমস্ত কথা বলা একটা চালাকি, এর একটা উদ্দেশ্য আছে। কাজে আমি তাঁকে

বলছি যে নিজেকে দায়লায়ার আগে ছোটা করুন। এখানে মুসলমানরা এসেছে পাকিস্থানে ফিরে যাওয়ার জন্য নয়। যে সমস্ত মুসলমানদের সম্পত্তি হিন্দুস্থানের মধ্যে রয়েছে তারা সে সমস্ত সম্পত্তি ছেড়ে পাকিস্থানে চলে যাবে না। ওনার বাড়ী পাকিস্থানে রয়েছে, উনি এখনও declaration দেননি যে উনি সে সমস্ত সম্পত্তি বিক্রয় করে দিয়ে চলে এসেছেন। ওনার এখনও কিছু সম্পত্তি পাকিস্থানে রয়েছে তার জন্য তিনি মাঝে মাঝে দর্শনায় যান।

SJ. JYOTI BASU: On a point of order, Mr. Speaker, Sir. The point of order I am raising is this that once before in this House you allowed the Hon'ble the Judicial Minister to rise on a point of order and to go on making a speech but I won't do it. The only thing that I would point out is that supposing that somebody during his speech utters an absolute lie about my home, about my property and other things, am I entitled to stop him and to refer to the facts as they are because he has uttered absolute lies about my home, about my property and about everything.

Mr. SPEAKER: If there be any aspersion cast upon a member he is certainly entitled to rise on a point of personal explanation. Let the speech of the honourable member be finished first and after that if you demand to rise on a point of personal explanation I will permit you to do so.

Janab A. M. A. ZAMAN: উনি কি বলতে চান যে ওনার ঢাকা জেলায় বাড়ী নাই বা কোন সম্পত্তি নাই এবং তার জন্য তিনি সেখানে যাতায়াত করেন না। কে মিথ্যাবাদী সেটা প্রমাণ করতে হলে ওনাকে ঢাকায় যেতে হয়।

Mr. SPEAKER: Mr. Zaman, I am very sorry to say that the speech is more personal than on the subject before the House and it will not be proper for me to allow so many personal reflections to be made in this House.

Janab A. M. A. ZAMAN: ওনাকে আর একটা কথা বলতে চাই উনি যে শ্রমিকদের ভয়কে বড় বড় কথা বলেন কিন্তু আমি ওনাকে challenge করছি যে, আমি, যে Constituency থেকে এসেছি তিনি আমার সঙ্গে সেখানে গিয়ে আবার contest করুন। দেখবেন যে তাঁরা জ্যোতিবাবুকে চান না আমাকে চান, এবং এটা আমি প্রমাণ করতে প্রস্তুত আছি।

Mr. SPEAKER: Your time is up. Yes, Mr. Basu, you may now raise your point of personal explanation and you will please do so in short and without invectives.

SJ. JYOTI BASU: I never thought that this would be necessary but unfortunately I was surprised to find that this gentleman sitting there, during his speech, uttered all sorts of lies against me. First of all, Sir, I would like to tell you——(Interruptions from the Treasury Benches.) Am I not entitled to make my personal explanation without interruptions?

Mr. SPEAKER: A statement was made by a particular member against another member of the House and if the latter member objects to certain things which were said against him on the ground of their not being true I believe he is entitled to say in reply that those were lies if they were really so and the House should give him a hearing.

SJ. JYOTI BASU: I would like to tell him that I have no property in Pakistan, but certainly Pakistan is the land of my fathers. He should know that I was born and brought up in Calcutta. I do not know how many years ago he came here or what is his age and so on. But I am certainly a citizen of Calcutta. My home may be in Pakistan but the point I want to emphasize is that I have no property in Pakistan, and I do not engage in blackmarketing activities in Pakistan because, Sir, he mentioned certain places in Pakistan and associated my activities with them. He mentioned

two places and if I remember aright one was Darsana and the other was Barodi and he said that in Barodi there is some bazar or something where I have a share. I can tell him that Jyoti Basu possesses no share in any market anywhere in the world, let alone Pakistan. With regard to Darsana I have certainly passed through Darsana to different places in Assam and East Bengal and other places but I have no property there, as he was trying to point out. Therefore this is a part of the personal explanation which I wish to give and before I sit down I would request you, Sir—I do not know whether it is at all possible—to control that gentleman a little bit.

Mr. SPEAKER: I will look to that, it is my jurisdiction.

SJ. HARIPADA CHATTERJEE: সভাপাল মহাশয়, আমাদের সংবিধানে পুলিশকে বহু ক্ষমতার অধিকার দেওয়া হবে। কিন্তু এই কাল বিলের দ্বারা আমাদের প্রধান মন্ত্রীমহাশয় dictatory ক্ষমতা নিজের হাতে রাখতে চাচ্ছেন। যদি তিনি কেবল নিজের হাতে এই ক্ষমতা রাখতেন তাহলেও বুঝতাম যে কিছু হ'ল। কিন্তু State বা গভর্ণমেণ্ট মানে আমরা দেখি কি চৌকীদার ও দারগা থেকে আরম্ভ, এর উপর আর কিছু নেই, এরা যা করে তাই হয়। অবশ্য এই বিলটি সমর্থনের জন্য খুব ভাল ভাল যোদ্ধা এখানে আমদানি করে আমাদের সামনে বক্তৃতা করিয়েছেন। কিন্তু কেবল মুদাসর হোসেন বা জামান সাহেবদের দিয়ে বক্তৃতা করিয়ে এই বিল সমর্থন করা যায় না। জামান সাহেব অসাম্প্রদায়িকতা দমনের জন্য আজকে এই বিল সমর্থন করছেন কিন্তু ১৯৪৭ সালে প্রথম যখন এই বিল রচনা হয় তখন তিনি কি বলেছিলেন তা আমি ১৯৪৭ সালের Assembly proceedingsএর একটা copy থেকে পড়ে শোনাচ্ছি। তিনি বলেছিলেন, "যাঁরা আজ কংগ্রেসের নামে নিজেদের পরিচয় দিতে চান, তাঁরা হিন্দু মহাসভার ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জিকেও বহু দূরে সরিয়ে দিয়ে এখন communalভাবে বক্তৃতা করেছেন, যে তাঁহাদের নজির সারা ভারতবর্ষে খুঁজিয়া পাওয়া যাইবে না। গত বৎসর হতে আমি তাঁদের পিছনে বসে থেকে তাঁদের অর্থাৎ তথাকথিত Congress Assembly পার্টির বক্তৃতা শুনেছি কোনদিন তাঁরা communalism ছাড়া বক্তৃতা করেননি। আজ কংগ্রেসের মুখে এই সব বক্তৃতা শোভা পায় না।" জামান সাহেবের সেই ১৯৪৭ সালের বক্তৃতা আর আজ ১৯৫১ সালে তিনি Congressএর benchএ বসে এই কথা বলছেন। (The Hon'ble PRAFULLA CHANDRA SEN: ১৯৪৭ সালের কোন মাসে?) কোন মাসে সেটা Assembly proceedings দেখলেই বুঝতে পারবেন।

১৯৪৭ সালের জামান সাহেবের সমর্থনে যাঁরা ছিলেন তাঁরা সকলেই যদি তাঁর সমর্থনে যুক্তি দেখাতে পারতেন তাহলেও বুঝতাম; কিন্তু খালি জামান সাহেব বা মুদাসর হোসেন সাহেবকে এগিয়ে দিয়ে এই বিল সমর্থন করা যায় না। খোদাবক্স সাহেবও অনেক কথাই বলেছেন। সত্যি সত্যি যদি communalism দমন করবার জন্য এই বিলটি ব্যবহার হ'ত তাহলে আমি খুসী হতাম, এবং বলতাম যে আপনারা একটা কাজের মত কাজ করেছেন। কিন্তু তা হয়নি। কারণ ওদের কর্মচারীরা এত Communal যে পৃথিবীর মধ্যে তার কোথাও খুঁজে পাওয়া যায় না। এরা রাষ্ট্রবিরোধী এবং পণ্ডিত নেহেরুর পিছনে ছুরী মারছেন। জনাব খোদাবক্স সাহেব একজন কংগ্রেসের বড় কর্মীর নামে, মাইনরিটি মেম্বর হিসাবে Hon'ble C. C. Biswasএর কাছে, গত সাম্প্রদায়িকতার সময় একটা প্রতিবাদ জানিয়েছিলেন। আমি জানি এই ঘটনাটা সত্যি। আমি নিজের দায়িত্বে এই কথা বলছি। Hon'ble C. C. Biswas মহাশয় এই সাম্প্রদায়িক কংগ্রেসীর দিগ্বীচুক্তি বিরোধী ইস্তাহার বঙ্গীয় সরকারের কাছে পাঠিয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করেছিলেন কিন্তু তাতে কোন ফল হয়নি। উপরন্তু নদীয়ার অনেক স্থানে এই কংগ্রেসী নেতা যে সংখ্যালঘুদের প্রকৃত রক্ষাকর্তা এই মর্মে সংখ্যালঘুদের কাছে থেকে জোর করে টিপ নেওয়া হচ্ছে। যদি এই টিপ না দেয় তাহলে তাদের Ration Cardএর ration দেওয়া হয় না। একটী শিক্ষিত সংখ্যালঘু নাম দিতে রাজি না হওয়ায় তার বাড়ীর সকলের ration বন্ধ করে দেওয়া হয়েছে। Billএর ক্ষমতা হাতে পেলে কর্মচারীরা কিরূপ এর সদ্ব্যবহার করবে তা এর থেকে বোঝা যাচ্ছে।

আর, এই বিলটার কি শোচনীয় ফল হবে তাই আমি বলছি। এই বিলটি পাস হয়ে, গভর্ণমেণ্টের হাতে থাকবে, কি অবস্থা হতে পারে তার একটা উদাহরণ দিচ্ছি। আমাদের ওখানে হিন্দু মহাসভার একজন সভ্য,

তিনি M. A., B.L. উকিল। তিনি একজন মুসলমানকে সংখ্যালঘুর হয়ে আমার কাছে নিয়ে এলেন—আমি সেখানকার constituency represent করি; সুতরাং আমাকে তার কথা শুনতে হ'ল। এইটি না বললে আমার কর্ত্তব্য করা হবে না, সেই জন্য এই কথা বলছি।

তিনি আমাকে বললেন ১৬ জন লোককে Public Security Actএ একে একে ধরা হবে এবং অনেককে ইতিমধ্যে ধরা হয়েছে। তাঁদের দোষ তারা নাকি হায়দ্রাবাদের জন্য চাঁদা আদায় করছিল। কিন্তু হায়দ্রাবাদ কি তা তারা জানতই না, তা তারা চোক্ষেও দেখেনি। আমি জানি এরা খালি ধান, চালের হিসাব রাখে। এদের মধ্যে একজনের নাম হচ্ছে মুলুক মণ্ডল, নারায়ণপুরে বাড়ী। তিনি এদের উকিল ছিলেন এবং এরা তার প্রায় ১৫ বছরের পুরাতন মক্কেল,—এদের তিনি ভাল করেই চেনেন। তিনি হিন্দু মহাসভার লোক হয়ে, এদের পক্ষ নিয়ে বললেন, এদের বিষয় বিচার করে দিন। কারণ, আমি জোর করে জানি, এরা এ কাজ করেনি। এদের কেন শুধু শুধু Public Security Actএ ধরে নিয়ে যাওয়া হ'ল। আমি তখন সেখানকার S. P.র সাথে এই সমস্ত ব্যাপার নিয়ে আলাপ করি, এবং পরে সেই ১২ জন লোক, যাদের ধরা হয়, তারা নিষ্কৃতি পায়। সুতরাং আজকে যাঁরা এখানে বসে এই সমস্ত কথা বলছেন, যেমন আজকে খোদাবক্স সাহেব হঠাৎ supporter হয়ে পড়লেন communalism দমন করবার জন্য, কিন্তু তা পূর্বে কখনও হননি এবং ভবিষ্যতেও হবেন না। এই সমস্ত লোক, চৌকীদার ও দারগা, এরাই হ'ল Stateএর আসল লোক, এরাই সরকারকে চালাচ্ছেন।

কিছুদিন পূর্বে প্রধান মন্ত্রী মহাশয় আমার বন্দুকটা বিনা কারণে কেড়ে নিলেন। গতবার প্রশ্নের উত্তরে নিজেকে support করে তিনি অনেক বললেন, অথচ তিনি আমাকে একবার জিজ্ঞাসাও করলেন না। একটা case, *sub-judice*এ আছে এবং বাদী আমার বন্দুক বেআইনী কাজে ব্যবহার হয়েছে এমন কথাও বলে নি, অথচ আমার বন্দুকটা কেড়ে নিয়ে গেলেন। বন্দুকটা নিয়ে যাবার সময়, আমার বাড়ীর সামনে চায়ের দোকানে সমস্ত লোক দেখল, আমার স্ত্রী তিনিও দেখলেন। এইভাবে আমাদের রাজত্ব চলছে, কি সুন্দর স্বরাজ ব্যবস্থা। এইভাবে সীমান্তে এই রকম জিনিষ সব চলেছে। পুলিশ প্রতিদিন অসৎভাবে টাকা উপার্জন করছে অথচ তাদের বিরুদ্ধে কিছু বলবার উপায় নেই, ললিত সিঙ্গি একজন অসাম্প্রদায়িক লোক, তার বন্দুক কেড়ে নেওয়া হয়েছে তার পূর্বপুরুষের আমল থেকে ৮০ বৎসর ধরে তার বন্দুক রয়েছে, কিন্তু সে অসাম্প্রদায়িক বলেই তার বন্দুকটা কেড়ে নেওয়া হয়েছে। অথচ প্রকাশ্যে যারা communalist তারা বন্দুক নিয়ে ঘুরে বেরায়। সত্যমেব জয়তে। এটা লেখায় থাকবে আর মুখে আমরা বলতে পারিনা।

পাকিস্থানের কে কি ন্যায় কি অন্যায় করে তা আমাদের রাষ্ট্র বুঝে নেবে; কিন্তু তার আগে আমাদের এখানে communalism এর virus এখনই বন্ধ করতে হবে—এবং জহরলালও তাই বলেছেন। আমরা লীগমন্ত্রিদের বলতাম communal। কিন্তু আমরা জানি আমাদের এই মন্ত্রিসভার মধ্যেও অনেকে রয়েছেন communalist. সুতরাং Electionএর তিন মাস আগে এই অস্ত্র ওদের হাতে দেবার কোন কারণ নাই। এক-একটা করে আমি বহু ঘটনা দেখাতে পারি যাতে সহজেই প্রমাণিত হতে পারে—আমাদের এখানে কি ধন-সম্পত্তি, কি নাগরিক অধিকার কোন কিছুরই নিরাপত্তা নাই। সম্প্রতি আমি মুর্শীদাবাদ থেকে এসেছি সেখানে এক-একটি সরকারী কর্মচারী হাজার হাজার টাকা রোজগার করছে ঘুষ হিসেবে। সম্প্রতি কয়েকটি case *sub-judice* হয়েছে সে সম্বন্ধে আমি case উল্লেখ না করেও এইটুকু বলছি যে তারা smuggle করবেন, রাষ্ট্রের অনিষ্ট করবেন তার protest করলে—তা কেউ পরোয়াই করে না। এসব আমি রাষ্ট্রকে সাহায্য করবার জন্যই বলছি আমাদের কথা যদি না শোনেন সেটা ঠিক হবেনা। ঐ সব অসৎ কর্মচারীদের যদি শায়েস্তা না করে চলতে দেন তাদের ইচ্ছামত যেমন তারা চলছে তেমনি—তাহলে দেশের ও রাষ্ট্রের অমঙ্গল হতে বাধ্য। এবং আমাদের এইসব কথায় একেবারেই কান না দিয়ে যদি আপনারা শুধু এই Act অনুসরণ করেই চলেন তাহলে একটা রক্তবিপ্লব অনিবার্য্য। যেখানে জনসমর্থন আপনাদের নাই, সেখানে যদি জোর করে এই বিল অনুসারে কাজ করতে চান রক্তবিপ্লব হবেই—এবং আমরাই করব সেটা।

Mr. SPEAKER: Order, order. I wish to point out to the House that in the third reading it is very much restricted than at a previous stage. As a matter of fact, what is being said is absolutely irrelevant. I wish to point out two passages from May simply for the guidance of the honourable members of the House because I feel that it is very difficult to control

the members while they are in the midst of their speeches. The procedure in the third reading of a Bill is similar to that prescribed in relation to the second reading, but the debate is more restricted at the later stage and it is limited to the matters contained in the Bill.

Now, the other passage which I wish to point out is this: the debate at the last stage of a Bill should be confined to the Bill and should not be extended to criticisms of the administration. I will request the honourable members to observe this rule, for without their co-operation I cannot put a brake on the members' speeches at every moment in the course of such speeches.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, এই বিলের বিরুদ্ধে তিন দিন ধরে এ পক্ষ থেকে অনেক কথা বলা হয়েছে। সুতরাং বলবার আর বেশী কিছু নাই। একটা কথা মাত্র বাকি আছে। তাই আমি বলব। (The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: বাকি কথাটা কতটুক ?) এসব side remarksএর জবাব না দিয়ে আমি বলছি—Dr. Roy first reading of the Billএর সময় বলতে উঠে বলেছিলেন—"আমি জ্যোতি বসুকে বুঝতে পারি, কেননা সে আগাগোড়া এই বিলের প্রতিবাদ করেছে,—there is a consistency in him." কিন্তু তিনি আমাদের বুঝতে পারেন না কেন পারেন না—কারণ, আমরা আগে এই বিলের পক্ষে বলেছিলাম, আর এখন এই বিলের বিরুদ্ধে বলছি, সুতরাং তিনি আমাদের প্রায় উপেক্ষার চক্ষেই দেখেছেন।

এখন কথাটা হচ্ছে এই যে consistencyই জীবনের সবচেয়ে বড় কথা নয়। সব চেয়ে বড় কথা হচ্ছে timeএর সঙ্গে এগিয়ে চলা। কবি Tennyson একটা বড় কথা বলেছেন—

The old order changeth, yielding place to new, and God fulfils Himself in many ways lest one good custom should corrupt the world.

আজ যে কাজে সমাজের মঙ্গল হয়, কাল তাতে সমাজের অমঙ্গল হতে পারে। এর দৃষ্টান্ত মহাত্মা গান্ধীর জীবনে দেখেছি। (A VOICE: তাঁকে আবার টানেন কেন ?) একটা দৃষ্টান্ত আমি দেব। ১৯১৪ সালে প্রথম যুদ্ধের সময় তিনি ব্রিটিশ গভর্ণমেণ্টকে সাহায্য করতে বলেছিলেন অর্থ দিয়ে এবং লোক সংগ্রহ করে। কারণ তখন তিনি বিশ্বাস করতেন, ব্রিটিশ গভর্ণমেণ্টের সাহায্যে ভারতবর্ষ স্বাধীন হবে। কিন্তু দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় তিনি বললেন—No, no man, no money. আমরা এই গভর্ণমেণ্টকে এক পয়সাও দেব না, একটা সৈন্য দিয়ে ও সাহায্য করব না। কারণ এই গভর্ণমেণ্ট শয়তান। একে সাহায্য করা আমাদের পক্ষে অন্যায় এবং এই গভর্ণমেণ্ট কখনও আমাদের স্বাধীনতা দেবে না। আমরা পূর্বে যখন এই বিল সমর্থন করেছিলাম, তখন সবেমাত্র আমরা স্বাধীন হয়েছি। স্বাধীনতার মানে—ব্রিটিশের কবল থেকে সবেমাত্র আমরা মুক্তি পেয়েছি। যখন আমরা পরাধীন ছিলাম, আমরা তখন বহুবার বলেছি, মহাত্মা গান্ধিও বলেছেন—যে ব্রিটিশের শাসন থেকে মুক্তিলাভ হলেই আমাদের সব কিছু লাভ হবে না। স্বাধীন ভারতে আমাদের বহুরাষ্ট্র প্রতিষ্ঠা করতে হবে—শ্রেণীহীন গণতন্ত্র, Classless Democracy, কৃষক-প্রজা-মজদুর রাজ প্রতিষ্ঠা করতে হবে এবং এজন্য আমাদের সাম্প্রদায়িকতা দূর করতে হবে, blackmarketing দূর করতে হবে, দুর্নীতি দূর করতে হবে, জমিদারী-প্রথা লোপ করতে হবে এবং বড় বড় শিল্প রাষ্ট্রায়ত্ত করতে হবে। সুতরাং যখন আমরা স্বাধীন হলাম—তখন ইংরেজ আমাদের দেশ থেকে চলে গিয়েছে বটে কিন্তু আমাদের সম্মুখে যে একটা বড় আদর্শ ছিল—কৃষক-প্রজা-মজদুর রাজ প্রতিষ্ঠা ত অপূর্ণই ছিল। সেই আদর্শকে যদি কাজে রূপায়িত করতে হয় তবে সাম্প্রদায়িকতা, corruption, blackmarketing আমাদের দূর করতে হবে

Sj. SUSHIL KUMAR BANERJEE: On a point of order, Sir. Is it relevant?

Mr. SPEAKER: Dr. Banerji, will you kindly come to the point?

Dr. SURESH CHANDRA BANERJI: সব দূর করার উদ্দেশ্য নিয়েই তখন আমরা এই বিল এনেছিলাম। এবং পরিষ্কার করে বলেছিলাম, blackmarketing, corruption, communalism

দূর করে ভারতবর্ষে শ্রেণীহীন গণতন্ত্রের পথ পরিষ্কার করতে হবে। কিন্তু আমরা এই বিল পাশ করেই চলে গেলাম। তারপরই অন্য গভর্ণমেণ্ট আসল; সেই গভর্ণমেণ্ট এসে সেই বিলটাকে এমনভাবে কাজে লাগাচ্ছেন—যার ফলে যারা সাম্প্রদায়িকতা প্রচার করছেন, তাদের কিছুমাত্র ক্ষতি হচ্ছে না। আর যারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কাজ করছে, তারই এই বিলের আওতায় পড়ছে। যারা blackmarketing করছে, তাদের কিছু হচ্ছে না কিন্তু যারা blackmarketing বন্ধ করবার জন্য চেষ্টা করছে, তারাই এই বিলের শিকার বনছে। যারা জমিদারী-প্রথা বন্ধ করতে চেষ্টা করছে না—তাদের কিছু হচ্ছে না। কিন্তু যারা এই প্রথা বন্ধ করবার জন্য গ্রামে গ্রামে ঘুরে কিষাণ সংগঠন করতে লেগেছে তারাই এই বিলের আওতায় পড়ছে। যারা অতি লাভ করে করে পুঁজিপতি হচ্ছে—তাদের বিরুদ্ধে এই বিল প্রয়োগ হচ্ছে না কিন্তু যারা শিল্পকে রাষ্ট্রায়ত্ত করবার জন্য, পুঁজিবাদের ধ্বংসের জন্য শ্রমিক সংগঠন করছে, তারাই এই বিলের শীকার হচ্ছে। সুতরাং যে মহৎ উদ্দেশ্য নিয়ে এই বিলটা প্রণয়ন করা হয়েছিল, এই বিলটা সেই উদ্দেশ্য সাধনেরই অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এক সময় মহাত্মা গান্ধী ভেবেছিলেন—ব্রিটিশ গভর্ণমেণ্টকে সাহায্য করে স্বাধীনতা পাবেন এবং সেইজন্য তাদের সাহায্য করেছিলেন কিন্তু যে মুহূর্ত্তে বুঝলেন ব্রিটিশ গভর্ণমেণ্টকে সাহায্য করলে কিছুই হবে না, তখন থেকে অসহযোগ আরম্ভ করলেন। তেমনি আমরা যখনই বুঝতে লাগলাম যে এই বিলের দ্বারা কিছু হবে না, তখন থেকেই এর প্রতিবাদ করছি। আমরা তখন যে platformএ দাড়িয়ে, যে partyর পক্ষ থেকে এই বিল অনুমোদন করেছিলাম, সেই party পর্য্যন্ত ত্যাগ করেছি। যে partyকে সেবা করেছিলাম, সে partyকে ত্যাগ করলাম কেন—একটা আদর্শের জন্য। যতদিন মনে করেছি, সেই party দ্বারা সেই আদর্শ লাভ হবে ততদিন সেই partyর সেবা করেছি কিন্তু যখনই বুঝলাম সেই partyর সেবা দ্বারা দেশের জনগণের কিছুই লাভ হবে না। তখনই সেই party ত্যাগ করেছি। যখন দেখলাম এই বিলটা আমাদের আদর্শের অনুকূল নহে তখনই আমরা এটাকে বিষের মত ছুড়ে ফেললাম। দুঃখের বিষয় গভর্ণমেণ্ট আমাদের কথা কোথায়ও শুনছেন না। বিলটা প্রত্যাহার করতে বললাম—তা শুনলেন না। এমনি কি Advisory Board গঠন সম্বন্ধে যে ন্যায়সঙ্গত কথা বলেছি। তাও পর্য্যন্ত গভর্ণমেণ্ট শোনেন নি। কেবল একটা বাজে সংশোধন প্রস্তাব গ্রহণ করছেন। কিন্তু যেসব সংশোধনী প্রস্তাব vital, তার একটাও গ্রহণ করেন নি। আমাদের অতি ন্যায়সঙ্গত কথাও যখন গভর্ণমেণ্ট শোনেন না, তখন এই বিলের প্রতিবাদ করা ছাড়া আমাদের গত্যন্তর নাই।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, my friend Dr. Ghosh is not here. I wish he were. He started by saying "yes, I did introduce and get the Security Bill passed, but it was only for two years. I did not mean it to go on for ever". Probably he has not taken the trouble to see the present Act which lasts for three years starting from January, 1950—one and half years are gone and its prevalence would be for another one and half years.

The next point that my friends on the opposite side tried to make out is that when they supported the Bill, they supported the original, because they thought that it would be used only for communalists and black-marketers and for stopping corruption. Apart from the fact that a very large number of people have been arrested in different parts of the town and other parts of Bengal under this Act—people who had been black-marketing, I can tell you, Sir, that almost the first case that was brought before me after I had taken over charge of the Ministry on the 23rd of January, 1948, was the case of the arrest and detention of Srijut Soumendra Nath Tagore. He and 24 others were arrested. Did they belong to any communal organisation? Were they doing blackmarketing? Why were they arrested? The wife of Sj. Soumendra Nath Tagore came to me and told me that her husband had been whisked away without giving her an opportunity to provide clothes for her husband, and she did not know where her husband was. On the 27th January, three days after I heard this story, we released Sj. Soumendra Nath Tagore and the whole lot. Therefore it is no use pleading to us and trying to hoodwink the people "that we have introduced the Act for the purpose of stopping communalism

and corruption". If the Government found that it was necessary to take certain steps, they had taken certain steps. It is no good hiding one's head like an ostrich in the sand and saying "we did not mean this, but we have done this".

Sir, he has quoted one other thing which, I think, needs reply, because it was with reference to this Act. He said that during the by-election in Howrah when Dr. Ahmed was one of the candidates, some persons were arrested on the day previous to the polling. I did not have the desire to refer to it, but since it has been referred to, I feel it necessary for me to tell the House that at four o'clock in the evening previous to the election, an Urdu pamphlet was circulated in that area. Sir, everybody would realise what that area was during the disturbances in 1950. And what did the leaflet say? It said "you know that the Hooghly-Howrah Muslim Constituency shall be casting the votes tomorrow to elect a Muslim member. Have you forgotten the pamphlet said "that the Muslim blood was split——"

Janab SYED BADRUDDUJA: Sir, I rise on a point of order. This pamphlet is concocted by certain interested party. This is dealt with by the Court. How could he refer to such things at this late stage?

Mr. SPEAKER: That is no point of order.

Janab SYED BADRUDDUJA: Sir, it is a reflection on me. When we were arrested, we were arrested on a false charge (Uproar).

Mr. SPEAKER: Order, order. The House cannot go on in this way. When I am on my legs, every member must sit down. I cannot allow this state of things to go on. The House must observe the rule that when the Chair is on its legs, everybody must sit down.

Janab SYED BADRUDDUJA: On a point of personal explanation, Sir.

Mr. SPEAKER: If you are on a question of personal explanation, I would give you an opportunity after the speech is over and not during the speech. Order please.

Sj. BIMAL COMAR GHOSE: On a point of order, Sir. Rule 12 of the Assembly Procedure Rules says "when, for the purpose of explanation during discussion or for any other sufficient reason connected with the matter then under consideration of the Assembly, any member has occasion to ask a question of another member, he shall ask the question through the Speaker". So, Sir, there is nothing wrong for a member of the House to ask a question through you. So, Sir, interruption is permitted and interruption in this specific case is that something was said which was not true——

Mr. SPEAKER: Order, order. Mr. Ghose, will you take your seat? The position is this: Mr. Badrudduja stood on a point of order and not on a point of information. If you say "I rise on a point of order", that is the only occasion when interruption is permitted; otherwise on any other point unless and until the speaker yields, nobody has got any right to interrupt. That is the rule of procedure.

Sj. JYOTI BASU: On a point of order, Sir. You will remember that when in this Assembly I was quoting from the manifesto of the Communist Party of India, you stopped me and said "you need not quote from that" and I obeyed the Chair. The point of order is whether the Chief Minister is entitled to read out a long pamphlet before us which the Court has already

dealt with. The gentlemen were discharged. Is he entitled to read such a pamphlet in view of the previous decision of the Chair when I was reading out from the Communist manifesto?

Mr. SPEAKEK. Firstly, I beg to be excused if, quoting May's authority, I say that 80 per cent. of the speeches are irrelevant. How can I check the speakers at every moment of their speech, if 80 per cent. of the speeches are like this. It has become very very difficult for me—for any Speaker—to control the House. That is my difficulty. Now a reference has been made to the election at Burdwan and certain accusations have been made that certain persons were arrested. Now after that statement has been made on the floor of the House how is it possible for me to ask the Chief Minister not to give an explanation? That is my difficulty.

Janab SYED BADRUDDUJA: On a point of information, Sir.

Mr. SPEAKER: Order, order. If you have got anything to be said on a point of information, I will give you an opportunity later on. Let the Leader of the House finish his speech. Another matter to which I wish to draw your attention is this that it has always been the practice that the Leader of the House has always been given as much patient hearing as possible.

Janab SYED BADRUDDUJA: Even if he casts reflection?

Mr. SPEAKER: Order, order.

Sj. JYOTI BASU: Mr. Speaker, Sir, you did not answer my second point which I raised, namely, that the pamphlet has already been discussed by a Magistrate and disposed of. Can that pamphlet be read here in this House?

Mr. SPEAKER: The matter is no longer *sub judice*. Therefore I cannot debar its being read out if the speaker thinks it relevant to say something about it, but at the same time I will request the speaker that instead of reading the whole of the pamphlet only such relevant portions should be read as are absolutely the minimum for the purpose.

Janab SYED BADURUDDUJA: Sir, it is all fabricated.

Mr. SPEAKER: Order, order. At the end of his speech you can refer to that as you like.

Sj. DEBENDRA NATH SEN: On a point of order, Sir. The court has given verdict on a particular document that it was not written by a particular gentleman belonging to this Assembly.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I have not mentioned any names.

Sj. DEBENDRA NATH SEN: Sir, can that document now be used as an allegation or as a charge against that particular person?

Mr. SPEAKER: Order please. The position is this. He has not yet read the whole of the pamphlet. He has read only a portion of it but even if the case is disposed of that does not prevent the member speaking from alluding to that particular pamphlet and on a point of personal explanation you are entitled to say that this pamphlet had no eventual value because it was disregarded by the court. One word should be enough to explain this.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I have not mentioned any name. I only wanted to prove that events may occur or situations may

arise when it may be incumbent on the Government to take preventive measures in order to stop troubles and disturbances. In the case I was referring to, the gentlemen against whom the measures were taken were exonerated in court but I am only trying to place before the House that if any person got a pamphlet of this character in his hand then it was impossible for the..... (interruptions from the Opposition Benches). It may be fabricated, it may be concocted, it may be anything but I am only placing before the House what the pamphlet said. "Muslims of Hooghly and Howrah, kill or be killed. This is your last chance to start a general massacre against the murder of your wives, brothers, sisters, mothers and children". I simply want to say this that if I see such a pamphlet it is my duty as head of the administration to see that no disturbances recur in that very troubled area of Howrah. (Hear, Hear, from the Government Benches). At that time I had no means of judging whether it was genuine or false but it was necessary to take preventive measures and these preventive measures had to be taken under the Security Act. That is all I wanted to say.


appointments made under those amendments. Therefore, the answer has been given that no other regulation which excludes consultation with the Public Service Commission with regard to appointments were made since then, but there are other amendments, as you have mentioned, with regard to other matters but not with regard to appointments.

Sj. DEBENDRA NATH SEN: Will the Hon'ble Minister be pleased to state whether it is a fact that the filling up of the post of the Administrator-General also has been excluded from the purview of the Public Service Commission and that too in 1949?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I want notice—I do not know.

Sj. JYOTI BASU: Will the Hon'ble Minister be pleased to state whether the posts of Director of Publicity and the Public Relations Officer were advertised?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I am perfectly sure they were advertised, but I cannot tell you exactly on which dates they were made.

Sj. JYOTI BASU: How many candidates appeared before the Selection Committee?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I want notice.

Sj. DEBENDRA NATH SEN: With reference to the reply given on the 19th February as to the number of persons appointed without reference to the Public Service Commission, will the Hon'ble Minister be pleased to state the reasons as to why out of the total of 19 such appointments, his department, *viz.*, the Medical and the Home (Transport), took more than 12 persons?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Because they were the most technical appointments of the Government.

Sj. BIMAL COMAR GHOSE: Will the Hon'ble Minister be pleased to state what particular technical qualifications are required for an Inspector of Tols?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: After all it is necessary to determine which person is qualified to inspect the tols, because ordinarily there was no Inspector of Tols before. It was a new appointment and this new appointment had to be made for the inspection of tols. The Committee, I believe, was a committee which was presided over by Mr. Justice Bijan Kumar Mukherjee.

Sj. DEBENDRA NATH SEN: With regard to the reply given on the 19th February regarding Sri Lal Behari Mazumdar, where it has been said that the post is proposed to be filled up through the Public Service Commission terminating the services of the present incumbent, will the Hon'ble Minister be pleased to state whether the present incumbent has been dismissed and the appointment of a new person is being arranged through the Public Service Commission?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I want notice.

Mr. DEPUTY SPEAKER: Questions over.

Sj. SIBNATH BANERJEE: Mr. Deputy Speaker, Sir.

Mr. DEPUTY SPEAKER: Wait a minute.

Applications for leave of absence.

Mr. DEPUTY SPEAKER: I have received two applications from Messrs. C. E. Clarke and J. R. Walker asking for leave of the House for their remaining absent from the meetings of the Assembly during the current session.

I am reading out the applications:

(1) "As I am obliged to be absent from Calcutta from today's date I write to request leave of absence from attending Meetings of the Assembly for the remainder of the current Session."

(2) "As I expect to be absent from Calcutta until the end of September, I write to request leave of absence from attending Meetings of the Assembly should the House meet during the time I am likely to be away".

I think the House will have no objection in granting them the leave prayed for.

(Cries of "No, no" from Government benches.)

As I do not hear any dissentient voice, I take it that the honourable members have the permission of the Assembly asked for.

(Cries of "Yes, yes" from Government Benches.)

Time for guillotine.

Mr. DEPUTY SPEAKER: Before we take up the business of the House fixed for today, namely, discussion and voting of supplementary demands for the current year, I should like to announce that under sub-rule (3) of Rule 100 of the West Bengal Legislative Assembly Procedure Rules I have fixed 7-30 p.m. as the time for adjournment of the House for this day. Therefore the guillotine will fall at 6-30 p.m. I may also inform the House that the general discussion may continue up to 5 p.m.

Sj. SIBNATH BANERJEE: Sir, on this also I have to make my submission. But I should like to make my previous submission first. That is this: we have been promised a non-official day

কালকে ছুটী, পরশুদিন হয়ে আবার বন্ধ হয়ে যাচ্ছে,—সুতরাং আমাদের কবে non-official day আলোচনা হবে সেটা জানিয়ে দেওয়া হোক। আমি আগের sessionএ বলেছি, এবং ১৭ই তারিখ থেকে রোজই বলছি আমাদের এই non-official day দেওয়া হোক। Speaker মহাশয় রোজই বলছেন নিশ্চয়ই দেব, এই sessionএর মধ্যেই একদিন। কিন্তু পরিষদের কাজ পরশু হয়েই এখন শেষ হয়ে যাচ্ছে, কাজেই পরশু আমাদের non-official day দেওয়া হোক। আমাদের শুধু এই রকম বাক্যে প্রলুব্ধ করে রাখা হচ্ছে। আমাদের পরিষ্কার করে বলা হোক কবে দেওয়া হবে। আমরা যথেষ্ট time দিয়েছি। বারবার আমরা গভর্নমেণ্টকে notice দিয়েছি, তা সত্ত্বেও আমরা জানতে পারছি না। সুতরাং এখন আমাদের জানিয়ে দেওয়া হোক কবে এই non-official day পাব।

Mr. DEPUTY SPEAKER: I have understood your point. I understand that the House will continue after 25th of October and Mr. Speaker has given an assurance that you will have a non-official day. I am not in a position to say anything just now.

Sj. SIBNATH BANERJEE: আমরা এই non-official day পূজার পরে চাই না, পূজার আগেই চাই। সপ্তাহে মাত্র একদিন এই non-official resolution discussion করবার কথা। দুই সপ্তাহ হয়ে গেল, third week চলছে, এই third weekএর মধ্যে আমরা কেন পাব না?

Mr. DEPUTY SPEAKER: I shall communicate your submission to Mr. Speaker.

Sj. HARIPADA CHATTERJEE: ডেপুটী-স্পীকার মহোদয়, আমাদের অনেক urgent matter discuss করতে হবে। এটা আগে না দিলে কি করে হবে?

Mr. DEPUTY SPEAKER: We will now take up the general discussion.

Supplementary Estimate for the year 1951-52.

General Discussions.

Sj. SIBNATH BANERJEE: মি: ডেপুটী স্পীকার স্যার, আপনি আমাকে কিছু বলতে না দিয়েই আপনি বলে দিয়েছেন যে আজকে সাড়ে সাতটা পর্য্যন্ত এই discussion চলবে। পাঁচটার পর guillotine, তার মানে এক ঘণ্টা মাত্র time পাচ্ছি general discussion এর জন্য। General Budget discussion এর সময় যেমন আমাদের সামনে আসে এবং তারপর তার যেমন general discussion হয়, তারপরে যেমন item by item discussion হয় এবং তারপরে vote নেওয়া হয়, এখানেও এই supplementary budgetএর সময় এই রকম করা উচিত। এক ঘণ্টা time অত্যন্ত insufficient তার চেয়ে বলে দিন না যে কোন discussion করতে দেওয়া হবে না।

Sj. HARIPADA CHATTERJEE: শতখানেক Cut Motion দিয়েছি, তা যদি আমরা discuss করতে না পারি তা'হলে কি করে হবে।

Mr. DEPUTY SPEAKER: Let us begin General discussion.

Sj. DEBENDRA NATH SEN: On a point of privilege, Sir. I should like to draw your attention to rule 104 which says that the Governor shall allot one or more days for discussion of the Supplementary Budget. I think your ruling goes against this rule altogether. I would request you to consult this rule and see what can be done. Further we demand that the discussion on food situation has never taken place in this House as yet, and I should like to take this opportunity of discussing the food situation in the Province. That will take at least two days. We therefore request you to allot two to three days for General discussion of this Supplementary Budget which is provided for in the rules.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Budgetএ না থাকলেও কি food situation in the Country discuss করতে হবে।

Mr. DEPUTY SPEAKER: Please read rule 104(*c*) "for both such voting and discussion."

Sj. DEBENDRA NATH SEN: Sir, it does not contradict me.

Sj. BIMAL COMAR GHOSE: Sir, the rule does not prevent you from allowing more than a day. You can, if you like, finish it within a day, but the position is that it does not prevent you from allowing more than one day and the members here are submitting that one day is not enough.

Mr. DEPUTY SPEAKER: With regard to the Budget, days are allotted by the Governor and we have nothing to do in this matter. Let us begin General discussion of the Supplementary Budget.

Dr. SURESH CHANDRA BANERJI: তা'হলে আমাদের ঠিক হল কি? আগে ঠিক করতে হবে আমাদের কয়দিন দেবেন।

Mr. DEPUTY SPEAKER: I have made my point perfectly clear, namely one day for General discussion and voting on the same day.

Sj. SIBNATH BANERJEE : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, time এত কম দেওয়া হয়েছে যে general discussion একটা farce হয়ে দাঁড়াবে। যাই হোক এই অল্প সময়ের মধ্যে আমি দু-একটা কথা বলতে চাই, যে টাকাটা চেয়েছেন সেটা খুব বেশী নয়—৩৬ লক্ষ টাকা মাত্র। Parliamentএ যেখানে ২০ কোটী টাকা চেয়েছেন, সেখানে আপনারা ৩৬ লক্ষ টাকা চেয়েছেন, এটা তার তুলনায় খুব কমই বলতে হবে। We are grateful for the small mercies. কিন্তু একটা জিনিষ বেশী করে চোখে পড়ে, সেটা হচ্ছে আজকে এর মধ্যে foodএর জন্য কোন কথা নাই। কেন নেই? এই হাউসে আমরা বারবার বলেছি যে, জলপাইগুড়ি ও কুচবিহারে চালের দাম বেড়ে গিয়েছে।

Mr. DEPUTY SPEAKER : পরিষ্কার করে বলুন।

Sj. SIBNATH BANERJEE : তাঁর যদি এই suffering humanityর প্রতি দরদ থাকত তাহলে নিশ্চয়ই তিনি একটা test relief ও gratuitious reliefএর বন্দোবস্ত করতেন এবং তা'হলে এই supplementary estimateএ টাকার প্রয়োজন হ'ত। কিন্তু তাঁরা বলছেন আজ দেশে famine নাই, অনাহারে লোক মরছে না, চালের দর বাড়েনি।

Mr. DEPUTY SPEAKER : Order, order, please be relevant.

Sj. SIBNATH BANERJEE : Hunger strike সম্বন্ধে আলোচনা করবার জন্য আমরা স্পীকার মহাশয়ের কাছ থেকে permission পাই নি। এই কলিকাতা সহরেই blackmarket থেকে পাঁচ সিকার কমে চাল পাওয়া যাচ্ছে না। এই অবস্থা, মিনিষ্টাররা বলছেন যে, অনাহারে দেশে কেউ মরছে না। সংবাদ-পত্রে অনাহারে মৃত্যু সংবাদ প্রকাশ হয়েছে তা তাঁরা বলেছেন যে এটা মিথ্যা কথা। আমি বলছি যদি সংবাদপত্র মিথ্যা খবর প্রচার করে থাকে তবে তাদের prosecute করা হোক। আমি জানি আজ দেশের বহু স্থানে, চালের অভাবে বহু লোক কচু, পচা আলু ইত্যাদি অখাদ্য জিনিষ খেতে বাধ্য হচ্ছে। যাতে সকলে ঠিকভাবে খেতে পায় তার বন্দোবস্ত করুন। বারাসাতে তারা ছয় সাত দিন hunger strike করবার পর, সেখানকার লোকদের মাত্র ১০, হাজার টাকা gratuitous relief দেবার ব্যবস্থা হয়েছে। আজকে চাল ও আটার দাম এত বেশী যে তারা এই control rate ও তা কিনে খেতে পারছে না। তাদের ঘরে যেটুকু ধান, চাল ছিল তা সব খেয়ে শেষ করে ফেলেছে, এখন তাদের ভিক্ষা করা ছাড়া আর কোন উপায় নাই। এখানে গভর্ণমেণ্ট gratuitous relief দিয়েছেন মাত্র ১০ হাজার টাকা। এতে কি করে চলবে তা জানি না। যেখানে অন্ততঃ লক্ষ টাকার দরকার, সেখানে তারা মাত্র ১০ হাজার টাকা as gratuitous relief দিয়েই তাঁদের কর্তব্য শেষ করে দিয়েছেন; আবার বড়াই করে বলে থাকেন, আমরা অনেক কিছু করছি। এটা অত্যন্ত লজ্জার কথা। আমার বক্তব্য হচ্ছে যে এই Supplementary Budgetএর মধ্যে আরও বেশী করে এই সমস্ত gratuitous reliefএর ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু তাঁরা দেশের লোকের এই শোচনীয় অবস্থা দেখেও, তাদের প্রতি অবহেলা করেছেন; তাঁরা জ্ঞানপাপী। এই সম্পর্কে আমাদের discussion পর্যন্ত করতে দিতে রাজী নন। তারা এই Supplementary Budgetএর মধ্যে একটা commission করেছেন। এটা থাকলে পাছে আলোচনা করতে হয় সেই জন্য তাঁরা back-door দিয়ে কাজ করছেন। এই হাউসের একজন সদস্য বলেছেন যে বর্তমানে জলপাইগুড়ি ও কুচবিহারে দুই টাকা করে চাউলের সের, সুতরাং সেখানে পুনরায় হয়ত গুলি চালান প্রয়োজন হয়ে উঠবে। এর উত্তরে খাদ্যমন্ত্রী বলেছেন যে সেখানে চাল সরবরাহ করবার জন্য আমরা যথেষ্ট চেষ্টা করছি। আমি বলতে চাই যে সেখানে test relief ও gratuitous reliefএর বিশেষ প্রয়োজন, কিন্তু তার বন্দোবস্ত এই Supplementary এর মধ্যে কিছুই করেন নি। এই হ'ল আমার প্রথম ও প্রধান বক্তব্য। তারপর খবরের কাগজে দেখতে পাচ্ছি যে দৈনিকই পূর্ব পাকিস্থান থেকে লোক আসছে এবং শিয়ালদহ ও হাওড়া Railway Stationএ জমা হচ্ছে। এদের reliefএর জন্য বহু টাকার প্রয়োজন কিন্তু তার উল্লেখ এই Budgetএর মধ্যে নাই। তাদের ঠিকমত dole পর্যন্ত দেওয়া হচ্ছে না। তাঁদের যথেষ্ট টাকা রয়েছে

কিন্তু তাঁরা তাদের কোন ব্যবস্থা করছেন না, করার ইচ্ছাও নাই। তাঁরা যদি বলেনও যে তাঁদের টাকার অভাব, তাহলে তাঁরা Central থেকে টাকা ধার নিয়ে, এদের বন্দোবস্ত করতে পারেন। মন্ত্রীমহাশয়রা আমাদের হাফ-পেণ্ট পরবার উপদেশ দিয়েছেন, সেটা না হয় মানতে চেষ্টা করতে পারি, কিন্তু দেশে খাদ্য না হ'লেও একেবারে সব অচল হয়ে পড়বে।

তাঁরা অন্য খরচ বাবদে এত টাকা চাচ্ছেন, কিন্তু যেটা minimum requirement, যেটা আসল প্রয়োজন সে টাকা তাঁরা চাচ্ছেন না that shows utter calousness. এটা যদি তাঁদের ইচ্ছা হ'ত, তাহলে তাঁরা টাকার বন্দোবস্ত করতেন। যারা আজ বাস্তহারা তাদের দিকে আপনাদের দৃষ্টি নেই, তারা আজ না খেয়ে আছে। তাদের দিকে দৃষ্টি থাকলে, তাদের জন্য যে টাকার দরকার হত, তা আমরা সমালোচনা না করেই পাশ করে দিতাম।

যেখানে famine condition বলে declare হবার মত অবস্থা হ'ল, তখন মন্ত্রীরা বললেন না, সেরকম কোন অবস্থার সৃষ্টি হয়নি এবং আমরা চাল, আটা, ইত্যাদি যেমন rationingএ দিচ্ছি সেই ভাবেই দেব। কিন্তু তার ফলে হ'ল যে, যে চাল, আটা বাংলায় আসতো তা বিহারে চলে গেল, কারণ সেখানে famine condition হয়েছিল। সেখানকার মন্ত্রীমহাশয়রা জোর করে বলেছিলেন যে এই অবস্থায় দেশে famine condition না করার দায়িত্ব আমরা নেব না। 'কিন্তু, সেই সৎসাহস' আমাদের মন্ত্রীমহাশয়দের নাই। এবং তাঁরা আরো বলছেন যে——

Sj. RAJANI KANTA PRAMANIK: ডেপুটি স্পীকার মহাশয় শিবনাথ বাবু যে বক্তৃতা করেছেন সেটা এই subjectএর অন্তর্গত নয়, সুতরাং এ বক্তৃতাটা হচ্ছে irrelevant.

Sj. HEMANTA KUMAR BASU: আমার মতে এই pointটা থাকা উচিত ছিল।

Mr. DEPUTY SPEAKER: Mr. Banerjee, what you say is not relevant, I should say. You should not discuss those things in the discussion of a Supplementary Budget. For your information I would read a few lines from May's Parliamentary Practice.

"A debate on the subject of excess grants is restricted to particulars containing the estimates of the items under which these grants are shown and the application of the items which compose these grants. The debate cannot touch the policy and expenditure sanctioned on other heads of the estimates for which the original grant was obtained except so far as the policy and expenditure are brought before the House by the items contained in the supplementary or excess estimates."

Sj. SIBNATH BANERJEE: Sir, I can substantiate my point that I am relevant if you will kindly give me that book.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, he cannot ask the Speaker to give him the book. He must have a copy by himself.

Sj. SIBNATH BANERJEE: অনেক দাম, So, Sir, I want the book.

Mr. DEPUTY SPEAKER: You can have it afterwards.

Sj. SIBNATH BANERJEE: Sir, I want to show by a reference to the book itself that I am correct because money is being diverted into a wrong channel.

Mr. DEPUTY SPEAKER: Please make yourself relevant.

Sj. DEBENDRA NATH SEN: But it is not possible to deal with this 36 lakhs covering many items. I have got a copy now, but it will not do. Which edition you quoted from, Sir?

Mr. DEPUTY SPEAKER: 15th Edition.

Sj. SIBNATH BANERJEE: আচ্ছা, আমি এখন সংক্ষেপে শেষ করছি। Sales tax কিছুই কমল না, টাকা তাঁরা নানাভাবে নিচ্ছেন। Sales tax অন্যান্য প্রদেশে এক পয়সা, দু'পয়সা, আর এখানে হচ্ছে তিন পয়সা। তার পরে নানানভাবে এখানে যে economy করা যায় সেটা তাঁরা করছেন না।

তারপরে এই খরচ বৃদ্ধির অত্যাচার থেকে ছাত্ররা পর্য্যন্ত রেহাই পাচ্ছে না। কোথায় fee কমানো হবে না তার স্থলে fee বাড়িয়ে তাদের উপর অত্যাচার করা হচ্ছে, text books বাড়ানো হচ্ছে, এক বছরের text book বছর গেলেই বদলানো হচ্ছে, তারপরে examinationএর feeও বাড়ানো হচ্ছে।

তারপর মোটর ট্যাক্স যেখানে ৫০৲ ছিল সেখানে বেড়ে ৫০০৲--৭০০৲ টাকা পর্য্যন্ত হয়েছে, এই রকম করে নানা দিক দিয়ে বর্দ্ধিত হারে কেবল ট্যাক্স আদায় করছেন।

উনি Penicillin factory করবেন, ভাল কথা, কিন্তু সরকার যেভাবে আমাদের খাবার ব্যবস্থা করেছেন, তাতে প্রত্যেক লোকের জন্যই Penicillin দরকার হবে। এবং ডাঃ রায়কে তা প্রত্যেককেই দিতে হবে। (হাস্য।) কেবল একটা factory করলেই চলবে না, যতগুলি factory দেশে রয়েছে সবগুলিকেই Penicillin factoryতে পরিণত করতে হবে। খাদ্যের ব্যবস্থায় এরকম নিশ্চেষ্ট থাকলে চলবে না। আমি বলছি আজকে যেমন বিহারে famine condition realise করে সেখানকার মন্ত্রিবর্গ resignationএর threatening দিয়ে Centre হতে যথেষ্ট চাল এবং আটা সেখানে আনবার ব্যবস্থা করেছেন কিন্তু এখানে তাঁরা কিছুই করেন নাই। শুধু তাই নয় দু'মাস পূর্ব্বে বেহারে ration cut restored হয়েছে। তারপরে চালের দাম যদি এমন চড়া হয় যে লোকে কিনতে পারে না, তার ফলে জেলায় জেলায় চাল পাঠান সত্ত্বেও লোক মরবে না খেয়ে, এটা যেমন বিহারে হয়েছিল, এখানেও সেই রকমই হবে, যদি আগে থেকে কোন ব্যবস্থা অবলম্বন না করা হয়। সেখানে ৩৬ লক্ষের বেশী টাকা test reliefএ খরচ করা হয়েছে, তার ফলে লোকের sufferings অনেক কমেছে। তা'ছাড়া সেখানে গরীব লোকেরা যাতে বাঁচতে পারে সেইজন্য gratuitous reliefএর এবং যারা কাজ করতে পারে তাদের কাজ দেওয়ার ব্যবস্থা হয়েছে। আমরা এখানে test reliefএর কথা বেশী বলি না, যারা শিশু, বৃদ্ধ শুধু তাদের জন্যই বলব। বাকি যারা কাজ করতে পারে তাদের জন্য এরা irrigationএর ব্যবস্থা করতে পারেন, খাল কাটাতে পারেন, পুকুর খনন করাতে পারেন, এসব কাজ আমরা Private agency দ্বারা করলে বেশী দূর অগ্রসর হওয়া যায় না, কেবল গভর্ণমেণ্টই সুষ্ঠুভাবে করাতে পারেন, এবং এইসব করলে অপব্যয়ও হবে না, আর লোকেরও সাহায্য করা হবে এবং দেশেরও উন্নতি করা হবে, গম উৎপাদনও বৃদ্ধি করা হবে। খানা পুষ্করিণী খননের ও রাস্তাঘাট তৈরীর ব্যবস্থা দ্বারা দেশের লোকেরও শ্রমশক্তি বাড়বে, তারা আত্মনির্ভরশীল হবে তার ফলে দেশে আর একটা lazy classএর সৃষ্টি হবে না। কিন্তু এসব দিকে সরকারের কোনও সাড়া পাচ্ছি না--এটা বড়ই দুঃখের কথা।

Sj. HARIPADA CHATTERJEE: দেশব্যাপী চাষীদের যখন এত কষ্ট তখন মাত্র ২ লক্ষ ৫০ হাজার টাকা তাদের জন্য additional demand on account of cattle purchase loan এটা যদি প্রকৃতই জনসাধারণের সরকার হত তাহলে চাষীদের এই দারুণ দুর্দ্দশায় সাহায্য করার জন্য এই সামান্য টাকা তারা চাইতেন না, আরো অনেক বেশী টাকা চাইতেন। আজকে আমাদের পশ্চিম বাংলার চাষীদের যে দুরবস্থা তাতে তাদের রীতিমত সাহায্য করা উচিত। আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি, হাবেসাই আমাকে তাদের মধ্যে যেতে হয়। আমি দেখে এসেছি—কৃষ্ণনগর থেকে ৪ মাইল দূরে তারকদাসপুর—গ্রামটা বাস্তুহারাতে ভরতি। সেখানে গিয়ে দেখি চাষীরা ৪ দিন ধরে উপবাস করে আছে। গভর্ণমেণ্ট সেখানে তাদের house loan দেন নাই, maintenance allowance বা gratuitous relief কোন কিছুই দেন নাই গিয়ে দেখি--৪টী দিন ধরে লোকগুলি সেখানে না খেয়ে রয়েছে, আমি অনুসন্ধান করে জানলাম সেখানে দু জন লোক না খেয়ে মারা গেছে। ওরা বলেন না খেয়ে লোক মারা যায় না, মারা যায় আমাশয় হয়ে রক্তবাহ্যি করে। কিন্তু আমি জানি যে তারা দু'জনে না খেয়েই মারা গেছে তাদের একজনের নাম অভিলাষ বিশ্বাস, আর একজনের নাম হচ্ছে রসিক বিশ্বাস। (The Hon'ble N. DUTT-MAZUMDAR: সবাই বিশ্বাস?) হাঁ চাষীর প্রায়ই বিশ্বাস হয়। (The Hon'ble P. C. SEN: কোন, গ্রামে?) তারকদাসপুরে। কৃষ্ণনগর থেকে ৪ মাইল দূরে। আপনারা ত অন্যের informationএ বিশ্বাস করেন না, কিন্তু আমি অনুরোধ করছি আমার এই খবরগুলি বিশ্বাস করুন। আমি নিজে গিয়ে দেখেছি সেখানে সেই দু'টী লোক মারা গেছে। আমি সঙ্গে সঙ্গেই জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে গিয়েছি, ও বলেছি ঐ গাঁয়ের লোকগুলো ৪ দিন ধরে না খেয়ে পড়ে আছে।

ওদের একটা ব্যবস্থা করুন। ওরা বাস্তহারা। যে দেশ বিভাগের ফলে আজ ওদের বাস্তহারা হয়ে এখানে আসতে হয়েছে সে দেশ বিভাগের জন্য ওরা দায়ী নয়। যারা ওদের এনে ঐ গ্রামে বসিয়েছে অথচ কোন কিছু সাহায্য দেয়নি তারাই দায়ী। ফলে দু'জন মারা গেল। সরকারের যে দপ্তরখানা আছে তারা সে খবরটা প্রথমে দেয় নি, আমার কথা শুনে শেষটায় জেলা ম্যাজিষ্ট্রেট খবর চাইলেন, শেষকালে রিপোর্ট হলো রক্তামাশয় মারা গেছে ঐ দু'জন লোক। আমি নিজে বহু জায়গায় ঘুরে দেখেছি বহুলোক দু'বেলা খেতে পাচ্ছে না। যারা modified ration পায় তারও একবেলার বেশী খেতে পায় না। ১৪।১৫ টাকা দরে লোকে ছোলা কিনে খাচ্ছে, এবং যেখানে কোন ক্রমেই ১৪।১৫ টাকার বেশী চালের দর হওয়া উচিত নয় সেখানে মহাজনরা ২৫।৩০ টাকা দরে বিক্রী করছে। মহাজনরা এইভাবে দরিদ্র জনসাধারণকে টাকা ধার দিয়ে শোষণ করছে এবং তাদের ভবিষ্যৎ ব'লে কিছু নাই। আজ যদি Co-operative সমবায় প্রথা থাকতো তাহলে এদের একটা বেঁচে থাকবার পথ হোত; কিন্তু আমাদের মন্ত্রীমহাশয়দের Co-operative প্রথায় বিশ্বাস নাই অথচ এরাই একদিন বলেছিলেন সমবায় প্রথা প্রবর্তন করাই নাকি এদের প্রথম লক্ষ্য। কোন কথা বল্লেই টাকার অভাবের কথা আমাদের শুনতে হয়, কিন্তু Reserve Bank থেকে তো 2·4 per centএ টাকা ধার দিয়ে তা তাঁরা করতে পারতেন। সরকার থেকে কোনপ্রকার সাহায্য না পেয়ে চাষীকে মহাজনের দ্বারস্থ হতে হয় এবং পাট দিয়ে ঋণ শোধ করতে হয় এবং ১০৲ বদলে যে কত বেশী দিতে হয় তা বলা যায় না। সুতরাং আমি বলছিলাম যে, সমস্ত দেশময় যখন এই রকম হাহাকার তখন অন্য আলোচনা এখানে শোভা পায় না। প্রথমে চাষীকে বাঁচাতে হবে; চাষী যদি মারা যায় তাহ'লে দেশ বাঁচতে পারে না। তারপর আরেকটা বিষয় হচ্ছে এই যে, যা cattle loan দেওয়া হয় সেটা সমুদ্রে বারিবিন্দুবৎ। সমস্ত দেশেই চাষীদের পর্য্যাপ্ত loan দেওয়া দরকার। আমি পূর্ব্বে বলেছি, আবারও আমাকে বলতে হচ্ছে যে, গ্রামগুলিকে শোষিত করে সহরগুলিকে ফাঁপিয়ে তোলা হচ্ছে। যেখানে সহরের লোক control মূল্যে সবকিছু খাচ্ছে সেখানে যারা নাকি ফসল ফলাচ্ছে তারা এত উচ্চমূল্যে কেন খাবে? এই Government কখনও টিকতে পারে? Goldsmithএর ভাষায় বলতে গেলে চাষীই দেশের সম্পদ; যে দেশের চাষীকে নষ্ট করা হয় সে দেশ কখনও restored হতে পারে না। (The Hon'ble Rai Harendranath Chaudhuri Quotationটা বলুন।) Quotationটা আমার কাছে এখন লেখা নাই।

"Honest Farmer is a pride of one's country. Once destroyed can never be restored."

খুশী হলেন? এখন কাজে পরিণত করুন। তারা তো ধ্বংস হয়ে গেল। আমি আর বেশী নেব না, স্যার। শুধু এইটুকু ব'লে শেষ করব যে, দেশের লোক না খেতে পেয়ে মরে যাচ্ছে। তারপর দেখুন, বাস্তহারা যারা এসেছে তাদের দুর্দ্দশা চরম সীমায় পৌছেছে। এইসব ব্যাপারে emergently ব্যবস্থা করা দরকার এই হচ্ছে দেশের অবস্থা।

Sj. DEBENDRA NATH SEN: Mr. Deputy Speaker, Sir, the total money demanded from us for our voting is really a paltry sum. It is only Rs. 36 lakhs and the House should not have taken much of its time in sanctioning this paltry amount, but even though the amount is very paltry I am opposed to giving a single farthing out of the people's money into the hands of this Ministry. In fact, if the Ministry had behaved properly they need not have come with this Supplementary Budget before us. If they had not connived at evasion of the Birlas they would have got one crore of rupees. If they had run the State Bus Transport Service properly then they could have amassed a huge profit by this time, for every private bus owner earns a clear net profit of one thousand rupees per month and since the Government run 200 buses they could have made a clear net profit of 2 lakhs of rupees per month and they need not have come before us for this paltry sum. There are trawlers remaining idle wherein I think about Rs. 40 lakhs are blocked. Bulldozers have been purchased, scrappers have been purchased. They are lying idle, they are unworkable, they are not suited to the soil of Bengal; yet money has been spent on them and they are lying idle. There also about Rs. 38 lakhs are blocked. That is why I am opposed to giving a single farthing into the hands of this Ministry.

There are other reasons also and those are that this Ministry from the figures that they have given us tell us that they have defalcated in the Food Department alone in 1948-49 Rs. 7½ crores and in 1949-50, Rs. 8·8 crores. I say this is not my calculation, this is out of the calculation made by the Hon'ble Food Minister. I see in some of the papers the Food Minister has been renamed as Famine Minister—I do not know which he would like. For us, of course, he is Food Minister. The figures that he has given reveal that in 1948-49 he has taken out of our money—people's money—about 7½ crores and in 1949-50 he has taken about 8·8 crores. I am coming to these figures. Sir, in reply to a question of mine during the Budget Session the Hon'ble Food Minister gave figures of his stock position in 1948-49 and 1949-50. From the stock position given I find that in 1948-49 he has given 43 lakh maunds of rice less than he should have retained as the closing stock for 1948-49.

Mr. DEPUTY SPEAKER: I like you to be relevant.

Sj. DEBENDRA NATH SEN: This is very relevant. I do not like to pay them a single farthing for this reason that they have cheated us to the extent of 7½ crores of rupees in 1948-49, they have cheated us to the extent of 8·8 crores of rupees in 1949-50. So I do not want to give them a single farthing. That is my relevancy. When I look into these figures—I challenge the Food Minister—he should be arrested and impeached——

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Is this a parliamentary expression—'they have cheated us'?

Sj. DEBENDRA NATH SEN: Is it a point of order?

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order. He used the expressions "defalcated and they have cheated us". Is this a parliamentary expression?

Mr. DEPUTY SPEAKER: The word "cheating" is unparliamentary.

Sj. DEBENDRA NATH SEN: What word shall I use?

Mr. DEPUTY SPEAKER: Consult your vocabulary.

Sj. DEBENDRA NATH SEN: They have taken away this money from us. I challenge them (uproar). I say, Sir, that he should be arrested and impeached.

(The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR rose to speak.)

Mr. DEPUTY SPEAKER: I have already given my ruling.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, I am grateful that you have given your ruling (uproar). We never think that the honourable member or any honourable member of this House will be such a bloody fool to be cheated.

Mr. DEPUTY SPEAKER: Order, order.

Sj. DEBENDRA NATH SEN: Sir, I am prepared to show the accounts to anybody, and if the Hon'ble Minister also wants to see them I can show him just now how he has got this sum out of the Food Department and taken away this money from us. Three or 4 days ago the Hon'ble Food Minister gave us a figure. He said in reply to a question of Sri Sris Chandra Nandy that the total quantity of paddy procured in 1950-51 was 58 lakh tons of paddy. Sir, I will accept this figure, and I want to show that if this figure is correct then there is no shortage of rice in West

Bengal, and everybody can take on an average daily half a seer of rice. Everybody includes every adult of the total population. The total quantity procured is 58 lakh tons of paddy, and if we can convert it into rice——

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. It is not the general budget presented before the House. It is the supplementary estimate relating to State Excise Duties, Forest, Registration, Administration of Justice, Scientific Departments, Medical, Stationery and Printing, Miscellaneous, Loans and Advances bearing interest. Now, Sir, the debate must be limited to these subjects, and in that case alone the debate will be within the scope of the supplementary estimate; otherwise not.

Mr. DEPUTY SPEAKER: I have given my ruling already.

Sj. DEBENDRA NATH SEN: Sir, I was submitting that the things omitted do form part of the topic for discussion here, and we have a right to discuss them. This thing has been omitted from the Governor's address, and these things have been omitted from this budget also.

Moreover, Sir, I would like to draw your atention to item No. 1 of Grant No. 41 where a grant of Rs. 2,50,000 has been made, and it relates to shortage of supply of food. So my speech is very much relevant. There is no shortage of rice in West Bengal. That is the relevancy of my speech. If we accept the Hon'ble Food Minister's figure, namely, that 58 lakh tons of paddy were produced in the year 1950-51 and if we convert this paddy into rice it comes to 38 lakh tons of rice. I have taken two-thirds of a maund of rice for a maund of paddy.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. The honourable member is confusing the Governor's address with the procedure for Supplementary Budget. There is a difference and a distinction between the two. There is no question of omission in the case of the Supplementary Budget which restricts itself to specific items which come up as demands for supplementary grants before this House, and therefore it affords no scope as in the case of the Governor's address to give rise to a General discussion touching any subject. The honourable member is confusing the two. Will you kindly draw his attention to it, Sir?

Mr. DEPUTY SPEAKER: With regard to the Governor's address, discussion on omission and commission is allowed under the constitution. But with regard to discussion on supplementary estimate it is very much restricted. I have given my ruling, and I hope, Mr. Sen, you will kindly confine yourself to the issues for which the grants are sought for.

Sj. DEBENDRA NATH SEN: I am very much restraining myself. There is no doubt about that. If you look at the last page of Grant No. 14, you will find, Sir, that there is a grant for Rs. 2,50,000 for failure of crops, and I want to show that irrespective of whether there is failure of crops there is no shortage of foodstuffs in West Bengal according to the figures given by the Hon'ble Food Minister or the Hon'ble Finance Minister.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, he is misleading the House. This relates to a specific demand for a specific area.

Sj. DEBENDRA NATH SEN: Are you on a point of order? If not, I will not yield.

Then, Sir, this 58 lakh tons of paddy converted into rice brings it to 38 lakh tons of rice, and converted into maunds it comes to 10·5 crore maunds. I think that the population of West Bengal is two and half crores, and on an average every person will be getting about half a seer

per day for four months in the year. I have not taken into consideration the closing stock last year. I have not taken into consideration the quantity of wheat and rice that we will get from the Central Government. I have taken only the Food Minister's figures, and I want to show that there can be no scarcity in West Bengal if these figures are correct. Either these figures are wrong, and he has deceived us, or if these figures are correct there can be no reason for shortage of food stuffs in West Bengal, and I would like to have a reply from the Food Minister on the points that I have raised.

Then, Sir, there is another point. I think all these moneys are being spent and taken away for election purposes. These 5 crores of rupees have been diverted to election purposes and for paying to relatives and other persons.

There is also another point to which I would like to draw your attention. The difference between the selling price and the purchase price of rice or the procurement price of rice is the highest in West Bengal. That difference is Rs. 4 minimum in West Bengal, but in other provinces it is nowhere more than Rs. 2. Neither in Madras nor in Bombay nor in the United Provinces nor in Bihar. Therefore, Sir, a large amount of money is being taken away from us very stealthily. There should be a committee of enquiry for the Food Department to go into all these relative points as to what has become of this stock of rice, what has become of the difference which this Government is accepting from the people—the difference between the procurement price and the selling price. So, there should be an enquiry committee. If you look into the last 4 years you will find that there has been a gradual rise in prices, more particularly in the price of rice since 1948 but this Ministry has taken no steps to combat this rise. Rather I should think that they have been helping in the rise of prices. Today we read in the papers that rice is again selling at Rs. 80 per maund in Dinhata in Cooch Behar and if this is the case before long, perhaps, there will be another tragedy like the one we beheld in April last in Cooch Behar. To show how the prices are rising I will give some figures. In Burdwan as compared——

Mr. DEPUTY SPEAKER: Your time is up.

(The member having reached the time limit had to resume his seat.)

Janab A. M. A. ZAMAN : আমার বলবার মোটেই ইচ্ছা ছিল না কিন্তু কয়েকটা কারণে আমি দু' একটা কথা বলতে চাই। এখানে দেখা যাচ্ছে যে Supplementary Budgetএ মাত্র নয়টী itemর জন্য ৩৬ লক্ষ টাকা চাওয়া হয়েছে। যেমন State excise duties, Forest, Registration, Administration of Justice, Scientific Department, Medical, Stationery and Printing, Miscellaneous, Loans and Advances bearing interest. এই কয়েকটা itemএ ৩৬ লক্ষ টাকা চাওয়া হয়েছে। এই কয়টা itemএ যে ৩৬ লক্ষ টাকা খরচ করা প্রয়োজন সে কথা ওরা সকলেই স্বীকার করেছেন; এবং item by itemএ তাঁরা বক্তৃতা দিয়েছেন; তার কারণ publicএর কাছে ওরা popularity gain করতে চান। একটু আগেই শিবনাথ বাবু বলেছেন যে, ময়ূরাক্ষী schemeএ এক লক্ষ একর জমি খনন করতে দশ হাজার টাকা খরচ হয়েছে, অথচ আমি একটা খাল কাটবার চেষ্টা করেছিলাম কিন্তু টাকার অভাবে তা সম্ভব হয় নাই। এখানে শিবনাথ বাবু এ কথা একবার চিন্তা করে দেখেন নাই যে, এই এক লক্ষ একর জমিতে কত ধান হতে পারে তা যদি দেখতেন তাহলে আমার মনে হয় তিনি বুঝতে পারতেন যে এই এক লক্ষ একর জমির দ্বারা এক লক্ষ লোক বেঁচে যাবে। আবার আমার বন্ধু হরিপদ বাবু বলেছেন যে গুরুদাসপুরে দুইজন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে (A VOICE—গুরুদাসপুর নয় তারকদাসপুর) কোথা থেকে এই রকম খবর আনেন এবং বলছেন এই জায়গায় এই লোক মারা গিয়েছে। ওনারা দেখছি বাংলা দেশের সর্বত্রই রয়েছেন কোথাও বাকী নাই। সত্যিই যদি এই লোক দুইটি না খেয়ে ছিল তাহলে আপনারা নিজেরে

থেকে ১০-২০ সের চাল দিয়ে তাদের সাহায্য করেছেন সে কথা কেউ বলেন নি। ওরা ত দেন নি, খালি চাচ্ছেন অপরে যাতে দেয়। ওরা চান যে না খেতে পেয়ে দু'চার জন মরুক, তাহলে তাঁরা এখানে এসে বলতে পারবেন যে Government তাদের না খেতে দিয়ে মেরেছেন এবং এই Government অকর্মণ্য। এইভাবে কতকগুলি বাজে case সৃষ্টি করে তাঁরা দেখাচ্ছেন যে Government জনসাধারণের জন্য কিছুই করেন না। ওদের দেখে আসা উচিত ছিল যে Government খাল কেটে কত জমির চাষ করছেন। ওরা হাজার হাজার লোককে Calcuttaয় নিয়ে এসে meeting করেন কিন্তু ঐ হাজার হাজার লোক দিয়ে তাঁরা যদি daily একখণ্ড করে জমিও চাষ করাতেন তাহলে বহু পরিমাণে আবাদ বাড়তো। ওরা গ্রাম থেকে লোকদের কলকারখানায় কাজ দেবো বলে নিয়ে এসে পরে বলেন Government তোমাদের খেতে দিচ্ছে না। আজ যে সমস্ত refugee রয়েছে তাদের গ্রামে নিয়ে গিয়ে যে সমস্ত পতিত জমি রয়েছে সেগুলি চাষ করবার যদি চেষ্টা করতেন তাহলে বোঝা যেত যে ওরা সত্যি সত্যি চান যে দেশের লোক খেতে পাক্।

(Red light was lit.)

Sir, আমাকে আর একটু সময় দিতে হবে। এই দেশে যথেষ্ট পরিমাণ জমি পড়ে রয়েছে কিন্তু কেউ নিজকে sacrifice করে সেখানে cultivate করতে যান না। ওঁরা খালি দেশে খাদ্য নাই, খাদ্য চাই বলে meeting করেন কিন্তু যে সমস্ত চাষের জমি আছে তাতে ওরা চাষ করতে চান না।

এই যে ৩৬ লক্ষ টাকা চাওয়া হয়েছে নয়টী itemএর জন্য তার একটা itemও বেদরকারী নয়, ওঁরা একটু চিন্তা করে দেখলে ভাল হয়।

SJ. SIBNATH BANERJEE: On a point of personal explanation.

মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আমার নাম drag না হলে আমি বলতাম না। উনি বলেছেন, আমরা নাকি কখনও sacrifice করিনি, কিন্তু ওঁনার মত sacrifice কবে ঢাক পিটান ঠিক বলে আমি মনে করি না। আমরা sacrifice করেছি কিনা তা জামান সাহেব ভাল করেই জানেন। এই কথাটা তিনি এখানে নির্লজ্জ ভাবেই অস্বীকার করেছেন।

Mr. DEPUTY SPEAKER : That is irrelevant.

SJ. KANAI LAL DE: মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আমাদের সম্মুখে যে Supplementary Budget উপস্থাপিত করা হয়েছে তাতে দেখা যাচ্ছে যে গ্রামের চাষীদের, চাষ করবার জন্য বলদ কেনবার কোন ব্যবস্থা করা হয় নাই। এ বছর প্রায় সমগ্র বাংলাতে ভাল ফসল হয় নাই এবং ধান, চালের অভাবে বহু লোক মারা গিয়েছে।

অবশ্য এখানে cattle কেনবার জন্য মাত্র আড়াই লক্ষ টাকা চাওয়া হয়েছে। কিন্তু এটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অল্প। চাষীদের বলদ কেনবার জন্য যদি টাকা না দেওয়া হয়, তাহলে ভাল চাষ কি করে হওয়া সম্ভব। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় বহুদিন থেকে বলে আসছেন যে আমাদের দেশে মাত্র দশ পারসেণ্ট খাদ্য কম আছে, সেটা উৎপন্ন করতে পারলেই দেশ স্বাবলম্বী হয়। কিন্তু গত চার বৎসরের মধ্যেও তাঁরা এই দশ per cent. খাদ্য উৎপন্ন করতে পারলেন না। তাঁরা যে সমস্ত খাদ্যশস্য store করছেন তাতে ১৩ per cent. wastage হচ্ছে।

গত দু' বছরে, ১৯৪৮ সাল পর্য্যন্ত ৫,০৫১,৬৬০ মণ চালের হিসাব নেই। ১৯৫০ সাল পর্য্যন্ত ৫,৮০৯,৮০০ মণ চালের কোন হিসাব নেই। তাঁরা যে চাল সংগ্রহ করেছেন, তাঁদেরই figure থেকে দেখতে পাচ্ছি যে এই চার বছরে এক কোটী মণের উপর চালের হিসাব নাই।

একবার শুনেছিলাম যে খুলনায় ৫০ হাজার মণ চাল ইন্দুরে খেয়ে ফেলেছিল। আর এখানে কি আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় বলবেন যে এই এক কোটী মণ চাল বাংলা দেশের বাঁদরে খেয়ে ফেলেছে?

খাদ্যমন্ত্রী মহাশয়ের নিজের উক্তি থেকেই জিজ্ঞাসা করছি যে গত চার বছরে এই এক কোটী মণ চালের হিসাব নেই, সেই চাল কোথায় গেল? সেই চাল এমনিভাবে কে নষ্ট করল? আজ সেই চাল বাংলায় থাকলে, ১৪ লক্ষ লোক খেতে পারত; অথচ তিনি বলছেন বাংলায় মাত্র ১০ per cent. কম আছে, অথচ এত অপব্যয় করছেন, তাঁর নিজের হিসাবেই গোলমাল আছে। অতএব এ সম্বন্ধে তিনি কি বলতে চান? বাংলা

দেশেতে control প্রথা চালু রাখবার জন্য দেশের লোককে ধোঁকা দিয়ে বলছেন যে বাংলা দেশে খাদ্যশস্য বেশী ফলেনি এবং বাইরে থেকেও বেশী খাদ্যশস্য পাওয়া যাচ্ছে না। এই সমস্ত স্তোক বাক্যে দেশের লোককে ভুলিয়ে রাখতে চান। কিন্তু তাদের যা হিসাব তাতে দেখা যাচ্ছে যে গত চার বছরে ৫০ লক্ষ মণ চাল ঘাটতি হয়েছে, এই চাল গুদামে পাওয়া যাচ্ছে না, সেই চাল কে লোপাট করে দিয়েছে। তাহলে কি বলতে হবে যে তাঁদের কর্মচারীরা সেই টাকা পাচার করে দিয়েছেন?

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, একটা অবাস্তবের মধ্যে আমাদের এই অতিরিক্ত ব্যয়বরাদ্দ সম্বন্ধে আলোচনা চলছে। আজ দেশের দারুন দুরবস্থা, চারদিকে হাহাকার, অন্নের অভাব, বস্ত্রের অভাব। খাদ্যের দাবীতে Hunger March ও Hunger Strike হচ্ছে। আমরা আশা করেছিলাম, এই অতিরিক্ত ব্যয়বরাদ্দ এমন সব item থাকবে, যাদের কাজে পরিণতি দ্বারা এই সব সমস্যার সমাধানের পথ উন্মুক্ত হবে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সরকার সেই সব item ব্যয়বরাদ্দের অন্তর্ভুক্ত করেন নাই। আমি অনেক সময় ভাবি, বঙ্কিমচন্দ্র আনন্দমঠে তখনকার দেশের যে অবস্থার বর্ণনা করেছেন, বাংলার বর্তমান অবস্থাও অনেকটা সেরূপ। Government আমাদের সামনে যে Supplementary Budget পেশ করেছেন তা দেখে মনে হয় না Government এ বিষয় অবগত আছেন। এই বাজেটের মধ্যেই তার ইঙ্গিত আছে; Government বলছেন যে আমাদের দেশে criminal case খুব বেড়ে গিয়েছে। ফলে পুলিশের জন্য ব্যয়-বরাদ্দও বেড়ে চলেছে।

গভর্ণমেণ্টের খরচের পরিমাণ ক্রমশঃ বেড়ে চলেছে; কিন্তু কাজের মতন কাজ কিছুই হচ্ছে না। পূর্ববঙ্গ থেকে বহু লোক এসেছে ও আসছে। গভর্ণমেণ্ট তাদের জন্য কিছুই করছেন না। টাকাই কেবল খরচ হচ্ছে কিন্তু তাদের সত্যিকারের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় যে কাজ তা তাঁরা মোটেই করছেন না। ফলে hunger strike হচ্ছে—hunger march হচ্ছে—তার সঙ্গে সঙ্গে তাদের উপর গুলি চলছে, লাঠি চলছে, ফলে criminal caseএর সংখ্যা বেড়ে যাচ্ছে, সেজন্যও গভর্ণমেণ্টের টাকা খরচ হচ্ছে, কিন্তু তাতে মূল ব্যাধির প্রতিকার হচ্ছে না। আজ দেশের প্রায় সর্বত্রই হাহাকার, যুবকদের চাকরীর অভাব, দেশময় বেকার সমস্যায়, উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যায়, সবদিকেই দিন দিন সঙ্কটজনক পরিস্থিতির উদ্ভব হচ্ছে। আগে এসবের প্রতিকারের জন্য এই বাজেটে এক পয়সাও ব্যয়বরাদ্দ করা হয় নাই। অথচ গভর্ণমেণ্ট বাজে জিনিষের জন্য বিস্তর খরচের ব্যবস্থা করেছেন। যেমন একটা Penicillin Factory করেছেন, টাকা দিচ্ছেন নাকি Medical Departmentএ যে টাকা বেঁচেছে তাই থেকে। আমরা যে ব্যয়বরাদ্দ করেছিলাম Medicalএর খাতে সেই টাকা থেকে কতক টাকা বেঁচেছে। কি করে বেঁচেছে? সরকারী হাসপাতাল সমূহে চিকিৎসার এমনি সুব্যবস্থা যে গরীবদের পর্য্যন্ত হাসপাতালে ভর্তি হলে টাকা খরচ করতে হয়। যারা টাকা দিতে পারে না তাদের সেখানে চিকিৎসা হয় না। এই রকম সব ব্যাপার সরকারী বিভাগের জনকল্যাণমূলক প্রায় প্রত্যেকটী বিভাগে প্রতিদিন ঘটছে। আশ্চর্য্যের বিষয় সরকারের এ কথা বলতে লজ্জা হচ্ছে না যে Medical Departmentএর যে টাকাটা বেঁচেছে তাই নিয়ে আমরা Penicillin Factory করছি। আমরা বলি দেশের যত বেশী foctory হয় ততই ভাল, কিন্তু যে ভাবে এই কাজটা গভর্ণমেণ্ট করছেন তা মোটেই ন্যায় সঙ্গত নয়। এ থেকে প্রমাণিত হয় যে যারা রুগ্ন, যারা ব্যাধিগ্রস্ত, যারা দরিদ্র, তাদের জন্য গভর্ণমেণ্টের কোনই দরদ নাই।

দু'টী রেলের জন্য গভর্ণমেণ্ট টাকা খরচ করেছেন। এজন্য আমি গভর্ণমেণ্টকে প্রশংসা করছি। কিন্তু এটা আরো অনেক আগেই করা উচিৎ ছিল। গভর্ণমেণ্ট জানেন, আমি অনেক আগেই বলেছিলাম যে Private কোম্পানির হাতে দিলে এই সব রেল লাইন চলবে না। গভর্ণমেণ্টের নিজের হাতেই এদের নেয়া উচিত।

এই অতিরিক্ত বাজেটে ব্যয়বরাদ্দ দেখে আমি বলতে বাধ্য হচ্ছি --দেশের যাতে প্রকৃত উন্নতি হয় সেদিকে সরকারের লক্ষ্য নাই। দেশের লোককে পীড়িত রেখে, অনাহারে রেখে যে ভাবে সরকার তাদের টাকা খরচের বরাদ্দ করেছেন তাতে এর বিরোধীতাই শুধু নয় এর নিন্দা না করে গত্যন্তর নাই।

Sj. HEMANTA KUMAR BASU: ডেপুটী স্পীকার মহাশয়, এই যে Suplementary Budget এখানে উপস্থিত করা হয়েছে, সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই, বর্তমানে আমাদের দেশের বহু কিছু অভাবের মধ্যে যখন খাদ্যাভাবটা বিশেষ করে চালের অভাবটা তীব্রভাবে দেখা দিয়েছে, তখন সরকার

তাঁদের যে Excise policyর কথা বা বলেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি হাজার হাজার মণ চাল দিয়ে মদ, তাড়ি ও পচাই তৈরী হচ্ছে। তাহারা এক দিকে যেবন দেশের অতি প্রয়োজনীয় খাদ্য নষ্ট করা হচ্ছে অন্য দিকে লোকের চরিত্র নষ্ট হচ্ছে, স্বভাব নষ্ট হচ্ছে এবং সমাজের অহিতকর কার্য্যে লিপ্ত হবার সুযোগ তাদের দেয়া হচ্ছে।

আমি সুন্দরবন অঞ্চলের অনেক জায়গায় ঘুরেছি। এক জায়গায় সর্দার নামক কতকগুলি অনন্নত জাতি আছে। তাদের ভিতর হাজার হাজার মণ চাল প্রতি সপ্তাহে চোলাই করে পচাই তৈরীর ব্যবস্থা রয়েছে। এটা বন্ধ করার জন্য সরকারের নিকট বার বার দরখাস্ত পাঠান সত্ত্বেও কোন ফল নাই।

তারপরে সুন্দরবনে জলপ্লাবনের ফলে সেখানকার বহু লোক গৃহহীন হয়ে পড়েছে সে খবর ডাঃ আমেদও জানেন। তাদের মধ্যে যারা চাষী তাদের চাষবাসের সরঞ্জাম সব নষ্ট হয়ে গেছে।

Mr. DEPUTY SPEAKER: You are not relevant.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: He has made it relevant, Sir, because he has referred to Excise and said at the same time চাল থেকে মদ তৈরী হয়।

Sj. HEMANTA KUMAR BASU: আমি General policyর উপর বলছি। যেভাবে আলোচনা এখানে চলেছে তাতে আমি more restricted.

সুন্দরবনের লোকেদের দুর্দ্দশার কথা, তাদের ঘরবাড়ী নষ্ট হওয়ার কথা ডাঃ আমেদ যিনি নাকি রিলিফের মন্ত্রী তিনি ভালই জানেন। সরকার হতে যে সাহায্য মঞ্জুর করা হয় তা যারা প্রকৃত দুর্দ্দশাগ্রস্ত তাদের হাতে অনেক ক্ষেত্রেই পৌঁছে নাই। এজন্য প্রায় ২০০ দরখাস্ত মন্ত্রীমহাশয়ের নিকট তারা দিয়েছে, তিনি অনুসন্ধানও করেছেন কিন্তু আজও পর্য্যন্ত প্রকৃত দুর্দ্দশাগ্রস্তেরা কোন সাহায্য পায় নাই। এইজন্য আমার বিশ্বাস জনকল্যাণমূলক খাতে যেসব টাকা ধরা হয় তা ঠিক মতন অনেক ক্ষেত্রেই ব্যয় হয় না; অতএব এ বাজেট সমর্থন করতে পারি না।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে এই Supplementary Budget আলোচনার মধ্যে অনেক অবান্তর কথার অবতারণা এখানে হয়েছে। আজকে এখানে আমার খাদ্য সম্বন্ধে কিছুই বলবার ইচ্ছা ছিল না, কিন্তু আমাব ওদিককাব বন্ধুদের (POINTING TO THE OPPOSITION BENCHES) নির্বাচনে জয়লাভের আশা যতই ক্ষীণ হচ্ছে তাঁরা ততই বেশী কবে খাদ্য সম্বন্ধে আলোচনা আরম্ভ করছেন, এবং—

Sj. SIBNATH BANERJEE: Mr Deputy Speaker, on a point of order, Sir, নির্বাচনে কার সুবিধা বা অসুবিধা হলো সে কথাটা কিভাবে এখানে উঠতে পারে? এবং সে কথাটা কি ভাবে এখানে "বাস্তর" হলো সেটা সেন মহাশয় বলবেন কি?

Mr. DEPUTY SPEAKER: He has not finished the sentence yet.

Sj. SIBNATH BANERJEE: But the meaning is clear. আমাদের জয়লাভের আশা ক্ষীণ হয়েছে এই কথাটা উনি বলেছেন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: খাদ্য সম্বন্ধে যে সমস্ত টাকা চাওয়া হয়েছে সে সম্বন্ধে ওদিককার বন্ধুগণ কোন কিছু কথাই বলেন নি। কেবল খাদ্য সম্বন্ধে অপ্রাসঙ্গিক, অসত্য এবং ভুল অঙ্ক দিয়ে লোকদের বিভ্রান্ত করবার চেষ্টা করেছেন। মাননীয় সভ্য মহাশয়রা অনেকেই জানেন যে ওদিককার বন্ধুদের অনেকেই বিগত মার্চ মাসে বাজেট অধিবেশনে দাবী করেছিলেন দেশে খাদ্যের অভাব নেই; প্রচুর খাদ্য আছে। অতএব খাদ্য controlএর কোন আবশ্যকতা নেই। বিনিয়ন্ত্রণ করে দিলে লোকের দুঃখকষ্ট ঘুচে যাবে। কিন্তু আজ আবার সেই সমস্ত বন্ধুদেরই অনেকে বলছেন যে দেশে দুর্ভিক্ষের অবস্থা আগতপ্রায়।

আমার বন্ধু দেবেন সেন মহাশয় আমাকে "খাদ্য মন্ত্রী" না বলে "দুর্ভিক্ষ মন্ত্রী" বলে অভিহিত করেছেন। সত্যই, পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট দেশের জটিল খাদ্যসমস্যার সমাধান যেভাবে করেছেন এবং আমাদের দেশে দুর্ভিক্ষকে আটকে রেখেছেন, তিনি যদি তাই মনে করে ওকথা বলে থাকেন তাহলে নিশ্চয়ই তাঁকে আমি ধন্যবাদ দিচ্ছি। আমাদের পশ্চিমবঙ্গের ২ কোটী ৪৮ লক্ষ লোকের মধ্যে অনেক লোকই সহরে বাস করে, এমনকি

বোম্বাই প্রদেশেও এত লোক সহরে বাস করে না। আর কলকাতার মতন এত বড় সহরও ভারতবর্ষে নাই, কাজে কাজেই আমাদের এখানে খাদ্যাবস্থা যে সঙ্কটজনক হবে এটা কিছু আশ্চর্য্যজনক ব্যাপার নয়। তাছাড়া গত বৎসর পূর্ববঙ্গ থেকে অনেক বন্ধুরা পশ্চিমবঙ্গে আশ্রয়প্রার্থী হয়ে এসেছেন। সংকীর্ণ পশ্চিমবঙ্গ প্রদেশের খাদ্যাবস্থা জটিলতর হওয়ায় এটাও একটা কারণ। এখন এখানে ২৫ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোনেরা বাস করেন। তার উপর পশ্চিমবাংলায় প্রতি বছর তিন লক্ষ করে লোক বাড়ছে। তার উপর এখানে বিস্তীর্ণ শিল্পাঞ্চল রয়েছে। সেখানে লক্ষ লক্ষ লোক কাজ করে এবং সেটা বন্ধুবর দেবেন সেন মহাশয় ভালই জানেন, এক দিকে যেমন টাকার দরকার, আর এক দিক দিয়ে তেমনি উৎপাদন বাড়ানোও দরকার এবং সেইজন্য আমাদের খাদ্যশস্য যেমন বাড়ানোও দরকার, তেমনি সেটার নিয়ন্ত্রণ রাখারও দরকার। আমাদের সংগ্রহের কাজ ভালই চলছে।

দেবেন সেন মহাশয় বলেছেন গত বৎসর এক কোটী মণ stock কমতি পড়েছে। আমি শুনে আশ্চর্য্য হয়েছি। আমরা যেখানে ২ কোটি মণ সংগ্রহ করেছিলাম তা থেকে যদি ১ কোটি মণই কমতি পড়ে তাহলে আমার মনে হয় যে তাঁর এ হিসেবটাও তাঁদের labour unionএর হিসাব যেরকম তিনি মনে করেছেন গভর্ণমেণ্টের হিসাবও সেই রকম। তাঁকে অবশ্য মনে রাখতে বলব যে পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের হিসাব labour unionএর হিসাব নয়, যে যা'তা' করে রাখা হবে, এবং যেমন তেমন করে খরচ করে ফেলা হবে। আমাদের হিসাব audit হয়। এবং যারা এই সব হিসাব পত্র audit করেন তাঁদের সঙ্গে পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের কোন সম্পর্ক নাই। এবং খাদ্য বিভাগের হিসাব সম্বন্ধে এ পর্য্যন্ত কেউ কোন দোষত্রুটী পায়নি বা কেউ কোন গলদ বের করতে পারেনি।

আমার বন্ধুবর হরিপদ বাবু বলেছেন যে ওঁর ওখানে নদীয়া জেলায় দারুণ খাদ্যসমস্যা দেখা দিয়েছে এবং দু'টি লোকও নাকি যাবা আশ্রয়প্রার্থী হয়ে এসেছে, মারা গেছে। আমার কাছে বিভিন্ন জেলা থেকে যে সমস্ত খবর এসেছে, তার মধ্যে যে সমস্ত অনাহারী লোকের খবর এসেছে তা থেকে বলতে পারি, যে কোথাও একজন লোকও অনাহারে মারা যায় নি। (Sj. SIBNATH BANERJEE: মিথ্যা কথা।) (Sj. HARIPADA CHATTERJEE: চমৎকার।) এবছর ৭০ লক্ষ লোককে statutary rationingএর মধ্যে আনা হয়েছে। এবং ৫০ লক্ষ লোককে modified rationingএর আওতায় আনা হয়েছে। ১৯৪৯ সালে ১১ লক্ষ লোক modified rationএর মধ্যে ছিল, গত বৎসর ৩৬ লক্ষ লোক modified rationing ব্যবস্থার অধীন ছিল। বন্ধু হরিপদ বাবুকে এখন নদীয়ার খবরটা বলি, নদীয়ায় এ বছর ১০ লক্ষ ৮৭ হাজার লোক modified ration পাচ্ছে। হরিপদ বাবু বলেছেন, বহু জায়গায় চালের দর বাড়ছে, ঠিক কথা। হ্যাঁ, আমি জানি কোন কোন জায়গায় চালের দর বেড়েছে। ৫৮ লক্ষ টন ধানে যদি ২৯ লক্ষ টন চাল হয় তাহ'লে আমাদের ভেবে দেখতে হবে কেন এই খাদ্য ঘাটতি হচ্ছে। মাথা পিছু ৪ মণ ২৫ সের চালের দরকার বছরে। বীজের জন্যও কিছু ধান রাখতে হয়, তারপর কিছু অপচয়ও হয়। France থেকে আমাদের দেশে একজন বড় বৈজ্ঞানিক এসেছিলেন। তাঁদের দেশ—সেই যে "wonderful city of west" সেখানেও নাকি শতকরা ২০ ভাগ ফসল নষ্ট হয়ে যায়। আর সেক্ষেত্রে আমরা শতকরা ১০ ভাগ ধরি। এই সব হিসেব করলে দেখা যাবে যে এটাও খাদ্য ঘাটতির একটা কারণ। এরা বলেন নিয়ন্ত্রণ রাখার দরকার নাই, নিয়ন্ত্রণ রাখার জন্যই নাকি দাম বাড়ছে। শিবনাথ বাবু বলেছেন যে, তিনি যখন কুচবিহার গিয়েছিলেন তখন সেখানে চালের দর ৮০ টাকা ছিল। এক সময় সত্যই দাম উঠেছিল; এখন কুচবিহারের ৬ লক্ষ ৬৮ হাজার অধিবাসীর মধ্যে ৪ লক্ষ ৩৭ হাজার লোক modified ration পাচ্ছে। সুতরাং আমি বলতে বাধ্য যে, তাঁরা অনেক সময় প্রকৃত সংবাদ রাখেন না এবং অনেক সময় ইচ্ছা করে ভুল খবর দেন। কাজে কাজেই এইসব কথার উত্তর দেবার কোন দরকার নাই। আমি শুধু বলতে চাই যে, পশ্চিমবঙ্গ সরকার যেভাবে খাদ্যসমস্যার সমাধান করেছেন তাতে আমরা গর্ব অনুভব করি। এবং এই সমস্ত বিভ্রান্তিকর প্রচার বন্ধ করতে আমরা দৃঢ়সংকল্প।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, there is a story I read some years ago that two boys fought on a street in London. They both were taken to the Magistrate—a big boy and a small boy. The Magistrate asked the big boy, "Did you hit the small boy?" He said, "Yes, Sir." He asked "Why did you hit him"? He said, "Because he called my sister squint." He asked "Is your sister squint?" He said, "No, I have got no sister." He asked, "Then, why did you hit him?" He said, "On principle; supposing I had a sister, of course, I have a right to hit him."

My friends in the Opposition seem to be under the same impulse. There is nothing in the budget for good and for the refugees but they say, "Well, therefore we must discuss food and refugee on principle". If there is a budget which was sanctioned by the legislature in March last covering all that we need at the present moment, there is no purpose in our bringing a budget with regard to food item. My friends opposite will say, "Well, if you have money, why don't you give us more food?" That is a very relevant question. Only I wish we could eat money and satisfy our hunger. Our difficulty is not so much the question of money but the question of getting the material to fill our stomach with. However, my friends opposite have had the pleasure and the opportunity of discussing the food position. I wish that their talk had resulted in a little more food procurement and a little more food availability so far as West Bengal is concerned. Members might think that they have made a very delicate suggestion "the Bihar Government had offered to resign; why don't you resign?". If we had resigned, I don't know whether they would be able to come in or not. But even if they had come in, I wonder whether they would be able to satisfy and solve the problem that is before us. I can assure my friends opposite that we are doing as much as any other Ministry throughout India has done. We have done our best. We are still off from the conditions that we had witnessed in 1943 and I congratulate my Food Minister for the situation that we are placed in today. In spite of admittedly very high rise in the price of foodstuff, the conditions of the country cannot be considered to be one of famine.

Sir, I wanted to hear something about the various items of the supplementary estimates which I have the honour to present before the House. As nothing has been said I will leave this portion of the discussion and say "we should pass all these items without any division".

DEMANDS FOR GRANTS.

Major Head: 8—State Excise Duties.

The Hon'ble SYAMA PRASAD BARMAN: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 3,74,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: 8—State Excise Duties, during current year.

Sir, in the Budget estimate of the 1951-52 a sum of Rs. 38,08,000 was provided for total expenditure. This includes Rs. 7,09,400 on account of cost of opium supplied to State Excise Department during 1951-52. A debit of Rs. 4,02,975 on account of cost of opium supplied in January to March, 1951, was received from the Government of India after the close of the accounts for the year 1950-51, and so the amount could not be adjusted during that period. The debit has, therefore, to be adjusted in the accounts of the current financial year and this together with the cost of opium supplied during the current year will exceed the Budget provision. Hence this supplementary grant.

Sir, with these words I move that the demand be accepted.

Mr. DEPUTY SPEAKER: Amendments Nos. 2 to 4 are out of order. Amendment No. 5 is also out of order.

SJ. CHARU CHANDRA BHANDARI: How No. 5 is out of order?

Mr. DEPUTY SPEAKER: It hints at the policy of total prohibition. You cannot discuss the policy. It has been discussed during the General Budget discussion and, therefore, it is out of order.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, my cut motion does not relate to the policy of the Government. It deals with the failure of Government.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: It deals with policy.

Sj. BIMAL COMAR GHOSE: Sir, what you may take objection to is not discussion about opium but of other intoxicants. That does not come under the purview of this demand. The passage you read from May states that so far as demands that may be presented before the House relate to any policy, they might be discussed. So far as opium is concerned, I think that might be permissible, but you may not allow any discussion about other intoxicants.

Sj. CHARU CHANDRA BHANDARI: এই clause 20তে Comfnissionerএর মাহিনা ও allowancesএর কথা বলা হয়েছে। Clause 20তে বলা হয়েছে যে Commissioner মাসে not exceeding three thousand rupees মাইনা পাবে। কিন্তু আমার amendment হচ্ছে যে এই তিন হাজার টাকার স্থলে, ১৫শো টাকা করা হোক। এই হচ্ছে আমার প্রথম amendment.

আমার দ্বিতীয় amendment হচ্ছে এই যে এর মধ্যে বলা আছে এই State Governmentএর জায়গায় Corporationকে আনা হোক। আমরা এইটা মনে করি যে কারও মাইনা ১০০৲ টাকার কম হওয়া উচিৎ নয়, এবং আমাদের দৃঢ় অভিমত এই যে Stateএর কোথাও সর্ব্বোচ্চ মাইনা, যে সর্ব্ব-নিম্ন মাইনা, তার ১৫ গুনের বেশী হওয়া উচিৎ নয়। এইজন্য আমি amendment দিয়েছি যে Commissionerএর মাইনে ১৫শো টাকার বেশী হতে দেওয়া উচিৎ নয়। দ্বিতীয় কথা হচ্ছে যে এই মাইনে দেবে Corporation কিন্তু মাইনে স্থির করে দেবেন State Government। এটা একটা বিসদৃশ ব্যাপার। এটা করা উচিৎ নয়। এটাকে যুক্তিসংগত করতে হলে, Corporationই মাইনে স্থির করে দেবেন এবং সেই মাইনা ১৫শো টাকার অতিরিক্ত হওয়া কিছুতেই যুক্তিসংগত হবে না।

Sj. KANAI LAL DE: মাননীয় সভাপাল মহাশয়, আমার একটা amendment আছে। Clause (20)তে বলা হয়েছে যে Commissionerএর বেতন এবং allowances তিন হাজার টাকা পর্য্যন্ত হবে। আমার amendment হচ্ছে Commissionerএর বেতন এবং allowances কোন অবস্থাতেই দুই হাজার টাকার বেশী হবে না। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে আমাদের সরকার বেশী বেতনের দিকে অত্যন্ত ঝোঁক দিচ্ছেন।

আমাদের প্রদেশে কংগ্রেসী সরকার প্রতিষ্ঠিত,—এই কংগ্রেস একদিন এক Working Committeeর মিটিংএ প্রস্তাব ধার্য্য করেছিলেন যে যুদ্ধের পূর্ব্বে, কোন সরকারী চাকরীতে পাঁচশো টাকার বেশী হবে না। তারপর যখন যুদ্ধ চলছিল এবং মুদ্রাস্ফীতি হয়েছিল তখন আবার Working Committee ধার্য্য করেছিল যে এই পাচশো টাকা, মুদ্রাস্ফীতির সঙ্গে সমতা রেখে, ১৫শো টাকা হবে।

আমি যতদূর স্মরণ করতে পারি, শ্রীযুত রাজেন্দ্র প্রসাদ, যিনি বর্ত্তমানে রাষ্ট্রপতি হয়েছেন, তিনি তখন কংগ্রেসের সভাপতি ছিলেন এবং তাঁর সময়ই স্থির হয়েছিল যে ভারতবর্ষের সমস্ত সরকারী চাকুরীতে ১৫শো টাকার বেশী বেতন হবে না।

Sj. SUSIL KUMAR BANERJEE: I think, Sir, that portion should be expunged from the proceedings.

Mr. DEPUTY SPEAKER: Yes.

Sj. KANAI LAL DE: আচ্ছা, স্যার আমি ঐ কথা withdraw করছি। আমি পূর্ব্বে অনেক বক্তৃতায় বলেছি, আবার তার পুনরাবৃত্তি করছি।

আমাদের কংগ্রেসী সরকারের ইতিহাস প্রতিশ্রুতি ভঙ্গের ইতিহাস। আমাদের স্বাধীনতা অর্জনের পূর্বে জনসাধারণকে যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, স্বাধীনতা লাভের পর তা একে, একে এই কংগ্রেসী সরকার পদদলিত করে দিয়ে নির্লজ্জভাবে বেতন বাড়িয়ে দিচ্ছেন। আজকে কোন্ উদ্দেশ্যে এই সরকার, যার মাড়ে সাতশো টাকা মাইনে ছিল তার মাইনে সাড়ে সাতাশশো টাকা করে বাড়িয়ে দিচ্ছেন? এই কথা পরিষদে বহুবার বলা হয়েছে। এই Corporationএও একজন Commissionerএর বেতন তিন হাজার টাকা পর্য্যন্ত দেওয়া হচ্ছে। কংগ্রেসের প্রতিশ্রুতিমত, কোথায় Commissionerএর বেতন কম করে দেওয়া উচিৎ, তা না করে, তাঁরা তার বেতন বেশী করে ধার্য্য করবার প্রস্তাব করছেন।

আমাদের ভারতবর্ষ এত দরিদ্র দেশ, এবং দেশের গঠনমূলক কার্য্যের জন্য বহু টাকা দরকার, কিন্তু সেই টাকার অভাবে কাজ করা হচ্ছে না। অথচ সরকারী কর্ম্মচারীদের বেতন না কমিয়ে, বৃদ্ধি করবার প্রস্তাব করছেন।

চারুবাবুর প্রস্তাব আমি সমর্থন করে বলছি যে কারও মাইনে ১৫শো টাকার বেশী হওয়া উচিৎ নয়।

কংগ্রেসী সরকার হয়ত বলতে পারেন যে এতবড় একটা দায়িত্বপূর্ণ পদে যাকে নিযুক্ত করা হবে, তাকে যদি বেশী বেতন না দেওয়া হয়, তাহলে তার প্রলোভন বেড়ে যাবে এবং তিনি উৎকোচ গ্রহণ করতে পারেন। কিন্তু, আজকাল দেখা যায় কি? কেন্দ্রে বা প্রদেশের সর্ব্বত্র বহু বেশী বেশী বেতনভোগী কর্ম্মচারীরা নির্লজ্জভাবে খারাপ কাজ করছেন। একটা tribunal করলে দেখা যাবে যে এই ধরণের উচ্চপদস্থ কর্ম্মচারীদের সংখ্যা কম নয় এবং তাঁরা উৎকোচ নিচ্ছেন। সুতরাং বেশী বেতন নেওয়ার উপর মানুষের চরিত্র নির্ভর করে না, মানুষের নৈতিক চরিত্রের উপর সব কিছু নির্ভর করে। তাঁরা ইচ্ছা করলে উৎকোচ গ্রহণ না করে, above temptationএ থাকতে পারেন। সুতরাং বেশী বেতনের দিকে নজর না দিয়ে, যাতে লোকের নৈতিক চরিত্র ভাল হয় তার দিকে চেষ্টা করা উচিৎ। আমি জানি এই ১৫শো টাকা বেতনে, এই দায়িত্বপূর্ণ পদে বহু সৎ কর্ম্মচারী পাওয়া যাবে। এই কথা বলে, আমি আমার amendment গ্রহণ করবার জন্য সরকারকে অনুরোধ করছি।

Sj. HEMANTA KUMAR BASU: ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের দেশে যে ভাবে বেতনের ব্যবস্থা আছে তাতে আমাদের দেশে সাধারণ লোকের উপজীবিকার যে অর্থনৈতিক মান তার দিকে দৃষ্টি রেখে এটা নির্দ্দিষ্ট হয়নি। যে সমস্ত গরীব লোক আজ সরকারী চাকুরীতে আছেন, তাঁরা কেরানী হোক বা পিয়োন হোক, তাদের প্রত্যেকেরই ঘর, সংসার, ছেলেপিলে আছে, এদের দিকে দৃষ্টি রেখে পঞ্চাশ টাকার জায়গায় একশো টাকা বেতন করেননি। কিন্তু উপরের যে সমস্ত কর্ম্মচারী আছেন, তাঁদের জন্য বেশ মোটা মোটা বেতনের ব্যবস্থা করে থাকেন। আমার মতে উপরের দিকে এত বেশী মাইনা হওয়া উচিৎ নয়, আবার নীচের দিকে যে সমস্ত কর্ম্মচারী আছেন তাঁদের বেলায়ও এত কম মাইনা হওয়া ঠিক নয়। গভর্ণমেণ্ট বলে থাকেন যে উপরের কর্ম্মচারীদের যদি বেশী মাইনা দেওয়া না হয়, তাহলে তাঁরা ভাল করে কাজ করতে না পারেন। সুতরাং তাদের জন্য পৃথক ব্যবস্থা। কিন্তু আপনাদের বোধ হয় স্মরণ আছে যে দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ প্রথমে যখন Mayor হন, তখন তিনি Chief Executive Officerএর মাইনা কমিয়ে দিয়ে দেড় হাজার টাকা করেন। এবং আমাদের নেতাজী সুভাষ চন্দ্র বোস যখন কলিকাতা কর্পোরেশনের Chief Executive Officer হন, তখন তিনিও এই দেড় হাজার টাকা মাইনায় কাজ করেন। সুতরাং মাইনের দিকে দৃষ্টি না দিয়ে যদি তাঁরা এই দিকে দৃষ্টি দেন, তাহলে বেশী মাইনের প্রশ্ন ওঠে না। যতই বেশী মাইনা দেন না কেন, কর্পোরেশনের শাসনব্যবস্থা পরিচালনার মধ্যে মোটা মোটা মাইনের বহু কর্ম্মচারী নিয়োগ হয়েছে কিন্তু সেইভাবে administrationএর কোন উন্নতি হয়নি, বরং অধোগতির দিকে গিয়েছে। Rate-payersরা কোন রকম অভিযোগ করলে এমন কি পত্রাদি লিখলে পরেও, তার কোন উত্তর পান না। অথচ Chief Executive Officer ও অন্যান্য যে সমস্ত Administrative অফিসার আছেন, তাঁদের মাইনা ক্রমশঃ বাড়ান হচ্ছে এতে top-heavy administration হয়ে যাচ্ছে। অথচ কাজ কিছুই হচ্ছে না। রাস্তাঘাট এত খারাপ হয়ে গিয়েছে যে পথে চলা যায় না। অনেক জায়গায় রাত্রে আলোর বন্দোবস্ত নাই। জলের ভাল ব্যবস্থা নাই। সুতরাং এই সমস্ত বড় বড় কর্ম্মচারীরা যখন কাজ ঠিকভাবে করছেন না, তখন তাদের এত বেশী বেশী মাইনা দিয়ে রাখবার কি প্রয়োজন আছে? এত বেশী মাইনা দিয়ে অফিসার রেখে কাজ চালানর কি criterion, তা আমি বুঝি না। Public Service Commission কি standardএ কর্ম্মচারী নিয়োগ করেন, তা আমি জানি না। যদি তাঁদের এই standard হত যে কাজ দেখে, তাদের মাইনা ঠিক করা, যাকে তাকে এত বেশী মাইনা দেওয়া হবে না, এইটাই

যদি বড় criterion হত, তাহলে আমার ধারণা, এই administration এত জনপ্রিয়তা হারাত না। সেইজন্য আমার মতে এই দেড় হাজার টাকা মাইনে একজন Commissionerএর পক্ষে যথেষ্ট। কারণ একটি গরীব কেরাণী সামান্য মাইনায়, তার সংসার, ছেলেপুলে নিয়ে চালায় আর এই দেড় হাজার টাকা মাইনাতে তার কেন চলবে না। সুতরাং তাঁদের দেশের প্রতি যদি কোন রকম মমতা থাকত, তাহলে তাঁরা Commissionerএর জন্য দেড় হাজার টাকার বেশী মাইনা করতেন না। সেইজন্য আমি মনে করি সুভাষচন্দ্রের আদর্শের দিকে লক্ষ্য রেখে ভাল লোককে নিযুক্ত যদি করেন, তাহলে তিনি দেশের সেবা করতে পারবেন। এবং সেইদিক থেকে আমি মনে করি এই দেড় হাজার টাকা মাইনাই যথেষ্ট। যাঁরা বাস্তবিকই কংগ্রেসের লোক, কংগ্রেস-নীতিতে বিশ্বাসী, তাঁরাই কংগ্রেসের নির্দেশ অমান্য করে দেড় হাজার টাকার বেশী মাইনে করে দিচ্ছেন।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I oppose the amendments. There is a delusion in the minds of some that if you reduce the salary of the higher paid officers the lower paid officers will be benefited. If those who have got a copy of the "West Bengal Rupee—Where it goes" which had been printed by the Finance Department of this Government and circulated to members would have gone through it they would find this on the first page that the total number of officers in the Government who get a salary above Rs. 1,000 is so small compared to the total number of people who get smaller salaries. Once I calculated it and I found that granting that we paid no salary to the officers who got more than Rs. 1,000 and distributed that money to the lower-paid officers, the utmost that we could do to the lower paid employees would be to increase their salary by one rupee a month. Therefore there is nothing in the proposition of fixing a lower pay for the high posts on the ground of the lower paid officers being benefited thereby, which will not be the case as I have pointed out just now. The second point that has been made out is why should we have such a high rate of salary for the Commissioner. Now you see that members of the Legislature here and Members of parliament there in Delhi get a daily allowance of very large sums—to my mind it is not large but some people think that it is very large—and I have not heard of any proposal from any of the members who get such large amounts for their daily allowance and travelling allowance that they have parted with even a little of it for the sake of the poorer friends and the poorer co-workers. As a matter of fact I was told by one prominent member of the Constituent Assembly that at one time several members of the Assembly including some of the most prominent members of the Congress had resolved that they should charge only Rs. 30 and not Rs. 45 a day for attendance but he told me categorically that only one person out of the 30 who had signed that agreement ever took less than Rs. 45 so that it is not a question of everyone lowering his emoluments himself. When it is a question of paying something more to somebody else one begins to open his eyes and stare at him and say "This man is taking so much". The whole question is as Mr. Kanai Lal De has suggested—probably he suggested it in a jocous vein but he struck the right chord—and that is this that we are giving this officer deliberately a certain amount of responsibility and a certain amount of sense of duty. I wish there were more Netaji Subhas Boses amidst us who would do the work not even on Rs. 1,500 but on much less than that. But knowing the world as I do my experience has been that it is not possible for any one to expect any one to do his best unless you meet his needs. What are his needs depends upon the status of the particular person and the amount of commitments that that person may have and the amount of responsibility that his work involves. If that gentleman happens to be a person who is imbued with a spirit of service, he will probably himself give away a portion of the salary that is paid to him but the employer has no right to say, "I shall not give you this salary". Every man is paid according to the type of work that he has got to do and according to the responsibility cast upon him. He puts his own value to the amount of work he does. In

this connection I may mention one very good instance. There was a discussion some time in Delhi that the Chief Engineer of the Damodar Valley Corporation has been paid a very high salary. He is an American and he gets Rs. 10,000 or more; and there was a row over his high salary. But I was informed by a very great authority that within the six months he had been here, he had been able to save the Damodar Valley Corporation a sum of Rs. 40,00,000 because he employed his mind and put his work in such a way that he could reduce the cost of the Damodar Valley Corporation by Rs. 40,00,000. And so, Sir, it is money well spent. It is not merely the physical needs but it is the value of the particular man's services that we have to consider.

Another question has been asked, why should the Government fix the salary, and not the Corporation? Sir, it is the absolute standing rule all over the world that the person who appoints is the person who fixes the salary. Therefore it is not at all unusual that when the Government spare a Government officer for any service outside Government department, the Government should fix the salary. For instance, when Sir C. V. Raman was taken over from the Finance Department and put as a Professor of the Science College and similarly when Sir S. Radhakrishnan was appointed, whatever salaries were paid to them were fixed by the Government although the University had to pay the same. That is the position. It is true that if the other amendments put by the Opposition that the Commissioner should be appointed by Corporation had been agreed to, then of course the salary would have been fixed by the Corporation. But now that the Legislature has accepted the view that the appointment will be made by the Government, the salary should be fixed by the Government.

I think, Sir, I have answered all the questions, and I oppose all the amendments.

The motion of Sj. Charu Chandra Bhandari that in clause 20, line 2, for the words "three thousand" the words "fifteen hundred" be substituted, was then put and a division taken with the following result:—

AYES—9.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath	Bose, Srijukta Bivabati
Banerjee, Sj. Sibnath	Chatterjee, Sj. Haripada
Banerji, Dr. Suresh Chandra	De, Sj. Kanai Lal
Basu, Sj. Hemanta Kumar	Ghose, Sj. Bimal Comar
Bhandari, Sj. Charu Chandra	

NOES—40

Abdullah, Janab S. M.	Mahanty, Sj. Charu Chandra
Abdus Shokur, Janab	Majumdar, The Hon'ble Bhupati
Banerjee, Sj. Sushil Kumar	Mali, Sj. Iswar Chandra
Barman, The Hon'ble Syama Prasad	Mandal, Sj. Annadaprasad
Bhattacharyya, Sj. Shyamapada	Mandal, Sj. Bankubehari
Chakravarty, Sj. Satish Chandra	Mandal, Sj. Krishna Prasad
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath	Mandal, Sj. Umesh Chandra
	Misra, Sj. Sowrindra Mohan
Das, Sj. Radha Nath	Mohammad Hossain, Dr.
Das Gupta, Sj. Khagendra Nath	Mookerji, The Hon'ble Kalipada
Dass, Sj. Kanailal	Murarka, Sj. Basantlal
Dolui, Sj. Harendra Nath	Naskar, The Hon'ble Hem Chandra
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu	Panja, The Hon'ble Jadabendra Nath
Golam Hamidur Rahman, Janab	Pramanik, Sj. Rajani Kanta
Gomes, Mr. D.	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Gupta, Sj. J. C.	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Haidar, Sj. Kuber Chand	Roy Sarkar, Sj. Birendra Nath
Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid	Sen, The Hon'ble Prafulla Chandra
	Shamsul Huq, Janab
Mahammad Kased Ali, Janab	Sinha, The Hon'ble Bimal Chandra
Mahammad Sayeed Mia, Janab	Zaman, Janab A. M. A.

The Ayes being 9 and the Noes 40, the motion was lost.

The motion of Sj. Kanai Lal De that in clause 20, line 2, for the words "three thousand" the words "two thousand" be substituted, was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that in clause 20, line 4, for the words "State Government" the word "Corporation" be substituted was then put and lost.

The question that clause 20 do stand part of the Bill was then put and a division taken with the following result:—

AYES—43

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Banerjee, Sj. Sushil Kumar
Barman, The Hon'ble Syama Prasad
Bhattacharyya, Sj. Shyamapada
Chakravarty, Sj. Satish Chandra
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Das, Sj. Radha Nath
Das Gupta, Sj. Khagendra Nath
Dass, Sj. Kanailal
Dolui, Sj. Harendra Nath
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu
Ganguli, Sj. Bepin Behari
Golam Hamidur Rahman, Janab
Gomes, Mr. D.
Gupta, Sj. J. C.
Haldar, Sj. Kuber Chand
Kazem Ali Mirza, Janab Shahibzada ...Kawan Jah Saiyid
Mahammad Kased Ali, Janab
Mahammad Sayeed Mia, Janab
Mahanty, Sj. Charu Chandra
Majumdar, The Hon'ble Bhupati
Mal, Sj. Iswar Chandra
Mandal, Sj. Annadaprasad
Mandal, Sj. Bankubehari
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Umesh Chandra
Misra, Sj. Sowrindra Mohan
Mohammad Hossain, Dr.
Mookerji, The Hon'ble Kalipada
Mudassir Hossain, Janab
Muhammad Siddique, Dr. Syed
Murarka Sj. Basantlal
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Sarkar, Sj. Birendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsul Huq, Janab
Sinha, The Hon'ble Bimal Chandra
Zaman, Janab A. M. A.

NOES—10

Bandyopadhyaya, Sj. Pramatha Nath
Banerjee, Sj. Sibnath
Banerji, Dr. Suresh Chandra
Basu, Sj. Hemanta Kumar
Bhandari, Sj. Charu Chandra
Bose, Srijukta Bivabati
Chatterjee, Sj. Haripada
De, Sj. Kanai Lal
Ghose, Sj. Bimal Comar
Ghose, Dr. P. C.

The Ayes being 43 and the Noes 10, the motion was carried.

Clause 21.

SJ. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that in clause 21, for sub-clause (*1*), the following be substituted, namely:—

"(*1*) Leave may be granted to the Commissioner by the Corporation provided that such leave may not at any time exceed three months."

SJ. KANAI LAL DE: Sir, I beg to move that for clause 21(*1*), the following be substituted, namely:—

"(*1*) Leave may be granted to the Commissioner by the Corporation on such terms and conditions as the Corporation may think fit."

I beg to move that in clause 21(*1*), line 2, for the words "State Government on the recommendation of the Corporation" the words "Corporation in consultation with the State Government" be substituted.

SJ. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that in clause 21(*2*), line 2, for the words "State Government" the word "Corporation" be substituted.

মাননীয় স্পীকার মহোদয়, এই clauseটা হচ্ছে কমিশনারকে ছুটি দেওয়া সম্পর্কীয়। এই ব্যবস্থা খুব ভাল হয়েছে। Government তাঁকে appointment দেবেন আর তিনি চাকরী করবেন Corporationএর কাছে। তাঁকে নিয়োগ করবেন Government, তাঁকে dismiss করবেন Corporation। তিনি কাজ করবেন Corporationএর, ছুটি দেবেন State Government। অতি সুন্দর ব্যবস্থা। Diarchy শুধু এদিকদিয়ে নয়, ওদিকদিয়েও diarchy। এখন বেচারী কমিশনারের কি অবস্থা? একজন নিয়োগ করবেন, আর একজন dismiss করবেন। Governmentএর মনে কি আছে আমি জানি না। Government কি করে বুঝবেন কখন তাঁর ছুটির দরকার হবে কি হবে না। এই ব্যবস্থাটা অত্যন্ত unreal হয়েছে। Corporationএর হাতে কমিশনারের ছুটি দেওয়ার ভার না রেখে Government কেন নিজের হাতে রাখছেন আমি বুঝতে পারিনা।

Sj. KANAI LAL DE: Mr. Speaker, Sir, আমি চারুবাবুর সংশোধনী প্রস্তাবটা সমর্থন করছি। এই বিলে কমিশনারের ছুটি দেওয়া সম্পর্কে যে ব্যবস্থা করা হয়েছে তাতে Corporationএর অন্যান্য কর্মচারীদের moral নষ্ট হতে পারে এবং নানাভাবে তাদের মধ্যে ঈর্ষা ও বিদ্বেষ জাগতে পারে। Corporationএ যখন কাজের ভীড় তখন Chief Secretary Corporationকে না জিজ্ঞাসা করে কমিশনারের ছুটি মঞ্জুর করে দিলেন, তাতে কাজে একটা anomaly সৃষ্টি হবে। আমি প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, কমিশনারের ছুটি সম্পর্কে এমন একটা ব্যবস্থা যেন করা হয় যাতে Corporationএর কাজে কোন গণ্ডগোল সৃষ্টি না হয়।

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় স্পীকার মহোদয়, Government শুধু কমিশনারকে নিয়োগ করবেন না, তাঁকে হাতে রাখবার ব্যবস্থাও এই বিলের দ্বারা করা হচ্ছে। ছুটি দেবেন State Government এবং officiating arrangementও করবেন State Government; কর্পোরেশনের কোনই ক্ষমতা থাকছে না এই ব্যাপারে। এই ব্যাপারটা জনস্বার্থবিরোধী। Future Government কিভাবে formed হবে সেদিকে দৃষ্টি রেখে আইন করা কর্ত্তব্য; এঁরা অবশ্য মনে করছেন এঁদেরই হাতে ক্ষমতা আসবে। এই বলে আমি এই বিলটার তীব্র বিরোধিতা করছি।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I am sorry to say that my friends opposite have not read the section at all. *No leave can* be granted to the Commissioner except on the recommendation of the Corporation. If the Corporation needs his services, and the Commissioner applies for leave the Corporation will not recommend, and the Government cannot grant leave. Kindly read the section; and the addition that has been made by the Select Committee is obviously for the purpose of ensuring that the work of the Corporation may not come to a standstill; and it is for the same purpose that in view of the fact that the Government appoints the Commissioner at the first instance if there is any leave given to him on the recommendation of the Corporation by the State Government, the State Government must find a person. It is the responsibility of the State Government to do that. My friends opposite do not realise that the legislature already accepted the position that the Commissioner will be appointed by the State Government. Therefore the responsibility will be for the State Government to find a substitute in case he is given leave on the recommendation of the Corporation under any particular circumstances.

With these words, Sir, I oppose the amendments.

The motion of Sj. Charu Chandra Bhandari that in clause 21, for sub-clause (*1*), the following be substituted, namely:—

> "(*1*) leave may be granted to the Commissioner by the Corporation provided that such leave may not at any time exceed three months."

was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that for clause 21(*1*), the following be substituted, namely:—

"(*1*) Leave may be granted to the Commissioner by the Corporation on such terms and conditions as the Corporation may think fit."

was then put and a division taken with the following result:—

AYES—9.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath	Bose, Srijukta Bivabati
Banerjee, Sj. Sibnath	De, Sj. Kanai Lal
Banerji, Dr. Suresh Chandra	Ghose, Sj. Bimal Comar
Basu, Sj. Hemanta Kumar	Ghose, Dr. P. C.
Bhandari, Sj. Charu Chandra	

NOES—40

Abdullah, Janab S. M.	Mahammad Sayeed Mia, Janab
Abdus Shokur, Janab	Majhi, Sj. Nishapati
Banerjee, Sj. Sushil Kumar	Mal, Sj. Iswar Chandra
Barman, The Hon'ble Syama Prasad	Mandal, Sj. Annadaprasad
Bhattacharyya, Sj. Shyamapada	Mandal, Sj. Krishna Prasad
Chakravarty, Sj. Satish Chandra	Mandal, Sj. Umesh Chandra
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath	Misra, Sj. Sowrindra Mohan
Das, Sj. Radha Nath	Mohammad Hossain, Dr.
Das Gupta, Sj. Khagendra Nath	Mudassir Hossain, Janab
Dass, Sj. Kanailal	Murarka Sj. Basantlal
Dolui, Sj. Harendra Nath	Naskar, The Hon'ble Hem Chandra
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu	Panja, The Hon'ble Jadabendra Nath
Ganguli, Sj. Bepin Behari	Pramanik, Sj. Rajani Kanta
Gayen, Sj. Arabinda	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Golam Hamidur Rahman, Janab	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Gomes, Mr. D.	Roy Sarkar, Sj. Birendra Nath
Gupta, Sj. J. C.	Roy Singh Sarker, Sj. Satish Chandra
Haidar, Sj. Kuber Chand	Sen, The Hon'ble Prafulla Chandra
Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid	Shamsul Huq, Janab
	Sinha, The Hon'ble Bimal Chandra
	Zaman, Janab A. M. A.

The Ayes being 9 and the Noes 40, the motion was lost.

The motion of Sj. Kanai Lal De that in clause 21(*1*), line 2, for the words "State Government on the recommendation of the Corporation" the words "Corporation in consultation with the State Government" be substituted, was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that in clause 21(*2*), line 2, for the words "State Government" the word "Corporation" be substituted, was then put and lost.

The question that clause 21 do stand part of the Bill was then put and agreed to.

New clause 21A.

Sj. SUSHIL KUMAR BANERJEE: Sir, I beg to move that after clause 21, the following new clause be inserted, namely:—

"Appointment of officiating Commissioner in case of death, resignatign or removal of Commissioner.

21A. If any vacancy occurs in the office of the Commissioner on account of death, resignation or removal, the State Government may appoint another person to officiate as Commissioner in his place for a period not exceeding two months, pending the appointment of a Commissioner under section 19, sub-section (*1*)".

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move at short notice an amendment to this new clause 21A just now moved by Sj. Sushil Kumar Banerjee that in line 3 for the words "State Government", the word "Corporation" be substituted.

এই সম্পর্কে আমার যে amendment move করলাম তার থেকে স্পষ্টই বোঝা যাচ্ছে আমার উদ্দেশ্য কি। অর্থাৎ এতে Corporationএর উপর appointment করবার ক্ষমতা রইল না কিন্তু যদি দুই-এক মাসের জন্যও কোন vacancy হয় তা'হলে সেখানে লোক নিয়োগ করবার ক্ষমতা এই Corporationএর থাকবে। আমি বলছি চিরদিনের জন্য নয়, দু'এক মাসের জন্য যেখানে appointment করতে হবে, সেখানে Governmentএর উপর ভার না দিয়ে Corporationএর উপর ভার দেওয়া হ'ক। এখানে বলা হয়েছে যে, Government on the recommendation of the State Public Service Commission appointment করবেন। আপনারা ত ছয় মাস চালিয়ে দিয়েছেন, তার চেয়ে indefinite period চালিয়ে দিন না। যেখানে দু'এক মাসের জন্য vacancy হবে সেখানেও এই appointmentএর জন্য Corporationএর হাতে ক্ষমতা দিতে এত হিংসা কেন? (Laughter.) দু'এক মাসের জন্য যেখানে vacancy হবে, সেখানে লোক appointment অন্ততঃ Corporationকে করতে দিন। এই দু'এক মাসের জন্য কি administration একেবারে শেষ হয়ে যাবে? এই যে new clause করছেন এটা অত্যন্ত অন্যায়। এতে lacuna থেকে যাচ্ছিল, এই lacunaকে rectify করা হয়েছে। কিন্তু আমার আপত্তি হচ্ছে যে এখানে State Government করলেন কেন? এখানে State Governmentএর বদলে Corporation করা উচিৎ ছিল। এবং তাই করা হ'ক।

Sj. SIBNATH BANERJEE: Mr. Deputy Speaker, Sir, আমি এটা on principle oppose করছি। অর্থাৎ last momentএও lacuna থেকে গিয়েছিল, কেন থেকে গেল? একবার ছয়-শত পৃষ্ঠার মহাভারত লিখে, তারপর সেটাকে Select Committeeতে পাঠালেন এবং কত কি কাণ্ড হয়ে গেল তা সত্ত্বেও একটা এত বড় lacuna থেকে গিয়েছিল। আরো অনেক কিছুই হয়ত রয়ে গিয়েছে। বার বার মুছে লেখাই আপনাদের অভ্যাস।

Mr. DEPUTY SPEAKER : আবার ত আপনাদের amendment আনতে হবে।

Sj. SIBNATH BANERJEE: জানিনা এতে অন্য কোন anomaly সৃষ্টি করলেন কিনা? এই বিলটা এত তাড়াতাড়ি শেষ করতে চাচ্ছেন কেন?

Mr. DEPUTY SPEAKER : ভাল amendment এলেও কি তার উপর দোষ দেবেন?

Sj. SIBNATH BANERJEE: এজিনিষটা অনেকদিন ধরেই রয়েছে। কিন্তু এটা শেষ করে দিচ্ছিলেন অথচ এতদিনেও এই amendmentটা করতে পারেননি। আজকে last momentএ যখন 21A আলোচনা শেষ হয়ে এলো তখন এটা আনছেন, আগে ভাবেননি কেন? এর মধ্যে আর কোন lacuna আছে কিনা এখন ধরতে পারছি না। যার সঙ্গে সংগতি রেখে এটা করা হচ্ছে সেটা আগেই চিন্তা করে আনা উচিৎ ছিল।

তারপর clause সম্বন্ধে আমার আগাগোড়াই আপত্তি রয়েছে। আমি stage by stageএ এই আপত্তি জানাচ্ছি। Corporation এখানে যা করা হয়েছে সেটা self-governmentএর একটা প্রহসন মাত্র। আপানারা ভোটের জোরে হয়ত এটা পাস করে নেবেন। Clause 21Aতে বলা হয়েছে যে, যদি কখনও casual vacancy হয়, যদি কেউ ছুটী নেয়, তাহলে সেই অল্প দিনের জন্যও যেখানে Government appoint করবেন, Corporation করবে না। এটাও তাই সেই lineএই আসছে সেইজন্য আমি এটা oppose করছি। এই অল্প দিনের জন্য কাউকে appointment দিতে হয়, সেটা temporary বন্দোবস্ত হবে সুতরাং এর ভার Corporationএর হাতে থাকা উচিৎ। একজন Commissioner যদি কোন কারণে resignation দেন বা death হয় তা'হলে সঙ্গে সঙ্গে তাদের জায়গায় appointment করা হবে, দুই মাসের জন্যই হ'ক বা যে কয় মাসের জন্যই হ'ক। কিন্তু section 19এতে বেটক provision

রয়েছে, তাও এখানে থাকলো না। এই যে procedure সেটা একেবারে wrong. কয়েকজন Commissioners-এর মধ্যে যদি একজন মারা যান, তাহলে the rest can carry on. সুতরাং যেটুকু safeguard section 19এতে রাখা হয়েছে, সেটুকুও রইল না। আমরা দেখেছি যে Public Service Commissionএর ভিতর দিয়ে অনেক সময় specialistদের আমদানী করা হয়; যেমন অমল হোম ও কে, কে, রায়কে করেছিলেন, আমি বলছি on principle again it is wrong. কারণ এতে যদি একটা stalemate বা অচল অবস্থার সৃষ্টি হত তাহলে বুঝতাম যে এর দরকার আছে। যদি বুঝতাম যে সবাই একসঙ্গে resignation দেন বা মারা যান তাহলে তাঁরা এইরকম ব্যবস্থা করতে পারেন। কিন্তু মাত্র যদি একজন Commissioner resign করেন তা'হলে the rest can carry on very well. কিন্তু ঐ যে সব সময়েই সরকার সব power নিজের হাতে রাখতে চান, এবং এটা ক্রমশঃই বেড়ে যাচ্ছে। "যতই পায় ততই চায়;" এঁদেরও হয়েছে সেই অবস্থা। দুই মাসের জন্যও যেখানে লোককে appointment করা দরকার, তার ক্ষমতাও Corporationএর হাতে রাখছেন না, তাঁরা নিজেদের ইচ্ছামত নিজেদের লোককে immediately ঢুকিয়ে দিতে চান। কাজেই এই জিনিষের দ্বারা তাঁরা ত lacuna দূর করছেন না বরং একটা obnoxious জিনিষ সৃষ্টি করছেন। একজন যদি কোন কারণবশতঃ resign করেন তাহলে------

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আপনি ভুল করছেন, এখানে একজনই মাত্র Commissioner থাকবে।

SJ. SIBNATH BANERJEE: ও, একজন মাত্র Commissioner থাকবে। তাহলে আমি এই argument press করছি না। কখনও যদি অচল অবস্থার সৃষ্টি হয় তাহলে Commissionerকে Governmentএর দ্বারা নিযুক্ত করা যেতে পারে। কিন্তু অল্প সময়ের জন্য তার প্রয়োজন নাই। সেইজন্য আমি এটা oppose করছি। সুরেশবাবু এবং হেমন্তবাবু এর আগেও বলেছেন যে Government এই Corporationএর হাতে এতটুকু ক্ষমতা দিতেও রাজী নয়। এবং আমিও বলছি যে, Government যাতে সমস্ত ক্ষমতা নিজেদের হাতে রাখতে পারেন, সেই দিকে দৃষ্টি রেখে এই আইন করছেন।

The short-notice motion of Sj. Charu Chandra Bhandari moved on the floor of the House as an amendment to the new clause 21A, moved by Sj. Sushil Kumar Banerjee that in line 3, for the words "State Government", the word "Corporation" be substituted, was then put and lost.

The question that the motion moved by Sj. Sushil Kumar Banerjee on the floor of the House that after clause 21, the following clause be inserted, namely:—

> "21A. If any vacancy occurs in the office of the Commissioner on account of death, resignation or removal, the State Government may appoint another person to officiate as Commissioner in his place for a period not exceeding two months, pending the appointment of a Commissioner under section 19, sub-section (*1*)"

was then put and agreed to.

Clause 22.

SJ. KANAI LAL DE: Sir, I beg to move that clause 22(*1*) be omitted.

I beg further to move that for clause 22(*2*), the following be substituted, namely:—

> "(*2*) The leave and leave allowance of the Commissioner, his superannuation or retirement, his gratuity or pension and the proportions of his pensionary or provident fund contribution payable respectively from his salary and from the municipal fund shall be governed by the rules framed by the Corporation".

The motions were then put and lost.

Dr. SURESH CHANDRA BANERJI: ডেপুটি স্পীকার মহোদয়, আমার নূতন কোন কথা বলবার নাই, যেহেতু কমিশনার সম্বন্ধে সব কথাই বলে শেষ করেছি। এখন একবার এই কমিশনারের ব্যাপারটা কি হয়ে দাঁড়াল সেই সম্বন্ধে Houseএর সম্মুখে সমস্ত pictureটা রাখতে চাই, ডাঃ রায় প্রমাণ করতে চেয়েছেন যে কমিশনারকে গভর্ণমেণ্ট appoint করলেও practically he will be an officer of the Corporation. আমরা তখন আপত্তি করেছিলাম—No, he will not only be appointed by Government but during the continuance of his service in the Corporation he will be in all matters controlled and regulated by Government এবং আমাদের সেই কথা যে সম্পূর্ণ সত্য তা এপর্য্যন্ত যে সমস্ত বিভিন্ন clauses আমরা পাশ করেছি, সেগুলি সম্বন্ধে যদি আপনারা আলোচনা করেন তবেই বুঝতে পারবেন। Clause 19এ এই appointmentএর কথা বলা হয়েছে তাতে দেখা যায় গভর্ণমেণ্টই তাঁকে appoint করবেন, তার removal ও dismissalও গভর্ণমেণ্টেরই হাতে। গভর্ণমেণ্ট যে কোন মুহূর্ত্তে তাকে dismiss করতে পারবেন, এবং আমরা যা দেখতে পাচ্ছি তাতে Corporationএর পক্ষে তাকে dismiss করা প্রায় অসম্ভব। তারপর, তাঁর salary কি হবে তাও, সকল সময় State Governmetই ঠিক করে দেবেন। তা'ছাড়া তাঁর ছুটি, service regulation, সব কিছুই ঠিক করবেন গভর্ণমেণ্ট, আর তিনি যে কাজ করবেন তাও গভর্ণমেণ্ট ঠিক করবেন--It is a disgrace to the whole Corporation অর্থাৎ Corporationএর তাঁর উপর কোন ক্ষমতাই থাকতে পারবে না তার চেয়ে একটা more disgraceful affair for the Corporation হতে পারে না। He is absolutely in the hand of the Government from the time of his appointment up to the end—তাসত্ত্বেও আমরা তাঁকে বলছি—He is the chief executive head.

তারপর এক জায়গায় দেখা যাচ্ছে এই যে আইনটার এখন আলোচনা চলছে, এই আইনটা পাশ হয়ে গেলে এটাকে কার্য্যে পরিণত করবার সমস্ত দায়িত্বই থাকবে তারই উপর। সুতরাং তিনি not only executive head—এসম্বন্ধে তিনি ছাড়া আর কারো কোন ক্ষমতাই থাকবে না। সুতরাং Councillorরা থাকলেও চলে, না থাকলেও চলে; তাদের প্রকৃত পক্ষে কোন ক্ষমতাই থাকবে না। তাদের মুখোস পরিয়ে মূর্ত্তিরূপে খাড়া রাখা হয়েছে মাত্র। সুতরাং আমি আগেও বলেছি, এখনো বলছি—It is a disgrace for the whole town of Calcutta and it is one of the most reactionary Bills which any Government in this age can pass.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that in clause 23(*1*), lines 4 to 7, the words beginning with "but the Corporation" and ending with "Commissioner" be omitted.

I further beg to move that clause 23(*3*) be omitted.

Dr. SURESH CHANDRA BANERJI: ডেপুটি স্পীকার মহোদয়, সমস্ত ক্ষমতাই যে Commissionerএর হাতে তা ২৩ ধারায় সুস্পষ্ট করে বলা হয়েছে, এই ধারার আগের টুকুতে যা বলা হয়েছে, তা বেশ ভাল কথা—"Subject to the provision of this Act and the Rules, by-laws and regulations made thereunder the Municipal Government of Calcutta shall vest in the Corporation" এ কথাটা ভাল, কিন্তু তার পরেই add করেছেন কি না "but the Corporation shall not be entitled to exercise or discharge any powers, duties or functions expressly assigned by or under this Act or any other laws to a standing Committee or to the Commissioner" অর্থাৎ সব ক্ষমতাই করপোরেশনের রয়েছে, কিন্তু যে সমস্ত ক্ষমতা কমিশনারকে দেওয়া হয়েছে সে সমস্ত ক্ষমতা করপোরেশন ব্যবহার করতে পারবে না। আগেই বলেছি—এই যে আইনটি হচ্ছে এটাকে কার্য্যে পরিণত করবার সমস্ত ক্ষমতা কমিশনারকে দেওয়া হয়েছে। তারপরে আবার সুস্পষ্ট করে বলে দেওয়া হয়েছে যে সমস্ত ক্ষমতা কমিশনারকে দেওয়া হলো, সেই ক্ষমতার উপর

কর্পোরেশনের কোন হাত নাই। সুতরাং এটা মাত্র একটা eye-wash ছাড়া আর কিছু হতে পারে না। হঠাৎ দেখলে বোধ হবে--কর্পোরেশনই প্রকৃত ক্ষমতার অধিকারী, কিন্তু ভালো করে পড়লেই এই আইনের ধারাতে আর কারো সন্দেহ থাকে না যে প্রকৃত ক্ষমতা সব কমিশনারের হাতে। তাকেই এক রকম dictator করা হয়েছে, কিন্তু slave যদি dictator হয়ে দাঁড়ায় তার ফল হয় অতি ভয়ঙ্কর। কিন্তু ওরা করতে যাচ্ছেন কি—নিজেরা ত' dictator আছেনই আবার Corporationকেও কমিশনারকে করতে যাচ্ছেন dictator।

তারপরে এদের আর একটা eye-washএর নমুনা। দেখুন এই clause 23র তিন নম্বর প্যারাটা পড়লে মোটামুটি ধারণা হবে যে কর্পোরেশনের ক্ষমতা রয়েছে অনেক, কিন্তু "without prejudice to the generality of the provisions of sub-section (1), it shall be the duty of the Corporation to consider all periodical statements of receipts and disbursements and all progress reports and pass such resolutions thereon as it thinks fit". সেই sub-section সঙ্গে মিলিয়ে দেখলেই দেখা যায় যে আসলে কর্পোরেশনের কোন কিছুই করবার ক্ষমতা নাই। সুতরাং আমরা দুঃখের সহিত একথা বলতে বাধ্য হচ্ছি যে Corporationকে তার inherent right থেকে বঞ্চিত করবার জন্যই আইনের এই ২৩ ধারাটা করা হয়েছে এবং এমনভাবে করা হয়েছে যে আপাতঃ দৃষ্টিতে দেখা যায় সমস্ত ক্ষমতাই কর্পোরেশনের, কিন্তু কার্য্যতঃ তার হাতে কিছুই দেওয়া হবে না। এরকম একটা সর্বনাশা বিল কেউ conceive করতে পারবে না।

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় ডেপুটি স্পীকার, যাঁরা গণতন্ত্রে বিশ্বাস করেন তাঁরা সকলেই এই clauseগুলি যে কিরূপ গণতন্ত্র-বিরোধী তা এই বিলটি পড়ামাত্রই বুঝতে পারবেন। কমিশনারের নিয়োগ থেকে আরম্ভ করে এক একটা ধারা যতই এগিয়ে আসছে ততই দেখা যাচ্ছে এক একটা করে ক্ষমতা হরণ করে কর্পোরেশনের powerকে সীমাবদ্ধ করে কি করে তাকে ক্ষমতার একেবারে বাইরে এনে দাঁড় করান যায়, তারই চেষ্টা এই সমস্ত clauseএর দ্বারা করা হচ্ছে। যে সমস্ত ক্ষমতা তাকে পূর্ববর্ত্তী আইনের দ্বারা দেওয়া হয়েছিল, বর্ত্তমানের এই আইনের দ্বারা তার সেই সব ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। আরো একটা আশ্চর্য্য কথা এই যে কর্পোরেশনের কর্ত্তৃত্ব সম্বন্ধে কোন সন্দেহ যদি জাগে তাহলে মেয়র গভর্ণমেন্টের কাছে সিদ্ধান্ত গ্রহণের জন্য পাঠাবেন।

Municipal authority সম্বন্ধে যদি কোন সন্দেহ মনে জাগে তাহলে সে বিষয়ে কর্পোরেশন কিছুই বলতে পারবেন না, বলবেন গভর্ণমেন্ট অর্থাৎ কোন ফাঁক দিয়েই যেন ক্ষমতা কর্পোরেশনের হাতে বেরিয়ে না যায় সেই জন্য এই clauseগুলি আনা হয়েছে,—এরা মনে করছেন মানুষের কোন বুদ্ধিশুদ্ধি নাই। এই সমস্ত clause এমন ভাবে করা হচ্ছে যে, corporationএর কোন ক্ষমতা থাকবে না। এটা অত্যন্ত মারাত্মক হয়েছে। এই বলে আমি এই clauseটার বিরোধিতা করছি।

Sj. CHARU CHANDRA BHANDARI: এই ২৩নং clauseটা হচ্ছে কর্পোরেশনের কি ক্ষমতা থাকবে সেই সম্পর্কে। এই সম্বন্ধে ডাঃ সুরেশ চন্দ্র ব্যানার্জি যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। এখানে বলা হয়েছে "but the Corporation shall not be entitled to exercise or discharge any powers, duties or functions expressly assigned by or under this Act or any other law to a standing Committee or to the Commissioner" delete করা হোক। অন্য কথা বলবার আগে আমি Dr. Royএর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এটা বলার কোন প্রয়োজন হয় না যদি অন্য উদ্দেশ্য না থাকে। শুধু যদি বলা যায় subject to the provisions of this Act the Municipal Government of Calcutta shall vest in the Corporation.

সব জিনিষ বোঝা যায়। কারণ, এই বিলের মধ্যে কমিশনারকে ক্ষমতা দেওয়া হয়েছে, সেখানেই তো জিনিষটা final হয়ে যাচ্ছে। এটা বলার কি প্রয়োজন? না বল্লে কিছু ক্ষতি হয় না। বারবার আমাদের একই কথা বলতে হচ্ছে যে, কর্পোরেশনের ক্ষমতা হরণ করা হচ্ছে এবং Calcutta Corporationএর মধ্যে একটা diarchy সৃষ্টি করা হচ্ছে। কমিশনার এবং কর্পোরেশনের মধ্যে কোন unifying authority নাই। এর উত্তরে সরকার পক্ষ থেকে বলা হচ্ছে Governmentএর যে ক্ষমতাই থাকুক না কেন ultimate ক্ষমতা Corporationএর আছে। যদি প্রকৃতই এটা হোত তাহলে না হয় সহনীয় হোত, কিন্তু তা হচ্ছে না।

আমার কথা হচ্ছে এই জিনিষটা বলার কোন আবশ্যকতা নাই। এর দ্বারা আমাদের মনে করিয়ে দেওয়া হচ্ছে—দেখ, তোমরা হস্তক্ষেপ করো না, এর অর্থ কি হয়। একটা অর্থ হতে পারে যদি Corporationকে ultimate authority বলে মনে করা যায় তাহ'লে কমিশনারকে যে ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতা তিনি exercise করবেন বটে তবে সেই সংগে in the exercise of his powers or in the exercise of his functions he will be responsible to the Government.

এক জায়গায় কমিশনারকে আপনারা সর্বোচ্চ ক্ষমতা দিচ্ছেন, আবার একটা নূতন clause—clause 28A যোগ করে বলছেন "in exercising his powers and performing his duties and function under this Act, the Commissioner shall conform to such rules." এই সমস্ত জিনিষ যে বলছেন তাতে সংগতি কি থাকল? এই portion আমার মতে থাকা উচিত নয়—Dr. Banerji যেটা delete করতে বলেছেন সেটা delete করে দিন। এই clause দ্বারা কমিশনারের উপর কর্পোরেশনের কোন ক্ষমতা থাকছে না। এই জিনিষটাই এখানে suggested হচ্ছে। অতএব এই portionটা বাদ দেওয়া যায় কিনা বিবেচনা করে দেখতে বলি। এটার কোন আবশ্যকতা নাই। এই কথা ব'লে আমি ডাঃ ব্যানার্জির এই amendmentটা সর্বান্তঃকরণে সমর্থন করছি।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I think it was Janab Mudassir Hossain who said the other day that "যারে দেখতে নারি তার চলন বাঁকা।" After hearing the speeches on this clause just now I am reminded of that saying. Sir, the position is this. Charu Babu has said "why should you put it there at all?" I am asked whether I believe in *ganatantra*. I do not think my friends opposite believe in *ganatantra*. All that this clause says is that all the powers are given to the Commissioner under this Act which is an Act of the Legislature, *ganatantra*. The legislature deliberately gives to him certain powers or a certain law passed by the legislature gives to the Commissioner certain powers. The legislature desires that the whole responsibility for the exercise of those powers should be on the Commissioner. There need not be any division of responsibility on this matter. Who gives the responsibility? The legislature, the Act, the law. My friend Charu Babu could not find out the difference between "exercise" and "discharge". You exercise certain powers and discharge certain duties and functions. That is the reason why the Legislative Department has gone to the extent of putting both the words there "exercise or discharge" powers, duties or functions.

Sir, with regard to the omission of sub-clause (*3*) my friend Dr. Banerji does not understand why it should be necessary, but if he had read the last sentence of that paragraph, he would have seen that it is stated there "and pass such resolutions thereon as it thinks fit." And if he had taken the trouble to see the next clause, clause 24, he would have found that the Select Committee had insisted that all resolutions passed by the Corporation shall be binding upon the Standing Committee and the Commissioner, and, therefore sub-section (*3*) is necessary under clause 23. If the Corporation under any circumstances desire that certain resolutions should be passed which would be binding on the Commissioner and the Standing Committee, they should do so, and, therefore there is that provision given. I know that the Corporation could see all the papers, accounts, etc., but we are empowering the Corporation, if they so desire, to pass certain resolutions, so that under section 24 those resolutions will be binding on the Commissioner and the Standing Committee.

With these words I oppose the amendments.

The motion of Dr. Suresh Chandra Banerji that in clause 23(*1*), lines 4 to 7, the words beginning with "but the Corporation" and ending with "Commissioner" be omitted, was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerji that clause 23(*3*) be omitted, was then put and lost.

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clause 24.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that in clause 24, lines 3 and 4, the words and figures beginning with "unless such" and ending with "section 46 or" be omitted.

স্যার, আমার মত হচ্ছে clause 24 is even more dangerous than clause 23। Clause 23তে Corporationকে হাতে পায়ে বাঁধা হচ্ছে, তারপর 24তে বলা হচ্ছে যতই কাঁদ আমরা দেব না। সেটা কিভাবে বলছেন, "The Standing Committees and the Commissioner shall be bound by and shall give effect to every resolution of the Corporation unless such resolution is annulled by the State Government in exercise of its powers under section 46". কর্পোরেশন কোন resolution পাশ করলে সেই resolution নাকচ করার অধিকার পর্য্যন্ত Government নিয়েছেন। ভেবে দেখুন, Sir, who can act like that--an elected body passing a resolution and the Government coming and saying that no effect will be given. অর্থাৎ এখানে Corporationকে অক্টোপাসের মত আষ্টেপৃষ্ঠে বেঁধে মারা হচ্ছে। কাজে কাজেই এই 24নং clauseটার আমি বিরোধিতা করছি।

SJ. CHARU CHANDRA BHANDARI: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই clauseটা সংযুক্ত করা হয়েছে এই বিলটা Select Committee থেকে আসার পরে। এটা একটা নূতন clause হয়েছে। পূর্বের clauseএ যা ছিল সেটাকে re-cast করে এই clauseটা হয়েছে, এবং এর উদ্দেশ্য হচ্ছে যে, Government Standing Committee এবং Commissionerকে খানিকটা Corporationএর অধীনে আনবার ব্যবস্থা করেছে। অর্থাৎ Corporation যে সমস্ত সিদ্ধান্ত করবেন সেই সিদ্ধান্ত অনুসারে কাজ করতে তাঁরা বাধ্য থাকবেন। কিন্তু আবার সাবধান করে দিচ্ছেন যে, যে সমস্ত ব্যাপারে Commissioner এবং Standing Committee চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন সেসব ক্ষেত্রে Corporation যেন হস্তক্ষেপ না করেন। এখানে Governmentএর যে উদ্দেশ্য সেটা আমি সমর্থন করছি ধরে নেওয়া যাক। সমর্থন করলেও দেখা যাচ্ছে যে, Government যেভাবে এই clauseটাকে draft করেছেন, সেটা ঠিক হয় নাই। কারণ যেভাবে draft করা হয়েছে তাতে দেখা যাচ্ছে যে Corporationএর Commissioner বা Standingর কার্য্যের উপর হস্তক্ষেপ করবার কোন রকম ক্ষমতা নাই। যে সমস্ত matterএ Commissioner ও Standing Committeeর decision final হবে, সেই সমস্ত matterএ Corporation কোন হস্তক্ষেপ করতে পারবে না। তাঁরা যদি তাঁদের কার্য্যের মধ্যে কোন improper method, বা irregular procedure adopt করেন তাহলে তার বিরুদ্ধে Corporation কিছুই করতে পারবে না। Commissioner বা Standing Committee Corporationএর কথা অনুযায়ী কাজ করতে বাধ্য নয়, এখানে Government কি বলতে চান আমি বুঝতে পারি না। Commissioner বা Standing Committee একটা final decision করতে গিয়ে যদি কোন improper বা irregular procedure গ্রহণ করেন সেখানেও কি কিছু বলবার ক্ষমতা Corporationএর থাকবে না? Corporation ultimately Governmentএর কাছে bound down হয়ে থাকবে for its proceedings কারণ Government তার power of supervision রাখছে। এই ক্ষমতাও Governmentএর আছে স্বীকার করি। কিন্তু Corporationএর যারা অধীনে, Standing Committee এবং Commissioner তারা independently work করবে এটা Government বলছেন, তাই যদি হয় তাহলে তাঁদের final decision করবার পূর্বে এমন অবস্থার সৃষ্টি হতে পারে যে সেখানে হয়ত তাঁরা কোন অন্যায় আচরণ বা বে আইনি কাজ করছেন তার বিরুদ্ধেও Corporation কোন resolution করে কিছু করতে পারবেন না। কারণ clauseটা যে ভাষায় draft করেছেন সেটা একটু লক্ষ্য করুন। বলা হয়েছে, যে, "Standing Committees and Commissioner shall be bound by and shall give every resolution of the Corporation unless

such resolution is annulled by the State Government in exercise of its powers under section 46 or unless such resolutions relate to a matter in which, under the provisions of this Act or the rules, by-laws and regulation made thereunder the decision of a Standing Committee or the Commissioner, as the case may be, is final" এখানে Corporationকে অন্তত: এইটুকু ক্ষমতা দেওয়া উচিৎ, Government যেখানে ক্ষমতার অপব্যবহার বা বেআইনি কাজ করবেন সেখানে Corporationএর annul করবার ক্ষমতা থাকবে। কিন্তু তার আগে Commissioner বা Standing Committeeর যে procedure হবে, সে যদি বেআইনি হয়, improper হয় বা অন্য কিছু হয় before final decisionএ arrive করেন তাহলে দেখা যায় যে সেখানে Corporationএর কোন ক্ষমতাই রইল না। অর্থাৎ যে সমস্ত matterএ Standing Committee এবং Commissioner অন্যায় decision দেবেন সেখানেও Corporationএর কিছু বল্‌বার থাকলো না। এটা সাংঘাতিক ব্যাপার। এই clauseটা যদি এই রকম থেকে যায় তাহলে Corporationএর কোন ক্ষমতা থাকবে না Standing Committee বা Commissionerএর বিরুদ্ধে কিছু বলবার। সুতরাং Standing Committee এবং Commissioner, Corporationএর কথা অনুযায়ী কাজ করতে বাধ্য থাকবেন এই কথাগুলি যদি Government ব্যবহার করতেন তাহ'লে ভাল হত।

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের বাংলায় একটা প্রবাদ আছে, "যাকে দেখতে নারি তার চলন বাঁকা"। আমাদের মুখ্য মন্ত্রী মহাশয়েরও তাই হয়েছে, কারণ তিনি Corporationকে দেখতে পারেন না, তাই তার সব কিছু বাঁকা দেখছেন, এবং মনে করছেন Corporationএর যা কিছু আইন করা হবে তা সমস্ত ঐ রকমভাবে বাঁকা আইন করতে হবে।

আমি জানি এবং মুখ্য মন্ত্রী মহাশয়ও নিশ্চয় জানেন যে, সমস্ত issueর উপর নির্ভর করে আমরা ১৯৪৫ সালের নির্বাচনে নির্বাচিত হয়েছিলাম। আজ যদি গত electionএর, সেই সমস্ত issueর উপর কোন আইন হয়, তা গভর্ণমেণ্ট মনে করেন গণতন্ত্রবিরোধী। কিন্তু গণতান্ত্রিক আইন তাকেই বলে, যে আইন দেশের ও জনসাধারণের মঙ্গলের জন্য তৈরী হয়। বর্ত্তমান গভর্ণমেণ্ট তাঁদের majorityর দ্বারা বহু আইন তৈরী করছেন সত্য; কিন্তু সেগুলি ঠিক গণতন্ত্র নয়। কারণ কলিকাতার নাগরিকরা এই আইনের বিরুদ্ধে কি মত প্রকাশ করছেন, সেটা আপনারা সকলে জানেন। আমরা চেয়েছিলাম এই বিলটিকে জনসাধারণের কাছে পাঠাতে তাদের মত গ্রহণের জন্য, কিন্তু আপনারা তার কিছুই করলেন না। সেই জন্য আমি বলছি এটা সম্পূর্ণ গণতন্ত্র-বিরোধী।

প্রত্যেক দেশে, অন্যায়ভাবে এই রকম আইন করবার সময় জনমত যদি তার বিরুদ্ধে প্রবল হয়ে উঠে তাহ'লে সেই আইন করবার সময় দেশে একটা নূতন নির্বাচন করেন। সেই জন্য আমি বলছি আপনারা যে আইন প্রণয়ন করছেন সেটা সম্পূর্ণ গণতন্ত্রবিরোধী।

চারুবাবু যে কথা বলেছেন আপনারা Corporationএর ভিতর একটা triarchy সৃষ্টি করছেন তা ঠিক। আপনারা Standing Committee, Commissioner এবং Corporationএর মধ্যে একটা ঝগড়া বাঁধিয়ে দিচ্ছেন। কারণ, Commissioner বা Standing Committeeর মেম্বর যাঁরা হবেন, তাঁরা গভর্ণমেণ্টের পেয়ারের লোক, আর কর্পোরেশন Commissionerএর তাঁবেদার হবেন। সুতরাং এতে দেখা যাচ্ছে যে, গভর্ণমেণ্ট যদি মনে করেন যে কোথাও তাঁদের মত অনুসারে কাজ হচ্ছে না, তাহলে সেখানে গভণমেণ্ট হস্তক্ষেপ করতে পারবেন। এখানে বলা হচ্ছে যে Standing Committee যদি Corporationএর একটুও খুঁত বের করতে পারে তাহলে, Corporationএর সমস্ত resolutionsকে annul করে দিয়ে আপনাদের যা মত তাই রাখবেন।

এই clauseটি অত্যন্ত মারাত্মক ও গণতন্ত্রবিরোধী এবং এতে জনসাধারণের নাগরিক অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে। সেইজন্য আমি এই clauseএর বিরোধিতা করছি।

Janab MUDASSIR HOSSAIN: Sir, I have listened carefully to the speeches that have been delivered by our friends to the east. Now, Sir,

the Corporation was there and the Corporation was superseded, and this Bill is being enacted now for the betterment of the administration of the Corporation.

Now, Sir, who are responsible for this bad state of affairs in the Corporation and who are responsible for the supersession of the Corporation? It is the Councillors who are responsible. What was the nature of these persons? In the words of a contemporary British poet, they (the outgoing councillors) were the stuffed men, they were the hollow men, shape without form, shade without colour, paralysed force, gesture without motion.

Sir, these were the qualities which rendered the Corporation invalid and it could not function as was expected. My friends on that side are eulogising the services that were rendered by the late Sir Surendra Nath Banerjee. Sir, I quite admit that his services in this respect were highly commendable, but he placed powers in the hands of such persons who had no experience in the matter and they indulged in nepotism and jobbery and were unworthy of the powers that were placed in their hands. Sir, this means that they practically widowed the Corporation by the excesses of the Councillors. The Councillors were the husband of the Corporation and the Corporation was the wife. The Corporation was bled white by their excesses.

Mr. DEPUTY SPEAKER: You just come to the clause itself.

Janab MUDASSIR HOSSAIN: Yes, I am coming to that but I have got to make a background. Now, Sir, these persons are negotiating the remarriage of the widowed Corporation and trying to place it in the same position in which it was before. Therefore the performance of my friends over there reminds me of an Urdu saying, বুড়িয়াকা নেকাহে শত শতখাতিয়া। It means, when an old woman wants to remarry a thousand and one obstructions are placed before her. So my friends on that side want to invest the Corporation with all the powers and responsibilities. But that power has been misused and must be regulated by the laws and regulations and bye-laws which will be enacted by the Corporation itself. Therefore I think there is no substance in the arguments behind these amendments, and these amendments should be rejected.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I have to appeal again to the members of the opposition to try and read the Bill a little more sympathetically. I have no grievance against the Corporation that is to be nor is it that the present Government or the present Ministry will have anything to do with the future Corporation but the whole position is this. This section has three clauses; one is that the Corporation will frame certain resolutions which will be binding on the Standing Committees and the Commissioner. I hope there is nobody who opposes that power. The second part of the section is that if, however, those resolutions are annulled by the State Government, under section 46 such annulled resolutions need not be given effect to by the Commissioner or the Standing Committee. I am glad to see that Mr. Charu Chandra Bhandari has appreciated that position which Dr. Suresh Banerji has not, namely that the annulment of the resolutions of the Corporation can only take place under certain conditions. Dr. Banerji has argued that such an interference did not happen even under British Government. Probably he has not read the existing Act of 1923. The present clause is a reproduction of section 19 of the present Act. Therefore there is no new provision that has been put in there. The question is that if a particular resolution has been annulled, can the Commissioner or the Standing Committees be bound to follow the resolution which has been so annulled. I have experience of the things that happened in the

past when the Corporation did pass resolutions which were annulled by the Government of those days and yet the Corporation insisted upon the Chief Executive Officer to follow it and not to follow the direction of the State Government.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Let it be put to vote.

The motion of Sj. Bimal Comar Ghose that clause 45(*4*) be omitted, was then put and lost.

Clause 46.

The question that clause 46 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 55.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that in clause 55, for sub-clause (*1*) the following be substituted, namely:—

> "(*1*) Subject to the provisions of the Bengal (Aliens) Disqualification Act, 1918, every person of the age of 21 years or above, who owns, occupies or resides in any premises or exercises any profession, trade or calling within a constituency shall be qualified as an elector of that constituency if such person has ordinarily and actually resided in Calcutta during the greater part of the year last preceding in which the electoral roll is prepared or revised."

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহোদয়, এই যে clause 55 এটা হচ্ছে franchise সম্পর্কীয়। আমি যে সংশোধনী প্রস্তাব এখানে পেশ করলাম সেটার মধ্যে adult franchise এবং যাদের residential qualification আছে, তাদের কি হবে বলা হয়েছে। কারণ Investigation Commissionএর reportএ adult franchise সম্পর্কে সুপারিশ করা আছে এবং অনেকদিন থেকে জনসাধারণের দাবী হচ্ছে এই যে সে কলিকাতা কর্পোরেশনই হোক বা অন্য কোন municipal

institutionই হোক, তার মধ্যে adult franchise introduce করা। এক্ষেত্রেও Investigation Commission সেই recommendation করেছিলেন, কিন্তু সরকার সেটা গ্রহণ করেননি। আমার মনে হয় এই round-about wayতে না গিয়ে, এখানে Corporationএর কার্য্য পরিচালনা সম্পর্কে যে সমস্ত দুর্নীতি প্রকাশ পাচ্ছে সেগুলি সমস্তই সংশোধিত হ'ত এবং ঐ দুর্নীতি ভবিষ্যতেও নিবারিত হ'ত যদি adult franchiseএর ব্যবস্থা করা হ'ত। Adult franchise হ'লে, অনেক দুর্নীতি Corporationএর মধ্যে আসতে পারত না। আমি উদাহরণস্বরূপ বলছি, যে সমস্ত investigation——

Sj. HEMANTA KUMAR BASU: On a point of order, Sir, এটা কি clause 55 আলোচনা হচ্ছে? তাহলে 45(4) clauseটা গেল কোথায়?

Mr. SPEAKER: সেটা omit হয়ে গেছে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: আপনার এতক্ষণে ঘুম ভাঙ্গল?

Sj. CHARU CHANDRA BHANDARI: আমি উদাহরণ স্বরূপ একটা কথা বলছি। Investigation Commission Reportএ যে সমস্ত দুর্নীতির কথা কর্পোরেশন সম্বন্ধে বলা আছে, তার মধ্যে বেশীর ভাগই মনে হয় assessment সম্পর্কে। এই assessment সম্পর্কে যে সমস্ত দুর্নীতি হয় সেটা কারা করেন? তাঁরাই করেন যাঁদের কলিকাতায় ঘরবাড়ী আছে, যাঁদের tax দিতে হয় consolidated rateএ এবং তারাই হয়ত কর্পোরেশনের কর্ম্মচারীদের ও Councilorদের influence করে থাকেন। Corporationএর এই সমস্ত কর্ম্মচারী বা কাউন্সিলাররা influnced হতেন না যদি তাঁরা adult franchiseএর ভোটে নির্ব্বাচিত হতেন। তার property থাক বা না থাক, সে কলকাতার resident হলেই হবে এবং আমি যখন তার ভোটে নির্ব্বাচিত হয়ে এসেছি, তখন আমাকে তার কথা শুনেই কাজ করতে হবে। কিন্তু যাঁর কলিকাতায় ঘর, বাড়ী ও সম্পত্তি আছে তাঁরা যদি ভোটার হন এবং তাদের দ্বারা যাঁরা নির্ব্বাচিত হবেন, তাঁদের দ্বারা এই সমস্ত দুর্নীতি হওয়া সম্ভব। এই দুর্নীতি যদি বন্ধ করতে হয়, তাহলে franchiseটা আরও wide করে দিতে হবে। যাঁরা Councillor হবেন এবং তাঁদের অধীনে যে সমস্ত কর্ম্মচারী থাকবেন তাদের কোন ভয় থাকবে না যদি এই franchiseটা অত্যন্ত wide হয়। যদি adult franchise হয় তাহ'লে এখানে কারও কোন personal interest থাকবে না। কারণ, যারা বাড়ীর owner বা occupier যাদের consolidated rateএ tax দিতে হবে, তারা সব সময়ই চাইবে যাতে assessment কম থাকে। এই সমস্ত লোকদের কমিয়ে দিয়ে অন্য লোক করা হোক। তা না হ'লে এই সমস্ত লোকদের interest হবে কি করে তাদের সম্পত্তির assessment কম করা যায়। সেইজন্য আমার মনে হয় Corporationএর মধ্যে যে সমস্ত দুর্নীতি রয়েছে সেগুলি ঘোচাবার একমাত্র direct পথ হচ্ছে এই adult franchiseএর ব্যবস্থা করা। সেটা না করে, নানা পথে ঘুরে গিয়েছেন। এর ফলে Corporationএর যে কার্য্য পরিচালনা সেটা যেমন জটিল হয়েছে, গভর্ণমেণ্ট যতই justified করুন, তেমনি অনেকখানি Corporationএর ক্ষমতা হরণ করা হয়েছে। কিন্তু যদি adult franchiseএর ব্যবস্থা করতেন তাহলে ভাল হ'ত। কারণ, এমন বহু লোক আছে যাদের বাড়ী নেই, অথচ তারা এখানে বাস করে বা ব্যবসা করে। কিম্বা অন্য কোন রকম ভাবে থাকে, তাদের উপর যদি ভোটের অধিকার থাকত তাহলে এই রকম একটা জিনিষ হ'ত না। এইজন্য আমি এই amendmentটা এনেছি। গভর্ণমেণ্ট যদি তাঁর policyটা পরিবর্ত্তন করে এটা গ্রহণ করেন তাহলে ভাল হয়। এই বিল যদি এখন পাশ হয়ে যায় তাহলে আমার মনে হয় অদূর ভবিষ্যতে গভর্ণমেণ্ট বুঝবেন, তাঁরা এই যে তিনটা authority municipalityতে করছেন, triarchy সৃষ্টি করছেন, যার জন্য ভীষণ আপত্তি আমাদের দিক থেকে হয়েছিল, এইগুলিকে যদি proper wayতে কাজ করাতে চান, তা হ'লে adult franchiseএর দরকার আছে। এবং এটা যদি করা হয় তা হ'লে কাউন্সিলরদের কাজ করতেও সুবিধা হবে। কারণ যাঁরা নির্ব্বাচিত হবেন, তাঁরা শুধু tax-payerদের ভোটের দ্বারাই নির্ব্বাচিত হবেন না, এখানে বহু লোক থাকবে যাদের assessment বাড়ান সম্বন্ধে কোন interest থাকবে না, তারা শুধু চাইবে যে Corporation যাতে ভালভাবে চলে। সেই জন্য আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করি আমার এই reasonable amendmentটা তাঁরা গ্রহণ করুন।

Sj. HEMANTA KUMAR BASU: মাননীয় স্পীকার মহোদয়, চারুবাবু যে প্রস্তাব এনেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই ক্ষমতা বিশেষ করেকজন লোকের হাতে রাখবার জন্য সব সময় চেষ্টা

করা হচ্ছে, তার উদ্দেশ্য হচ্ছে যে franchise যত কম রাখা যায়। আমাদের দেশে যখন বিদেশী Government ছিল, তখন তারা সব ক্ষমতা তাঁরা নিজেদের হাতে রাখবার জন্য এই franchise যত কম লোকের মধ্যে সীমাবদ্ধ থাকে তাই করেছিলেন। এবং তাদেরই যে সমস্ত অনুচর, তাঁদেরই হাতে এই ক্ষমতা রাখতেন। কিন্তু আমাদের জাতীয় আন্দোলনের ফলে জনসাধারণ তাদের অনেকখানি অধিকার আদায় করে নিয়েছে। আজকে জনসাধারণের হাতেই দেশের রাষ্ট্রক্ষমতা এসেছে। সেই জন্য আমরা দেখছি যে franchise বেশী লোকের হাতে এসেছে এবং তার ফলে Corporationকে যারা নিজেদের vested interest বলে মনে করতো, তাদের শক্তি কমে গিয়েছে এবং তাদের শক্তি যথেচ্ছভাবে ব্যবহার করবার সুবিধাও কমে গিয়েছে। Corporationএর দুর্নীতির জন্য Government Corporationকে supersede করেছিলেন এবং এখন আবার তাঁরা নূতন করে একটা বিল আনছেন এবং এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে জনসাধারণের franchise কমিয়ে দেওয়া। কিন্তু Corporationএর এই দুর্নীতি নিবারণ করা যাবে না যদি franchiseকে আরো বেশী করে বাড়িয়ে দেওয়া না যায়। আজকে franchise বেড়েছে বলেই বহু হিতকামী লোক এর মধ্যে আসতে পেরেছে এবং আরো বেশী লোক এর মধ্যে আসতে পারে যদি এই franchiseকে আরো wide করা যায়। রাজনৈতিক ব্যাপারেও এই ২১ বৎসরের ছেলেদের ভোটের অধিকার দেওয়ার ব্যবস্থা করেছেন এবং Parliamentএর memberরা adult franchiseএর দ্বারাই নির্ব্বাচিত হবেন এবং তাতে করে দেশের জনসাধারণের রাজনৈতিক সচেতনতা অনেক বেড়ে যাবে। Assembly, Council ও Governmental Institutionএর মধ্যে তাদের প্রতিনিধিরা অধিকতর সুযোগ সুবিধা পাবে। কিন্তু চারু বাবু যে প্রস্তাব এনেছেন যে কলিকাতার যারা নাগরিক Electoral Roll প্রস্তুত হবার এক বৎসরের অধিকাংশ সময় কলিকাতায় থাকবেন যে কোন কারণে হোক, অর্থাৎ যে কোন রকমের কাজ নিয়ে তারা থাকবেন, এবং যাঁদের বয়স ২১ বছর হয়ে গেছে, এই রকম যারা নাকি নাগরিক তাদের সকলেরই কর্পোরেশনের ব্যাপারে কিছু না কিছু স্বার্থ সংশ্রব থাকবেই সুতরাং তাদের সকলেই elector হওয়ার অধিকার দেয়া হোক। এবং আমি মনে করি কর্পোরেশনের দুর্নীতি দূর করার জন্য যদি প্রকৃতই কাজ কিছু করতে হয় তার একমাত্র উপায় franchise বাড়িয়ে দেয়া। সেইটা না করে যেমনভাবে এটা রয়েছে যদি এগ্রিভাবেই পাশ করা হয় তাহলে এটা গণতন্ত্রবিরোধী আইন হবে। কিন্তু যদি adult franchiseএর নীতিটা গৃহীত হয়, তবে এই বিলে আরো যে সকল ত্রুটী রয়েছে তার কতকটা সংশোধন হবে। অতএব আমি মনে করি গভর্ণমেণ্ট চারু বাবুর এই amendmentটা গ্রহণ করবেন।

SJ. BIMAL COMAR GHOSE: Sir, this provision is also a very important one, as the mover of the Bill will agree, just as the provision relating to the appointment of the Commissioner was a very important one. This clause is in relation to election and franchise, viz., clause 55, Sir, we had already made our submission at the consideration stage to the Chief Minister on this provision, and it appears that we had not been able to convince the Chief Minister and probably he would still not be convinced by our arguments now. What I do not understand, Sir, is this: in the present Bill the franchise has been liberalised but the Government does not go to the extent of allowing adult franchise. What is the harm? Now, a Bill has been brought forward for the reason that there had been maladministration in the Corporation; the Corporation was not being conducted properly; and this Corporation which was behaving very improperly was elected on a franchise which was very much more restricted than what is provided in the Bill. But still the Corporation did not function properly. If there be any belief anywhere that property qualification or license fee-paying qualification or something of that nature would be able to return a better type of candidates, that has been falsified by our present experience. Further the Government has agreed to liberalise the franchise. But what then stands in the way of accepting adult franchise? If the Constitutent Assembly has provided for adult franchise for the administration of the whole country what is the fear that things will go wrong if that is provided for in the case of Corporation election. The Chief Minister said that he did not believe that adult franchise would bring in a panacea. I do not say that it will bring in a panacea, but I do not think that this provision also will bring in any panacea, on the basis of the same argument. But the question is, if

on principle it is conceded that adult franchise is what we should be aiming at, then I should have to be convinced if adult franchise is to be rejected that if you provide adult franchise in the place of the franchise provided in the Bill, things would be worse. I say there is no reason to believe that things will be any worse if we have adult franchise. As it is, we feel that things could not have been worse even under the present dispensation where franchise is very much more restricted. So the argument naturally arises as to why we should not accept what we agree to be good on principle.

Then I will also adduce another argument which the Chief Minister has in another context advanced on many occasions. For example, in connection with the appointment of the Commissioner, he said that if it were working well in Bombay and Madras, why not accept it and see how it works here? Sir, I say the same thing. If adult franchise has worked well in Bombay, why not accept it here? You will accept bad things of every constitution and good ones of neither. Whenever you want to have something which is not democratic, which is not progressive—whether it is in Honolulu or in Timbacktoo, you accept it. But if anything is democratic which is working satisfactorily elsewhere on progressive lines you turn round and say—no, it would not be any good here. Why put different arguments—to repeat the words of the Hon'ble Chief Minister—why blow hot and cold in the same breath? If you accept one thing of one place, accept the other thing of that place as well.

There is still another argument. The Government itself had appointed an Investigation Commission, the members of which were not people who were supposed to be ultra-democratic. They were people who had stakes in society, and even they had suggested that there should have been adult franchise. The franchise that has been provided for in this Bill is something which was, I believe, recommended by the then Administrator of the Corporation, and I think it was also placed before the Investigation Commission for its consideration. The Investigation Commission examined and rejected it on very good grounds. Their argument was this—the Commission do not believe that there is any guarantee that the property qualification or the tax paying qualification will necessarily put the suffrage in the hands of the independent and thinking class of people; the actual experience under the existing system does not encourage such a view. And the Commission went on to say—it is the ultimate justification of democracy that it does not keep the common man perpetually in leading strings but teaches him in the school of experience to work out his own salvation. In any case the Commission are not prepared to condemn adult franchise as a basis of municipal elections before giving the system a fair trial.

Sir, one argument that was raised against allowing adult franchise was that there was a floating population in Calcutta. That argument was raised by my honourable friends Mr. Khuda Bukhsh and also Mr. J. C. Gupta, but as the Investigation Commission itself had said that that could be circumvented—that could be avoided—by a provision of this nature, viz., that every person, male or female, who has attained the age of 21 on a specfied date shall be qualified as an elector in a constituency (*i*) if for a period of one year up to the specified date he or she has resided in a dwelling in the city, or (*ii*) if he or she, being liable to pay, has paid to the Corporation any rate, tax or fee imposed under the Calcutta Municipal Act in the year next before the year of election. Now, if you have a provision of that nature, then the question of the floating population being enfranchised would not arise. So, Sir, the whole thing boils down to this that we do not see any reason—at least Government have not adduced any reason—which would appeal to any rational person as to why adult fracnhise shall not be functioning for the Corporation election. They have accepted the principle

of liberalisation, but they have not gone to the extent of adult franchise. Sir, I said at the consideration stage that if you want the Corporation to be elected on right lines and if you want it to function properly, then it is essential that you should at least try and see that persons who would be elected would at least be of the right type or at least be such as would not be able to manœuvre elections. One advantage of the adult franchise is that manœuvring becomes difficult, because the electorate becomes very large. So, from that point of view also I think that if the Government really mean to improve matters in regard to the administration of the Corporation, they should have welcomed the introduction of adult franchise.

Then, in connection with the election also they have not accepted the recommendation of the Investigation Commission for setting up an independent body to conduct the election. So, I feel, Sir, that in not providing for measures which would ensure election on right lines, the Government have brought forward a Bill which is very unlikely to achieve the object they have in view. I still hope that the Chief Minister will give his serious consideration to this aspect of the matter, for he is the architect of this Bill. If this Bill, when put on the statute book, functions properly, it will redound to his credit. I hope, therefore, that he will see to it that the Bill passes out of this House in such a form as will be able to assure the proper functioning of the Corporation that we all desire.

SJ. JYOTI BASU: Mr. Speaker, Sir, this clause which we are discussing at the moment shows how the West Bengal Government is afraid of the people—of the common people—and it also shows the contempt of this Government for the people of West Bengal. That is why probably, although the Hon'ble Chief Minister often talks loud about certain measures, certain provisions in Bombay and in other places, he is afraid to do the things which even the Bombay Government has done. Sir, I do not hold that this Government will give us anything even if there is adult franchise because I have seen and the people of Bengal have seen—have experienced—that even with adult franchise this Government is in a position because of its power, because of the different laws which it has put on the statute book—lawless laws and so forth—to manage elections and get its own people returned and so on. But all the same, people have fought throughout the ages for this adult franchise—it is a democratic measure which has not been given by the ruling class gratis to the people. People have fought for this.

Mr. SPEAKER: The House stands adjourned for 15 minutes for prayers. You will resume your speech after the prayers.

(The House was at this stage adjourned for 15 minutes.)

(After adjournment.)

SJ. JYOTI BASU: As I was saying, Sir, although adult franchise is no panacea for all the evils of society, yet the democratic masses have fought for this right throughout the ages and it was after a bitter struggle against the ruling class that they have got this adult franchise—right to vote. Now, in 1951 a huge, bulky Bill is being brought before us by the West Bengal Government—one of its last Bills before it goes out of office, but this Government does not think that it is necessary even in this year 1951 to provide for adult franchise in this particular Bill. It is surprising, Sir, and what is the argument? The only argument that the West Bengal Government brings before us is that there is a large floating population in Calcutta and that population cannot be registered and, therefore, adult franchise is not possible. A childish, foolish argument, Sir. I should have thought that in that case you cannot have adult franchise for the State

Assembly elections, for Parliamentary elections and so on. So, I think that argument might have been given if there was no adult franchise for these other elections for the State Assembly and Parliament. But that has already been provided for and it has been provided for in our Constitution. Because the people—the people of Bengal, the people of India—are conscious enough to compel the Government to give us adult franchise, that adult franchise has been given to us—it is not as if the India Government has suddenly conferred this right on us as a sort of grace. Therefore, Sir, I do not think much argument is necessary on our side, but we would, all the same, like to hear once more if there are any new arguments, as far as the Government is concerned, why adult franchise is being denied to the people. I know that if a somewhat democratic Government comes into power, its first act will be to confer this adult franchise on the people of Calcutta. Therefore, Sir, I for one would scrap the whole of this Bill just because this one clause is there, just because this provision has been made denying adult franchise to the people of Calcutta. Therefore, I would tell the Hon'ble Chief Minister and the other Ministers sitting there opposite "let not this last Act of theirs be condemned not only by the people of Calcutta but by the people of West Bengal and the democratic people of India" and that even at this last stage they should alter this provision and provide for adult franchise in this particular Bill. That is all I have got to say and I, Sir, would like to know the argument of Government as to why it is denying us adult franchise, if there is any argument apart from the argument already given to us that there is a large floating population in Calcutta.

Sj. SIBNATH BANERJEE: মিঃ স্পীকার স্যার, এই provisionএ যেখানে ভোটাধিকারদের qualification সম্পর্কে বলা হয়েছে, তার মধ্যে সবচেয়ে বড় যেটা আমাদের কাছে সেটা হচ্ছে প্রাপ্ত বয়স্কদের ভোটার ব্যাপারটা। এই ব্যাপারটা এতবার বলা হয়েছে এবং সব জায়গায় স্বীকৃত হয়েছে, তার উপর যুক্তি তর্কের বিশেষ প্রয়োজন নেই। আপনারা প্রথম যখন এই বিল আনেন, তখন এর বিরুদ্ধে যে সমস্ত যুক্তি তর্ক ওঠে তা বহুবার খণ্ডন করা হয়েছে। এখন আবার যে সমস্ত যুক্তি দেওয়া হচ্ছে তা তাঁরা শুনবেন না, এইভাবেই বিল পাশ করবেন। অথচ এই ভারতবর্ষের একটা জায়গায় general election আরম্ভ হয়েছে, সেটা হচ্ছে হিমাচল প্রদেশ। সেখানে ৪০ হাজার প্রাপ্তবয়স্ক লোক ভোট দিবার অধিকারী, এবং তাঁরা ভোট দিতে আরম্ভ করেছেন, বোধহয়, এতক্ষণে শেষ হয়ে গিয়েছে। অর্থাৎ এখানে রাষ্ট্র কিভাবে চলবে সে সম্পর্কে প্রতিটি প্রাপ্তবয়স্করা ভোট দিতে পেরেছে। এই ব্যবস্থা এখানে হচ্ছে, বিলাতেও আরম্ভ হয়ে গিয়েছে। সেখানে প্রতিটি প্রাপ্তবয়স্ক লোকের ভোট দিবার অধিকার আছে। শুধু বিলাতে বা Great Britainএ নয়, পৃথিবীর মানচিত্র আগামী কয়েক বৎসরের মধ্যে কি রকম দাঁড়াবে তা, তাঁরা সিদ্ধান্ত করছেন। আমাদের দেশেও State Assemblyতে প্রাপ্তবয়স্ক ব্যক্তিরা ভোট দিবার অধিকার পেয়েছে। সুতরাং Corporationএ তারা কেন পাবে না, তার কোন যুক্তি নেই। Bombayতে হয়েছে কলকাতায় কেন হবে না? এখানে floating populationএর উল্লেখ আছে তাতে বলা হয়েছে যে floating population হলে, safeguard রাখা যায় তাদের বেলায়, যারা ছয় মাস এখানে থাকবে; তা হ'লে floating populationএর কোন অসুবিধা হয় না। তারপর আর একটা জিনিষের ব্যাপারে argument দেওয়া হয়েছে যে যারাই tax দেয় তারাই ভোট দেবে। কথাটা শুনতে ভাল লাগে—no taxation, no representation. কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই যারা চার টাকা বাড়ী ভাড়া দেয়, তাদের include করা হয়েছে, কিন্তু যারা তিন টাকা চৌদ্দ আনা বাড়ী ভাড়া দেয়, তাদের include করছেন না। অথচ সে যখন কলিকাতা কর্পোরেশনের উন্নতিকল্পে contribute করছে তখন সে কেন ভোট দিতে পারবে না? এমন অনেকে আছে, যারা কিছুই tax দিচ্ছে না, তারাও অন্য রকমভাবে কলিকাতা কর্পোরেশনের উন্নতির জন্য contribute করছে। যেমন ধরুন, কারখানার workers, শ্রমিক, যারা নিজেদের ঘর বাড়ী তৈরী করে থাকে না, যারা মিলের কোয়ার্টারসে থাকে, তারা পরিশ্রম করে নানাবিধ প্রয়োজনীয় জিনিষ উৎপন্ন করছে, সে চটকলেই হোক বা অন্য কোন জায়গায়ই হোক, এবং তদ্দ্বারা কলকারখানার মালিকরাই লাভবান হচ্ছে। মিল মালিকরা ভোট দিতে পারবে, কিন্তু শ্রমিকরা কেন ভোট দিবার অধিকারী হবে না? তাদের contributionএর দ্বারা কলিকাতা সহরে তথা বাংলা দেশে, তথা ভারতবর্ষের ঐশ্বর্য্য বাড়ছে।

এমন কি যে বেকার সেও কিছু না কিছু contribute করছে, অবশ্য indirectly কারণ, যে সমস্ত জিনিষ পরিশ্রম দ্বারা উৎপন্ন হচ্ছে, তা তারা consume করছে এবং indirectly দোকানদারদের সাহায্য করছে বড় হবার জন্য, তাদের সমৃদ্ধিশালী করবার জন্য। কাজেই এখানে এমন কেউ নেই, যে কিছু না কিছু contribute করছে। অবশ্য, এঁরা গদীতে থাকতে কোন কিছু হবার আশা নেই। তবে যদি অন্য কেউ, যা সমাজতন্ত্র মতবাদী দেশের শাসন ভার হাতে নেন্, তাহলে হয়ত দেশে আর কেউ বেকার থাকবে না। দেশে কাজের অভাব নেই, ইচ্ছা থাকলে সকলকেই কাজ দেওয়া যায়। এবং আজ যারা না খেতে পেয়ে আধমরা অবস্থায় বেঁচে আছে, তারা খেতে পেলে মানুষের মত বেঁচে থাকবে। বেকাররা আজ খেয়ে পরে বেঁচে আছে, অবশ্য খেয়ে পরে অত্যন্ত খারাপভাবে আছে, আর যারা কাজ করছে তারাই বা এমন কি ভাল ভাবে আছে। তাদের যে dearness allowance ও pay দেওয়া হয়, তা না দেওয়ার মতই। কাজেই যদি adult franchiseএর ব্যবস্থা করা হয় তাহলে দেশে কেউ বেকার থাকবে না। দেশের প্রত্যেকটি লোককে দেশের সম্পদ ও সমৃদ্ধি বৃদ্ধির কাজে লাগান হবে। তারপর এই refugeeরা এখন একটা liability হয়ে রয়েছে কিন্তু তাদের যদি সুযোগ দেওয়া যায় তাহলে তারা আমাদের উপর burden না হয়ে আমাদের sources of income বাড়ানর কাজে সাহায্য করতে পারে। যদি প্রত্যেকটি প্রাপ্তবয়স্কদের ভোটের অধিকার থাকে তাহলে তখনি এই রকম একটা ব্যবস্থা হওয়া সম্ভব, তা না হলে নয়। এই floating populationএর যুক্তির বিরুদ্ধে যা কিছু বলা হয়েছে, তার যদি একটু ব্যবস্থা করা যায় যে কেউ যদি ছয় মাস এখানে থাকে তাহলে তারা ভোট দিতে পারবে তাহলেই এই floating populationএর ব্যাপারটাকে solve করা যায়। তারপর এই বিলে, যেটা draft হয়েছে, তাতে বলা হয়েছে, যে যারা tax দিচ্ছে, বাড়ী ভাড়া হিসাবে, যারা বড় বড় বাড়ীর বাসিন্দা, যারা direct contribute করছে তাদের উপরেই ভোটের অধিকার নির্ভর করছে। কিন্তু যদি একটু চিন্তা করে দেখেন, যে যারা সহরে আছে, যেমন কলকারখানার শ্রমিক, যাদের কাজের দ্বারা সমাজের সম্পত্তি বৃদ্ধি হচ্ছে, তাদের ভোটের অধিকার না দেবার কোন কারণ নাই। যুক্তির তাঁরা ধার ধারেন না, জোর করেই পাস করে নিচ্ছেন। তাই আমি appeal করছি যে তাঁরা এই যুক্তিটা মেনে নিন, তাহলে তাঁরা ভবিষ্যৎ generationএর কাছে কৃতজ্ঞতা অর্জন করতে পারবেন। এটা যদি না করেন তাহলে Dr. Royকে আমি বলবো যে তিনি একেবারে ভস্মে ঘি ঢালছেন। আপনারা যদি দয়া ক'রে এটা করেন তাহলে আপনাদেরই সুনাম হবে। এখন Physiologicallyই ওঁর পক্ষে অসম্ভব—to do anything correct and just, সুতরাং ওঁকে এসব অনুরোধ করার মানে হচ্ছে Assemblyর সময় নষ্ট করা। এখন তবু আমি বলতে চাই অন্যায় ত অনেক করেছেন, এবং তাড়াহুড়া করে এই বিলটাও পাশ করতে যাচ্ছেন, তারফলে যে সমস্ত বড় বড় অন্যায় করেছেন তারই অন্তর্গত হয়ে এটাও থেকে যাবে। যুক্তি দেওয়া হয়েছে আগে কি করে হবে, হতে পারে না। আমি বলেছিলাম কেন হতে পারবে না? এই Assemblyর votingএর সঙ্গেই হতে পারতো। তখন আইন-সচিব বলেছিলেন তাহতে পারে না, কারণ Corporationএর আইন আলাদা কিন্তু যে machineryতে ওটা করছে সেইই এটাও করতে পারত। সেটাই expeditious move হত আর costও কম পড়ত। কিন্তু সে পরামর্শ opposition থেকে দেওয়া হয়েছিল। Opposition থেকে পরামর্শ দিলে ওঁরা ত শোনেনই না বরং আরো উত্তেজিত হয়ে ওঠেন, এবং বলেন ওরা আবার পরামর্শ দিতে এসেছে। সুতরাং পরামর্শ দেওয়া নিরর্থক। কিন্তু এখানে তারা যে অন্যায়টা করছেন সেটা খুব বড় অন্যায়; যে কথা এই বিলের প্রথম আলোচনায় বলেছি—এই কলিকাতা কর্পোরেশনটা স্বর্গীয় সুরেন্দ্র নাথ বন্দোপাধ্যায়ের একটা কীর্ত্তি, কিন্তু উনি কীর্ত্তিনাশ হয়ে (pointing to Hon'ble Dr. Roy) যে কীর্ত্তি করে গেলেন, সুরেন্দ্র নাথের কর্পোরেশনের যা কিছু অধিকার সব ছিঁড়ে ছুঁড়ে যতখানি নীচু তাকে করা যায় ততখানি নীচু করে, এর aspectটা এমন বদলালেন যে একে একটা Governmentএর Department পরিণত করে ছেড়েছেন। এবং adult franchise দ্বারা নির্বাচনের ব্যবস্থা না করে, ওঁদের নিযুক্ত কমিশনার যাঁকে সব কিছু power দিয়ে, নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা সীমাবদ্ধ করেছেন, পাছে proper electorate দ্বারা elected প্রতিনিধিগণ কর্পোরেশন দখল করে সব কিছু উল্টে দেয় সেই ভয়ে প্রগতিশীল সমাজবাদী, বিশেষ করে যারা নূতন সমাজ গঠন করবার উৎসাহ ও আশা-আকাঙ্খা রাখে তাদের বেশী সংখ্যায় আসার পথ বন্ধ করেছেন। এবং সেই জন্যই অনেক চেষ্টাতেও একটা বিষয়েও কিছু নড় চড় হচ্ছে না।

Matriculateএর জায়গায় যদি literate করতেন তাহলেও democracyর দিকে কিছুটা এগিয়ে যাওয়া যেতো, কিন্তু তা ওঁরা করবেন না, কারণ জনসাধারণের উপর ওঁদের একটুও বিশ্বাস নাই। কারণ

ওঁদের যে ভয় রয়েছে যে জনসাধারণের যদি vote থাকে তাহলে অনেকটা, ওঁদের আটকে রাখতে পারবে। কিন্তু শেষ পর্য্যন্ত ওঁরা জনসাধারণকে আটকাতে পারবেনা। King Canute যেমন সমুদ্রের ঢেউকে ফেরাতে চেষ্টা করে ব্যর্থ হয়েছিলেন এঁদেরও সেই রকম ব্যর্থ হতে হবে। আজ আমরা ওঁদের বিরুদ্ধে division call করে কিছু করতে পারছিনে বটে, কিন্তু যে ঢেউ আসছে সে ঢেউয়ে ওঁরা ভেসে যাবেন, ডুবে যাবেন, (The Hon'ble N. DUTT-MAJUMDER : আপনাদেরও সঙ্গে সঙ্গে ডুবতে হবে), এই বলে আমি শেষ করছি।

Dr. SURESH CHANDRA BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, ১৯২৩ সালে আইনের তুলনায় এই বিলে voting franchise যে কিছুটা প্রসারিত হয়েছে, তাতে কোন সন্দেহ নেই। ১৯২৩ সালের আইনে ছিল যে consolidated rate বা tax বা license fee অন্ততঃ ১২৲ দেওয়া চাই। তা না হলে কারও ভোটের অধিকার হবে না কিন্তু এই আইনে provision করা হয়েছে যে যে কোন টাকা—any sum দিলেও ভোটের অধিকারী হওয়া যেতে পারবে। আর rent সম্বন্ধে বলা হচ্ছে আগে ২৫৲ মাসিক ভাড়া না দিলে হত না। এখন any rent দিলেই হতে পারে। কিন্তু এখন Matriculation Certificate বা technical diploma যাদের আছে, তারা voter হতে পারবে। Franchise সংক্রান্ত এই ধারাটা যে ১৯২৩ সালের আইনের তুলনায় যে প্রগতিশীল তাতে কোন সন্দেহ নাই। কিন্তু তা সত্ত্বেও আমাকে বলতে হবে যে ১৯২৩ সালের তুলনায় বর্ত্তমান দুনিয়া যে পরিমাণ প্রগতির পথে এগিয়েছে তার তুলনায় এই সামান্য একটু progress বা উন্নতি, তা অতি নগণ্য। আমাদের মনে না রাখলে চল্‌বে না যে এই ২০ বৎসরে দুনিয়ায় একটা আমুল পরিবর্ত্তন ঘটেছে। এবং মধ্যে একটা বিশ্বযুদ্ধ হয়ে গেছে এবং সঙ্গে দুনিয়াও গণতন্ত্রের দিকে অনেকটা এগিয়ে গেছে। আমাদের দেশ স্বাধীন হয়েছে এবং সেই স্বাধীন ভারতবর্ষে আমরা adult franchise পেয়েছি। সুতরাং এখন এই সামান্য একটু উন্নত voteএর অধিকারে আমরা সন্তুষ্ট হতে পারি না এবং একথা আমরা বার বার বলেছি যে কলিকাতা Corporationএ যে সমস্ত দুর্নীতি আমরা দেখেছি, যে corruption দেখেছি, তার মূলে রয়েছে এই সংকীর্ণ ভোটের অধিকার। যদি adult franchise থাকত, সেই ভিত্তিতে যদি Councillor নির্ব্বাচিত হত—তাদের সংখ্যা যদি খুব বেশী হত, তাহলে এই দুর্নীতি থাকত না। এসব কথা আমরা বারবার বলেছি। এবং Investigation Commissionও একথা বলেছেন। কি করে কলিকাতা কর্পোরেশন থেকে, তার শাসনব্যবস্থা থেকে এই দুর্নীতি দূর করা যায়, সেই উদ্দেশ্যেই এই Investigation Commission গভর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত হয়েছিল। এই Commission নানা দিক থেকে বিচার করে পূর্ণবয়স্কদের ভোটের অধিকার recommend করেছেন। তাই কলিকাতা কর্পোরেশন কাউন্সিলর নির্ব্বাচনে পূর্ণবয়স্কদের ভোটাধিকার কেন দেওয়া হবে না, তার কোন কারণ থাকতে পারে না। সুতরাং আমরা আগেই বলেছি এর Commissioner appoint করবার এবং অন্যান্য ব্যাপারে এই বিল অত্যন্ত reactionary এবং ইহা জনস্বার্থের সঙ্গে একটুও খাপ খায় না। বর্ত্তমান যুগে যখন সমস্ত দুনিয়া democratic Societyর কথা বলছে, দুনিয়া Socialismএর পথে চলেছে, তখন এই ধরণের একটা reactionary Bill আজ ওঁরা যে pass করতে চলেছেন, এটা আমাদের পক্ষে, বাংলার পক্ষে এবং পরিষদের পক্ষে অত্যন্ত লজ্জার কারণ। এ সম্বন্ধে আমার আর বেশী কিছু বলবার নেই। বক্তৃতা শেষ করার আগে শুধু বলব যে ডাঃ রায় এসব কথা ভালভাবেই জানেন যে এই বিল পাশ করে তিনি চিরদিনের জন্য অশেষ দুর্নামের ভাগী হতে চলেছেন। তার কাছে আমাদের পক্ষে—বিরোধী দলের পক্ষ থেকে আমার একান্ত অনুরোধ যে দুর্নাম তিনি অর্জ্জন করতে চলেছেন, তার খানিকটা অন্ততঃ প্রতিকার হবে যদি তিনি এই ধারার উপর আনিত চারু ভাণ্ডারি মহাশয়ের সংশোধনী প্রস্তাবটা অন্ততঃ গ্রহণ করেন।

আবার আমি অনুরোধ জানাব তাঁরা যেন চারুবাবুর প্রস্তাব—পূর্ণবয়স্কদের ভোটাধিকার—যাদের বয়স ২১ বৎসরের কম নয়—তাদের ভোটের অধিকার থাকবে—এটা যেন মেনে নেন।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I am not surprised that a lot of discussion should take place on this amendment, and the basis of the arguments that were put forward has been that if you have accepted the principle of adult franchise for the Legislature why should you not do it for the Corporation? That is the first argument and the argument that

has been repeated several times by the speakers opposite that if you have accepted it so far as the Legislature is concerned why should you not accept it so far as the Corporation is concerned.

Sir, I have been of the view that the two are not on the same line, namely, the Legislature and the Corporation. In a Legislature members come here for the purpose of determining the policy and the execution is done by persons who enjoy the confidence of the House for the time being and the Legislature has all the time the inherent power to call off the Ministry if they find that the Ministry is not following the policy of the Legislature. In the case of the Corporation the most important point is that the policy and the execution depend upon the same body and therefore it is essential that those who have votes in the Corporation should have something to do so far as that institution is concerned—that by residing in any place or in any house within the Corporation for six months or by following some profession in the city for a certain period or if he is a Matriculate and so on and so forth. It is deliberately put there. It is not an omission in order that the Corporation voters will be those who will have some interest, however small it may be, in the proper management of the Corporation. So the very word Corporation indicates that it is a corporate body, namely, a body in which the people who send representatives and the representatives themselves are working together not merely for the purpose of laying down the policy but also for the purpose of executing it. That is the fundamental difference between one group and the other. My friend Sri Bimal Comar Ghose is not here. He seems to argue like a lawyer in a mofassil court that if you are taking the Commissioner from Bombay, why not take adult suffrage also from Bombay. This argument really does not affect the present position. The position is that we are going one step further than what it is today. And if the Legislature of the future wanted to change the electoral rolls or any provision relating thereto it would be very easy to do so.

Sir, my second point is that it is not the Government of today that has brought forward this Bill. If my friends have forgotten, let me remind them that they passed, this Legislature passed, the West Bengal Act XXVIII of 1950 in which the members of the Legislature had accepted the very same system which is laid down here. Section 55 is only a reproduction of section 6 of the Amending Act of 1950. Wisdom did not find a place in the minds of the Opposition because there was no opposition then. A new election is going to take place next year and it would be on the basis of the Act which was passed by this Legislature and which enjoins the very same method by which the election and the electoral rolls will be made and prepared. Therefore it is not this Government that has done it. This Government has made a proposal and the Bill was placed before the Select Committee which went through the provisions of the Bill and this is one of the cases in which the Select Committee took pains to go through every paragraph of this Bill. And they did not think it necessary to make any alteration in this particular section. Therefore it is not a question of one bad man here or a bad Minister there who are trying to put something in the Bill. It is the Assembly's own finding which is embodied in the Bill. Mr. Charu Bhandari has said, if you have adult franchise, probably all those men, who have no interest in the city and who have no stake in the city will not affect the assessors. Probably he has not read the Bill through; otherwise, he would have found that we have made provisions that assessment should not be in the hands of persons who are under the control of the Corporation, whatever the position of the Corporation would be. Therefore I feel that that argument that if you have adult suffrage you will remove some of the causes of corruption in the Corporation does not

hold water. I do say that this is merely a reproduction of what is there in actual existence in the Act today and therefore I oppose the amendment of Mr. Charu Chandra Bhandari.

The motion of Sj. Charu Chandra Bhandari that in clause 55, for sub-clause (*1*) the following be substitued, namely:—

"(*1*) Subject to the provisions of the Bengal (Aliens) Disqualification Act, 1918, every person of the age of 21 years or above, who owns, occupies or resides in any premises or exercises any profession, trade or calling within a constituency shall be qualified as an elector of that constituency if such person has ordinarily and actually resided in Calcutta during the greater part of the year last preceding in which the electoral roll is prepared or revised.",

was then put and a division taken with the following results:—

AYES—10.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath.	Chatterjee, Sj. Haripada.
Banerjee, Sj. Sibnath.	Choudhury, Sj. Annada Prosad.
Banerji, Dr. Suresh Chandra.	De, Sj. Kanai Lal.
Basu, Sj. Hemanta Kumar.	Ghose, Sj. Bimal Comar.
Bhandari, Sj. Charu Chandra.	Ghose, Dr. P. C.

NOES—45.

Abdullah, Janab S. M.	Majumdar, The Hon'ble Bhupati.
Abdus Shokur, Janab.	Mal, Sj. Iswar Chandra.
Banerjee, Sushil Kumar.	Mallick, Sj. Ashutosh.
Barman, The Hon'ble Syama Prasad.	Mandal, Sj. Annadaprasad.
Bhattacharyya, Sj. Shyamapada.	Mandal, Sj. Krishna Prasad.
Chakravarty, Sj. Satish Chandra.	Mandal, Sj. Umesh Chandra.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Misra, Sj. Sowrindra Mohan.
	Mohammad Hossain, Dr.
Das, Sj. Radha Nath.	Mookerji, The Hon'ble Kalipada.
Dolui, Sj. Harendra Nath.	Mudassir Hossain, Janab.
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu.	Murarka, Sj. Basantlal.
Ganguli, Sj. Bepin Behari.	Naskar, The Hon'ble Hem Chandra.
Golam Hamidur Rahaman, Janab.	Panja, The Hon'ble Jadabendra Nath.
Gomes, Mr. D.	Patel, Mr. R. E.
Gupta, Sj. J. C.	Pramanik, Sj. Rajani Kanta.
Haldar, Sj. Kuber Chand.	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid.	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
	Roy, Sj. Jajneswar.
Khuda Bukhsh, Janab Md.	Roy Singh Sarker, Sj. Satish Chandra.
Mahammad Kased Ali, Janab.	Sen, The Hon'ble Prafulla Chandra.
Mahammad Sayeed Mia, Janab.	Shamsul Huq, Janab.
Mahanty, Sj. Charu Chandra.	Sinha, The Hon'ble Bimal Chandra.
Maiti, The Hon'ble Nikunja Behari.	Zaman, Janab A. M. A.
Majhi, Sj. Nishapati.	

The Ayes being 10 and the Noes 45, the motion was lost.

The question that clause 55 do stand part of the Bill was then put and a division taken with the following result:—

AYES—42.

Abdullah, Janab S. M.	Golam Hamidur Rahaman, Janab.
Abdus Shokur, Janab.	Gomes, Mr. D.
Banerjee, Sj. Sushil Kumar.	Gupta, Sj. J. C.
Barman, The Hon'ble Syama Prasad.	Haldar, Sj. Kuber Chand.
Bhattacharyya, Sj. Shyamapada.	Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Khuda Bukhsh, Janab Md.
	Mahammad Kased Ali, Janab.
Das, Sj. Radha Nath.	Mahammad Sayeed Mia, Janab.
Dolui, Sj. Harendra Nath.	Mahanty, Sj. Charu Chandra.
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu.	

Maiti, The Hon'ble Nikunja Behari.
Majumdar, The Hon'ble Bhupati.
Mal, Sj. Iswar Chandra.
Mallick, Sj. Ashutosh.
Mandal, Sj. Annadaprasad.
Mandal, Sj. Krishna Prasad.
Mandal, Sj. Umesh Chandra.
Misra, Sj. Sowrindra Mohan.
Mohammad Hossain, Dr.
Mookerji, The Hon'ble Kalipada.
Mudassir Hossain, Janab.
Murarka, Sj. Basantlal.
Naskar, The Hon'ble Hem Chandra.
Panja, The Hon'ble Jadabendra Nath.
Patel, Mr. R. E.
Pramanik, Sj. Rajani Kanta.
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
Roy, Sj. Jajneswar.
Roy Singh Sarker, Sj. Satish Chandra.
Sen, The Hon'ble Prafulla Chandra.
Shamsul Huq, Janab.
Sinha, The Hon'ble Bimal Chandra.
Zaman, Janab A. M. A.

Noes—9.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath.
Banerjee, Sj. Sibnath.
Banerji, Dr. Suresh Chandra.
Basu, Sj. Hemanta Kumar.
Bhandari, Sj. Charu Chandra.
Chatterjee, Sj. Haripada.
Choudhury, Sj. Annada Prosad.
De, Sj. Kanai Lal.
Ghose, Sj. Bimal Comar.

The Ayes being 42 and the Noes 9, the motion was carried.

Clause 56.

Dr. SURESH CHANDRA BANERJEE: Sir, I beg to move that clause 56(*1*) be omitted.

Clause 56 (*1*)এ বলা হয়েছে যে, যার ভোটার হওয়ার যোগ্যতা আছে তাকে আবার ভোটার হওয়ার জন্য কর্তৃপক্ষের নিকট দরখাস্ত করতে হবে। অথচ কর্তৃপক্ষ ভোটারদের enlist করবার ব্যবস্থা করবেন না। যেমন পরিষদের নির্বাচনের সময় ব্যবস্থা করা হয়,—ভোটারদের বাড়ী গিয়ে গিয়ে তাদের enlist করা হয়, কিন্তু Corporationএর ব্যাপারে যারা ভোটার হতে চায় তাদের দরখাস্ত করতে হবে। ফলে হচ্ছে কি যে খুব কম লোকই ভোটার হচ্ছে। তাই আমার কথা হচ্ছে, যাদের ভোটার হওয়ার যোগ্যতা আছে, তাদের ভোটার করবার জন্য Corporationকেই পরিশ্রম করে তার ব্যবস্থা করা উচিত, কিন্তু এখানে ব্যবস্থা করা হয়েছে তার উল্টো। সুতরাং আমি অনুরোধ করছি যে, আমার এই সংশোধনী প্রস্তাবটা Government মঞ্জুর করুন।

Sj. HEMANTA KUMAR BASU: Dr. Suresh Chandra Banerji যে সংশোধনী প্রস্তাব করেছেন তা আমি সমর্থন করছি। স্পীকার মহোদয়, আপনি বোধ হয় জানেন যে, আমাদের দেশের লোক, তাদের অধিকার সম্বন্ধে এত সচেতন হয়নি যে তারা নিজেরা দরখাস্ত করে ভোটার হবে। যে কোন Governmentই হোক, তাদের একটা প্রাথমিক কর্ত্তব্য হচ্ছে যে, তাদের যে সমস্ত নাগরিক, তাদের civic, political right সম্বন্ধে সচেতন ও সজাগ করা। সেদিক থেকে আমার মনে হয়, যেভাবে আগামী যে নির্বাচন হচ্ছে তাতে যেমন ভোটারদের বাড়ী বাড়ী গিয়ে তাদের ভোটার তালিকাভুক্ত করবার চেষ্টা করা হচ্ছে, সেই রকমভাবে এই Corporationএর ব্যাপারে করলেও ভাল হয়। এবারও Corporationএর নির্বাচন তালিকা গত বারের নির্বাচন তালিকার মত বাতিল করা হয়েছে এবং নূতন করে করবার চেষ্টা হচ্ছে। সেজন্য আমার মনে হয় যে, Dr. Banerji যে সংশোধনী প্রস্তাবটা এনেছেন, সেটা খুব সংগত। আমি আশা করি সরকার পক্ষ এটা গ্রহণ করবেন।

The motion of Dr. Suresh Chandra Banerji that clause 56(*1*) be omitted was then put and lost.

The question that clause 56 do stand part of the Bill was then put and agreed to.

Clause 57.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that clause 57(*2*) be omitted.

I also beg to move that the proviso to clause 57(*3*) be omitted.

Clause 57(2)র এই provisoটার আমার আপত্তি, আমরা চাই না যে, কোন company, body corporate or firm; তারা এই ভোটার অধিকার পায়। আমরা এটা চাই না, আমরা চাই adult franchise. সেই জন্য এইটা আপত্তি করতে বাধ্য হচ্ছি। এই provisoটা আপত্তি করি এই জন্য যে, এক-জন লোক double ভোটের অধিকার পাচ্ছে। যার বাড়ী, ঘর, সম্পত্তি আছে সে as a man ভোট দিতে পারবে, আর একবার representative of the company হয়ে ভোট দিতে পারবে। এই double ভোটের অধিকার দেওয়া হচ্ছে in this proviso. সেই জন্য আমি এই provisoটা আপত্তি করছি।

The motion of Dr. Suresh Chandra Banerji that clause 57(*2*) be omitted was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerji that the proviso to clause 57(*3*) be omitted was then put and lost.

The question that clause 57 do stand part of the Bill was then put and agreed to.

Clause 58.

The question that clause 58 do stand part of the Bill was then put and agreed to.

Clause 59.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that in clause 59(*2*), lines 1 and 2, for the words "State Government" the word "Corporation" be substituted.

প্রথমে যা move করেছি তাতে বলা হয়েছে, যে, electoral rollএর যে rules করা হবে how the electoral rolls will be prepared তাতে আছে subject to the provision of this Act, the State Government shall make rules providing for the time at which the rolls shall be prepared, এখানে State Governmentএ যে কেন আনা হল এবং Corporationকে কেন আনা হ'ল না, এটা আমি মোটেই বুঝতে পারি না। আমরা আগেও বলেছি যে এই বিলের উদ্দেশ্য হচ্ছে যে Corporationকে কোন power না দেওয়া এবং Corporationকে Governmentএর দাস করে রাখছেন, সমস্ত ক্ষমতাই Government নিজের হাতে নিচ্ছেন। সেই জন্য যে electoral rules করা হবে এর চেয়ে Corporationএর পক্ষে অপমানজনক আর কি হতে পারে? এই সমস্ত electoral rollএর rules সম্বন্ধে সব কিছু ঠিক করে দেবেন Government, এর চেয়ে আর কি অপমান হতে পারে আমি তা কল্পনা করতে পারি না। এই জন্য আমি State Governmentএর জায়গায়, সংশোধনী প্রস্তাবে বলেছি, Corporation কথাটা substitute করা হোক। অর্থাৎ electoral rollএর rule সম্পর্কে যা কিছু করার ভার তা Corporationএর উপর দেওয়া হোক।

The motion of Dr. Suresh Chandra Banerji that in clause 59(*2*), lines 1 and 2, for the words "State Government" the word "Corporation" be substituted was then put and lost.

The question that clause 59 do stand part of the Bill was then put and agreed to.

Clause 60.

The question that Clause 60 do stand part of the Bill was then put and agreed to.

Clause 61.

The question that Clause 61 do stand part of the Bill was then put and agreed to.

Clause 62.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that in clause 62(*1*)(*b*), line 1, for the word "twenty-five" the word "twenty-one" be substituted.

এই clauseএ বলা হয়েছে যে Councillor কিম্বা Alderman হতে গেলে তার বয়স ২৫ বৎসরের চেয়ে যেন কম না হয়, অর্থাৎ একজনকে Councillor বা Alderman হতে হলে তার বয়স অন্ততঃ ২৫ বৎসর হওয়া চাই। আগের ১৯২৩ সালের আইনে ছিল ২১ বৎসর যার বয়স হবে, সেই ভোটার হওয়ার অধিকার পাবে এবং এই ২১ বৎসর বয়স্ক লোকেরা এই সমস্ত পদের প্রার্থীরূপে দাঁড়াতে পারতো। অথচ এখানে বলা হয়েছে ২১ বৎসর অত্যন্ত কম, তার জায়গায় ২৫ বৎসর হওয়া দরকার। কেন যে এই সমস্ত সাধারণ প্রচলিত প্রথার বিরুদ্ধে এই ২৫ বৎসর করা হল তা আমি বুঝতে পারি না। সুতরাং old Actএ যা ছিল সেইটাই আমার সংশোধনী প্রস্তাবে বলা হয়েছে। এটা অতি ন্যায়সঙ্গত প্রস্তাব এবং এটা গ্রহণ না করলে খুব অন্যায় হয়। এটা শুধু প্রগতিবিরোধীই নয় এটা নীতিবিরোধী বলে আমি মনে করি। সুতরাং আমি Governmentকে অনুরোধ করছি যে আমার এই অতি ন্যায়সঙ্গত প্রস্তাবটা তারা মঞ্জুর করে নেন।

SJ. HEMANTA KUMAR BASU: মাননীয় স্পীকার মহোদয়, আমি এই সংশোধনী প্রস্তাব সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের দেশে চাণক্যের একটা শ্লোক আছে "প্রাপ্তেতু ষোড়শবর্ষে পুত্রে মিত্র-বদাচরেৎ"। অর্থাৎ পুত্রের ১৬ বৎসর বয়স হলে তাকে বন্ধুর মত বিবেচনা করবেন। কিন্তু এখন, আজকাল যার ১৮ বৎসর বয়স তাকে বন্ধুর মত সব কাজেতে বিবেচনা করা যেতে পারে। এখন ব্যাপার হচ্ছে, আমরা Electoral Rulesএ দেখছি যার ২১ বৎসর বয়স সে ভোটার হতে পারে। ভোটারের দায়িত্ব কি কম, আপনারা মনে করেন? এই যে একজনকে, তাদের প্রতিনিধি হিসাবে পাঠান হচ্ছে, তাদের প্রতিনিধিত্ব করবার অধিকার দেওয়া হচ্ছে যে, সে ভোটার হিসাবে লোক নির্বাচন করবে সেটা সোজা ব্যাপার নয়। সুতরাং যে ভোটার, তার যদি অধিকার থাকে, কাকে নির্বাচন করবে বা না করবে; তাহলে সে নিজেই কেন জনসাধারণের প্রতিনিধি হিসাবে electionএ নির্বাচনের জন্য দাঁড়াতে পারবে না? এর কোন মানে হয় না। সেই জন্য আমি মনে করি আমাদের দেশের ২১ বৎসরের ছেলেদের এই অধিকার দেওয়া উচিত। আমি যখন কংগ্রেসে ছিলাম তখন আমি কংগ্রেসের জন্য struggle করেছি, এবং দেখেছি ১৮ বৎসর বয়সের ছেলে যারা, তাঁরা কংগ্রেসের মেম্বর হতে পারতেন, এবং সংগ্রামী কংগ্রেসের যারা মেম্বর ছিলেন, তাদের বয়স বাড়িয়ে ২১ বৎসর করা হয়েছিল। সেই জন্য সব দিক বিবেচনা করে আমি মনে করি, ২১ বৎসর বয়স্ক ব্যক্তিকে যখন প্রতিনিধি নির্বাচন করবার ভার বা দায়িত্ব দেওয়া হয়েছে, তখন সে যাতে নিজেও প্রতিনিধিরূপে দাঁড়াতে পারে তার অধিকার থাকা উচিত। এই রকম একটা পার্থক্য এখানে রাখা উচিত নয়। সেই জন্য আমি ডাঃ সুরেশ চন্দ্র ব্যানার্জীর সংশোধনী প্রস্তাবটি সমর্থন করছি।

SJ. SUSHIL KUMAR BANERJEE: I beg to move that in sub-clause 1(*g*) of clause 62, in line 2, after the words "as a trustee" the words "or an executor" be inserted.

SJ. BIMAL COMAR GHOSE: Sir, I beg to move that clause 62(*2*) be omitted.

Clause 62(*2*) reads as follows: "Any disqualification mentioned in clauses (*h*), (*i*), (*j*) and (*k*) of sub-section (*1*) may be removed by an order of the State Government in this behalf".

Now (*h*), (*i*), (*j*) and (*k*) provide for disqualification on the following grounds "if he has not paid any sum certified by the auditors to be due from him in a certificate which has not been set aside under this Act or, if such certificate has been modified, has not paid the sum shown to be due from him in the modified certificate" or "has been convicted by any court and sentenced to imrisonment or whipping for an offence involving moral turpitude and punishable with imprisonment for a period of not less than six months" or "has been convicted by any court of an offence under Chapter IXA, Indian Penal Code, punishable with imprisonment", etc. or

"being a candidate at an election as a Councillor under this Act or an election agent of such Councillor has failed to lodge any prescribed return of election expenses or has lodged a return which is found, either by the Chief Judge of the Small Cause Court, Calcutta, in the course of any proceedings under section 82 or by a Magistrate in a judicial proceeding, to be false in any material particular".

Now if a person is so disqualified how can you make a provision that the Government may by order remove such disqualification? I feel, Sir, that this power should not at all be given to the Government because the offences are quite serious and there is no reason why these disqualifications should be removed on any ground by anybody. That reason becomes reinforced when it is considered that there may be Governments, like that of ours, under which persons who are even guilty of offences involving moral turpitude may be allowed to go away scot-free. How can we then provide a loophole, here Sir, where the Government may come to the assistance of such persons and let them go scot-free by removing their disqualifications so that they can be elected as Councillors or Aldermen. I do not see therefore why the Government,—or the Select Committee, as the Chief Minister always says that the Select Committee had very seriously considered all the provisions,—have provided for retaining this provision. No quarter should be shown to such persons and therefore I urge that there should be no power given to any Government whether this—certainly not to this—or any other Government for removing such disqualifications.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: With regard to the question of age I may refer my friend Dr. Banerji to the fact that under the old Constitution Act, that is to say the 1935 Act which was after the 1923 Corporation Act, the age for the members of the Legislative Assembly was fixed at 25 and the age for the Council of State was fixed at 30. The present Constitution also lays down that the minimum age of the members of the Assembly is 25 and of the Council of State is 30. That is the reason why we changed it from 21 to 25.

The amendment of Dr. Suresh Chandra Banerji that in clause 62(*1*)(*b*), line 1, for the word "twenty-five" the word "Twenty-one" be substituted was then put and lost.

The amendment of Sj. Sushil Kumar Banerjee that in sub-clause (*1*)(*g*) of clause 62, in line 2, after the words "as a trustee" the words "or an executor" be inserted was then put and agreed to.

The motion of Sj. Bimal Comar Ghose that clause 62(*2*) be omitted, was then put and a Division taken with the following result:—

AYES—7.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath.	Chatterjee, Sj. Haripada.
Banerji, Dr. Suresh Chandra.	De, Sj. Kanal Lal.
Basu, Sj. Hemanta Kumar.	Ghose, Sj. Bimal Comar.
Bhandari, Sj. Charu Chandra.	

Noes—41.

Abdullah, Janab S. M.	Dutt-Mazumdar, The Hon'ble Niharendu.
Abdus Shokur, Janab.	Ganguli, Sj. Bepin Behari.
Banerjee, Sj. Sushil Kumar.	Golam Hamidur Rahaman, Janab.
Barman, The Hon'ble Syama Prasad.	Gomes, Mr. D.
Bhattacharyya, Sj. Shyamapada.	Gupta, Sj. J. C.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Haidar, Sj. Kuber Chand.
Das, Sj. Radha Nath.	Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid.
Dokal, Sj. Harendra Nath.	Khuda Bukhsh, Janab Md.

Mahammad Kased Ali, Janab.
Mahammad Sayeed Mia, Janab.
Mahanty, Sj. Charu Chandra.
Maiti, The Hon'ble Nikunja Behari.
Majumdar, The Hon'ble Bhupati.
Mal, Sj. Iswar Chandra.
Malilok, Sj. Ashutosh.
Mandal, Sj. Krishna Prasad.
Mandal, Sj. Umesh Chandra.
Misra, Sj. Sowrindra Mohan.
Mohammad Hossain, Dr.
Mookerji, The Hon'ble Kalipada.
Mudassir Hossain, Janab.
Murarka, Sj. Basantlal.
Naskar, The Hon'ble Hem Chandra.
Panja, The Hon'ble Jadabendra Nath.
Pramanik, Sj. Rajani Kanta.
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
Roy, Sj. Jajneswar.
Roy Singh Sarkar, Sj. Satish Chandra.
Sen, The Hon'ble Prafulla Chandra.
Shamsul Huq, Janab.
Sinha, The Hon'ble Bimal Chandra.
Zaman, Janab A. M. A.

The Ayes being 7 and the Noes 41, the motion was lost.

The question that clause 62, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 63.

The question that clause 63 do stand part of the Bill was then put and agreed to.

Clause 64.

The question that clause 64 do stand part of the Bill was then put and agreed to.

Clause 65.

The question that clause 65 do stand part of the Bill was then put and agreed to.

Clause 66.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that in clause 66(*4*), lines 2 to 4, for the words beginning with "returning officer" and ending with "counting" the words "presiding officer at each polling station on the expiry of the time and immediately following the polling and any candidate or in the absence of the candidate a representative duly authorised by him in writing shall have a right to be present at the time of the counting. The presiding officer shall immediately upon the completion of the counting send the result thereof along with all papers, ballot boxes, etc., under sealed covers to the returning officer" be substituted.

Sir, I beg further to move that in clause 66(*5*), lines 1 and 2, for the words beginning with "When the counting" and ending with "returning officer" the words "The returning officer shall add up the results of the counting as sent by the respective presiding officers in the presence of the candidates or their representatives, one for each candidate, and" be substituted.

করবার ক্ষমতা দেওয়া হয় নাই। ভালো ভালো জায়গায় বড় বড় বাড়ীর জন্য যে rate করা হয়েছে সে অনুপাতে গরীব লোকদের প্রতি অবিচার করা হয়েছে। কাল আমরা signboard সম্বন্ধে যে প্রস্তাব দিয়েছিলাম অবশ্য সেটা ঠিকমত ছিল না বলে ruled out হয়ে যায়। তবে এটার সম্বন্ধে কাল প্রধান মন্ত্রী কিছু আশ্বাস দিয়েছেন, এবং বসুবর জে, সি, গুপ্ত মহাশয় বলেছেন যারা মধ্যবিত্ত লোক, যারা নাকি সামান্য ব্যবসা বাণিজ্য করে সাধারণ signboardএর সাহায্যে, তারা এই আইনের আওতায় পড়ে না। কিন্তু যেভাবে এই আইনটা বিধিবদ্ধ হয়েছে তাতে আমার নিজের মনে এবং আরো অনেকের মনে এই সন্দেহ জেগেছে যে তারা কোন রকম exemptionএর মধ্যে পড়ে না। যদি exempt করা হয় তবে বহু লোক তার মধ্যে পড়ে। অন্ততঃ আইনটা যে পরিষ্কার নয় সে বিষয়ে কোন সন্দেহ নাই। মুখ্য মন্ত্রীমহাশয় বলেছেন আপনারা ভাল করে আইনটা পড়ে দেখুন; কিন্তু আমরা যতখানি দেখার দেখেছি, এবং অন্য যাদের সঙ্গে পরামর্শ করেছি তাদের সকলেরই মনে সন্দেহ জেগেছে এই আইনটা সম্বন্ধে। মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় যদি দয়া করে তাঁর শেষ বক্তৃতার সময় বিষয়টা পরিষ্কার করে দেন তাহলে কলকাতার গরীব ব্যবসায়ীরা একটু আশ্বস্ত হবে।

জল সরবরাহ সম্বন্ধে এই আইনটার ধারা যখন কাল আলোচিত হয় তখন আমাদের এ সম্বন্ধে যা মতামত তা বিশেষভাবে বলেছি। মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় expertএর উল্লেখ করেছেন। কিন্তু expertদের সম্বন্ধে আমার বক্তব্য এই যে মাইনে নেবার বেলায়ই শুধু দেখি যে তাঁরা expert, কিন্তু কাজের বেলায় তাদের অভিজ্ঞতা কিছুই দেখি না। এবং তার প্রমাণ যতগুলি plan গভর্ণমেণ্ট করেছেন তাদের expertদের সাহায্যে তাতে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে, কিন্তু জনসাধারণ তার দ্বারা কি উপকার পেয়েছে? ঠিক তেমি কর্পোরেশনের মধ্যে অনেক বড় বড় কর্মচারী মোটা মোটা মাইনে পান, কিন্তু কাজের বেলায় কিছুই করেন না। ঐ বড় কর্মচারীদের সম্বন্ধে কলকাতার নাগরিকদের জিজ্ঞাসা করলে তারা এক বাক্যে বলবে দেখা করতে গেলে, কোন বিষয় জানতে গেলে তারা তো কোন কথা বলেনই না, বরং যদি আবেদন নিবেদন করা হয় তাহলেও কোন প্রতিকার পাওয়া যায় না। তারপর বর্ত্তমানে লক্ষ লক্ষ refugee আসার দরুণ কলকাতার জনসংখ্যা বেড়েছে, সেই সঙ্গে জলের সরবরাহ একটু বাড়িয়ে লোকের কষ্টের লাঘব যাতে করা যায় সে সম্বন্ধে পর্য্যন্ত কোন plan নাই, অথচ বড় বড় officer, Chief Engineer, Executive Engineerরা সব বসে আছেন, আর তাদের মাইনে বেড়ে চলেছে। কিন্তু কাজ কিছুই হচ্ছে না। লোকে যে ঠিকমত জলটুকু পাবে তার ব্যবস্থাটুকু পর্য্যন্ত হচ্চে না। তাদের দিকে তাকালেই একটা জিনিষ লক্ষ্য করা যায় যে কোন রকম social training বা সামাজিক শিক্ষা—কি গভর্ণমেণ্ট officer কি Corporation officer কারোই নেই। অথচ তাঁরা মাইনে পান পশ্চিমবঙ্গের অধিবাসীদের প্রদত্ত রাজস্ব বা কলকাতার অধিবাসীদের দেয় ট্যাক্সের টাকা হতে। এদিকে কিন্তু প্রধান মন্ত্রী থেকে আরম্ভ করে যত বড় বড় কর্মচারী আছেন সকলেই বলে বেড়ান যে বর্ত্তমান সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং কায়েম রয়েছে জনসাধারণের ক্ষমতার উপর! কিন্তু সরকারের কোন বিভাগে কোন কাজ নিয়ে গেলে এত হয়রাণি হতে হয়,—অপমানের একশেষ হতে হয় যে তারা জনসাধারণ কিছুতেই মনে করতে পারে না যে তারা master। ঠিক ইংরাজের আমলের মনোবৃত্তি—প্রত্যেক কর্মচারী মনে করেন যে মাইনেটা তাহার ত প্রাপ্য আছেই অতিরিক্ত কিছু না পেলে তারা কোন কাজই করতে চান না। প্রত্যেক public servant, জনসাধারণের সেবার জন্য—তাদের কাজের জন্য মাইনে পান—আজও তারা একথা শিখল না—এই social training তাদের নেই। তাই এই আইন সম্পূর্ণভাবে প্রতিক্রিয়াশীল। সেইজন্য এই আইনকে আমি বিশেষভাবে বিরোধিতা করছি।

তারপর, adult franchiseএর কথা বলছি। যদি adult franchise করা হয় তাহ'লে vested interest, স্বার্থান্বেষী ব্যক্তিদের, সুযোগ সুবিধা কমে যাবে। এই জন্য আমি মনে করি Investigating Commission যে recommendation করেছিলেন তা অন্ততঃ গ্রহণ করা উচিত। Investigating Commissionএ একটা জিনিষ আছে—যে সমস্ত কর্মচারী কলকাতা কর্পোরেশনের টাকা নষ্ট করেছে তাদের বিরুদ্ধে শাস্তি গ্রহণের যে সুপারিশ করা হয়েছিল তা কিছুই হয়নি, বরং তাদের উন্নত পদে বসিয়ে দেওয়া হয়েছে। তারা বরঞ্চ সরকারের বিশেষ আস্থা পেয়েছে। Corporation থেকে যদি বাস্তবিকই দুর্নীতি ও অনাচার দূর করতে হয় তাহলে Investigating Commissionএর সুপারিশ অনুযায়ী কাজ করতে হবে। এই ব'লে আমি এই আইনের বিরোধিতা করছি।

Sj. SIBNATH BANERJEE: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমি যখন বক্তৃতা করতে উঠছিলাম তখন কয়েকজন বন্ধু বল্লেন খুব তীব্র সমালোচনা করা দরকার। কিন্তু সেটা যে একেবারে বৃথা

তাতে কোনই লাভ হবে না সেই কথা আমার বন্ধুরা বুঝতে পারছেন না। তবে একথা সত্য যে আজকে বাংলা দেশের অত্যন্ত দুর্দিন; যেমন ৯ই আগষ্ট, ২৬শে আগষ্ট, তেমনি আজকের এই ১লা November দিনটাও ভারতবর্ষ অন্ততঃ কিছুদিন দুর্দিন বলে মনে রাখবে। কিন্তু আমরা জানি বাংলা দেশের ইতিহাসে অনেক settled fact unsettled হয়েছে। আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় ঝানু I. C. S.দের সংগে পরামর্শ করে ভোটের জোরে এটা পাশ করিয়ে নিচ্ছেন। কিন্তু আমি বলতে পারি তিনি যাই মনে করে থাকুন না কেন, আগামী নির্বাচনের পরে যাঁরা এই Houseএ আসবেন তাঁরা এটা সংশোধন করে অন্যরূপে পাস করবেন--এই আমার দৃঢ় বিশ্বাস। (Sj. Sushil Kumer Banerjee: তা হ'লে ভাবনা কি?) ভাবনা নিশ্চয়ই আছে, এবং সেটা আপনাদের জন্যই। Calcutta Corporationকে একটা Government departmentএ পরিণত করার যে প্রচেষ্টা চলছে সে সম্বন্ধে আমার বন্ধুরা বলেছেন, আমি আর বিশেষ কিছু বলতে চাই না; তবে এটুকু বলব যে, এই বিলের ভিতরে যে সমস্ত progressive জিনিষ হতো সেই সমস্ত জিনিষ এখানে দেখা যায় না। Socialisation না হউক, অন্যান্য ব্যাপারে যেমন trami, bus, electricity, housing, banking insurance প্রভৃতি তো municipalisation করতে পারতেন এবং উৎপাদনের সামগ্রীও municipalisation করতে পারতেন। এই জিনিসটা করা যায় যদি জনগণের প্রতি বিশ্বাস থাকে। তার পরিবর্তে আমরা দেখছি stalky tea, real tea কি না তা নিয়ে এরা experiment করছেন। আজকাল বাজারে সবই ভেজাল খাদ্যদ্রব্য বিক্রয় হচ্ছে; সে সম্বন্ধে এদের মাথাব্যথা নাই; কিন্তু stalky tea নিয়ে নানারকম গুরুত্বপূর্ণ গবেষণা এখানে শুনলাম। পূর্ববঙ্গ থেকে লক্ষ লক্ষ বাস্তুহারা এখানে ঘর বাড়ীর অভাবে নিরাশ্রয় ভাবে দিনযাপন করছে। সেদিকে এদের কোন দৃষ্টি নাই। Adult franchise ব্যবস্থা তাঁরা করতে পারতেন কিন্তু floating population ইত্যাদি নানারূপ কথা ব'লে এরা টালবাহানা করছেন। তাঁরা জনসাধারণের উপর বিশ্বাস রাখেন না, তাঁদের বিশ্বাস আছে ধনিক, বণিক, পুঁজিপতির উপর, কারণ এঁরা জানেন তাঁদের অসন্তুষ্ট করলে এদের গদিচ্যুত হতে হবে। ভারতবর্ষের অন্যান্য স্থানে adult franchise হয়ে গেল, কিন্তু যে Calcutta Corporationকে আমরা Pride of Asia বলে মনে করি তাই ১০০ বছর পিছনে পড়ে রইল।

তারপর এই যে signboard নিয়ে এত আলোচনা হল এটা কার মস্তিষ্কপ্রসূত জানি না। Signboard শুধু কলকাতায় নয়, পৃথিবীর সর্বত্রই signboard টাঙান হয়। কিন্তু signboardএর উপর না হ'য়ে যদি incomeএর উপর হ'ত তাহলে একটা অর্থ বোঝা যায়, কিন্তু signboardএর উপর এই ব্যবস্থার অর্থ সাধারণ লোকে বুঝতে পারে না। এইসব ক্ষুদ্র ব্যাপারে তাঁরা অত্যন্ত বেশী আগ্রহ দেখাচ্ছেন, কিন্তু ভিতরের শাঁস যেমনি আছে তেমনি রয়ে যাচ্ছে, সেদিকে তাঁদের দৃষ্টি নাই। বড় বড় ব্যবসায়ীদের উপর হাত দিতে গেলে বিপদ আছে, এমন কি গদিচ্যুত হওয়ার আশঙ্কাও আছে। এখানে সে সম্বন্ধে অনেকে প্রতিবাদ করেছেন, কিন্তু তাঁরা এতে কর্ণপাত করেননি।

তারপর, Public Service Commissionএর কথা বলছি। যদি একটা system করা যায় তাহলে nepotism কমে যাবে। কিন্তু তাতে তাঁদের স্বার্থে আঘাত লাগে; মন্ত্রীদের আত্মীয়স্বজন ঢোকান কঠিন হবে। সবদিক বিবেচনা ক'রে আমরা ব'লেছিলাম Municipal Service Commission করার কোন দরকার নাই। কাজেই যে উদ্দেশ্য নিয়ে Service Commission করা, যে সেখানে উপযুক্ত লোকরা কাজ পাবে, সে উদ্দেশ্যটা ব্যর্থ হয়ে যাবে। সেই জন্য আমি বলেছিলাম তাতে economy হবে না। Public Service Commission, after all, is an independent body. Duplication of workএর জন্য duplication of expenditure হবে, অর্থাৎ expenditure বেড়ে যাবে।

কাজেই personnel, employees কিছু বাড়িয়ে দিয়ে এইটা করুন, যাতে একটা standard জিনিষ হয়। কিন্তু তাতে তাঁরা রাজী নন। কারণ এর ভিতর একটা গূঢ় উদ্দেশ্য রয়েছে। অবশ্য employeesদের সম্বন্ধে কিছু progressive কথা বলা হয়েছে। আমার মতে কারও মাইনা দেড় হাজার টাকা হওয়া উচিত নয়। কারণ, যেখানে minimum মাইনা হচ্ছে ৬০ টাকা, সেখানে maximum ছয়শত টাকা হতে পারে। কিন্তু এখন জিনিষপত্রের দাম যে রকম ভাবে বেড়েছে, তাতে কারও মাইনা একশত টাকার কম হওয়া উচিত নয় এবং সেখানে একহাজার টাকা maximum মাইনা হতে পারে। এবং আপনারা Commissioner বা I. C. S. যাকেই নিয়োগ করুন, তাঁকে এই maximum এক হাজার টাকা পর্য্যন্ত দিন। কিন্তু Dr. Roy

প্রাসংগিকভাবে বলেছেন "বারে বা, তাহ'লে কর্পোরেশন চলবে কি করে? যদি বেশী মাইনা না দেওয়া হয়, তাহলে ভাল ভাল লোক সেখান থেকে চলে যাবে। কিন্তু, আমি বলতে পারি, তারা যদি আজকে একশো টাকা offer করে post advertise করেন তাহ'লে দেখতে পাবেন কত First Class Honours Graduate ও M. A. পাবেন। একশো টাকার মাইনাতে চাকরী advertise করলে অন্ততঃ পাঁচশো application পাবেন। একশো টাকা minimum ও হাজার টাকা maximum মাইনা হবে, এই standard যদি করে দেওয়া যায়, তাহলে ভাল লোকের অভাব হবে না। কারণ, বহু trained লোক কলকাতায় বসে রয়েছেন। তবে যদি তাঁরা মনে করেন যে I. C. S. ছাড়া তাঁদের কাজ চলতে পারে না, তাহলে মুস্কিল। অন্য দেশে এই সমস্ত I. C. S. ছাড়াও যখন কাজ বেশ ভালভাবেই চলছে, তখন এদেশে কেন চলবে না। বৃটিশ শাসনের যে রাস্তা তা ভাল করে এই সমস্ত I. C. S.রা শিখে নিয়েছে; সুতরাং তাদের দ্বারা আমাদের সুবিধার চেয়ে অসুবিধাই বেশী হচ্ছে। কারণ তাঁরা যে একটা standard রাস্তা ধরে চলেছেন তাতে ইংরাজদের পক্ষে সুবিধা ছিল। তখনকার নীতি ছিল যে, জনসাধারণ ও Ministryর সঙ্গে যেন কোন প্রকার যোগাযোগ না থাকে। এই attitude নিয়েই আজ তাঁরা এখানে কাজ করছেন। আজ যদি বৃটিশরা এখানে থাকত তাহলে ঐ সমস্ত I. C. S. নিয়ে তাঁরা কাজ করতে পারতেন। কিন্তু আজ দেশ স্বাধীন হয়েছে এবং মুখ্য মন্ত্রীও পরিবর্ত্তন হয়ে গিয়েছেন। সুতরাং ইংরাজ যে উদ্দেশ্য নিয়ে এদেশ শাসন করত, এখন সে উদ্দেশ্য নিয়ে আর দেশ শাসন করা চলতে পারে না। কিন্তু দুঃখের বিষয় এখনও কতকটা সেইভাবেই চলেছে, বেশী, বেশী মাইনা দিয়ে বড় বড় অফিসারদের রাখা হয়েছে। এখানে কম মাইনের, অর্থাৎ ১০০৲ টাকা থেকে হাজার টাকা মাইনের লোকের অভাব হবে না এবং expert লোকেরও অভাব হবে না। অবশ্য যদি তাঁরা বিলাত থেকে লোক আনতে চান তাহলে হয়ত তাঁরা এত কম মাইনেতে পাবেন না এবং তাতে অনেক বেশী টাকার দরকার হবে। কিন্তু দেশে বহু expert লোক পাবেন এবং তাদের যদি দরকার মনে করেন তাহলে তাদের বিদেশ থেকে trained করে আনতে পারেন। কারও মাইনে বাড়াতে হলে proportionately সকলের মাইনেই বাড়াতে হবে। যদি কম মাইনে ১০০৲ টাকা ও বেশী মাইনে হাজার টাকা,—এই নিয়ম করেন তাহলে শুধু Corporationএ নয়, Writers' Building চলবে এবং দিল্লীর বড় বড় দপ্তরখানা বা Secretariatএও চলবে। আজকে খবরের কাগজে দেখলাম যে, চার্চিল সাহেব প্রধান মন্ত্রী হয়ে তাঁর নিজের মাইনে দশ হাজার পাউণ্ড থেকে সাত হাজার পাউণ্ড করেছেন। ওখানে যদি high standard থাকা সত্ত্বেও কম মাইনেতে চার্চিল সাহেব ও ইডেন সাহেবের মত লোক পাওয়া যায় তাহলে এদেশেতে কেন expert লোক কম মাইনেতে পাওয়া যাবে না। এই দেশে এখন যারা high pay পাবে তাদের মাইনেটা আরো বাড়াতে গেলে অন্যায় করা হবে কারণ lower standard অনেক নীচে আছে। যদি lower standard ২০০৲ টাকা করেন তাহলে higher standard ২০০০৲ টাকা হতে পারে। কিন্তু lower standardকে না বাড়িয়ে কেবলমাত্র higher standerকে বাড়ালে অন্যায় করা হবে। তা যদি করেন তাহলে ইংরাজরা যেভাবে চালিয়েছিল সেই রকম ভাবেই চলতে থাকবে।

Dr. Roy অনেকবার বলেছেন, অবশ্য Assemblyতে বক্তৃতা দিয়ে নয়, তিনি বসে বসে remark করেছেন যে ভোট আমরা পাবো। আমি জানি যে এই বিল পাস করলেও তাঁরা ভোট যে কত পাবেন তা দু'দিন পরেই দেখা যাবে। এই reactionary বিলের দ্বারা জনসাধারণকে শৃঙ্খলাবদ্ধ করা হবে এবং ফল কি হবে তা পরে তাঁরা বুঝতে পারবেন। কলিকাতা সহরে এই constituencyতে এই Municipal Bill একটা অভিশাপরূপে থাকবে

কংগ্রেস প্রার্থীদের এখানে বক্তৃতা করে কৈফিয়ত দিতে হবে যে তাঁরা এই বিল কেন পাস করেছেন? অবশ্য তাদের ভোট পাওয়ার নানা উপায় আছে যেমন zeep আছে এবং সমস্ত clubকে help করে পেতে পারে। কিন্তু তাঁরা জনসাধারণের সমর্থন কত পাবেন তা দেখতেই পাচ্ছি। Sj. J. C. Gupta মহাশয় বলেছেন যে লোকে এটা চায়; তা যদি হয় তাহলে এটা test করুন। প্রতি wardএ একটা করে meeting করে আপনার প্রস্তাবটা রাখুন যে Municipal Billটা গ্রহণ করা হক; বক্তৃতার দরকার নাই, ভোট নেওয়া হক by ballot কিন্তু তাতে তারা রাজী নয়। এখানে এই Houseএ এটা পাস করে নিতে পারেন এবং তাই করবেন। Mr. Deputy Speaker, Sir, আমি গোড়া থেকেই বলে আসছি যে আজকে বাংলা দেশে একটা black letter day, এখানে খাদ্য নাই, লোকে না খেয়ে শুকিয়ে মরে যাচ্ছে অথচ সরকার নির্লজ্জভাবে, যেমন ইংরাজরা বলতেন লোক মরছে heart fail করে, আমাশায় ভুগে, ঠিক এরাও আজ বলছে যে দেশে কারও অনাহারে মৃত্যু হয় নি। আজ দেশে খাদ্যের এত

অভাব যে, বহু লোককে ৪৬৲ টাকা ৮০টাকা দরে চাল কিনে খেতে হচ্ছে, এবং বহু লোক না খেতে পেয়ে অনাহারে দিনযাপন করছে, তথাপি সরকার দেশে দুর্ভিক্ষ হয়েছে বলে স্বীকার করবেন না। Government employeesদের কিছু কিছু dearness allowance বাড়ান হয়েছে বটে, কিন্তু jute mills, Corporation বা অন্যান্য জায়গায় যারা কাজ করে, তাদের dearness allowance বাড়ান হয়নি। এই সমস্ত লোক না খেয়ে আধমরা অবস্থায় দিন কাটাচ্ছে, কিন্তু তা আপনারা স্বীকার করবেন না। আজ দেশে কাপড় নাই, এবং যা পাওয়া যাচ্ছে তার দাম এত বেশী যে লোকের পক্ষে তা কেনা সম্ভব নয়। অথচ মন্ত্রীমহাশয়েরা পরামর্শ দিচ্ছেন যে "আপনারা half-pant পরুন"। এই সমস্ত সমস্যার সমাধান তাঁরা করতে পারেন না এটা গোদের উপর বিষফোঁড়ার মত।

তাঁরা এই যে Municipal Bill আইনে পরিণত করছেন, তা কখনও কলিকাতার জনসাধারণ স্বীকার করবে না। তারা এর বিরুদ্ধে প্রতিবাদ করছে এবং agitation আরও চলতে থাকবে, যতদিন না Dr. Royএর এই settled fact unsettled হয়।

Sj. KANAI LAL DE: সভাপাল মহাশয়, আজ এই পরিষদ কক্ষে যে কুখ্যাত বিলটা আইনে পরিণত হচ্ছে, আমরা জানি, এই সরকারের বহু কুকীর্ত্তির মধ্যে এটা অন্যতম ও সর্বপ্রধান বলা যেতে পারে। বহুকাল পূর্বে ইংরাজ শাসনের সময়, কলিকাতার নাগরিকদের ক্ষমতা খর্ব করার জন্য, এই কলিকাতা কর্পোরেশনের ২৮ জন Councillor এর প্রতিবাদ জানিয়ে পদত্যাগ করেছিলেন। আমার যতদূর স্মরণ হয়, স্যার সুরেন্দ্রনাথ বন্দোপাধ্যায় মহাশয়ও তাদের মধ্যে একজন ছিলেন। এই সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় যখন সুযোগ পেলেন, তখন তিনি কলিকাত্যবাসীর সম্পূর্ণ ক্ষমতা আইন করে তাঁদের হাতে নিয়েছিলেন। তখন, আমাদের যিনি প্রধান মন্ত্রী তিনি দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ মহাশয়ের পক্ষ অবলম্বন করে এই সুরেন্দ্রনাথকে পরাজিত করেছিলেন। সেখানেই সুরেন্দ্র নাথের রাজনৈতিক জীবন শেষ হয়ে গিয়েছিল এবং আমাদের প্রধান মন্ত্রীর রাজনৈতিক জীবন আরম্ভ হয়েছিল। আমরা এখন দেখতে পাচ্ছি যে আমাদের প্রধান মন্ত্রীমহাশয়ও সেই রকম প্রতিক্রিয়াশীলভাবে শাসন করছেন তাতে হয়ত তাঁরও রাজনৈতিক জীবন সম্ভবতঃ শেষ হয়ে আসছে। তাঁর রাজনৈতিক জীবনের প্রারম্ভে প্রগতিবাদী হয়ে যে সমস্ত ভাল কাজ করেছিলেন কিন্তু আজ প্রতিক্রিয়াশীলভাবে দেশবাসীর বিরুদ্ধে যে সমস্ত কাজ করছেন তাতে ভয় হয় যে তাঁরও রাজনৈতিক জীবন বোধ হয় শেষ হয়ে এসেছে। আজ কলিকাতা সহরের প্রায় ৫০ লক্ষ লোকের অধিকারকে কিরকমভাবে ক্ষুণ্ণ করা হচ্ছে, তার প্রমাণ আমরা পেয়েছি গত কয়েক সপ্তাহ ধরে এ বিলের আলোচনার মধ্যে দিয়ে। এই এত বড় সহরে যেখানে ৭৫ জন Councillor নির্বাচিত হবেন এই কলিকাতার অধিবাসীদের দ্বারা, সেখানে তাদের অধিকারকে অত্যন্ত ক্ষুন্ন করা হয়েছে। এটা নির্বাচিত Councillorদের পক্ষে অত্যন্ত অপমানকর। আটাশ জন Councillor পূর্বে যেমন পদত্যাগ করেছিল তেমনি আজকে তাদের এবং কলিকাতাবাসীর কর্তব্য হবে যে এই বিল যাতে কার্য্যকরী না হতে পারে। আজ গণতান্ত্রিক ভিত্তির উপর ভোট সর্বত্র দেশে অনুষ্ঠিত হচ্ছে কিন্তু কলিকাতা সহরে প্রাপ্তবয়স্ক লোকদের সেই ভোটাধিকার দেওয়া হ'ল না। এখানে franchise কম করা হল, এতে কলিকাতা Corporationএর পক্ষে অত্যন্ত অন্যায় করা হয়েছে। যারা দেশের রাজনৈতিক পুরোভাগে আছেন তাদের ভোটাধিকার হয়ে গেল কিন্তু কলিকাতার সাধারণ লোক যারা দিনের পর দিন সভা সমিতি করবে, তারা বিদ্বান নয় বটে কিন্তু তাদের সাধারণ রাজনৈতিক জ্ঞান রয়েছে, এদের ভোটাধিকার দেওয়া হল না, এটা অত্যন্ত অন্যায় এবং এটা প্রতিক্রিয়াশীলের চরম নিদর্শন। তারপর এই আইনের দ্বারা একজন বড় কর্মচারীকে Corporationএর সর্বময় কর্তা করছেন। মন্ত্রিসভা মনে করছেন যে ভোটের দ্বারা সব কিছুই করবেন কিন্তু তাদের এই ধারণাটা সম্পূর্ণ ভুল। তাঁরা প্রতিক্রিয়াশীলভাবে জনসাধারণের ক্ষমতা খর্ব করতে চান, এবং ভোটের জোরে সমস্ত ক্ষমতা হস্তগত করতে চান সেটা ভাবা বাতুলতা মাত্র। এই কলিকাতা Corporationকে সম্পূর্ণ করায়ত্ত করে রাখবো এটা তাদের পক্ষে ভাবা বাতুলতা মাত্র। অথচ নির্বাচিত প্রতিনিধিদের তারা কোন কাগজপত্র দেখাবে না। সরকার কর্পোরেশনের কাজ কর্মচারীদের দ্বারাই চালাবেন, এটা Councillorদের প্রতি একটা চরম অবমাননার দৃষ্টান্ত। তারপরে কলকাতা কর্পোরেশন এখন যে অবস্থায় রয়েছে, যদিও এটা হচ্ছে এশিয়ার মধ্যে সব চেয়ে বড় মিউনিসিপালিটি, তার economic conditionএর উন্নতি করার জন্য এ পর্যন্ত কোন কার্য্যকরী ব্যবস্থা প্রবর্ত্তনের চেষ্টা হয় নাই। কেবল, কি করে কতগুলি লোককে হাতে রেখে কর্পোরেশনের উপর কর্তৃত্বটা নিজেদের হাতে রাখা যায় সেই দিকেই শুধু ওঁরা দৃষ্টি দিচ্ছেন। কর্পোরেশনে উন্নতি করবার জন্য অসংখ্য ক্ষেত্র রয়েছে সে সবের দিকে ওদের দৃষ্টি নাই।

তারপর এই কলকাতা সহরে যতটা ভেজাল জিনিষ খাদ্যের ও অন্যান্য দ্রব্যের সঙ্গে বিক্রয় হয় এই বাংলা-দেশের বা ভারতবর্ষের অন্য কোথাও তত হয় না। এই সব বন্ধ করবার জন্য যে আইন করা উচিত ছিল এ বিলে তা কিছু করা হয় নাই। আর এ সরকারের পক্ষে তা করা সম্ভবই বা হবে কি করে? কারণ সরকার নিজেই যে একটা dairy করেছেন তাতে তাঁরা skimmed milk বিক্রয় করেন। তাঁরা জল বিশিয়ে দুধ বিক্রয় করছেন আর প্রকাশ করছেন কলকাতাবাসীদের আমরা দুধ দিচ্ছি। দেশের সরকার হচ্ছেন দেশের প্রকৃত মালিক, এবং দেশের মধ্যে দৃষ্টান্ত স্থাপন করাই হচ্ছে সরকারের কর্ত্তব্য, সেই সরকার নিজেই যদি দেশের মধ্যে ভেজাল জিনিষ চালান তাহলে যারা নাকি ব্যবসায়ী পয়সা রোজগারের জন্য এসেছে তারা সংকাজ করবে এটা কি করে আশা করা যায়।

আমি আর বেশী কিছু বলব না, আমার পূর্ববর্তী বক্তাই অনেক কিছু বলেছেন, আমি শুধু এই কথা বলে শেষ করছি যে এই বিলটা যা আজ আমাদের সরকার এখানে পাশ করাচ্ছেন, এটা আইনে পরিণত হবার পর পুনরায় যে Assemblyর নির্বাচন আসছে তাতে সেই সব প্রতিনিধি যারা নাকি সরকারের পক্ষে গিয়ে এই বিলটা সমর্থন করছেন এবং জনসাধারণের স্বার্থ নিয়ে ছিনিমিনি খেলছেন, তাদের মধ্যে যারা নাকি কলিকাতা-বাসীদের প্রতিনিধি তাঁদের যেন কলিকাতাবাসীরা আগামী নির্বাচনে তাদের এই--

Sj. RAJANI KANTA PRAMANIK: Sir, এই বক্তা যা বলছেন কলকাতাবাসীদের কাছে নিবেদন করে সেটা এখানে না বলে বাইরে গিয়ে বল্লেই ভাল হয়।

Sj. KANAI LAL DE: আমি Deputy Speaker মহাশয়ের কাছে বলছি। পার্লা-মেণ্টারী সেক্রেটারী মহাশয়ের জ্ঞান থাকা উচিত যে আমি মাননীয় সহ-সভাপালের through দিয়ে দেশবাসীর কাছে নিবেদন জানাতে পারি, আমি যাদের প্রতিনিধি সেই দেশবাসীকে আমার সব কথা বলার অধিকার রয়েছে, এতে ওঁর আপত্তির কি কারণ থাকতে পারে।

আমরা বুঝতে পারছিনা এই বিলটা এরকমভাবে এখনই পাশ করা হচ্ছে কেন? বিশেষতঃ আগামী নির্বাচনের পূর্বে বা পরে যে অবস্থা হবে তাতে এই বিল পাশ হলেও কলকাতার মধ্যে হঠাৎ কোন পরিবর্ত্তন আনতে পারবে না। আমার দৃঢ় বিশ্বাস, আগামী নির্বাচনের পর যে সমস্ত প্রতিনিধি নির্বাচিত হয়ে এখানে আসবেন তাঁরা এই প্রতি-ক্রিয়াশীল আইনটাকে নিশ্চয়ই দূরে ফেলে দেবেন। বর্ত্তমান Assemblyর আয়ু শেষ হয়ে এসেছে যখন, তখন এইরূপ প্রতিক্রিয়াশীল বিলটা আনার কি প্রয়োজন ছিল? ৪।৫ মাস পরেই যখন নূতন Assembly হবে তখন এটা আনলে কি ক্ষতি ছিল? দীর্ঘদিন অপেক্ষা করার পর হঠাৎ অসম্ভব তাড়াতাড়ি করে যেমন Tram-way Billটা পাশ করিয়ে নিলেন, ঠিক তেমনি তাড়াতাড়ি করে এই কলকাতা Municipal Billটাও পাশ করিয়ে নিচ্ছেন। হয়ত ওঁরা মনে ভেবেছেন কোন রকমে যদি আমরা এসে আবার ক্ষমতা লাভ করতে পারি, তাহলে এই আইনের বলে যে সমস্ত ক্ষমতা ও সুযোগ করে রাখা গেল কলকাতা কর্পোরেশনের ভিতরে, সেগুলির সদ্ব্যবহার পূর্ণমাত্রায় করা চলিবে। আজ ওঁরা এখানে সংখ্যাগরিষ্ঠ বটে, কিন্তু বাইরে এই বিলের বিরোধী অসংখ্য লোক রয়েছে, এই কুখ্যাত বিলটা যখন আইনে পরিণত হবে--

Mr. DEPUTY SPEAKER: Disrespect or abusive mention of a statute which seems to be apparently open to the same objection as improper language এই কারণে আপনি বিলটাকে "কুখ্যাত" বিল বলতে পারেন না।

Sj. SIBNATH BANERJEE: ডেপুটী স্পীকার মহাশয়, আপনি কি বলছেন আমি শুনতে পাচ্ছি না।

Mr. DEPUTY SPEAKER: আমি বলছি যে এই House যে বিলটা পাশ করছেন সেটাকে কোন সদস্য কুখ্যাত বলতে পারেন না।

Sj. DEBENDRA NATH SEN: কিন্তু, Sir, এটা এখনো পাশ হয়নি।

Mr. DEPUTY SPEAKER: পাশ না হোক, কিন্তু পাশ হতে চলেছে।

Sj. DEBENDRA NATH SEN: Sir, এটাকে কুখ্যাত নাই বা বল্লাম, কিন্তু black Billএর বাংলা কি হবে?

Mr. DEPUTY SPEAKER: বিলটা প্রতিক্রিয়াশীল বলতে পারেন বা ঐ ধরণের আর কিছু বলতে পারেন।

Sj. KANAI LAL DE: জনসাধারণের প্রতি বিশ্বাসঘাতক এই বিল (The Hon'ble BHUPATI MAJUMDAR: যত বিশেষণ জানা আছে লাগিয়ে দিন)। আপনাদের ত অনেক কিছুই জানা আছে এবং বলেনও কিছু কম নয়। আমি সরকার পক্ষকে সর্বশেষে বলতে চাই এখনো সময় আছে, এখনো তাঁরা এই বিলটাকে প্রত্যাহার করে নিতে পারেন, তাঁদের সদ্‌বুদ্ধির উদয় হোক, তাঁরা এটাকে প্রত্যাহার করে নিন। ভবিষ্যতে যারা এখানে প্রতিনিধি আসবেন তাঁরা গণতন্ত্রসম্মত নূতন ধরণের একটা বিল এখানে আনবেন। আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি।

Sj. J. C. GUPTA: Mr. Deputy Speaker, Sir, Mr. Rafique and also other speakers said: "They don't seem to be happy" and Mr. Bimal Ghose said: "It is a sad Bill for us". I agree, because we have got to perform the unenviable task and responsibility of remedying certain defects which the abuse of powers and responsibilities given by Sir Surendranath's Act has necessitated. Sir, we are painfully conscious that it is not the Hon'ble Dr. Bidhan Chandra Roy who is undoing the Act of Sir Surendranath, but it is the Corporation Councillors who enjoyed wide powers and privileges who have destroyed Surendranath's Act. (Cries of "hear, hear" from Congress benches.) The public wholly supported the supersession of the Corporation, and why? Not because they wanted that Sir Surendranath's Act should be scrapped but they were aware that in the administration of the Act in the executive sphere things were done which not only did not redound to the credit of the Corporation but in many respects injured the interest of the rate-payers. Sir, an Investigation Commission was appointed. They pointed out amongst others the unfortunate position of the Chief Executive Officer—the subserviency to which he was put. They pointed out how in assessment there were so much undersirable acts; they pointed out that there has been wastage of the Corporation funds, and as a result of that when democracy is abused the result is autocracy as a necessary consequence, and we find a Bill was provided in order to set right the defects and mistakes pointed out by the Investigation Commission which sought to divide the powers between the Corporation, the Standing Committees and the Commissioner and which tried to make the Commissioner almost independent of the Corporation. But I have noticed that the Select Committee did try to modify the position that was taken up in the original Bill. They provided that the Corporation should be supreme and there should not be three distinctive authorities, but the Standing Committees and the Commissioner should be made subservient—I should not have used the word "subservient"—should be made subordinate to the Corporation, and they should follow the rules and regulations made by the Corporation. Sir, you are aware that the Investigation Commission reported the position of the Chief Executive Officer, the situation in which he was rather subservient than independent. The Calcutta public knew very well that the Chief Executive Officer was not functioning in the way the rate-payers desired. Therefore, the original Bill proposed that the Commissioner should be independent, but as you have noticed the Select Committee said "no". Ordinarily, the Commissioner will not have to go to the Corporation Councillors in order to ensure his appointment. He should be selected by the Public Service Commission. Before appointment he should be independent, but after he is appointed though the original Bill recommended that a two-third majority was necessasy to remove him, the Select Committee recommended that if he cannot enjoy the confidence of the bare majority of the Corporation he shall have to go. Therefore, Sir, having regard to the powers, office and functions of the Chief Executive Officer he is placed better under this Bill. My friends have said that Mr. J. C.

Gupta said that he was prepared to go to the electorate on this issue. I am sure that if this question is put before the rate-payers of Calcutta—whether they wanted a Commissioner who should be independent of the party manœuvrings—whether he should be dependent for the retention of his appointment on the support of this group or that group or that he should be a man who should come in independently and then it should be his business to see that he administers the affairs in such a way that he commands the respects of the majority, I have no doubt that the rate-payers of Calcutta will give the answer that they prefer what has been provided in this Bill. (Sj. DEBENDRA NATH SEN: Why don't you test it?) I will test it. I have been called upon to contest a seat in Calcutta. I have, as a matter of fact, received certain letters to explain my attitude towards the Bill from some rate-payers. I have written to them. I wanted to address them on Sunday last but they have postponed it for reasons known to them. I do not shirk the responsibility. I never support something of which I do not feel convinced. I have no hesitation to refrain from voting if I find that there is something which is not in the interest of the rate-payers.

Then, Sir, it has been said that no powers are being given except to the Commissioner. There has been an important provision that has been made in this Bill of which not much notice has been taken. When we were members of the Corporation we used to deliberate, pass the budget, and formulate principles, but we had no hand in seeing to it that in the day-to-day administration the Corporation directions were carried out and monies were spent economically. There has been a new provision made herein that the Standing Finance Committee will have the right to watch and inspect the expenditures incurred in the day-to-day administration. They are entitled to give directions to prevent expenditure which they think is not justified. There are such provisions as show that power is not sought to be concentrated in the hands of the Commissioner selected by the Public Service Commission appointed by the Government but his acts were under scrutiny day-to-day which was impossible under the present Act of 1923. I have been asked by my colleagues in this Assembly to specially look at the provisions of section 28A inserted by the Select Committee—also section 24 which requires that the Standing Committee and the Commissioner will be bound to give effect to every resolution of the Corporation. With regard to the special new powers that have been given I draw their attention to section 27 of the Act which gives power to the members of the Standing Finance Committee and Accounts Committee to check and supervise the day-to-day expenditure, to give directions about those things—a new feature which at once destroys the argument that power was sought to be concentrated in the hands of the Commissioner.

Now, I have already said that the Commissioner was bound to act according to rules and was removable by a simple majority. In the next place, some criticism has been made regarding the appointment of the Service Commission. We all know and the rate-payers also know that in the Calcutta Corporation merit was not the main criterion. Merit was overruled in favour of the support that a candidate could secure from the Councillors of the Calcutta Corporation. Sir, you are aware that we tried to introduce competitive examinations on the result of which recruitment would be made of the Corporation officers. We had an examination and we made a list of the candidates. A few of them were appointed, and I understand that those who were appointed on the result of the competitive examination have made very good officers, but they are only a few in number. Mr. Rafique knows that after three or four appointments were made that list was nullified. It was a matter among Mr. Rafique, myself and another Councillor to the effect that we will support your candidate

and you support ours—not on the basis of qualifications. (Shaikh MOHAMAD RAFIQUE: Then the Congress were in majority.) They were not. You know the Service Committee. But if you challenge I will mention all appointments which were made because J. C. Gupta wanted it or Mr. Rafique wanted it, but let us not go into acrimonious debates. We want to assure everybody—assure the rate-payers that the complaint that they had that the real meritorious people did not get a chance in Corporation employment is sought to be removed by the introduction of the Municipal Service Commission. It has been said that only a few appointments are made. Why should there be a Municipal Service Commission? They have not understood the scope of the Municipal Service Commission. They have got to conduct the examination. They have got to examine the cases where promotion is to be given. Promotion many a time used to be given to candidates who ensured the support of some powerful Councillors or Aldermen or a group of Aldermen. We want to do away with such things. Let the Corporation determine the principles and think of the measures which will help the rate-payers and let the administration be left on to those who are left in charge of the departments, and let them always be careful to see that they do not make any mistakes. But if you want some heads of departments to take your man, you corrupt the heads of departments, because they will satisfy you by taking your man and they can feel that they will be able to do anything without expecting much criticism.

Therefore with regard to the Municipal Service Commission also the arguments that have been made will not be quite proper.

Sir, there has been a criticism and rightly too. We all want to introduce adult franchise. I had been trying to do that, as I have said on previous occasions, when Sj. Annada Prosad Choudhury was the Minister in charge and was bringing an amendment. He could not do that but I supported adult franchise. This time apart from other reasons one thing has appealed to me. Dr. Roy pointed out that if we adopt adult franchise, election will be postponed, for qualifications already provided for will require to be amended; preliminary rolls have been prepared, and there are certain other things. And I am sure having regard to the disappointment that the public have met with there has been no marked progress during the official regime: the sooner the election is held, the sooner the rate-payers will be satisfied. Therefore having regard to the fact that the election will be delayed and it will not be held in March next, I did not insist on the introduction of adult franchise immediately, but I am sure that after this election is held and after popular representatives are sent there, they will themselves recommend, and if my friends on the other side sincerely believe that they are going to be installed in power there will be no difficulty in introducing adult franchise. But today let us take this and the one argument that the election which the public want to be held now should be held immediately, and that ought to outweigh the consideration of the necessity of election on adult franchise which will delay election.

Sir, here are certain procedures—the publication of electoral roll, examination, etc.—which will have to be started afresh. That is why I have not insisted upon adult franchise.

Now, this measure has been passed involving many sections. There may be one or two defects but those defects can be rectified. I have mentioned one or two, but I think on the whole we ought not to be ashamed of doing our duty—I mean restoring the Corporation which had been almost given

a decent burial by the abuses that were made of the wide powers that were given by Sir Surendranath's Act. This Assembly and this Ministry, if they thought of the advantages and disadvantages, would have liked to avoid the passing of this measure at this stage, but I think the Ministry have rightly thought that the supersession ought not to continue and the Corporation should be brought into existence as early as possible only after making provisions for non-recurrence of the defects that were not alleged but were found by the Investigation Commission to be matters of fact. We ought not to argue on the abstract rights of democracy: we ought to look into facts as they stare at us after the findings of the Investigation Commission. And I would ask the whole House to pass the third reading of the Bill without any opposition. Sir, let me assure my friends opposite that I shall be glad to appear at any platform where they will want me to appear before the Calcutta rate-payers to explain my attitude.

With these words, Sir, I resume my seat.

(At this stage the House was adjourned for twenty minutes.)

(After adjournment.)

SJ. ANNADA PROSAD CHOWDHURY: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ এই যে কলিকাতা Municipal Bill third reading হচ্ছে, এটা ১৯২৩ সালের Municipal Billএ যে ব্যবস্থা ছিল স্বর্গগত Sir সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের চেষ্টায় এবং আন্দোলনে তখনকার সরকারের হাত থেকে জনসাধারণ তথা কলকাতার rate-payers যে সমস্ত অধিকার পেয়েছিল, সেই অধিকারকে কার্য্যে পরিণত করতে গিয়ে অভিজ্ঞতার ফলে কর্পোরেশনের মধ্যে যে সমস্ত গলদ দেখা গিয়েছে তাই দূর করার জন্য এই নূতন বিলের অবতারণা। কিন্তু দেখা যাচ্ছে সে বিলে যে সমস্ত অধিকার জনসাধারণকে দেয়া হয়েছিল সে অধিকারগুলি ক্রমশঃ যেন তাদের হাত থেকে সরিয়ে নিয়ে একটী সরকারী কর্ম্মচারীর হাতে এনে centralised বা কেন্দ্রীভূত করা হচ্ছে। একটু আগেই শ্রীযুক্ত যোগেশ গুপ্ত মহাশয় বলেছেন স্বর্গগত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের চেষ্টা ও আন্দোলনের ফলে যে সমস্ত অধিকার আমরা পেয়েছিলাম, আমাদের গাফিলতির ফলে কর্পোরেশনের ভিতর নানা রকম দুর্নীতি ঢোকার দরুন সেই সমস্ত দুর্নীতি দূর করবার জন্য এবং কর্পোরেশনের অবস্থার উন্নতি করার জন্য আবার জনসাধারণের হাত থেকে সেই সমস্ত ক্ষমতা ও অধিকার কেড়ে আনতে আমরা বাধ্য হচ্ছি। Sir, আমি জিজ্ঞাসা করছি কর্পোরেশনে যখন এই সমস্ত দুর্নীতি ঢুকেছিল, যে দুর্নীতির অভিযোগে তার হাত থেকে ক্ষমতা কেড়ে নেবার সুপারিশ শ্রীযুক্ত গুপ্ত মহাশয় করলেন, তিনি নাকি তখন Corporationএই একজন councillor ছিলেন না? যে দুর্নীতি থেকে বাঁচবার জন্য আজকে কর্পোরেশনের অধিকার ক্ষুণ্ণ করবার প্রস্তাব করা হচ্ছে সেই কর্পোরেশনেরই কি একদা অধিনায়ক আজকের মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় ছিলেন না? এবং যে দুর্নীতি ও গলদের অভিযোগ আজ করা হচ্ছে, সরকারের তত্ত্বাবধানে তিন বছরেরও অধিককাল চলবার ফলে কি Corporation থেকে তা দূর হয়ে গেছে? আজ কলকাতার অধিবাসীদের যাকেই জিজ্ঞাসা করা হবে এই প্রশ্ন, সেই বলবে—না, কোন উন্নতিই হয় নাই, বরং অবনতি হয়েছে।

তাই বলছি, যে সরকারের পরিচালনাধীনে এই সাড়ে তিন, চার বছর চলার পরেও কোন উন্নতির লক্ষণ দেখা যাচ্ছে না, সেই সরকারের মনোনীত কয়েকজন কর্ম্মচারীর হাতে সমস্ত ক্ষমতা তুলে দিলেই যে কর্পোরেশনের রাস্তা-ঘাটের অবস্থা, চলাচলের ব্যবস্থা, জলসরবরাহ ব্যবস্থা, assessment ব্যবস্থার উন্নতি হবে এবং দুর্নীতি দূর হবে, একথা লোকে আজ বিশ্বাস করতে চায় না। তারপর Corporation এই দুর্নীতি ছাড়া আরও দুটো অসুবিধার সম্মুখীন। এক হচ্ছে তার অর্থের অভাব। এবং দ্বিতীয় হচ্ছে, সেই অর্থ ঠিক ঠিক ভাবে Corporationএর rate-payers দেবার লাগান হয় না এই অভিযোগ। এই যে অর্থের অভাব এই অভাব দূর করবার জন্য Corporation মধ্যে মধ্যে সরকারের দ্বারস্থ হয়েছে। আমি যখন কয়েক মাস মন্ত্রী ছিলাম, তখনও Corporationএর কয়েকজন officer আমার কাছে এসে বলেন যে Corporationএর ৫৫ লক্ষ টাকা না হলে চলে না। তাঁরা অনেক প্রস্তাব আমার কাছে করেছিলেন, এবং এখনো সরকারের কাছে করেন।

কলকাতার motor vehicles থেকে যে tax পাওয়া যায় তার কিছু অংশ Corporationএর পাওয়া উচিত। এবং সিনেমা থেকে যে amusement tax আদায় হয় তারও একটা অংশ Corporationএর পাওয়া উচিত। তাছাড়া আরো কিছু কিছু ট্যাক্স আছে তারও কিছু কিছু Corporationএর পাওয়া উচিত কিন্তু সরকার সব কিছু taxই নিয়ে নেন আর Corporation সে তার খরচ চালাবার জন্য সরকারের দ্বারস্থ হতে হয়। বহু বন্ধুবান্ধব আমার কাছে এসে জানিয়েছেন কর্পোরেশনে পূর্বে যে assessment rate ছিল সেই assessmentএর rate ঠিক ঠিকভাবে প্রয়োগ না করার দরুনই কর্পোরেশনে অর্থাভাব ঘটে, এবং তারি জন্য কর্পোরেশনের উপর যে ব্যাপক দায়িত্বভার চাপানো আছে সেটা ঠিকমতন পালন হয় না। তখন Corporationএ assessmentএর যে হার ছিল সেই হার অনুসারে যদি assessment সর্বত্র করা হত তাহলে টাকার অভাব হত না। কিন্তু সেখানে যারাই তদ্বির করতে পেরেছেন তাদেরই assessment কম হয়েছে, এবং যারা পারেনি, তাদেরই বৃদ্ধি করা হয়েছে। সুতরাং সকল ক্ষেত্রে ঠিক ঠিক assessment হলে ঐ টাকাতেই কুলিয়ে যেত। এখন ওরা কর্পোরেশনের কাজের ব্যাপকভার কমিশনারের উপর দিয়ে বলছেন যে Corporationএর ভিতর যে সমস্ত দুর্নীতি সেটা Executive Officer নিয়োগের যে ক্ষমতা সেটা Corporation Councillorদের হাতে থাকার ফলে, এবং wardএ wardএ electionএর voter list ইত্যাদি তৈরী করার ভার সেই wardএর councillorদের হাতে থাকবার ফলে Corporationএর election ঠিকমত হতে পারে না, এবং সেই জন্য Corporationএর যাঁরা অধিকর্তা তাঁরা ভালভাবে স্বাধীনভাবে কাজ চালাতে পারেন না, যেমন মাদ্রাজ ও বম্বেতে সরকার মনোনীত Executive Officer যাকে এখানে বলা হয়েছে Commissioner, স্বাধীনভাবে কাজ চালাতে পারে। এখানে ওঁদের কথা হচ্ছে এই যে সরকার কর্তৃক নিযুক্ত হলেই Commissioner ভালভাবে কাজ চালাতে পারবেন। কিন্তু সেই সব প্রদেশের অনুকরণে শুধু Commissioner সরকার কর্তৃক নিযুক্ত হলেই যে কাজ ভাল চলবে তা নয় সে সব প্রদেশে যে adult franchiseএর নীতি যা রয়েছে সেইটাই সর্বাগ্রে গ্রহণ করা দরকার। যদি আমরা জনসাধারণকে তাদের দায়িত্ব সম্বন্ধে উদ্বুদ্ধ করতে পারি, এবং তাদের ঘাড়ে যদি দায়িত্বের বোঝা চাপিয়ে দিতে পারি, তাহলে আজ না হলেও কিছু দিন পরে তারা নিজেরাই তাদের নিজেদের চেষ্টায় সমস্ত দুর্নীতি ও আবর্জনা দূর করার জন্য এগিয়ে আসবে। কিন্তু Investigation Commissionএর রিপোর্টে ও এই adult franchise দেবার কথা রয়েছে, যে adult franchiseএর উপর আজ সারা ভারতের election চলছে এবং তার উপরই ভিত্তি করে, এই adult franchiseএর ভোটে নির্বাচিত সদস্যদের দ্বারা পশ্চিম বঙ্গ গভর্ণমেণ্ট চলতে পারে তাহলে তাদ্বারা Corporationএর কাজ কেন চলতে পারবে না এ তত্ত্ব আমরা বুঝতে পারছিনে।

আজ ৪ বৎসর সরকার কলকাতা কর্পোরেশন স্বহস্তে গ্রহণ করেছেন। এই কয়বৎসরের মধ্যে তাঁরা ইচ্ছা করলে voter list তৈরী করতে পারতেন, কিন্তু সে সদিচ্ছা তাঁদের নাই। তখনকার Administrative Officer Investigating Commissionএর কাছে আপত্তি ও অজুহাত তুলেছিলেন যে, জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া হলে নিত্যনৈমিত্তিক কাজে বিঘ্ন সৃষ্টি হবে এবং কলিকাতায় প্রগতিবাদীদল যে হাঙ্গামা আরম্ভ করবে তা শাসনকার্য্যের পক্ষে অনুকূল হবে না। তাতেই তাঁরা বলছেন ব্যাপকভাবে adult franchise করার পক্ষপাতী তাঁরা নন।

তারপর, কর্পোরেশনের একটি প্রাথমিক কর্তব্য হচ্ছে জনসাধারণ যাতে বিশুদ্ধ জল ও নির্ভেজাল খাদ্যদ্রব্য পেতে পারে সেদিকে লক্ষ্য রাখা। কিন্তু কর্পোরেশনের সেদিকে মোটেই দৃষ্টি নাই। তার উপর আবার নূতন করে ১,৫৫০ গ্যালনের জায়গায় ৭৫০ গ্যালন জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। পূর্বে কলকাতার রাস্তায় রাস্তায় tube-well ছিল। এই পরিষদ গৃহে সেগুলির সংস্কার সাধন করার প্রসঙ্গে উত্তর পেয়েছিলাম যে এইগুলি রক্ষা করা নাকি অত্যন্ত ব্যয়বহুল। এদিকে আমি মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, কলকাতা কর্পোরেশন তো ব্যয়বহুল অনেক কাজই করছেন, শুধু এই সব জরুরী প্রয়োজনের বেলায় তাঁরা কৈফিয়ৎ দেন টাকার অভাব। তারপর, আরেকটি অত্যাবশ্যক জিনিষ হচ্ছে দুধ। সরকারই আজকাল খাঁটি দুধ বলেন না, তাঁরা বলেন এত per cent. fat এত per cent. জল, এত specific gravity ইত্যাদি নানা রকম ব'লে জনসাধারণের বিভ্রান্তি সৃষ্টি করে শেষ পর্য্যন্ত বলেন toned milk. আজ আমরা দেখতে পাই গোয়ালারাও সরকারের এই সমস্ত কার্য্যকলাপ দেখে দুধের সঙ্গে milk powder মিশিয়ে খাঁটি দুধ ব'লে বিক্রী করতে সাহস পাচ্ছে। তারপরে চায়ের ব্যাপারটা দেখুন। এনিয়ে একটা ঝামেলা হ'ল। এখন Government সেইসব ব্যবসায়ীদের বাঁচাবার জন্য চায়ের নানা রকম variety সৃষ্টি করছেন। তারপর,

ঘি বা বাজারে বিক্রী হয় তা যদি chemical analysis করা যায় তা'হলে দেখা যাবে সেটা সাধারণের ব্যবহারের অযোগ্য। ঘি ব'লে আজকাল বাজারে যা বিক্রী করা হয়ে থাকে তার অধিকাংশ ingredients chemical laboratoryতে তৈরী করা।

তারপর, কলকাতা কর্পোরেশনের একজন অফিসারকে কি ক'রে আবর্জনা থেকে গ্যাস তৈরী করা যায় সে সম্বন্ধে শিক্ষালাভ করার জন্য বিদেশে পাঠান হয়েছিল, কিন্তু ভিতরের উদ্দেশ্য ছিল তাঁর স্বাস্থ্যোদ্ধারের ব্যাপার। এইভাবে কর্পোরেশনের বহু টাকা খরচ হয়ে গেল। তারপর, কাঁচরাপাড়া town plan, underground railway, ইত্যাদি আরো সব নানা পরিকল্পনায় অনেক টাকা ব্যয় হয়ে যাওয়ার পর এখন শোনা যাচ্ছে এর মধ্যে অনেক পরিকল্পনাই নাকি আমাদের দেশে চলবে না। আমি পূর্বে একবার জলের কথা বলেছি; আবারো বলতে চাই যে, এখন তাঁরা বলছেন কলকাতায় লোকসংখ্যা বৃদ্ধির জন্য পর্য্যাপ্ত পরিমাণ জল সরবরাহ করা সম্ভবপর নয়। এটা কোন কাজের কথাই নয়।

তারপর, signboardএর ব্যাপারটা দেখুন। ছোট ছোট ব্যবসায়ীদের উপর signboard টাঙ্গাবার জন্য ট্যাক্স ধার্য্য করা হয় তা'হলে তাদের প্রতি অন্যায় করা হবে, কারণ, এমনিতেই ব্যবসা করতে হ'লে license fee এবং অন্য প্রকার fee দিতে হয়। বড় বড় ব্যবসায়ীদের উপর যত খুশী ট্যাক্স ধরুন আমরা আপত্তি করব না। আমি আর বিশেষ কিছু বলতে চাই না। শুধু এইটুকু বলব যে, এই গুরুত্বপূর্ণ বিল আপনারা ভোটাধিক্যের জোরে পাশ করিয়ে নিচ্ছেন; কিন্তু জনসাধারণের জন্য কিছুই করছেন না। এই ব'লে আমি এই বিলের তীব্র বিরুদ্ধতা করছি।

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমরা Calcutta Municipal Billএর তৃতীয় পর্য্যায়ে উপনীত হয়েছি। এই বিল সম্বন্ধে আমাদের এই দিন থেকে বিলের প্রথম এবং দ্বিতীয় পর্য্যায়ে মিলে বহু বিরোধিতা হয়েছে এবং সেই বিরোধিতা সত্ত্বেও সরকার কোনরকম না দ'মে এই বিলটা চালিয়ে যাচ্ছেন। এখন এই বিলটা দুই ভাগে ভাগ করা যায় একটা হচ্ছে legislative ক্ষমতা বা policy-making ক্ষমতা আরেকটা হচ্ছে executive ক্ষমতা। এবং এই বিলের প্রধান উদ্দেশ্য ছিল Calcutta Corporationএর হাত থেকে executive ক্ষমতা হরণ করে নিয়ে সরকার কর্তৃক নিযুক্ত কোন কর্ম্মচারীর হাতে দেওয়া। এটা করার কারণ কি দেখান হয়েছে? কারণ দেখান হয়েছে Calcutta Corporationএর মধ্যে বহুদিন থেকে যে দুর্নীতি ও mal-administration দেখা দিয়েছে তা নিবারণকল্পে এই বিধান করা হয়েছে। এখন দেখা যাক এই বিধান কতদূর কার্য্যকরী হবে। Calcutta Corporationএর নির্বাচিত Councillorদের হাতে যে ক্ষমতা ছিল সেই ক্ষমতার একটা অংশ কেড়ে নিয়ে কোনরূপ উন্নতির সম্ভাবনা আছে কিনা সেই জিনিষটা দেখা যাক। এই ৩।৪ বৎসরে কলকাতা Corporationএর সমস্ত ক্ষমতা Governmentএর হাতে গিয়েছে, কিন্তু এই কয়েকবৎসরে এমন কোন উন্নতি Calcutta Corporationএর পরিচালনায় দেখা যায়নি। আমি বিশেষ করে জানতে চাই এখন তো Councillor নাই, Calcutta Corporationএর মধ্যে এতটুকু দুর্নীতিও দূর হয়েছে কিনা কিম্বা mal-administrationএর উন্নতি হয়েছে কিনা। বাইরে থেকে আমরা যা দেখি তাতে বলা যায় কোনরূপ উন্নতিই হয়নি। এবং Calcutta Corporationএর কর্ম্মচারীদের মধ্যে যে দুর্নীতি ছিল তারও অবসান হয়নি। এবং কলিকাতা কর্পোরেশনের কর্ম্মচারীদের মধ্যে যে দুর্নীতি তার যে কোন অবসান হয়েছে, তাও নয়। সুতরাং আজ আবার কর্পোরেশনের হাত থেকে সমস্ত Executive ক্ষমতা হরণ করে নেওয়ার কি অর্থ থাকতে পারে তা আমি জানি না। বরং এই বিলের দ্বারা জনসাধারণের স্বার্থহানী হওয়ার সম্ভাবনা রয়েছে। অবশ্য, এটা ঠিক, যে Americaতে এই রকম ধরণের একটা system আছে। সেখানে কর্পোরেশনের হাতে legislative ক্ষমতা থাকে এবং অন্য একজন independent কর্ম্মচারীর হাতে executive ক্ষমতা থাকে। যে দেশে যে রকম system চালু হয়ে সফলকাম হয়েছে, সেটা সে দেশের পক্ষে সম্ভব। Americaতে যেটা সম্ভব হয়েছে, সেটা হঠাৎ এই কলিকাতায় সম্ভব নয়। গত তিন, চার বছরের অভিজ্ঞতা থেকে আমরা যা দেখেছি তা থেকে স্পষ্ট বোঝা যায় যে এটা কখনও সম্ভব হবে না। অন্য একটা দেশে এই রকম একটা system চলছে বলেই সেই systemটা হঠাৎ আমাদের দেশে আনতে চাই না। বরং যে system ১৯২৩ সাল থেকে আমাদের দেশে চলে আসছে, সেই system রেখে তার মধ্যে যে সমস্ত ভুল, ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি কি করে সংশোধন করা যায় সেটা দেখা উচিত।

Corporation বা Municipal Administrationএর কতকগুলি type আছে। আমাদের কলিকাতা কর্পোরেশনের যে type of administration চলেছিল সেটা একটা বিশিষ্ট type এবং এই জিনিষ বহু স্থানে successful হয়েছে। অর্থাৎ আমাদের typeটা হচ্ছে কর্পোরেশনের নির্বাচিত Councillorদের হাতে both policy-making ক্ষমতা এবং executive ক্ষমতা হাতে থাকত। এই জিনিষ আমাদের দেশে ছিল এবং খুব successful হয়েছে। কিন্তু এখানে দেখছি কি? Investigation Commissionএর report পড়ে যা বোঝা যায় যে valuation, assessment, collection, building এবং control ব্যাপারে অনেক রকম দুর্নীতি দেখা গিয়েছে। এখন সেইগুলি কি করে সংশোধন করা যায় সেইটাই প্রশ্ন। এইটা সংশোধন করতে গিয়ে সমস্ত ক্ষমতা কর্পোরেশনের হাত থেকে কেড়ে নিয়ে একজন গভর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মচারীর হাতে দিলেই, সেই সংশোধন হতে পারে কি না। গত চার বৎসরে শুধু গভর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মচারীদের হাতে ক্ষমতা ছিল, অন্য কারও হাতে control ছিল না, এবং গভর্ণমেণ্ট সম্পূর্ণ স্বাধীনতা পেয়েছিলেন তাকে সংশোধন করবার জন্য। গভর্ণমেণ্ট বলুন, এই চার বৎসরে কোন সংশোধন হয়েছে কি না। কোন বিষয়ের উন্নতি হয়েছে কিনা—কর্পোরেশনের কর্ম্মচারীদের মধ্যে যে সমস্ত দুর্নীতি আছে তা দূর হয়েছে কিনা এবং assessment, valuation ও collectionএ যে সমস্ত দুর্নীতি ছিল তা গিয়েছে কিনা? আমার যতদূর জানা আছে, এ জিনিষ যায়নি। মোটামুটি কিছু assessment বাড়ানো হয়েছে, তাছাড়া সব জিনিষ একইভাবে আছে। কর্পোরেশনের মধ্যে সব দুর্নীতি রয়েছে, ঘুষ পর্য্যন্ত চলছে। আগে ১৫ জন লোককে ঘুষ দিতে হ'ত, এখন এক জনকে দিলেই চলবে। সুতরাং এটা সংশোধনের পন্থা নয়। আমাদের কথা হচ্ছে যে যদি সংশোধনই করতে হয় তাহলে সেই system of administration ও যে type of administration ১৯২৩ সাল থেকে চলে আসছে তাকে রেখে সংশোধন করবার উপায় কি সেইটা ভাবা উচিত ছিল।

যাঁরা rate-payers, যাঁরা consolidated rateএ tax দেন তাঁরাই কেবল Councillorদের নির্বাচিত করবেন। আমরা এখন যে system of Government ও Constitution পেয়েছি তাতে বলা হচ্ছে যে ভারতবাসী আজ adult franchise পেয়েছে। কিন্তু কলিকাতা Corporationএর ব্যাপারে ভিন্ন ব্যবস্থা হচ্ছে। এখানে বলা হচ্ছে যারা rate-payers তারাই ভোট দিবার অধিকারী হবে। কিন্তু কলিকাতা কর্পোরেশনে rate-payersদের যে স্বার্থ, আর যারা rate-payer নয় যারা consolidated rateএ tax দেয় না তাদেরও সেই স্বার্থ আছে। যারা মাসে পাঁচশো টাকা rateএ tax দেন তাঁদেরও যে স্বার্থ, আর যারা সামান্য tax দেয় বা একেবারেই দেয় না, তাঁদেরও সেই স্বার্থ। সকলেই চায় যে কলিকাতার রাস্তাঘাট ভাল হবে, জল সরবরাহ ও আলো ভাল হবে, তার sanitary ও conservancy ভাল হবে। অতএব এই সমস্ত করার একমাত্র উপায় ছিল adult franchise introduce করা এবং দেখা, যাতে ভাল ভাল লোক electorate হতে পারে এবং তাদের ভালভাবে training দেওয়া। এইটা করা উচিত ছিল, কিন্তু তা না করে, তাঁরা যা করছেন সেটাকে বলে cutting the gordian knot. এই administration তাঁরা হাতে নিলে এটা খারাপ হবে কি ভাল হবে, তা গত চার বৎসরে প্রমাণ হয়ে গিয়েছে। Investigation commission adult franchise সম্পর্কে যা recommend করেছেন এবং তার বিরুদ্ধে মুখ্য মন্ত্রী মহাশয় যে যুক্তি প্রদর্শন করেছেন এই adult franchise না দেওয়ার পক্ষে সেটা মোটেই যুক্তিসঙ্গত নহে। কারণ, যদি এমন একটা ব্যাপার হয় যে, West Bengal Governmentএর মধ্যে corruption ও mal-administration হচ্ছে দেখে Delhi Government হঠাৎ তাঁদের হাত থেকে সমস্ত executive ক্ষমতা কেড়ে নিয়ে অন্য আর কোন ব্যক্তির হস্তে দেন, তাহলে কি এর প্রকৃত সংশোধন হবে, না অন্য রকম সংশোধনের উপায় আছে?

বর্ত্তমান গভর্ণমেণ্টের মধ্যে বহু দুর্নীতি ও mal-administration আছে। কিন্তু, তা দূর করবার উপায় এই জিনিষ নয় যে, হঠাৎ একজন Super-Commissionerকে West Bengal Governmentএ বসিয়ে দিয়ে সমস্ত executive ক্ষমতা তাঁর হাতে দেওয়া যায় এবং মন্ত্রী মহাশয়দের হাতে যদি কোন ক্ষমতাই না থাকে, তাহলেই কি এটা সংশোধন হবে?

প্রত্যেকটি গণতান্ত্রিক দেশে এর একটা উপায় আছে—it is an appeal to the electorate. It is an appeal to the people.

এই জিনিষটাই করা উচিত ছিল। এই জিনিষটা না করে, একটা retrograde measure করা হচ্ছে, এটা খুবই অন্যায়। Government এই যে একটা প্রতিক্রিয়াশীল আইন করছেন, এ করবার কোনই কারণ ছিল না। অনর্থক তারা এই বিল পাশ করাতে চাচ্ছেন।

ইতিমধ্যে অনেক গলদ আমাদের পক্ষ থেকে দেখান হয়েছে কিন্তু তিনি unbending. তিনি Commissionerকে Corporationএর কোন রকম controlএর মধ্যে আনতে দিলেন না। এই বিলের মধ্যে প্রতি clause এবং sub-clauseএ Commissionerকে statutory power এত বেশী দেওয়া হয়েছে যে Corporation Commissionerকে আলাদা rule করে control করবার কোন scope থাকলো না। এই সম্বন্ধে আমরা অনেক সংশোধনী প্রস্তাব দিয়েছি কিন্তু কোনটিই গৃহীত হয়নি। গভর্ণমেণ্ট সংখ্যাধিক্যের জোরে তাঁদের ধারাগুলি পাশ করলেন। পাশ তাঁরা করলেন বটে, কিন্তু যে ইতিহাস তাঁরা আজ রচনা করলেন, সেটা খুব সুখের ইতিহাস হবে না।

Administration সম্পর্কে বা অন্য বিষয়ে যে সমস্ত ভাল ভাল প্রস্তাব এদিক থেকে এসেছিল তার একটি ছাড়া আর তাঁরা গ্রহণ করেন নি। যেটি তাঁরা গ্রহণ করেছেন সেটি হচ্ছে consolidated rates সম্পর্কে। যেটা ক্রমবর্দ্ধমান gradeএ করেছেন, সেটা ভাল করেছেন। কিন্তু, এছাড়াও আরও বহু ভাল, ভাল প্রস্তাব ছিল, বিশেষ করে রফিক সাহেবের কতকগুলি প্রস্তাব ছিল, rebate দেওয়ার ব্যাপারে। রফিক সাহেবের যে এই সংশোধনী প্রস্তাব তার ভাষাটা একটু গোলমাল আছে বটে, কিন্তু ভাষার মধ্যে যে ভাব রয়েছে, সেটা কেন মাননীয় মন্ত্রীমহাশয় বুঝতে পারেননি, তা আমি বিশ্বাস করতে পারছি না। রফিক সাহেবের যে প্রস্তাব ছিল, তাতে বলা হয়েছে যে rebate দেওয়া হোক lightএর জন্য এত, educationএ এত, conservancyতে এত ইত্যাদি, এটা প্রধান মন্ত্রী যে কেন বুঝতে পারলেন না, তা আমি বুঝতে অক্ষম।

তার দ্বিতীয় প্রস্তাব ছিল যে কলিকাতার বস্তি area ও undeveloped areaর যে সমস্ত ward আছে তার একটা তালিকা করে, বৎসরে, বৎসরে অথবা বিভিন্ন periodএ consolidated rates tax আদায় হবে। এটা রফিক সাহেবের ভাল প্রস্তাব ছিল। এটা একেবারে reject না করে দিয়ে, এই rateটার অর্দ্ধেক বা সিকি ভাগ বাদ দিয়ে, এই প্রস্তাবটা গ্রহণ করা উচিত ছিল। এই রকম ভাল, ভাল অনেক প্রস্তাবই তাঁরা গ্রহণ করেননি।

এই আইন অনুসারে যখন এই বিল কার্য্যকরী হবে তখন গভর্ণমেণ্ট এবং গভর্ণমেণ্টের মধ্যে যাঁরা আছেন, তাঁরা উপলব্ধি করবেন যে কি কুকাজটা তাঁরা করে গেলেন। তাঁদের মাথায় ঢুকেছে যে Council manager system করতে হবে, অতএব তা করতেই হবে। সেটা আইনের ভিতর দিয়ে, academic wayতে অন্য দেশে যে ব্যবস্থা আছে, সেইটা তাঁরা এখানে করতে চান। আমি বহুবার বলেছি, আপনারা যে Building Rules করেছেন, সেটা London County Councilএ যা আছে, তারই নকল করে দিয়েছেন। যে system of administration এখানে আনা হয়েছে সেটা America থেকে হুবহু নকল করে নিয়েছেন। এই বিলটি যদি আইনে পরিণত হয় তাহ'লে কার্য্যকরী হবে না।

এখনও সময় আছে, এই বিলটি প্রত্যাহার করুন। এই কয়েকটি কথা বলে আমি প্রধান মন্ত্রী মহাশয়ের প্রস্তাবটির বিরোধিতা করছি।

Point of Privilege.

Sj. DEBENDRA NATH SEN: On a point of privilege, Sir. Just now a document has been circulated. It is an important document. It is the report of the Sales Tax Tribunal. May we know if we will be allowed to discuss this document and if so, when?

Mr. DEPUTY SPEAKER: This is the report of the Sales Tax Tribunal appointed under a certain notification of Government of a certain date, and Government has circulated the findings of the Tribunal with the consent of the Speaker as it is generally done and desired by the House. In these circumstances I do not think any debate can arise at this stage,

as there is no statutory obligation to have a debate on such a subject. But members can relevantly refer to this matter when discussing some other subject (Cries of "when, when" from the Opposition benches).

Sj. HARIPADA CHATTERJEE: This is a very important document and we want to have a discussion on it.

Mr. DEPUTY SPEAKER: I cannot allow this debate to go on just now and I therefore leave the matter there.

Sj. DEBENDRA NATH SEN: Sir, we shall have to bow down to your ruling, but it appears you have been reading from a typed copy.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: That is an insinuation, Sir.

Sj. DEBENDRA NATH SEN: In the course of a debate we can refer to it but what opportunity can we have, say tomorrow, to make a reference to it?

Mr. DEPUTY SPEAKER: That is not for me to say and I cannot allow this sort of debate to go on.

The Calcutta Municipal Bill, 1951.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই বিল সম্পর্কে ইতিপূর্বে অনেক কথা আমাদের পক্ষ থেকে বলা হয়েছে, আমি নিজেও বলেছি। এই বিল সম্বন্ধে আমাদের মত কি তাহা সবিস্তারে এই কয়দিন ধরে বক্তৃতায় ও বহু clauseএর আলোচনা প্রসঙ্গে আমরা ব্যক্ত করেছি। তবু এমন একটা গুরুত্বপূর্ণ বিলের third readingএর সময় কিছু কিছু না বলে থাকতে আমার মন কিছুতেই মানছে না, তাই সব কথা বলা হওয়া সত্ত্বেও এই শেষ সময় আমি দু'চারটে কথা বলতে চাই।

প্রথমতঃ, আমরা বলেছি যে এই বিলটা প্রগতিবিরোধী, অর্থাৎ দুনিয়া চলেছে এক দিকে, আর এই বিলটাকে নিয়ে আমরা চলেছি সম্পূর্ণ উল্টো দিকে। এ বিলের প্রতি পদক্ষেপে, প্রতি clauseএ আমরা অগণতান্ত্রিক অথবা গণতন্ত্রবিরোধী মনের পরিচয় পেয়েছি। ডাঃ রায় হয়ত বলবেন যে তিনি কর্মী, তিনি কাজ চান। কাজ সকলেই চায়, কিন্তু কাজের পদ্ধতি নিয়েই হচ্ছে প্রশ্ন। কিন্তু তিনি প্রায়শঃ এই কথা বলেছেন—সুস্পষ্ট ভাষায় না হলেও, আকারে ইঙ্গিতে,—যে জনগণ মূর্খ, তারা কিভাবে যে কাজ করতে হবে ভাল বোঝে না। কাকে কাকে ভোট দেবে না দেবে তা ভাল বুঝতে পারে না, কাজেই তাদের ভোটের দ্বারা নির্বাচিত Councillorদের দ্বারা কর্পোরেশন চলতে পারে না। তিনি বলেছেন যে বহুদিন তিনি Corporationএ ছিলেন: Corporationএর কাজ কি করে চলে তা তিনি দেখেছেন। তিনি বলেছেন, দিনের পর দিন meeting চলে কিন্তু agenda শেষ হয় না, wrangling চলে। সুতরাং এইভাবে কাজ চলতে পারে না। এবং সেইজন্য তিনি Corporationকে গভর্ণমেণ্টের অধীনে আনলেন, একজন I. C. S. administrator Corporationএ গেলেন, তিনি Corporationএর রথচক্রে হাত লাগালেন, আমরা সকলে ভাবলাম এবার বুঝি রথ চলবে। কিন্তু দেখা গেল কি, শুধু ক্যাচ ক্যাঁচ শব্দ শোনা যায় মাত্র রথ একটুও এগোয় না। গত যুগে ছিল, যে ব্যক্তি বিশেষ রথে হাত দিলেই রথ চলত। সেটা ছিল রাজার যুগ, Dictatorএর যুগ, তখন চলত। এখন বর্ত্তমান যে যুগ, এ যুগে রথ কি করে চলে? সে চলে, যদি সকলে মিলে রথে হাত দেয়। সুতরাং গভর্ণমেণ্ট যে গিয়েছিলেন administratorএর সাহায্যে রথ চালাতে, তার ফলে রথ চলেনি।

সেখানে Corruptionএর কথা বলা হয়েছে। কর্পোরেশনে দুর্নীতি রয়েছে, সেত সর্ববাদীসম্মত। আমার প্রিয় বন্ধু হরেন বাবু বলেছেন (THE HONBLE RAI HARENDRA NATH CHAUDHURI: আবার প্রিয় কেন, শুধু বন্ধুই বলুন) এবং বলে খুব ভালই করেছেন যে কর্পোরেশনে আমার একটা Union আছে, এটা সকলেই জানে। সেখানে আমি একটা strikeও করিয়েছি। কিন্তু আমার ঐ Unionটা গঠনের প্রধান উদ্দেশ্যই ছিল কর্পোরেশনে যত দুর্নীতি আছে সেটা দূর করা যায় কিনা সেই চেষ্টা করা। আমি চিরকাল গঠনমূলক কর্মী, আমার সব কাজের মূলে থাকে কিছু একটা গড়ে তোলা যায় কিনা এই উদ্দেশ্য। কর্পোরেশনে আমার কর্মীরা চেষ্টা করেছিল যারা চুরি করে তাদের ধরিয়ে দিতে। কিন্তু গভর্ণমেণ্ট করলেন উল্টা ব্যবস্থা।

যারা চোর ধরিয়ে দিতে যায় তাদের হলো শাস্তি, আর যারা চুরি করে তাদের হল উন্নতি ।। এ সম্বন্ধে বহু চিঠি আমি ডাঃ রায়কে লিখেছি, কিন্তু কোন সন্তোষজনক জবাব পাইনি। সুতরাং কর্পোরেশনে দুর্নীতি যে আগের চেয়ে বেড়েছে তাতে কোন সন্দেহ নাই। আগে Councillorদের কাছে বল্লে, প্রতিকার হতো। কিন্তু বর্তমানে administrator এ বিষয়ে যে চিঠি আমরা লিখি এ সম্বন্ধে, তার কোন উত্তর আসে না। তারপরে তাঁর কোন উত্তর না পেয়ে যখন ডাঃ রায়কে লিখি তখন বহুদিন পর হয় ত তাঁর উত্তর আসে, কিন্তু তাতে তখন আর কোন কাজ হয় না। আমার ফাইলটা যদি দেখেন তাহলে দেখতে পাবেন কত চিঠি আমি এ সম্বন্ধে লিখেছি। তাই বলি আগে প্রতিকারের পথ ছিল, এখন সে পথটা রুদ্ধ হয়েছে। যখন আমি corruptionএর কথা বলছি আমার প্রিয় বন্ধু রায় হরেন্দ্র নাথ চৌধুরী এসব না জেনে রাগ করেছেন। আমি প্রতিকারের পন্থা জানি, আমার একটা Union আছে সেখানে। তার ফলে জানি যে অনেক officer কি করে দুর্নীতি অনুসরণ করে চলেছে এবং তাদের উন্নতি হয়েছে। ডাঃ রায় জানেন inside থেকে, আর আমি জানি Corporation-এর outside থেকে (THE HON'BLE RAI HARENDRA NATH CHAUDHURI : Inside and outside agree করলেই ত হয়) সেটা করতে পারছিনা কেন—বলছি, ডাঃ রায়ের যে দৃষ্টিভঙ্গী সেটা একালের নয়, সেটা পুরাণোকালের বিগত শতাব্দীর। সে যুগ অন্ততঃ পক্ষে ৪০০ বছর আগেকার, সেটা হচ্ছে ইংলণ্ডের ১৬৪৮ সালের যুগ যখন Charles I was executed. তখনকার সেই দৃষ্টিভঙ্গী নিয়ে ডাঃ রায় চলেছেন। আর আমাদের চোখের সামনে রয়েছে ফরাসী বিপ্লব, রাশিয়ার বিপ্লব ; এবং আমাদের চোখের সামনে রয়েছে চায়নায় সম্প্রতি যে বিপ্লবটা হয়ে গেছে—যা নাকি গণতান্ত্রিক আন্দোলনকে এতদিন এগিয়ে দিয়েছে তাহারা আমরা অনুপ্রাণিত হচ্ছি। আমরা static নই, মৃত নই, আমরা এগিয়ে চলেছি, আর Dr. Roy is dead.

এই হলো তাঁতে আর আমাদের মধ্যে পার্থক্য। আজ ডাঃ রায়কে তাই বলতে চাই এযুগের রথ এইভাবে চলে না, রথ যদি চালাতে হয়, তবে সে গভর্ণমেণ্টেরই রথই হোক, সমাজের রথ হোক, বা কর্পোরেশনের রথ হোক, জনমতকেই অবলম্বন করতে হবে। রবীন্দ্রনাথের একটা প্রসিদ্ধ নাটক আছে "রথযাত্রা", সে রথে রাজা হাত লাগালেন চল্লনা, মন্ত্রী, সেনাপতি, কোটাল সবই একে একে চেষ্টা করল চল্লনা। তারপরে চালাবে কারা—জনতা হাত দিলে তবে চলবে। ডাঃ রায়কে আমি অনুরোধ করছি বইখানা যদি তিনি না পড়ে থাকেন তবে একবার পড়ুন। (The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR : কোন বই ?) রবীন্দ্র নাথ ঠাকুরের প্রসিদ্ধ নাটক রথযাত্রা।

১৯২৩ সালের বিলের একটা সংশোধনের যে প্রয়োজন ছিল সেটা আমি স্বীকার করি। স্বর্গগত সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় যে আইনটা করে গিয়েছেন তাতে তিনি সেই কালানুসারে খানিকটা গণতন্ত্র এনেছিলেন, তারপরে বহু ঘটনা এদেশে ঘটেছে। ১৯৫১ সাল নিশ্চয়ই ১৯২৩ সাল নয়। সুরেন্দ্র নাথ একটা মস্ত ভুল করেছিলেন একটা মৃত্যুবান সেই বিলের ভিতর সংযুক্ত করে। তিনি পূর্ণবয়স্কদের ভোটের অধিকার দেন নি। এই মৃত্যুবানের জন্যই কর্পোরেশন ঠিকমত বাঁচতে পারে না। বহু রথী ও মহারথী চেষ্টা করেছেন, দেশবন্ধু দাশ চেষ্টা করেছেন, ডাঃ বিধান চন্দ্র রায় চেষ্টা করেছেন, নেতাজী সুভাষ চন্দ্র চেষ্টা করেছেন, তারপর দেশপ্রিয় যতীন্দ্র মোহন বহু দিন তিনি কর্পোরেশনের মেয়র ছিলেন, এবং সকলেই বড় বড় মহারথী তাতে কোন সন্দেহ নাই, কিন্তু যার দেহের ভিতরে, প্রাণের ভিতরেই মৃত্যুবান লুকিয়ে আছে সে কিছুতেই বাঁচতে পারে না। তাই ডাঃ রায় যখন দেখলেন যে কিছুতেই একে বাঁচানো যায় না, তখন তিনি করছেন কি, না দেই একে একেবারে শেষ করে, দেই একে একদম মুছে ফেলে !! (The Hon'ble BHUPATI MAZUMDAR : Dead !!!) আপনার মত বহু লোক চেষ্টা করেছে দেশকে মারতে, সমাজকে মারতে, রাষ্ট্রকে মারতে। কিন্তু তবু দেশ মরেনি, সমাজ মরেনি রাষ্ট্রও মরেনি, মৃত্যুর মধ্যে থেকে আবার বেঁচে উঠেছে। তাই আমি বলছি আজ কর্পোরেশন মরল বটে, কিন্তু সে চিরকাল মরে থাকবেনা। আগামী নির্বাচনে কি হবে না হবে জানি না, কিন্তু এটা ধ্রুব সত্য যে কর্পোরেশন আবার বাঁচবে। জনগণ তাদের অধিকার ফিরে পাবে। যে অধিকার থেকে তারা আজ চ্যুত হল, সে অধিকার তারা পাবেই পাবে এবং তাদের কর্পোরেশন তারাই চালাবে। সে দিন বেশী দূরে নয়। আপনিও হয়ত দেখে যাবেন এবং আমিও হয়ত দেখে যাব।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I have heard with patience the speeches—even the eloquent speech of Dr. Banerji—unmoved and unconvinced. All their arguments have not been able to give me any new light. But before I proceed to the Bill itself, Sir, I desire to convey

to the members of the Select Committee my grateful thanks. They have worked hard. In fact, I was called a slave-driver because of the way in which we worked at Darjeeling. We worked for 8 hours a day and that is how we have been able to produce an amended Bill consisting of such a large number of provisions. I must also thank the secretariat of the Assembly and of the Legislative Department who did yeoman's service throughout the long and trying period of our deliberations in Darjeeling. I also thank the officers of the Corporation who gave their best in discussing all the various problems in all their various aspects.

Sir, it has been said over and over again that the Bill of 1923, that the Temple of Liberty which was erected by Surendranath Banerji, is about to be taken down.

My friend Mr. J. C. Gupta has said already the temple was defiled not by this Government or even by this Assembly but by those on whom the responsibility lay to see that the provisions of the 1923 Act are followed in the spirit in which they were drafted. Sir, we are always told that in 1923 such a thing has happened; in 1951 there is reverse process. My friend Dr. Banerji said that he is not static. Let me assure him that nobody can afford to be static at the present moment. What was the position with regard to the Corporation when this Assembly decided to supersede it? In 1923 as everyone is aware, a structure was given to the rate-payers of Calcutta—a structure in which I have no doubt whatsoever there was a great deal of freedom of activity given to the representatives of the people. For several years—I shall not be very wrong if I say for about a decade or so—after the elections of 1923 the Corporation worked under the organised body of the Congress, and here I can bear testimony to the fact that during the first period everything seemed to go on well. Then came a difficulty. What happened? The same provisions remained; Councillors came repeatedly after three years. What happened that brought the Corporation to that stage when even a supersession was not commented upon adversely by the public? That is because the Councillors that were elected repeatedly under the franchise did not know the jewel, the pearl that was given to them. They misused the pearl, and why was it so? Obviously, the Corporation has to act through some machinery, through some agencies. These agencies were appointed according to the provision of the Corporation Act of 1923 by the Corporation itself. What happened during the first ten years when they seemed to work very well, and why is it that ultimately they seemed to drop off. As Mr. Gupta has said I can bear testimony to the fact that often enough the Corporation officers seem to be the masters of the situation. I have known of officers of the Corporation who could command majority in the party in the Corporation itself, and they could say exactly who should be taken and who should be rejected. Therefore, Sir, time came when it was necessary for us to investigate the position of affairs or the situation in the Corporation for which an Investigation Commission was appointed. My friends opposite have said that lot of money has been spent for nothing. I say they have given us a very valuable report for which we are eternally grateful to the members of this Commission. The report was that there was no liaison between the officers and the Corporation members, that the Corporation members and the officers were not acting as a team as was probably visualised when Sir Surendranath had made the provisions of the Bill; and they laid down three propositions, namely, that one was that there should be a Council Manager which my friend Charu Babu is not enamoured of. But the principle behind it was, as has been laid down in the Report itself, that there should be a differentiation between the policy-making body of the Corporation and the Administrator of the Corporation. The Council Manager himself as is provided for in the U.S.A.—not that I am enamoured of it—is appointed by the Counicl it is true but with a statutory power and not

delegated power as was conceived in the provisions of the 1923 Act. We read that and we thought that the best way would be not to take that example of the U.S.A. but to have a person who will be above the influence of the Corporation members at the time of his appointment. At the time of his re-appointment we have suggested that the Corporation should give their opinion. We have said also that the Corporation, as Mr. Gupta has pointed out, has the power, if they find that the Commissioner is not working properly, to ask for his dismissal, and he has to be dismissed.

Throughout the provisions of the Act there is not one place—and I challenge anyone to show me otherwise—where the Commissioner has been given any power which is not again checked by another check somewhere else in some other fashion. Whether it is a check of the Standing Committee, whether it is a check of the Corporation, whether it is a check of the provisions of the Act itself, whether it is a check of the rules and by-laws framed by the Corporation, the check is always there. The Select Committee were very particular. They read through every sentence of the provisions of the Bill and were very particular to see that at no place the Administrator or the Commissioner would be allowed to act in his own way in a haphazard manner. The main conception of the Bill is that there should be three authorities working together in co-operation and not in juxtaposition, so that they might take action, they might go on to act in a particular manner. And how they would act has been provided for in the provisions of the Bill itself which is before you for acceptance. The Corporation, the Standing Committee, and the Commissioner—we have tried to bind them together in such a way that nobody would be able to act beyond the limit that is laid down for him. Sir, it is all very well to say that a man should be allowed freedom of action. I have been one of those who, even when I was in the service of Government, had always felt that an individual should be allowed freedom within a particular sphere, but when you think of a Corporation, when you think of a large number of people working together, when you think of appointing a large body of men to carry on the work of the Corporation, you have got to think of the old system of checks and balances. I am not ashamed of repeating it over and over again that if, as Dr. Banerji will himself testify, you take your own human constitution, you will find that there is always a system of checks and balances; lung, heart, liver, brain—they all check one another. It is only in that method that nature wants to produce a certain amount of co-ordination between different units that apparently work separately. Therefore, in this case also whenever they seem to be separate units, they are tied together—one with the other. For instance, before the Chief Executive Officer had delegated powers, the Standing Committee had no statutory powers to check the accounts of the funds that are spent for the Corporation. Here it is provided that the Standing Committee will have those statutory powers and they will be held responsible if they do not perform this function. Therefore I say that an attempt has been made to define what the functions of the three bodies should be, and to see that the Corporation ultimately is the final authority. The only thing is that instead of delegating powers every year as it used to be done in the past, there will be certain powers delegated in the Act itself, certain powers will be delegated by rules and by-laws to be framed by the Corporation, so that the officers will know what are the limitations, what are the regions within which they can work, so that the employer may know, the Corporation or the Standing Committee may know who is at fault when there is anything going wrong in a particular manner. Therefore, Sir, I feel that that portion of our recommendation, namely, the question of appointment of a Commissioner who will be in executive charge of the administrative work of the Corporation subject to the provisions of this Act and of the by-laws, etc., is a very valuable addition to our present system.

The second point that was made by the Enquiry Commission was that there should be an Election Commission. Although we did not actually say that there should be an Election Commission but we visualised that the rules and by-laws should be provided in this Bill in such a way that bad men are not likely to come. As a matter of fact an Election Commission was proposed by this Enquiry Commission, because they felt that the existing system of the Calcutta Corporation under which the whole election is run by the official is very vicious. I have known of instances when the whole election had been managed or mismanaged by certain officers or groups of officers in their own personal interest.

With regard to the third point, namely, the question of adult franchise, the position was this: Mr. J. C. Gupta has explained this matter to a certain extent—this Assembly had accepted the method of election to the Corporation in April 1950 and according to that, provisions have been made and steps have been taken, rules have been prepared from 1st of April, 1951. Election takes 7 months, for the electoral rolls to be prepared and for doing other necessary things and if that particular provision of the Act is scrapped today then there will be no election next year. According to the provisions of this Bill names of persons who will be on the electoral roll would be those who had paid taxes or who would pay taxes up to a particular time. Of course in adult franchise the question of payment of taxes does not arise. But even then the electoral rolls have to be prepared and that will take time. Therefore we had to take it as a measure of compromise and not that we are afraid of it, namely, the adult franchise, neither do we despise it so far as it goes, but we think that it was not possible to be taken up at this stage. Sir, the main argument of the Opposition seems to be that we want to convert the Corporation into a department of Government. I entirely deny it. There is no substance in the argument. Their main point is the appointment of the Commissioner by the Government. That has obsessed my friends opposite to such an extent that they are thinking that everything is bad in this Bill. If it is found—as Dr. Banerji's formula is to be dynamic enough and not static, that the present Bill does not satisfy the requirement of the situation, there is nothing to prevent you to drop one or other provisions of the Bill. At the present moment this is the best construction of the Bill, the best structure that we can put before the House. Often it has been said that the Government wants to make the whole thing a department of Government. What form of Government will it be under the adult franchsie of which my friends opposite are so enamoured. I for one have my doubts whether by adult franchise we shall get exactly the results we are thinking of. But supposing we have really a set of incorruptible men coming to the Assembly, why should they be so nervous about the operation of the present Government? Either they do not believe in the whole theory for which they are working—either the whole thing is merely a make-belief for the purpose of propaganda, or they do not believe at all that the Government under adult franchise will be any different from the present Government. I feel this that after all Calcutta is the nerve-centre of the whole of the province and that the Provincial Government also operates in the city of Calcutta. The Calcutta Corporation is a specialised body which has been asked to perform certain functions. Why should there be any difficulty for the two bodies, the Government and the Corporation, to act together in co-operation and in sympathy and not to be at loggerheads. I feel that if that is done it will be all very good. But if that is not possible—*i.e.*, if it is not possible for either the Corporation or the Government to perform their functions properly—then what will be the position? The Government had to advance Rs. 45 to Rs. 50 lakhs for payment to the workers of the Calcutta Corporation. How can the Government feel satisfied about it? How can the

Ministry come to the Assembly and say that we have given Rs. 50 lakhs to the Corporation unless the Government feel satisfied that the money so given to the Corporation has been spent in a way in which it should have been spent. Provision has been made in the Bill to make it obligatory on the future Corporation to keep the accounts in a proper order for audit purposes. It is only for the purpose of working together that the Corporation is to get the grant or help from Government. The Corporation has to work in a manner in which it can satisfy the needs of the town of Calcutta. Therefore, it has been felt that there should be complete co-operation between the two great organisations, Government and the Corporation. In the olden days we used to think in terms of independente, in terms of autonomy, and so on. After all today there is no Local Self-Government which is but a misnomer, because at the present moment Self-Government is now applicable to the whole of the province. It is not confined to one particular area which was set up during Lord Ripon's time for the purpose of training people in the art of self-Government. Now it is your Government and you can drive away the Ministry if you feel that the administration is not being properly carried out. I have asked many times my friends opposite that if they feel so, they are welcome to put in a vote of censure. It is no good saying that we are not doing things in a regular way, or that we are wanting to make the Corporation a department of Government. I yield to none in my anxiety for the protection of the rate-payers of Calcutta, that they are protected from the vagaries of the future municipal commissioners. We have therefore made the provision. We do not claim all wisdom or all perfection. We do say this, that we have applied our mind to this task, but we have never thought of any idea of controlling the Corporation, because I do not believe that the Corporation should ever work as a department of Government. This is not my thought. That is not my idea, and that is not the way in which I approach the whole problem. I still feel that there is a great deal to be done so far as the Corporation is concerned. I feel that the civic rights and civic ideas of the people should be developed. Whether they should be developed by means of these clauses of the Bill or whether these clauses need be altered, I am not very much concerned with. If they need to be altered, let them be altered, but let us take one step forward as far as we can see in order that the pristine glory of the Calcutta Corporation might be returned to the great organisation to which we all belong.

The motion of the Honble Dr. Bidhan Chandra Roy that the Calcutta Municipal Bill, 1951, as settled in the Assembly, be passed, was then put and a Division taken with the following result:—

AYES—44.

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Banerjee, Sj. Sushil Kumar
Barman The Hon'ble Syama Prasad
Bhattacharyya, Sj. Shyamapada
Chakravarty, Sj. Satish Chandra
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Das, Sj. Radha Nath
Das Gupta, Sj. Khagendra Nath
Dass, Sj. Kanailal
Dolui, Sj. Harendra Nath.
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu
Ganguli, Sj. Bepin Behari
Gayen, Sj. Arabinda
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. J. C.
Haldar, Sj. Kuber Chand
Kazem Ali Mirza, Janab Shahibzada Kawan Jah Saiyid
Khuda Bukhsh, Janab Md.
Mahammad Kased Ali, Janab
Mahammad Sayeed Mia, Janab
Maiti, The Hon'ble Nikunja Behari
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Iswar Chandra
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annadaprasad.
Mandal, Sj. Bankubehari
Mandal, Sj. Umesh Chandra
Misra, Sj. Sowrindra Mohan
Mohammad Hossain, Dr.
Mudassir Hossain, Janab
Murarka, Sj. Basantlal
Naskar, Sj. Ardhendu Sekhar.
Naskar, The Hon'ble Hem Chandra

Panja, The Hon'ble Jadabendra Nath	Roy Sarkar, Sj. Birendra Nath.
Pentony, Mr. L. R.	Roy Singh Sarker, Sj. Satish Chandra
Pramanik, Sj. Rajani Kanta	Sen, The Hon'ble Prafulla Chandra
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.	Shamsul Huq, Janab
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra	Zaman, Janab A. M. A.

NOES—10.

Bandyopadhyaya, Sj. Pramatha Nath.	Chatterjee, Sj. Haripada
Banerjee, Sj. Sibnath	Choudhury, Sj. Annada Prosad
Banerji, Dr. Suresh Chandra	De, Sj. Kanai Lal.
Basu, Sj. Hemanta Kumar.	Ghose, Sj. Bimal Comar
Bhandari, Sj. Charu Chandra.	Ghosh, Dr. P. C.

The Ayes being 44 and the Noes 10, the motion was carried.

Adjournment.

The House was then adjourned at 6-57 p.m. till 3-30 p.m. on Friday, the 2nd November, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 2nd November, 1951, at 3-30 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 9 Hon'ble Ministers and 57 members.

Non-official Members' Resolutions.

SJ. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that this Assembly is of opinion that in view of the acute scarcity and abnormally high price of rice prevailing in most mofussil areas in this State, the Government should immediately take steps to introduce full-scale foodgrain rationing for all classes of people irrespective of the category of ration cards held by them in those areas where the price of rice is now below Rs. 25 per maund.

SJ. BIMAL COMAR GHOSE: Mr. Speaker, Sir, may I suggest one thing. As the resolution deals with the food problem, I should have thought it would have been better if the Food Minister had made a statement at first and then we started the debate because that would be, in my opinion, more fruitful as otherwise we shall be saying things that we want to say and the Food Minister will reply to the facts later on so that the discussion may be a little bit unreal. I do not know what the Food Minister——

Mr. SPEAKER: I do not know whether the Government want to make a statement or not. If they do not make any statement, I can't help. The resolution is there and it has been moved. You have mentioned that matter, but they do not say that they want to make a statement on this.

SJ. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহোদয়, আমি এই যে প্রস্তাব করেছি এই প্রস্তাবের মর্মার্থ হচ্ছে এই যে, পশ্চিম বঙ্গের মফঃস্বলের প্রায় অধিকাংশ স্থানে খাদ্যের একটা অনটন চলছে, এবং অত্যন্ত অস্বাভাবিক হারে দাম বেড়ে গিয়েছে, এই জন্যেই সরকারের কর্তব্য কার কোন শ্রেণীর Ration Card আছে ইত্যাদি নির্বিচারে সমস্ত লোকের জন্য অবিলম্বে full scale ration প্রবর্তন করা হউক। যে সমস্ত স্থানে চালের দাম ২৫ টাকার নীচে নয় সেই সমস্ত স্থানে full scale ration প্রবর্তন করা হউক। মাননীয় স্পীকার মহোদয় অবগত আছেন যে, পশ্চিম বঙ্গে অধিকাংশ স্থানে এই বৎসর চালের দাম কোন স্থানে ৪০ টাকা, কোন স্থানে ৫০ টাকা এই রকম কোরে ৮০ টাকা পর্য্যন্ত চলছে। যেমন ২৪ পরগণার সুন্দরবন বন্যা প্লাবিত অঞ্চলে, বসিরহাট অঞ্চলে, জলপাইগুড়ি, কুচবিহার প্রভৃতি স্থানে অত্যন্ত অস্বাভাবিক হারে দাম বেড়েছে, এবং অনেক স্থান থেকে অনশন ও অর্ধাশনে মৃত্যুর খবর এসেছে। অবশ্য সরকার সে সমস্ত সংবাদ অস্বীকার করছেন। কিন্তু আমাদের নিজেদের অনেক জিনিষ জানা আছে। অনশন অর্ধাশনজনিত অসুখে বহু লোকের মৃত্যু হয়েছে এই রকম সংবাদ বহু স্থান থেকে আসছে। কিন্তু সেদিন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী--এখন তিনি এখানে উপস্থিত নাই--বলেছেন যে, অনশনজনিত মৃত্যু কি তা তিনি কখনও শোনেননি। তিনি ভারতবর্ষের একজন শ্রেষ্ঠ ডাক্তার, তৎসত্ত্বেও তিনি এইকথা শোনেন নাই—তাঁদের pathologyতে একথা লেখা নাই। কিন্তু fact is fact; সত্য সত্যই। এই জিনিষটা সাধারণ জ্ঞান থেকে জানা উচিৎ ছিল। এবং এই জিনিষটা অস্বীকার করার কোন কারণও দেখিনা। এটা প্রত্যেকে জানেন যে, অনশনজনিত মৃত্যুর একমাত্র প্রমাণ হতে পারে যদি বৈজ্ঞানিকরা দেখাতে পারেন stomachএ বহুদিন খাদ্য পড়েনি। কিন্তু এটা ঠিক যে, বহুস্থলে অনশনে অর্দ্ধাশনে ব্যাধির উদ্ভব হয় এবং ব্যাধিতে ভুগতে ভুগতে মারা যায়। গ্রামের আশ্রমে আমরা দেখেছি বহু লোকের মৃত্যুর কারণ একমাত্র অনশন বা অর্ধাশন বা যা-তা খাওয়ার

দরুণ—আমরা প্রায়ই দেখি বন্য কচু খেয়ে দিন কাটাতে হয়। সরকার বলে থাকেন যে, তাঁরা নানাস্থানে modified rationing প্রবর্তন করেছেন। গ্রামের অনেকের সময় সময় কাজকর্ম থাকেনা, তখন ২১ টাকা দাম হলেও তারা খাদ্যদ্রব্য কিনতে পারে না। সেই সমস্ত স্থানে আমরা দেখেছি বুনো কচুও আদৌ নাই। নাই কেন, কি হল? আগে আমরা যেখানে বুনো কচুর জঙ্গল দেখেছি এ বৎসর সেখানে সে জিনিষ নাই। এইরকম যেখানে অভাব সেখানে যদি অনাহারে লোকের মৃত্যু হয় তবে লোকে কি বলবে? আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বিজ্ঞ ডাক্তার, কিন্তু আমরাও সামান্যরকম Homeopathy আলোচনা করি; অর্ধাশনে অনশনে যে মৃত্যু হয় এটা আমরা বুঝতে পারি। আমার মনে হয় সরকারের একটা enquiry committee নিয়োগ করে ও investigation করে অনশন ও অর্ধাশনজনিত মৃত্যুর এই সমস্ত সংবাদ সঠিক কিনা দেখা উচিৎ। সরকার হয়তো বলবেন তাঁরা দায়িত্ব পালন করেছেন--৩০ টাকা দাম যেখানে হয়েছে সেখানে modified rationing দিয়ে কোন স্থানে A Class কার্ড দিয়ে, আবার কোন জায়গায় A and B মিলিতভাবে দিয়ে তাঁরা তাঁদের কর্তব্যপালন করেছেন। কলিকাতা ও তার শিল্পাঞ্চলে এত বেশী দাম দিয়ে চাল কিনতে হবে এটা কেউ কখনও কল্পনা করতে পারেনি। Statutory কোন প্রকার obligation না থাকলেও যেখানে নাকি ধান চালের এই অবস্থা সেখানে সরকারের প্রাথমিক কর্তব্য হচ্ছে মফঃস্বলের জনগণের জীবনরক্ষা করা। তাঁরা যদি মনে কোরে থাকেন ৩০।৩৫ টাকা দাম উঠলে modified rationing করবেন তাহলে অত্যন্ত অবিচার করা হবে। কারণ, যে কোন স্থানের লোকেরই ১৭।১৮।২০ টাকার বেশী দিয়ে ক্রয় করার ক্ষমতা নাই। কলকাতার জনগনেরই যখন এই অবস্থা তখন গ্রামাঞ্চলের লোকের কি অবস্থা, কি হতে পারে সেটা সহজেই বুঝতে পারা যায়। অতএব আমার প্রস্তাব হচ্ছে যেখানে ২৫ টাকার কম নয় সেখানে স্থান কাল নির্বিশেষে সমস্ত লোকের জন্য full scale rationing দেওয়া উচিৎ। সরকার হয়ত বলবেন যে এমন হতে পারে অনেকের ঘরেই ধান চাল মজুত আছে। আমার ধারণা সরকারের সে বিষয়ে কোন হিসাব নাই। আমার যেটুকু জানা আছে যাদের নাকি ৫০ বিঘা জমি আছে তাদের অনেকের ঘরেই ধান নাই এবং তাদের অনেকেরই কিনে খেতে হচ্ছে। সুতরাং আমার বলবার কথা হচ্ছে কার ঘরে ধান আছে, কার ঘরে চাল আছে আর কার ঘরে নাই ইত্যাদি বিবেচনা না কোরে তাঁরা সকলের জন্য full scale rationing প্রবর্ত্তন করুন। যার ঘরে ধান চাল আছে সে কখনও কিনে খাবে না। কিন্তু সরকার যে ব্যবস্থার কথা বলছেন তাতে অবস্থার কোন প্রতিকার হতে পারে না।

আরেকটা কথা হচ্ছে এই আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন সুন্দরবনের ডায়মণ্ডহারবার মহকুমা অঞ্চলে modified rationing করা হয়, কিন্তু সেখানে যে আটা দেওয়া হয়েছিল লোকে তা কেনেনি। লোকে কিনবে না কেন? নিশ্চয় কিনবে যদি সেটা মানুষের খাওয়ার উপযুক্ত হয়। কিন্তু আপনাদের অবগতির জন্য আমি বলছি যে আটার জন্য ।।/১০ আনা দাম নির্দ্দিষ্ট হয়েছে সে আটার মধ্যে বেশীর ভাগই থাকে ভুষি ও অন্যান্য foreign জিনিষ যেখান থাকে, ভাল আটা লোকে পায় না। সুতরাং সেই আটার দাম শেষ পর্য্যন্ত ৩০।৩৫ টাকা পড়ে যায়। দ্বিতীয় কথা হচ্ছে সরকার এখন যে ব্যবস্থার কথা বল্লেন সেটা হচ্ছে short term remedy কিন্তু আমাদের long term remedy অর্থাৎ যেটা স্থায়ী প্রতিকারের উপায় এই অবস্থায় কি হতে পারে সেটা বিবেচনা কোরে দেখতে হবে। আমাদের চারদিকে এই যে অভাব অনটন চল্‌ছে, চালের দাম অস্বাভাবিক হারে বেড়ে যাচ্ছে, এর কারণ কি? সত্যিকারের কথা, প্রকৃত পক্ষে ধান চাল নেই কি না এটা আমাদের বিবেচনা কোরে দেখতে হবে। কয়েক মাস পূর্বে খাদ্যমন্ত্রী মহোদয় একটা বিবৃতি দিয়ে বলেছিলেন যে পশ্চিমবঙ্গে যে চাল উৎপন্ন হয় তার পরিমাণ হচ্ছে ৫৮ লক্ষ টন।

কয়েক মাস পূর্বে খাদ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন, তাতে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে যে চাউল উৎপন্ন হয় সে হচ্ছে ৫৮ লক্ষ টন। এই ৫৮ লক্ষ টনকে যদি মণে পরিণত করা যায় তাহলে সেটা দাড়ায় ১৫ কোটি ৬৬ লক্ষ মণ। এই ১৫ কোটি ৬৬ লক্ষ মণ চাল—— (Hon'ble PRAFULLA CHANDRA SEN: ৫৮ লক্ষ টন্ ধান, ওটা চাল নয়।) ধানকে যদি আপনারা চাউলে পরিণত করেন, তাহলেও অনেকটা তাই হয়। বিদেশ থেকেও আপনারা বহু খাদ্যশস্য আমদানী করছেন।

আড়াই কোটি লোককে আপনারা ration দিচ্ছেন এবং তাদের মাথা পিছু গড়ে যদি ৩$\frac{১}{৪}$ মণ করে বৎসরে দেওয়া হয়, তাহলে দেখা যায় এই আড়াই কোটী লোকের পক্ষে এই খাদ্য যথেষ্ট। তার উপর লক্ষ লক্ষ, কোটী কোটী মণ ধান বিদেশ থেকে আমদানী হচ্ছে, তা সত্বেও দেশে কেন যে খাদ্যের অনটন হচ্ছে, তা আমি বুঝতে পারছি না।

আমার বিশ্বাস এই যে খাদ্যের অনটন, এটা কৃত্তিম, এবং বর্ত্তমান control প্রথাই এর মূল কারণ। আমরা দেখেছি বসিরহাটের মত জায়গায়, কয়েক হাজার বিঘা জমি গত বৎসর বন্যায় প্লাবিত হওয়া সত্বেও বসিরহাট মহকুমা খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ।

ডায়মণ্ডহারবার, কুচবিহারও খাদ্যে স্বয়ংসম্পূর্ণ ছিল, কিন্তু এই সমস্ত জায়গায় ৪০ টাকা থেকে ৮০ টাকা পর্য্যন্ত মণ প্রতি চালের দর উঠেছে কেন? এই জন্যই যে, এই সমস্ত জায়গায় বর্ত্তমানে control প্রথা চালু থাকার দরুণ। Cordon area এবং procurement policy আছে বলেই, এরদ্বারা সরকার যা কিছু উদ্বৃত্ত ধান, চাল তাদের কাছ থেকে procurement এর জন্য কেড়ে নিয়েছেন। সরকার যতই cordon area বা control এর নিয়ম কঠোর থেকে কঠোরতম করছেন, লোকে ততই ভীত হচ্ছেন। লোকে ভয়ত্রস্ত হয়ে গিয়ে গোপনে তাদের সমস্ত ধান চাল বিক্রয় করে দেয়।

আমরা ডায়মণ্ডহারবার ও বসিরহাটে এই জিনিষ দেখেছি, কিন্তু আমার বিশ্বাস সর্ব্বত্রই এই হচ্ছে।

সরকার যেভাবে গ্রাম থেকে ধান, চাল সংগ্রহ করে আনছেন, তার জন্য লোকে ভয় পেয়ে গিয়ে তাদের সমস্ত ধান, চাল অন্যত্র বিক্রয় করে দিচ্ছে অথবা লুকিয়ে ফেলছে, এবং তার ফলে একটা কৃত্তিম অনটন সৃষ্টি হচ্ছে। আজ যদি দেশে control ব্যবস্থা না থাকত, তাহলে কখনই খাদ্যের অনটন হ'ত না। সরকার যদি এই controlকে আরও ব্যাপকতর করেন তাহলে, খাদ্যের অবস্থা আরও উত্তরতর খারাপ হতে থাকবে। আজকে কুচবিহারের অবস্থা দেখুন। কুচবিহার ভারতে অন্তর্ভুক্ত হবার পূর্ব্বে, এবং সেখানে control প্রথা আসবার পূর্ব্বে, কোনদিনই কুচবিহারে ধান, চাল খাদ্যের অভাব হয়নি। যেই সেখানে control প্রথা আরম্ভ হ'ল, তখনি সেখানে খাদ্যে অনটন আরম্ভ হ'ল। Cordon অঞ্চল সৃষ্টি করাতে, সেখানে একটা bottle neck সৃষ্টি হয়ে গিয়েছে।

দেশে খাদ্য সংকট যেভাবে দেখা দিয়েছে তা থেকে রক্ষা পাবার একমাত্র উপায় হচ্ছে এই control প্রথার অবসান ঘটান।

দেশে যতক্ষণ পর্য্যন্ত food shortage থাকবে ততক্ষণ control প্রথা চালু রাখা কর্ত্তব্য, এই আমার বিশ্বাস ছিল। কিন্তু, গত চার বৎসর এই control প্রথা চলবার পর, আমার সেই ধারণা দূর হয়ে গিয়েছে। এ দেশে control প্রথা চলতে পারে না। এই control ব্যবস্থা যদি শেষ না হয়, তাহলে দেশের খাদ্য সমস্যা সমাধান কেউ করতে পারবে না। এটা ঠিক কথা যে, যদি গভর্ণমেণ্ট বেশী করে সংগ্রহ করেন তাহলে সহরাঞ্চলে ও শিল্পাঞ্চলে একটা সমাধান হতে পারে কিন্তু তাতে গ্রামাঞ্চলে কখনই সমাধান হবে না। যতক্ষণ পর্য্যন্ত না এই control প্রথাকে দূর করে দেওয়া যায় ততক্ষণ পর্য্যন্ত দেশে খাদ্য সমস্যা সমাধান কিছুতেই হতে পারে না। আমার বিশ্বাস যে খাদ্য উৎপাদন যতক্ষণ পর্য্যন্ত ঠিকভাবে না হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত কেবলমাত্র distributionকে control করলেই হবে না। রাশিয়াতে control প্রথা সফল হয়েছে কারণ সেখানে উৎপাদন বা production সরকারের হাতে। কিন্তু এখানে তাঁরা যেভাবে control প্রথা চালু করেছেন, তাতে তাঁরা একটা vicious circle সৃষ্টি করেছেন।

তিন বৎসর আগে দেশের যে অবস্থা ছিল, বর্ত্তমানে তার চেয়েও খারাপ হয়েছে। এবং আমার আশঙ্কা হয়, যে next yearএ আরো খারাপ হবে। এই জিনিষ ঠিক যে, control প্রথা যতই কঠিন করবেন ততই খাদ্য সমস্যা জটিল হয়ে উঠবে। খাদ্য সমস্যা সমাধান করবার একমাত্র উপায় হচ্ছে এই control প্রথাকে একেবারে উঠিয়ে দেওয়া। সব দেশের Governmentএর policy হচ্ছে যে দেশের খাদ্যশস্য কি করে বাড়ান যায়, কিন্তু আমাদের কেন্দ্রীয় Government করছেন কি? তাঁরা এই কথা বলছেন না, তাঁরা খাদ্য উৎপাদনে self-sufficiency কিভাবে করছেন দেখুন, তাঁরা খাদ্যের ভিতর পাট, তুলা ইত্যাদি include করেছেন। তার ফলে লক্ষ লক্ষ বিঘা ধানের জমিতে পাট, তুলা, আখ, চিনাবাদামের চাষের ব্যবস্থা করেছেন, তার ফলে খাদ্যশস্য সমস্ত কমে যাচ্ছে। এরদ্বারা খালি সুবিধা হচ্ছে বড় বড় শিল্পপতি ও কলকারখানার মালিকদের স্বার্থ রক্ষা করা। এবং আমাদের খাদ্য শস্যের জন্য বিদেশের উপর নির্ভর করতে হচ্ছে। সরকারের বর্ত্তমান খাদ্য নীতি চলতে পারে না। সরকার বলছেন যতক্ষণ পর্য্যন্ত দেশে food shortage থাকবে ততক্ষণ পর্য্যন্ত control থাকবে, কিন্তু এটা যেন ঠিক একটা পাত্র কুটা করে জল ঢেলে বলা যে যতক্ষণ পর্য্যন্ত না এই

পাত্র জলে পূর্ণ হবে ততক্ষণ পর্য্যন্ত আমাদের কিছুই হবে না। আমি বলতে চাই যে যতদিন না এই দুর্নীতি-পূর্ণ অকেজো control না দূর করা যাবে ততদিন খাদ্য সমস্যা সমাধান হতে পারে না। এই বলে আমি আমার প্রস্তাব Houseএ পেশ করছি।

SJ. HARIPADA CHATTERJEE: মাননীয় সভাপাল মহাশয়, মন্ত্রীরা একটু যদি অবহিত হয়ে দেশের তথ্য নিজেরা না দেখেন, তা'হলে আমরা ১৯৪৩ সালে যে সংকটে পড়েছিলাম, সেই সংকটের মধ্যে আবার পড়ব সে বিষয় কোন সন্দেহ নাই। ১৯৪২ সালে যে আবহাওয়া ছিল, এখন সেই রকম অবস্থা হয়েছে। এঁরা রেশনিং প্রথা কলিকাতা সহরে চালু করেছেন। এবং নগর বসাচ্ছেন নিজেরা, যেমন বাস্তুহারা নগর তাহেরপুরের মাঠে বসিয়েছেন। কিন্তু সেখানে এঁরা রেশনিং প্রথা চালু করবার প্রয়োজন বোধ করছেন না। সেখানে ৩০ হাজার বাস্তুহারাকে ৩০-৪০ টাকা দরে চাল কিনে খেতে হচ্ছে, তারা কি অবস্থায় আছে একবার মাননীয় মন্ত্রীমহাশয়রা গিয়ে নিজের চক্ষে দেখে আসুন। সম্প্রতি কয়েকদিন আগে আমি সেখানে গিয়াছিলাম এবং সেখানে ঘুরে বাস্তুহারাদের দুরবস্থা দেখে যে অভিজ্ঞতা লাভ করেছি, তা'থেকে বলতে পারি ১৯৪৩ সালে যেমন কঙ্কালসার নরনারী রাস্তাঘাটে দেখা গিয়েছিল তেমনি এই বাস্তুহারা নগরেরও ও সেই অবস্থা হয়েছে। আপনারা ওখানে নগর বসিয়েছেন, কিন্তু খাদ্যের ব্যাপারে যে রকম অনিয়মের ব্যবস্থা চলেছে সেই রকম অন্যান্য কাজের ব্যাপারেও অব্যবস্থা হচ্ছে। যে জমির কোন দাম নেই, সেই জমি তিনশ টাকা করে বিঘা দরে বিক্রয় করবার ব্যবস্থা করেছেন। যার একটাকা করে খাজনা হওয়া উচিত, সেখানে ১৬ টাকা বিঘা প্রতি করে খাজনা হয়েছে। এই সমস্ত বাস্তুহারাদের, সর্বুহারাদের যেখানে ৪০ টাকা দরে চাল কিনে খেতে হচ্ছে সেখানে পুরা রেশনিংএর ব্যবস্থা নাই। Modified rationingএর যা ব্যবস্থা হয়েছে তাতে সপ্তাহে মাথাপিছু এক পোয়া করে চাল ও পাঁচ পোয়া করে আটা দেবার ব্যবস্থা হয়েছে। তাও, সেখানে এমন বহু পরিবার রয়েছে যাঁরা rationing card পর্য্যন্ত পান নি। আমি জিজ্ঞাসা করেছিলাম তাঁরা rationing card কেন পাননি, তার উত্তরে তাঁরা বলেন forms ছাপান নেই। কিন্তু গত August মাসে প্রায় ৩৫০শ পরিবার, তাঁরা নিজেরাই forms ছাপিয়ে, সেই formsএ লিখে, rationing cardsএর জন্য affidavit করে দিয়ে এসেছেন, কিন্তু আজ পর্য্যন্ত তাঁরা কোন rationing card পেলেন না। তারা আজ ৪০ টাকা, ৪৫ টাকা করে চাল কিনে খেতে বাধ্য হচ্ছে। প্রায় সাড়ে তিনশো পরিবার Cooper Camp থেকে চলে এসেছেন, তার কারণ তাদের প্রত্যেকেই এই অসীম দুরবস্থার মধ্যে পড়েছেন। ১৯৪৩ সালের দুর্ভিক্ষের সময় যেমন বহু লোক অনাহারে, না খেতে পেয়ে, রাস্তায় প'ড়ে ম'রে শেষ হয়ে গিয়েছিল, কারও চোক্ষে পড়েনি, এদেরও ঠিক সেই রকম অবস্থা হয়েছে।

মন্ত্রীমহাশয়রা এখানে বসে আছেন আর তাঁদের অফিসাররা খবর দিচ্ছেন সব ঠিক আছে, তাঁরা নিজেরা গিয়ে দেখছেন না যে সেখানকার লোকদের কি অবস্থা। একটা ঘটনার কথা বলি। এক ভদ্রলোক ঐ Cooper Camp এর পাশে থাকতেন। তিনি না খেতে পেয়ে তাঁর কয়েকটি ছেলে ও মেয়েকে অন্য লোকের কাছে বিলিয়ে দেন। এই খবর সংবাদপত্রে প্রকাশ হলে পর, সেখানে একটা সোরগোল প'ড়ে যায়, ও S. D. O., Magistrate এবং অন্যান্য অফিসারগণ সকলে মিলে সেখানে যাবার দৌড়াদৌড়ি আরম্ভ হয়, ফলে তাঁদের T. A.তে প্রায় আড়াইশো টাকা খরচ হয়ে যায়। তাঁরা সেখানে গিয়ে ঐ ভদ্রলোককে force করেন বলতে এই কথা যে "আমি না খেতে পেয়ে, আমার ছেলে-মেয়েদের বিলি করি নি"। তাঁরা নিজেদের যাতায়াতের জন্য এত টাকা খরচ করলেন আর সেই ভদ্রলোককে পঞ্চাশ টাকা দিয়েও সাহায্য করলেন না, এইত অবস্থা। এখন অন্ততঃ তারা ওঁদের rationing cardsগুলি যাতে পায় তার ব্যবস্থা করুন, কারণ সেখানে আপনারাই rationing প্রথা চালু করেছেন। আজ তারাত দেশ বিভাগের জন্য দায়ী নয়, সুতরাং তাদের free ration দেওয়া উচিত। তারপর গভর্ণমেণ্ট এই সমস্ত বাস্তুহারাদের বাসস্থানের জন্য সাড়েবারশো টাকা দিচ্ছেন। কিন্তু contractorsরা কিভাবে তাদের ভুল বুঝিয়ে তাদের কাছ থেকে টাকা পয়সা আদায় করছেন তা মন্ত্রীমহাশয়রা একটু অনুসন্ধান করে দেখুন। তাদের যে টাকা দেবার কথা, সেটা প্রকৃত কাগজ কলমেই আছে, তারা কিছুই পাচ্ছে না।

(At this stage Blue light was lit.)

স্যার, আমার আর বেশী কিছু বলবার উপায় নেই। কাজে কাজেই আমি শীঘ্রই শেষ করে দিচ্ছি। বাস্তুহারাদের মধ্যে আমি জাতিভেদ করতে চাই না। আমি আবার বলছি সেখানে যদি যান তাহলে দেখবেন সেখানে কঙ্কালসার নরনারী

ছাড়া আর কিছু নাই। এই রকম ৭ লক্ষ বাস্তুহারা আমার নিজের জেলাতেই রয়েছে। আর যে কয়েক লক্ষ সংখ্যালঘু বাস্তুহারা রয়েছে তাদের যে কি অবস্থা হয়েছে তা বলা যায় না। তারা ত এঁদের মত সভাসমিতিও করতে পারে না। আমি নিজের চক্ষে দেখেছি তারা গাছতলায় পড়ে আছে। তাদের জমি পতিত রয়েছে সেগুলি কেউ চাষ করতে পারে না। কারণ তাদের চাষ করতে দেয় না। তাদের গরু অন্যে নিয়ে তাদেরই জমি চাষ করছে, অথচ তাদের চাষ করতে দেবেনা। তাদের দুধের গরু অন্যে নিয়ে দুধ খাচ্ছে আর তাদের নিজেদের ছেলেপিলে এককোঁটা দুধ খেতে পাচ্ছে না। বর্ত্তমানে দেড় লক্ষ টাকা reliefএর বন্দোবস্ত হয়েছে। আমার একটা হিসাব রয়েছে এখানে, তাতে দেখছি মাথাপিছু একটাকা করেও তারা reliefএর দরুণ পায় না। কি করে তারা বাঁচবে? আমি গ্রামের ভিতর পায়ে হেঁটে দেখেছি তাদের দুর্দ্দশা অবর্ণনীয়। তার ফলে আজ সমস্ত দেশব্যাপী বিপ্লবের হাওয়া। এই সব বাস্তুহারারা আজ এক জাতি, তারা বুঝতে পেরেছে তাদের শত্রু পুঁজিপতির দল, এবং এই বর্ত্তমান সরকার সেই পুঁজিপতিদের দ্বারা চালিত, তারা দেশের এই বিপ্লব রোধ করতে পারবে না। গ্রামে গ্রামে হিন্দু ও মুসলমান নরনারী একহয়ে এই বিপ্লব আনবে। (The Honble BHUPATI MAJUMDAR: বলুন, বলুন আরো বলুন,) শুনতে ভাল লাগছে না বুঝি? এ রূঢ় সত্য, এই রকম ব্যাপারই হচ্ছে। আর কেনই বা বিপ্লব হবে না? তাদের যা হক প্রাপ্য, তা তারা আজ পাচ্ছে না। Procurement Department গিয়ে তাদের ধানগুলি কেড়ে নিয়েছে আর তাদের সেই ধানের যা নাকি প্রাপ্য দাম তা পর্য্যন্ত তাদের দিচ্ছে না। সেই দামের জন্য তারা এখানে যাচ্ছে, সেখানে যাচ্ছে, কেরাণীর কাছে যাচ্ছে। কেরাণী বলে উঠছে, স্থঁ আমার টাকা। যাঃ টাকা দেবোনা। প্রায় তিন লক্ষ টাকা যে তাদের প্রাপ্য কেন তা তাদের দেবে না? বাস্তুহারাদের কাছথেকে যে আদায় করা হয়েছে ২ লক্ষ ৭৫ হাজার টাকা,--যেটা তাদের নিজেদের প্রাপ্য সেটাও তাদের দেবেনা, তারপর সরকারও তাদের সাহায্য করবেন না, তারা বাঁচবে কি করে? সেইজন্য আমি বলছি রেশন প্রথা সব জায়গায় চালু করা উচিত। সরকার আজ তাদের life and property security দিতে পারছেন না,--কি হিন্দু কি মুসলমান সকল বাস্তুহারারই ঐ একই দশা। তাদের এমন অবস্থা যে গ্রামের ভিতর দিয়ে হাঁটা চলেনা, হেঁটে গেলে যা চোখে পড়ে, সভাপাল মহাশয়, শুনুন, শুনলে আশ্চর্য্য হবেন, আমি নিজে গ্রামের ভিতর হাটতে গিয়ে দেখেছি বড় বড় মেয়েদেরও কাপড় নাই, ছেলেগুলি সব উলঙ্গ, ছোট ছেলে নয়, বড় বড়। Controlএর দোকানে কাপড় আছে, কিন্তু তাদের সে কাপড় কেনবার পয়সা নাই। চালে খড় নাই, খড় কেনবার পয়সাও নাই। থালা, ঘটি, বাটি যা ছিল সব বিক্রী করে খেয়েছে। এখন তাদের আর কিছুই অবশিষ্ট নাই। সুতরাং এখন সর্বপ্রকারে তাদের খাবার পরবার ব্যবস্থা সরকারেরই করা কর্ত্তব্য। সাড়ে সাত টাকা মাত্র দিয়ে যখন তাদের খাবার ধান কেড়ে নিয়ে এসেছেন তখন তাদের অভাবের সময় কেন তাদের খেতে দেবেন না, কলকাতার লোক যদি ১৮ টাকায় একমণ চাল পায় তবে তারা কেন পাবে না। বিশেষতঃ তাদের সব কিছু যখন হরণ করা হয়েছে, তখন তারা বিনামূল্যেই বা কেন রেশন পাবে না?

আজ এই পরিষদের শেষ দিনে আমি বলছি--যদি তাদের জন্য কিছুই না করেন, ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। মানুষ সেখানে কি অবস্থায় আছে—মন্ত্রীরা সেখানে দু'দিন করে গিয়ে বাস করে দেখে আসুন। তাঁরা কেউ বলছেন--চালের অভাব এটা সেটা খেয়ে পূরণ করতে, কেউবা দিচ্ছেন কাপড়ের অভাবে half pant পরার উপদেশ; শুধু মৌখিক উপদেশ না দিয়া একবার তাদের মধ্যে গিয়ে কয়েকদিন বাস করে দেখুন, সেখানে থাকতে গেলে কোন শান্ত্রী বা প্রহরীর দরকার হবে না। (Laughter.)

SJ. DEBENDRA NATH SEN: Mr. Speaker, Sir, a Government is to be judged by the degree of its ability to give the people food and that food at a reasonable price. Has the Government succeeded in doing that? Has it been able to give us more food and that at a lesser price than what it was in 1940? If we look into the tendency of the price-level we find that since 1940 prices of rice have been rising and rising very abruptly. In some districts there has been a rise of 90 *per cent.*, if not more. In Howrah, Bankura, West Dinajpur and Jalpaiguri the price of rice is 80 *per cent.* higher and ordinary people are not getting any rice, and no one can say whether 1943 will be repeated. But every one of us has been beholding that streams of hungry people are coming to Calcutta, men, women, young

and old, boys and children. If you look at the women it is difficult to call them women. They do not look like women. They are moving about without clothes and without food just as they did in 1943.

Sir, we have been administering this province for more than four years and this Ministry has been there for the last three and a half years. Has the situation changed from 1948? Has it become better? Ask the common man—is he getting more food and is he getting that food at a cheaper rate? If that is not a fact, then what is that due to? Why are the prices so high? I feel reluctant to reiterate the point that I have made on several occasions in the past. The Hon'ble Minister in charge has told us that production in 1950-51 is 6·2 *per cent.* higher than in 1949-50. He said that on the 20th September in reply to a question put by Mr. Sris Chandra Nandy. If that be so, if production and supply has increased then how is it that the prices are going up and he will be telling us, we have been spending so much money on irrigation: he will be telling us, we have been spending much on new road construction: he will be telling us, we have spent so much on distribution of fertilizers, on tank excavation and similar other things. If all that be true, then how is it that there is scarcity of food in 1951 and there is a higher price today than in 1950 or 1949 or 1940?

Sir, there is only one explanation to that and that is that there is no shortage. We do not believe in shortage, neither could he prove it from the figures he has supplied. The reason for that higher price and shortage of food lies in corruption, in nepotism and diversion of State money for political purposes and this is not a peculiar characteristic of the Food Department only. It is the characteristic of all the departments of the Government. I was going through all the Acts and the Bills that have been passed during the last three and a half years. Sir, I find that we have and this Government have passed no less than 72 Acts. I have been thinking which of them has gone to the benefit of the people during these three or four years. One of them could have, that is, the Anti-Black-marketing Act, but we do not find any operation of the Act. We do not see anybody being arrested; we do not see anybody being punished; so that Act lies dead. Then, which other Act is there which has gone to the benefit of the people? I do not find any. I want to know from one of the Ministers in replying to the debate to say, "here is the Act we have passed during these three or four years which has gone to the benefit of the people, which has given them larger rights and privileges, which has given them more food, more cloth and more shelter". This corruption, as I was saying, is to be found in all the departments. Yesterday, also, Sir, we had a document which if one scans will prove that corruption is not only in the Food Department, it is in every other department. That document, Sir, is a colossal hoax, it is whitewashing of the misdeeds of two culprits. One culprit is the Birlas, another culprit is this Government. The Birlas are guilty of evasion of tax to the tune of one crore of rupees; this Government is guilty of conniving at that evasion, and not only that, of victimising an honest officer who wanted to check that evasion of the taxes. Sir, as I was saying, this document is a colossal hoax and it could not but be so. If we look at the composition of this Tribunal we find the Chairman was Mr. Banerjee. He is a retiring Judge of the High Court; he is to become the Chancellor on a pay of Rs. 3,000 and he has been placed there as Chairman. Can he write something which offends the Chief Minister and thus lose his new job?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Mr. Justice Banerjee is not the Chancellor. He has been made the Vice-Chancellor and he is working without pay and he is a Judge of the High Court yet.

Sj. DEBENDRA NATH SEN: He will get his pay. Sir, I am glad that the Minister has stood up to correct me. He has not yet got that pay of Rs. 3,000. The arrangement is that he will be getting that pay the moment he retires from the High Court. That retirement has not yet been confirmed. So, it is only a matter of one or two months.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: It is again a reflection on a Judge of the High Court. There is a provision in the Calcutta University Act that the permanent Vice-Chancellor will get a salary of Rs. 3,500 but, Sir, he has been made interim Vice-Chancellor under the special provision which provides that the first Vice-Chancellor should be only for two years.

Sj. DEBENDRA NATH SEN: In any case I think the Government could have selected another person from the High Court, another person who is not——

Mr. SPEAKER: Mr. Sen, after all we are discussing the food matter. Let us keep ourselves away from such controversial matters.

Sj. DEBENDRA NATH SEN: I am discussing the over-all picture of shortage of food. I was saying that there is no shortage of food supply in the province. If there is any scarcity it is due to corruption and I am trying to prove that that corruption is embedded in every department and the latest instance is the document that has been placed before us yesterday.

Mr. SPEAKER: Please confine yourself to the subject matter of discussion.

Sj. DEBENDRA NATH SEN: I want to take this opportunity. I want to take up other departments because we cannot purify the Food Department if there is corruption in other departments. It must be the cleansing of Government.

Mr. SPEAKER: The proper occasion for that will be at the time of budget discussion. Today we are discussing a particular matter on food-grains. So please confine yourself to the subject matter as far as possible.

Sj. DEBENDRA NATH SEN: We cannot get another budget session with this Assembly.

Mr. SPEAKER: You will have it in February. I do not rule out what you want to say.

Sj. DEBENDRA NATH SEN: As I was speaking of the composition, there is one member, Mr. Nandi. He was involved in——

Mr. SPEAKER: Mr. Sen, will you please excuse me. The question before the House is the food question. You cannot go in detail into the constitution of another body. That will not be proper.

Sj. DEBENDRA NATH SEN: We were told yesterday that we would be given an opportunity of discussing this document and the relevancy comes in this way. I want to prove that this corruption is rampant.

Mr. SPEAKER: That is another thing. You are bringing in corruption and then you are going to discuss other extraneous matters. If you say something of corruption in the Food Department, that will be relevant, but you cannot go into the entire range of administration of another department and then go into the question regarding food shortage. What is the resolution? The resolution says "—rationing for all classes of people irrespective of the category of ration cards held by them in those areas where the price of rice is not below Rs. 25 per maund." He wants that ration cards should be given to these people.

SJ. DEBENDRA NATH SEN: I understand, Sir, that this Ministry is something like a managing agency and we cannot speak against one department without speaking against another department.

SJ. BIMAL COMAR GHOSE: It is all food for us. Let him say.

SJ. DEBENDRA NATH SEN: If I get an opportunity I shall take that opportunity, but I feel strongly that there is no scarcity and the problems that have arisen have arisen because of corruption in the Food Department. It is a complete failure. We purchase at a price; we sell at a higher price, and the difference is the highest in West Bengal. It is not so much in Bombay or in Madras or in United Provinces or in Bihar. It is the highest here and when it is the highest and when we purchase 50 crores worth of rice and sell 50 crores worth of rice we do not make any profit. Over and above we get 4 crores of rupees from the exchequer. All these things have combined to create this food situation which is artificial and unless the Food Department is burnt and demolished altogether we cannot have, solution of the food problem in West Bengal.

SJ. J. C. GUPTA: Mr. Speaker, Sir, the resolution that has been moved by my honourable friend Sri Charu Chandra Bhandari is no doubt a laudable one if it can be achieved. But the question is, is that a practicable proposition? We shall expect that the Hon'ble Food Minister will take this House into his full confidence and explain the position regarding the feasibility or otherwise of giving effect to such a resolution.

Sir, it has been said that there is no scarcity and control is unnecessary. It has been said that control is creating all the difficulties. I wish I could agree with this proposition.

But I am afraid that we cannot shut our eyes to the fact that there is an actual shortage of rice production, overall shortage in the world. Next we have got to see what is the actual production of food in this State and from the facts and figures that have been available to us we know the most distressing fact that there is an acute shortage of food. Though we know that the control system has brought in all sorts of corruption, though we know Mahatma Gandhi was anxious that the control system should go as quickly as possible in order to get rid of the corruption, yet until we are sure that there is a surplus of foodstuff, I am afraid we cannot think of lifting the control on foodstaff. We should start by lifting the control of other commodities and even if such an experiment may involve us in some difficulties, it will not cost human life, but with regard to the food control we cannot possibly think of lifting the control of food until we are sure that the supply of food is sufficient, that the rich people who can afford to buy as they used to buy before a year's supply ahead will not be the only persons who will get the benefit of the lifting of control, but the poorer people who have to buy their daily necessities will also get that benefit many of whom cannot even buy the food necessary, the rice necessary to last for a week. We have got to consider whether under those circumstances we can think of lifting the control of food. I hope the Food Minister will give us the figures of the overall position of food supply in the State. Not only that, we should also like him to tell us how much food is available from outside for this Province. There has been in the past a complaint that though the Food Ministry has been pressing for supply of rice, they have been told that it is not available. I want the Food Minister to let us know whether all available sources of supply have been explored. I know he will tell me that it is primarily the duty of the Centre to do so, but that brings me to the question about the procurement

in this Province. I am afraid, procurement has not been complete and successful. I am afraid, much of the dissatisfaction of the people regarding the prices of paddy, much of it is due to the fact that they see that others who sell to the blackmarketers and profiteers they get much more than the price that is fixed, and that is one of the main reasons of complaint. You need not wonder if a grower of rice sees that another person who also has grown rice in the same way as he has done is getting, say Rs. 10, while he sells rice outside the Government agency, but those who are compelled to sell rice to Government are getting Rs. 7-8 or Rs. 8-8, he will certainly be dissatisfied. Therefore, some means will have to be thought of to make a complete procurement, to get all the available surplus for the purpose of distribution to the areas where food is most needed, even in the areas where the procurement is made and where people could have the rice necessary for their consumption. I have often thought that unless we can improve the procurement system, unless we can prevent corruption or favouritism—that also is to be found in the procurement affairs—we shall not be able to improve the food situation, nor shall we be able to get rid of the natural dissatisfaction that the growers feel on account of the comparatively low price that they get while those who sell rice to the blackmarketers get better price. We should like the Hon'ble Food Minister to let us know what he thinks to be the soundest policy for procurement; and I have always thought that without public co-operation however much he may spend, however exhorbitant expenses may mount, this procurement will not be successful.

Sir, I have a suggestion for the consideration of the Hon'ble Minister of Food. Instead of going on certain surmise, he ought to proceed on certain basis regarding the directives of procurement. Sir, the Food Minister has got an elaborate staff. There is a union assistant in every union of the State. It should be the duty of the union assistant to first of all report when the cultivation is in progress, how much field has been cultivated and how much is lying vacant, and then indicate how much rice is being grown and how much other crops, and as the crop grows there should be a report, and then when the harvesting comes, there should be a report. An analysis of the reports received from the different centres should be made and then on the basis of that the procurement officer should find out what should be the directives, what is the quantity available. Instead of that if the procurement officers are asked to procure from some area some quantity, the complaint that has been mentioned, the grievance that has been mentioned in this House by Sj. Haripada Chatterjee that sometimes even the seeds are also seized—these questions will arise. So my suggestion to the Hon'ble Food Minister is that he should make the system of procurement more scientific, much more responsive to the actual state of affairs based upon the reports. It is easy; he need not go into extra expenses for that. Let him ask all the agricultural officers to get always reports from him and on the basis of those let the procurement officers start their work and let it also be in co-operation with the local agricultural officers.

If in that way procurment will be made successful we shall find that the selling of paddy and rice in the black-market will cease and many of the grievances of the people will also be obviated. So we want to know what is really the policy and the actual method that the Hon'ble Food Minister is going to adopt in the matter of procurement. If there is satisfactory procurement, there is no difficulty with regard to distribution. If there is satisfactory procurement then, as my friend Sj. Charu Chandra Bhandari has suggested, wherever the price goes up to a certain level, there should be rationing. But until we have got the resources it is no use Government

merely introducing full rationing in those areas on paper. It will not be effective and it will break down. It is no use trying experiment like that. However, my friend Sj. Charu Chandra Bhandari——

Sj. SIBNATH BANERJEE: Sir, I move that the question may now be put. There are five Resolutions and we have already spent one hour on this.

Mr. SPEAKER: He has just started.

Sj. J. C. GUPTA: I realise that because of some other Resolutions in the agenda paper the very great urgency and importance of food for which they wanted to be allotted a day or two has disappeared today in their opinion. But I really feel that the House is entitled to know from the Hon'ble Food Minister the entire position, the entire overall position regarding the availability of rice from all sources. The exact position of the availability of rice and other foodstuffs in the State and the method and system by which the Hon'ble Food Minister wants to make rice available should be stated. I think it is very important to know all this, but I find my friends on the opposite side think that there ought not to be any more speeches. If the question is put, then they don't want even the Hon'ble Food Minister to reply. I will cut short my speech. But let me again say that the Hon'ble Food Minister will do well to take the House into full confidence and explain all the relevant facts with statistics and figures relating to the food situation, which is the most acute demand of the time.

Sj. KHAGENDRA NATH DAS GUPTA: মাননীয় স্পীকার মহোদয়, আমি যে জেলার প্রতিনিধি হয়ে এখানে উপস্থিত হয়েছি, সে জেলা বরাবরই একটা ঘাটতি জেলা। যুদ্ধের পূর্বে জলপাইগুড়ি একটা ঘাটতি জেলাই ছিল। এই বৎসর, আমরা সকলেই জানি যে, জলপাইগুড়ি জেলায় ধান, চালের দর, এক কুচবিহার বাদ দিলে, সর্বোচ্চ হয়েছে। এও আমি জানি যে এক সপ্তাহ পূর্বে জলপাইগুড়িতে ৭৫—৮০ টাকা পর্য্যন্ত চালের দর উঠেছিল। (Sj. KANAI LAL DE: আপনাদের মন্ত্রীমহাশয়রাই সে কথা স্বীকার করছেন না।) আপনারা শুনুন, শুনুন শুধু জলপাইগুড়িতেই নয় কুচবিহারের অবস্থাও ঠিক এই রকম। Normal yearএও কুচবিহার জেলায় বৃষ্টি না হলে ঘাটতি হয়। এ ছাড়া পশ্চিম বঙ্গের উত্তর অঞ্চল, জলপাইগুড়ি, কুচবিহার, দার্জিলিং ও আলিপুর দুয়ার, বরাবরই ঘাটতি অঞ্চল। আশে পাশে এমন স্থান নাই যে, যেখান থেকে এই অঞ্চলে ধানচাল আসতে পারে। একদিকে বিহার ও অপরদিকে আসাম, এর কোন প্রদেশ থেকেই স্বাভাবিকভাবে ধানচাল এখানে আসতে পারে না বা আসতে দেয় না। এই বৎসর জলপাইগুড়ি জেলা ঘাটতি এলাকা হয়েছে কারণ এই বৎসর সময়মত বৃষ্টি হয়নি, এবং যখন বৃষ্টি হল তখন এত বেশী হল যে তিস্তার বন্যায় সমস্ত মাঠ জলে প্লাবিত হয়ে গেল এবং বহু জমিতে বালি পড়ে অনাবাদী হয়ে পড়ে রইল। তারপর সেখানে সাম্প্রদায়িক দাঙ্গা দেখা দিয়েছিল, ফলে বহু মুসলমান চাষী সেখান থেকে চলে যাওয়ায়, হাজার হাজার একর জমি অনাবাদী হয়ে পড়ে রইল। বৎসরের প্রথমে যখন আমরা হিসাব করে দেখি, তখন এইটুকু বুঝেছিলাম যে জলপাইগুড়ি ও কুচবিহার জেলায় শতকরা পঞ্চাশ ভাগ ফসলও হয়নি। আমরা জানুয়ারী-ফেব্রুয়ারী মাসে কলিকাতায় ছুটে এসেছিলাম প্রধান মন্ত্রী ও খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে, এবং তাঁদের নিকট প্রস্তাব করেছিলাম যে শিলিগুড়ি, দার্জিলিং, জলপাইগুড়ি ও কুচবিহার এই চারটি সহরে statutory rationing প্রথা চালু করা হোক। পশ্চিমবঙ্গের খাদ্যের অবস্থা যখন জানতে পারলাম, তখন শুধু আমি নয়, আমার সাথে কুচবিহারের প্রতিনিধিও ছিলেন, তাঁদের কথা শুনে আমাদের সব আশা ছেড়ে দিতে হল। আমাদের জেলা সম্পর্কে ভাবনা ছিল যে, ১৯৪৩ সালে বা হয়নি, এ বৎসর হয়ত আমরা দেখবো যে হাজার হাজার লোক অনাহারে মরে যাচ্ছে।

পশ্চিমবঙ্গের খাদ্যের অবস্থা যখন আমরা বুঝতে পারলাম তখন, আমাদের সে আশা ছেড়ে দিতে হ'ল। কিন্তু সৌভাগ্যের বিষয় যে, পশ্চিমবঙ্গ সরকার কয়েক মাস হল জলপাইগুড়ি জেলাতে modified rationing বাবদ চাল, গম ও milo ইত্যাদি দিচ্ছেন। (Sj. SIBNATH BANERJEE: সেখানে চালের দাম এখন কত তাই বলুন।) যতই হোক না কেন, সেখানকার অবস্থা এমন হয়নি যে আজকে লোকে না খেতে পেয়ে মরে যাচ্ছে। এখন যা খবর পাচ্ছি তাতে ধানচালের দর ক্রমশঃ নেবে আসছে। খবর পাচ্ছি যে বাজারে

নাকি ব্যাপকভাবে দারুণ দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে এবং শুনছি যে মাদ্রাজীরা গম খায় না বলে তাঁরা তা ফেরত দিচ্ছে। Assembly Chamberএর মধ্যেও কেউ কেউ উল্লেখ করেছেন যে পশ্চিম বাংলার কোন কোন জেলায় অনেকে গম খায় না বলে, সেই গম ফেরত দিচ্ছে। জলপাইগুড়ি জেলার লোকেরাও কোন দিন গম খেতে অভ্যস্ত ছিল না। সেখানকার লোক বা চা-শ্রমিক যেই হোক্ তাদের গম স্বাভাবিক খাদ্য নয়। এমন কি সেখানকার লোকেরা গমের রুটি পর্য্যন্ত তৈরী করতে জানে না। আজকে খাদ্যের অভাবে গম ত দূরের কথা milo পর্য্যন্ত তারা নিতে বাধ্য হচ্ছে। চারুবাবুর প্রস্তাব যদি গ্রহণ করা যেত তা হলে জলপাইগুড়ি জেলার সব লোকেই full ration পেত, এবং তারা দু'হাত তুলে পশ্চিম বাংলার সরকারকে আশীর্বাদ করত। কিন্তু যে প্রস্তাব উনি এনেছেন সেটা কতদূর কার্য্যকরী হবে এবং এটা practical proposition কি না তা যদি একটু বিবেচনা করে দেখা যায় তা হলে দেখতে পাবো যে এটা মোটেই practical নয়। আমি আগেই এই কথা বলেছি যে, বৎসরের প্রথমে আমরা চারটী জেলায় statutory ration ব্যবস্থা করবার জন্য প্রস্তাব করেছিলাম। কিন্তু এখানে এসে পশ্চিমবঙ্গের যে খাদ্যের অবস্থা আমরা দেখলাম এবং মন্ত্রীমহাশয়রাও আমাকে সমস্ত হিসাব দেখিয়েছিলেন, তাতে আমাদের সে আশা ত্যাগ করতে হয়েছিল। তখন কলিকাতায় rationing ব্যবস্থাই ভেঙ্গে পড়বার অবস্থা হয়েছিল। আমরা সকলেই জানি, পশ্চিমবঙ্গের সর্ব্বত্র full-scaleএ rationing দেওয়া সম্ভবপর নয়। এমন কি কলিকাতা সহরেও বহুদিন full-scaleএ ration দেওয়া সম্ভবপর হয়নি। সামান্য কিছুদিন হোল কলিকাতাবাসীরা মাত্র দুই সের পাঁচ ছটাক করে ration পাচ্ছে। আজ পশ্চিম বাংলার অনেক জেলায় ২৫ টাকার উপর চালের মন হয়েছে। কাজেই সারা পশ্চিম বাংলায় সকলকে full-scaleএ ration যদি দিতে হয় তা হলে পশ্চিম বাংলা যে পরিমাণ খাদ্যশস্য ভারত সরকারের কাছে থেকে পাচ্ছেন তাতে এটা করা মোটেই সম্ভবপর নয়। ভারতবর্ষে এ বৎসর খাদ্যের ঘাটতির পরিমাণ ভারত সরকার স্থির করেছেন প্রায় ৬৭ লক্ষ টন। এই ৬৭ লক্ষ টন খাদ্যশস্য যদি ভারত সরকার অন্য দেশ থেকে আমদানী করে পূরণ করতে পারতেন তা হ'লে হয়ত বা কিছুটা সম্ভব হত। কিন্তু দুঃখের বিষয়, ভারত সরকার প্রাণপণ চেষ্টা করেও, এবং পৃথিবীর সকল দেশে তাঁদের প্রতিনিধি পাঠিয়ে যথাসম্ভব চেষ্টা করেও ৬৭ লক্ষ টনের জায়গায় মাত্র ৫০ লক্ষ টন খাদ্যশস্য ভারতবর্ষে আমদানী করতে সক্ষম হয়েছেন। কাজেই ভারতবর্ষের বর্ত্তমান খাদ্যপরিস্থিতিতে পশ্চিম বাংলা ভারত সরকারের কাছ থেকে যে পরিমাণ খাদ্যশস্য সাহায্য পাচ্ছেন, সেই সাহায্যের দ্বারা সব জেলায় যেখানে ২৫ টাকার উপর চালের দর হয়েছে সেখানে full-scaleএ ration দেওয়া সম্ভবপর হতে পারে—এ কথা কেউ সুস্থ মস্তিষ্কে বলতে পারে না। এই প্রস্তাব যিনি উত্থাপন করেছেন তিনি একদিন এই পশ্চিম বাংলার খাদ্য বিভাগের মন্ত্রী ছিলেন। তিনি পশ্চিমবঙ্গের খাদ্যের কি অবস্থা তা খুব ভালভাবেই জানেন। সুতরাং তাঁর পক্ষে এই রকম প্রস্তাব দেখে আমরা অত্যন্ত দুঃখিত। তিনি কি করে মনে করেন যে এই রকম প্রস্তাব কার্য্যে পরিণত করা সম্ভবপর?

তিনি পশ্চিম বাংলার যেখানে ২৫ টাকার উপর চালের দর হয়েছে সেই সমস্ত জেলায় full-scaleএ ration দেওয়ার কথা বলেছেন, সঙ্গে সঙ্গে একথাও বলেছেন যে, দেশে খাদ্যের অভাব নাই, এই control প্রথা রাখার জন্যই খাদ্যের অভাব দেখা দিয়েছে। এবং তিনি যুক্তি দেখিয়েছেন যে control তুলে দিলে কোথাও আর ২৫ টাকা চালের দর থাকবে না। তাই যদি সত্যি হয় তা হলে ১৯৪৩ সালে যখন সারা বাংলায় দুর্ভিক্ষ দেখা দেয় এবং ২০-৩০ লক্ষ লোক অনাহারে প্রাণত্যাগ করেছিল তখন ত বাংলা দেশে কোন control ছিল না। গত বৎসরে আসাম এবং উত্তর প্রদেশ খাদ্যে স্বাবলম্বী থাকায় সেখানে control তুলে দিয়েছিল এবং তার ফল কি দাঁড়িয়েছিল তা সকলেই জানেন। আসামে চালের দর ৭৫ টাকা পর্য্যন্ত হয়েছিল এবং আসাম সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হাত পাততে বাধ্য হন। উত্তর প্রদেশের অবস্থাও তাই।

এই সব দেখে শুনে, ওঁরা যে বার বার বলেন control তুলে দিতে, যেন control তুলেই আমাদের স্বর্গ-রাজ্য হয়ে যাবে, সেটা আপনারা বিবেচনা করুন। পশ্চিমবঙ্গ ঘাটতি প্রদেশ নয় এটা যাঁরা বলেন তারা হয়ত ঘুমিয়ে রয়েছেন। পশ্চিমবঙ্গের মাননীয় খাদ্যমন্ত্রী আমাদের জেলায় control প্রবর্ত্তন করেছেন। জেলার প্রতিনিধি হিসাবে আমি তাঁকে অনুরোধ করছি control বজায় রাখতে। যদি আজ control তুলে দেয়া হয় তাহলে তার ফল ভয়ঙ্কর হবে। আর মাস খানেক পরেই নূতন ধান চাল দেখা দেবে। তারপরে আগামী বছর যদি পশ্চিমবঙ্গ সরকার জলপাইগুড়ি জেলায় কোনরূপ procurement না করেন তা হলে আমরা জেলাবাসীরা অনেক প্রমাদে পড়ব। Control আমাদের রাখা প্রয়োজন এবং শুধু আমাদের জেলায় নয় সারা পশ্চিম বাংলায়

জন্যই প্রয়োজন যতদিন আমাদের এখানে খাদ্যের বিশেষ অভাব রয়েছে। (Sj. HARIPADA CHATTERJEE: ব্যবসাদারদের জন্য এই যেকি control রাখা প্রয়োজন।) Control যেকি কি খাঁটি সেটা প্রমাণ করবার ভার আপনাদেরই উপর।

একটা কথা আমি এখানে বলছি, এই প্রস্তাবের যিনি উত্থাপক তিনি এবং ওদিককার আরো একজন বলেছেন যে যেখানে ২৫ টাকা চালের মণ হবে সেখানেই সকলকেই ration দিতে হবে। কিন্তু তার ফলে দাঁড়াচ্ছে কি? এক্ষে জুন মাসে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এমন অবস্থা হয়েছে যে তাঁরা যথেষ্ট ধানচাল আনতে পারেন নি, সকলকেই যদি ধানচাল দিতে হয় সে ধানচাল কোথায়? ধরুন ধানচাল যদি আনাও যায়, তবে যারা নাকি উৎপাদক, যাদের ঘরে খাবার ধানচাল রয়েছে, যদি সকলকেই রেশন দিতে হয়, তাদেরও দিতে হবে। কিন্তু তারা রেশনের চাল নিয়ে করবে কি? সে চাল যাবে অন্য কোথাও নয়, পশ্চিমবঙ্গের বাইরেই এমন জায়গা রয়েছে যেখানকার চালের দর আমাদের controlএর দরের চেয়ে বেশী, সেইখানে সে চাল চলে যাবে। সুতরাং এ প্রস্তাবটা আমি practical মনে করি না।

তবে একটা কথা উঠতে পারে দেশের গভর্ণমেণ্টই যদি দেশের যাবতীয় উৎপন্ন শস্য, ধানচাল সমস্তই নিয়ে নেন, এবং সমস্ত দেশব্যাপী রেশন প্রথার প্রবর্ত্তন করেন। কিন্তু তার ফলে কারো ঘরেই কিছুমাত্র শস্য রাখা চলবে না। কিন্তু এই প্রস্তাবের যিনি উত্থাপক তিনি কি এটা সমর্থন করবেন? যদি একথা কৃষকদের কাছে গিয়ে বলেন যে তোমার সমস্ত ধানচাল দিতে হবে কয়জন কৃষক তাতে রাজি হবে? কোন কৃষকই এরকম প্রস্তাবে রাজি হতে পারে না। নিজের ঘরের ধান ছেড়ে দিয়ে ১৬টাকা ৸৵ আনা দরে ধান কিনতে কোন কৃষকই রাজি হবে না। অথচ ধানচাল কৃষককের ঘরে থাকবে, আবার controlএর চালও তাদের দিতে হবে এটা খাটে না। তা ছাড়া পশ্চিম বাংলার প্রত্যেকটী বাড়ী থেকে যদি সরকারকে ধানচাল সংগ্রহ করতে হয়, এবং সে সমস্ত ধানচাল সংগ্রহের পর সরকারের নিজের গোলায় আনতে হয় তা হলে যে পরিমাণ লোকের দরকার ও গোলার দরকার এবং তার জন্য যে খরচ করতে হবে, দেখতে হবে সে খরচ পশ্চিমবঙ্গ সরকার বহন করতে পারেন কি না। আবার মতে সেজন্য যে অর্থের প্রয়োজন তা পশ্চিমবঙ্গ সরকারের নাই। তদুপরি পশ্চিমবঙ্গের উৎপন্ন সমুদয় শস্য কেনবার মতন অর্থও পশ্চিমবঙ্গ সরকারের নাই। সুতরাং এ প্রস্তাবটা practical একেবারেই নয়, এর একমাত্র উদ্দেশ্য হচ্চে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য propaganda করা কিন্তু দেশের লোক এ ভাঁওতায় ভুলবে না।

Sj. SIBNATH BANERJEE: প্রথমে আমি মাননীয় Speaker মহোদয়কে অভিনন্দন জানাচ্ছি যে অবশেষে Assemblyতে এই শেষ দিনে তিনি আমাদের non-official ব্যাপার আলোচনা করবার এই সুযোগ দিয়েছেন। গভর্ণমেণ্ট পক্ষ যত রকম পারেন বাধা দিয়েছিলেন এবং যত রকম সম্ভব চেষ্টা করেছিলেন। এগুলি উঠতে না দিতে; কিন্তু শেষ কালে Speaker মহাশয়ের সাহায্যে আমরা এই দিনটা পেয়েছি। কিন্তু যে অবস্থা দেখছি--বেভাবে কাজ চলছে,--তাতে আমাদের সবগুলি আলোচ্য বিষয় আজকে আলোচনা হবে কি না সন্দেহ। আমরা অনেক চেষ্টা করেছি কিন্তু কৃতকার্য্য হই নি সব প্রস্তাবগুলি উথাপন করতে। যাক—যে সুযোগটা পেয়েছি, তাতে যে প্রস্তাবটা এখন আলোচিত হচ্ছে, আমার মনে হয় সেটা অতি প্রয়োজনীয়। কারণ গভর্ণমেণ্ট নিজ থেকেই declare করেছিলেন যে পঁচিশ টাকার বেশী যদি দাম হয়, তবে আমরা ration করে দাম কমাব। তাঁরা ভুলেন—সত্যমেব জয়তে—কিন্তু কাজে তা করেন না। অত্যন্ত নির্লজ্জভাবে নির্জলা অসত্য উক্তি উচ্চারণ করেন। ডাঃ রায় বলেছেন—অনাহারে মৃত্যু এই জিনিষটা ডাক্তারি বইয়ে নাই এবং সেই জোরে তারা বলে বেড়াচ্ছেন যে অনাহারে কেহ মরে নাই। দেশের লোক বলছে আমাদের ভাত কাপড় দাও, শিক্ষা দাও নইলে গদি ছেড়ে চলে যাও। সেই কথা শুনে দাসগুপ্ত মহাশয় বলেছেন—public এই ভাঁওতায় ভুলবে না। তারা যেয়ে দেখতে পারেন--যে এটা মোটেই ভাঁওতার কথা নয়। এটা অতি সোজা কথা যে গভর্ণমেণ্ট লোককে ভাত কাপড় দিতে পারে না সে গভর্ণমেণ্টের গদি এটে বসবার কোন অধিকারই নাই। একথা গ্রামে গ্রামে, সহরে সহরে, আজ উঠছে। তারা যে রকম নির্লজ্জভাবে মিছে কথা বলেন সেইরকম নির্লজ্জভাবে গদিতেও বসে আছেন। কিন্তু এর ঔষধ জনসাধারণ দেবে আগামী নির্বাচনে। বাংলায় একটা কথা আছে--ভাত কাপড়ের কেউ নয় কিল দেবার গোসাই। কিন্তু জনসাধারণ এই ভাঁওতার উত্তর দিতে প্রস্তুত হয়ে আছে। ভাঁওতা কে দিচ্ছে, তার পরিচয় সেখানে গিয়ে পাবেন।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Speaker, Sir, the performance of my friends over there reminds me of the Bengali adage "যত দোষ নন্দ ঘোষ", that is to say, for all the ills from which this poor and unfortunate country is suffering is due to the Ministers who are in power—that is the whole burden of theme. But, Sir, if you kindly look into the world affairs and into the world production and the statements which have been made by advanced countries in respect of India, you will be convinced that it is not the Ministers, it is not the Congress Party or it is not the Congressmen who are responsible for this state of affairs. Sir, the reason—the real reason—for this scarcity which now exists deep-rooted in the soil of India is the practice of primitive agriculture by its people. This is not my own word. This is from the report of the Agriculture Department of the United States of America. This chronic poverty, this chronic scarcity, is deep-rooted in the soil of India by virtue of the practice of primitive agriculture. Sir, it has been said that no Government—no one—can improve the practice of agriculture unless the people themselves take to advanced methods and scientific means. Unless the people follow the other advanced countries in respect of intensification of cultivation, in respect of scientific agriculture, Government alone cannot do this.

Sir, I have always said that the reason why the people are suffering from chronic poverty, from chronic scarcity, is the reason which has been given that we the Indians or the Bengalees are unfit for work. The other day I quoted from a contemporary British poet who spoke about the present condition of the British people. I repeat it. He said: "We are stuffy men, we are hollow men, we are men in form but without shape, we are men in shape but without colour." The same remark which was applied by a British poet to the British people after the Second World War can also be applied to the people of India or, for the matter of that, to the people of Bengal. Sir, we are stuffy men, we are hollow men, we are men in form but without shape, we are men in shape but without colour. What do we know? We know only of uttering slogans and saying that we have attained freedom, we have attained freedom, we have attained freedom. We are now a free people. The causes of all our ills were the British people and now that the Britishers have been removed from the arena, milk and honey should flow in the country. That is altogether a mistaken idea. Unless you take to scientific means, there can be no improvement in the condition of the people. I shall just now quote from Phyllis Davies who writes in the "Manchester Guardian". He wrote this in October, 1951. It is said there: "When every town and village is proud of itself and works to raise its standard of life the total answer is a well-ordered country. For good Government does not stem from a central national parliament alone. Much depends upon the men and women who work on the local corporation and councils of big cities and the small villages.

In Britain 800 of these civic leaders have just been holding their annual conference where the bright ideas of the little man from the small market town were listened to with as much respect as were the opinions of Lord Mayor of a great city. In this conference national leaders took a lively interest and took part and three papers were read by them.

The first paper was a detailed reminder that in Britain work for the people largely means work by the people, consisting as it does of much voluntary effort.

This exposition of voluntary organisation with statutory bodies was given by the Dowager Marchioness of Reading, Chairman of the Women's Voluntary Services. This is a nation-wide organisation of tens of thousands of women in all walks of life, which began as a World War II service and

is now a firm feature of national life in the United Kingdom. The key-note of Lady Reading's address was that members of the Women's Voluntary Services regard themselves as the hand-maidens of local Government and are organised on local authority basis. The scope of their work is limitless.

"Members who are mostly busy housewives or women in job do all manner of services to the communities in which they live, from visiting old people, running aged people's club home help schemes, assisting in hospital working for the force and in child welfare to collecting seeds and plants from owners of large gardens for people living near bombed sites."

That is why Britain is such an advanced country, that is why America is such an advanced country. As I have just said it is the people who work for themselves, it is the co-operative people, the people who take to co-operation that do real work. When they feel that co-operation is necessary, they combine together and put into effect the scientific method of agriculture and all these things. Sir, this scarcity is due as I have just now said to primitive methods of agriculture. If you want to plough the furrow, desert furrow from day to day and scratch the land, no remedy lines for this scarcity of food. This scarcity of food can only be removed by improved method of agriculture. I have said all this when I moved a token cut on agriculture. That is the only way of removing this scarcity, that is the only way of removing poverty. The only means of saving the country is to increase its production by adoption of scientific co-operative methods. Unless and until you do this, no amount of abuse, no amount of hurled invectives, no amount of propaganda and no amount of anything will help you in benefiting the country. The source of that is co-operation, scientific agriculture and increase of food production by three or four times. That is the main thing.

As regards population, my friend reminds me that the population grows every year, and therefore every year it requires more food for the growing population. That is quite true. (Janab MD. KHUDA BUKHSH: Birth control!) If you examine the agricultural production of Germany—— (*Interruption*). Sir, I have been delivering an extempore speech, and whenever you interrupt me in this way I lose the thread of my thought. Sir, it has been said that the growth of population must be the reason for this scarcity of food, but that can never be the reason. I have read that birth control is practised in Norway and Sweden where there is a growing population, and, Sir, they adopt scientific birth control methods, and the population remains at par at least the population increased only by 2 or 3 per cent. You cannot produce food, but you go on producing children (*Laughter*). That is a very unreasonable method. You are producing children, you are breeding children, but you are not producing food. That is very bad. As a scientific nation you are still undeveloped. You are still semi-civilised. If you want to increase your birth rate you must increase your food production also.

That leads me, Sir, to another question. According to both Hindu and Muslim religious preachers, man must go on multiplying (*Laughter*). According to Christianity also man must go on multiplying. The Government of India and Pandit Nehru are very much concerned about this, and therefore W.H.O. or World Health Organisation was approached, and an application was made to them to come to India and examine how the birth control can be effected without injuring the religious feelings of the population. Sir, I am glad to announce that such men are coming who will advise the scientific means of birth control. You ask the Government for co-operation, but you never co-operate with any person.

You, Sir, go to any village, anywhere and you will find that they are rent with party factions, not only one but several party factions, even if the village consists of 60 or 70 houses. Sir, if you want to improve the lot of the people you will have to adopt co-operative scientific agricultural movement and by this only you can produce more. Sir, I shall end by saying—

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজঃ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥

This is a quotation from the *Gita* "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য" means "give up all slogans, formalities, dogmas". Lord Shri Krishna says "follow me". Here if you want to do any good to the humanity you shall have to follow the other advanced countries, like Germany, Britain, Russia, China. You shall have to increase production by adopting their methods. (A VOICE: You speak of Russia!) Why not? You must give the devil its due. I am not afraid of Russia. They have increased their production by co-operative methods. By following their methods we are not committing any treason, we are not going to be communists or socialists. We simply want to increase our production of food, etc., by following their advanced methods and thus drive away scarcity and get plenty of food, etc. This can only be done by following scientific co-operative agricultural methods and education also is necessary.

Mr. SPEAKER: You will please speak after the recess.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

Janab MUDASSIR HOSSAIN: Sir, as I was saying——

Dr. SURESH CHANDRA BANERJI: On a point of privilege, Sir, এর আগে কোন দিন গভর্ণমেণ্টের পক্ষ থেকে এত বক্তৃতা দিতে আমরা দেখি নাই। আজকে আমাদের non-official day—এটা as a special day আমরা অনেক কষ্ট করে পেয়েছি। যদিও আইনত আমরা সপ্তাহে এক দিন করে non-official day পেতে পারি কিন্তু গভর্ণমেণ্টের আপত্তির ফলে তা আমরা পাইনি, এবং অনেক চেষ্টার পরে একদিন মাত্র পেয়েছি non-official resolutionএর জন্য। আর, আমি দুঃখের সঙ্গে বলছি,—যদিও আমরা বার বার গভর্ণমেণ্টের সঙ্গে সহযোগিতা করেছি, এবং অমন যে প্রগতিবিরোধী Municipal Bill তাও পাশ করে দিয়েছি, কিন্তু আমাদের এত যে সংক্ষিপ্ত একটা মাত্র non-official day তাতে ওঁরা আর কিছু করতে দিচ্ছেন না। ওঁরা নাকি আজ যেভাবে কাজ করছেন যদি এইভাবেই কাজ চালাতে থাকেন তা হলে আমাদের এই non-official day থাকা না থাকা সমান। কিন্তু যদি ওঁরা মনে করেন যে non-official dayর কাজ চালান উচিত, তাহলে আজকের যিনি Leader of the House তাঁকে জিজ্ঞাসা করছি,—তিনি বলুন, সেই বুঝে আমরা আমাদের কর্ত্তব্য ঠিক করব।

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sir, I am very sorry that Dr. Banerji has imputed motives to Government. Two very large and important questions have been raised by the Opposition speakers today, namely, that there is no scarcity in West Bengal or the scarcity is a fake and make-believe affair, and that control should be withdrawn. Sir, one is a question of fact and the other is a question of policy. These two questions have been raised, and I believe every member representing a particular district or area is entitled to say whether there is scarcity in his district or not and whether he prefers decontrol or not. Sir, every member has the right to speak on these two vital questions, and I contend that the debate should not be curtailed or shut up.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, এইজন্যই আমরা একটা special day চেয়েছিলাম খাদ্য পরিস্থিতির আলোচনার জন্য কিন্তু আমাদের সে——

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sir, the Opposition cannot pack an agenda with very many resolutions and then insist that all those resolutions must be discussed and finished in one single day. That is an impossible proposition. They demanded a full day for debate on food—after all, it is a most important question—and they have this day. They have chosen to discuss that very important question, and they cannot stop the discussion on it. When they have a pack of resolutions, they cannot dictate that all those resolutions must be discussed and disposed of in one single day.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, আমরা বহুবার বলেছি দেশের খাদ্য-পরিস্থিতি গুরুতর আকার ধারণ করেছে সেইজন্য সেটা আলোচনা করার জন্য একটা special dayর দরকার (VOICES: No, no. আমরা শুনব না—interruptions.) আমি আপনাদের disturb করিনি, এখন আমার বক্তব্য বলতে দিন। এই খাদ্য-পরিস্থিতির আলোচনার জন্য আমার একটা Adjournment motion ছিল কিন্তু সেটা আলোচনা করতে দেওয়া হয় নাই। তারপর গভর্ণমেণ্টকে আমরা পুনঃপুনঃ অনুরোধ করেছি খাদ্য-পরিস্থিতির আলোচনার জন্য একটা দিন time দিতে। তা তাঁরা দেন নি। তারপরে বহু চেষ্টার ফলে আমরা এই non-official dayটা পেয়েছি। এবং এই দিনটিতে আমরা শুধু খাদ্য-সমস্যাই নয়, বর্গাদার-সমস্যা, ঠিকা tenancy সমস্যা, political সমস্যা সব সমস্যা সম্বন্ধেই আলোচনা করতে চাই। যদি শুধু খাদ্য-সমস্যা সম্বন্ধেই আলোচনার ইচ্ছা গভর্ণমেণ্টের হয়ে থাকে তবে তাদের উচিত ছিল আমাদের অনুরোধ রক্ষা করে এ জন্য একটা special day নির্দ্ধারণ করা। দেখে শুনে মনে হয় গভর্ণমেণ্টের যেন এই ইচ্ছা যে আমরা যেন জনগণের মধ্যে কোন কথা না বলতে পারি। ভাগ চাষীদের মধ্যে, Jute growerদের মধ্যে, Jute Mill workersদের মধ্যে গিয়ে কিছু না বলতে পারি আগামী নির্বাচনের পূর্বে এই উদ্দেশ্য নিয়েই Government আজ sabotage করছেন।

আমি আপনার কাছে ruling চাই, আপনার সে শক্তি আছে কি না জানি না, গভর্ণমেণ্টের অন্যায়ের বিরুদ্ধে আপনার কাছে আমরা protection চাইছি, আশা করি আপনি আমাদের protection দেবেন।

Sir, আমি protest করছি না, আমি দাবি পেশ করছি। প্রতি সপ্তহে আমরা একদিন করে চেয়েছিলাম, কিন্তু তা তাঁরা দেন নি, (A VOICE: ঠিক কথা, চাইলেই কি পাওয়া যায়?) আমি ত আপনাদের বাধা দেই নি আমাকে বাধা দিচ্ছেন কেন? গভর্ণমেণ্ট যদি আমাদের সপ্তাহে একটি করে দিন দিতেন, তা হলে আমরা এক এক দিনে এক একটা বিষয় আলোচনা করতে পারতাম, গভর্ণমেণ্ট আমাদের forced করেছেন এইভাবে packed up করতে এবং এখন আমাদের কণ্ঠরোধ করতে প্রবৃত্ত হয়েছেন এবং regularly sabotage করছেন।

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sabotage is in your brain.

Dr. SURESH CHANDRA BANERJI: তাই Sir, আমি আপনার protection চেয়েছি, আপেনি যদি protection না দিতে পারেন, তা হলে গভর্ণমেণ্ট কি করতে চান সেটা তাঁরা আমাদের বলেদিন,—আমরা তদনুসারে আমাদের নীতি নির্দ্ধারণ করব। আমরা খানিকটা সহ্য করে দেখব, তাপর আমাদের কর্ত্তব্য আমরা ঠিক করব। এইভাবে গুরুতর সমস্যা ও গুরুতর প্রশ্ন সম্বন্ধে গভর্ণমেণ্ট-সভ্যদের অসঙ্গত ব্যবহার সহ্য করা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।

Sj. KANAILAL DAS: Sir, ওঁরা বলছেন কি বুঝতে পারছিনে। তাঁরা যে চেষ্টা করেছেন, সেটা ঠিক, এবং সেইজন্য গভর্ণমেণ্টও তাঁদের জন্য একটা দিন ঠিক করেছেন।

Sj. KANAI LAL DE: আপনি বক্তৃতা করছেন নাকি? আপনি কি দলের leader?

Dr. SURESH CHANDRA BANERJI: যখন দেশের সঙ্কটজনক খাদ্যাবস্থা আলোচনার জন্য একটা দিন আমরা চেয়েছিলাম, তখন আপনি বলেছিলেন এজন্য একটা দিন দেওয়ার প্রয়োজন নেই। যেদিন

nonofficial day হবে সেদিনই এটা আলোচনার সুযোগ পাওয়া যাবে। আজ সেই দিন fix করা হয়েছে। আমরা চাইছি যে এটা নিয়ে discussion হোক। Food ব্যাপার একটা দরকারী জিনিষ এটাকে তুচ্ছ করা চলে না। বহু districtএর লোক এখানে আছেন। তাদের নিজের নিজের জেলার অবস্থা বলবেন। সেইজন্য আমাদের বিবেচনার এর discussion চলতে দেওয়া উচিত।

Sj. BIMAL COMAR GHOSE: Just one word, Sir. What the Hon'ble Minister has said and what my friend Sj. Kanailal Dass has said is not quite true. The position is, everybody realises that the food situation is a very important problem and should be discussed. But Government have never been serious about it. For instance, they never wanted to face it unless they were forced to do so. Sir, since we met in this session, as Dr. Banerji has pointed out, we have been trying to have a day for discussion of that subject, and if Government were serious they could have given one day from their own days. Apart from that, 21 days' notice was given and Fridays were also utilised by them. If they were serious they could have given us one of those Fridays which are usually set apart for that purpose. Last Friday we were entitled to it because 21 days had elapsed. But even then Government did not give us time to discuss the food problem. Today they were forced to give us this day, but since we have accommodated the Government so long and since Government have been encroaching upon our time even though we are legitimately entitled to it, it behoves the Government to co-operate by acceding to the request of the leader of the Opposition to give us time.

Sir, I do not want to take more time. I had a lot of things more to say, but it is very unfortunate that the Government are not showing co-operative spirit. It appears that they are afraid to face the Opposition or the country on the other problems and that they want just to drag on this discussion so that nothing else could be discussed. Sir, that is not a very helpful situation. Of course, I know very well that you cannot help us very much in the matter. The rules do not give you any power. If you are satisfied that sufficient discussion has already been made on this particular problem, you may direct that the question may be put, but that also is in your discretion. So, it only depends upon the Government as to what they will do in this matter.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, I am afraid, my friends opposite are putting a very illogical proposition. They admit that the food question is a very serious question, on the one hand, and, on the other, they desire obviously that members representing various districts —members on this side—should remain mum and not participate in the discussion. This is an utterly illogical and untenable position to adopt.

Sir, the food position has been raised in season and out of season and irrelevantly often. Today, Sir, there is an opportunity to have a full-dress discussion. I should have thought that the honourable Leader of the Opposition would be the first to welcome wholeheartedly the expression of views on the food situation because nobody's view may be regarded as a monopoly view on the food situation. Is it the intention of the honourable Leader of the Opposition that members representing different districts should keep mum and should help him to give currency to what he is pleased to spread and propagate as the gospel truth to be accepted by the people of Bengal? Here, Sir, is the opportunity. They should come forward with facts. They should come forward and suggest definite constructive policies for the solution of the food problem. If they do indeed take the food question really seriously rather than try to use it as a handle for irresponsible propaganda, I, Sir, should be the last to think that any member of the Opposition should be gagged. In fact, on every Bill, on

every proposition, that came up before this House, members of the Opposition—as many as they liked and as long as they liked—went on speaking and expressing their views. You, Sir, were very, very generous indeed on the score of allowing such facilities. We are all agreed that the food position is a difficult question. Now, let us have the views, facts, policies and suggestions on all hands and there is the Hon'ble Food Minister to meet all those points so that there may be a circumspect debate—there may be a discussion—and the country may know what transpires in the minds of its representatives in this House instead of trying to keep the people mum and dumb and to pass on things with which one would like to lead astray or mislead the people with wrong notion——

SJ. SIBNATH BANERJEE: On a point of order, Sir. My point of order is this. He can speak on the food problem—on the resolution—he is quite welcome, but, Sir, whether there should be a debate or not that is your prerogative and he should not usurp the prerogative of the Chair. Therefore, what he has been speaking for 15 minutes is absolutely and utterly irrelevant—the other adjectives that he used I quote. The speech that he delivered is utterly irrelevant, utterly useless and I hope you will kindly rule him out of order.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Instead of wasting time, the debate might proceed and the honourable member in possession of the floor of the House may, if you please, be allowed to continue his speech and the House may have an opportunity to listen to him.

Dr. SURESH CHANDRA BANERJI: স্যার, আমি দু'টি প্রশ্নের answer চাই। প্রথম হচ্ছে, Government পক্ষের কতজন বক্তা বক্তৃতা করবেন এবং কত সময় নেবেন; দ্বিতীয় হচ্ছে আজকে House কতক্ষণ চলবে। আমাদের ৫টা প্রস্তাব আছে এবং আমরা সেগুলি সম্বন্ধে বলতে পারব কি না?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: The names of the speakers have been supplied to the Speaker of the House. It is for him now to ask the speakers to stand up and speak. It is not for us to say anything. We have supplied the list to him.

Dr. SURESH CHANDRA BANERJI: আপনারা time control করে দিন। ১০ মিনিট করে সময় দিন।

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: According to your dictate?

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, আমার প্রশ্নগুলির কি ব্যবস্থা করলেন?

Mr. SPEAKER: The House has taken about 25 minutes in talking about this question of privilege. I did not interfere very much because today is the last day. But let us remember that questions of privilege and questions of order should always be raised on as few occasions as possible because that interrupts the speech. The point is as to what I should do. The question is, today is the non-official day. A non-official resolution is here. If members desire to take part in that debate, I cannot prevent them from taking part in it. The question of controlling the speakers on the one side or the other is the business of different parties of the House. Today being the non-official day and the question before the House being the food debate and as the problem of food position is prevailing in most mofussil areas—not in one or two areas but in most mofussil areas—if members wish to speak, I do not think I can stop them from speaking. Therefore, there cannot be a question of privilege in this matter.

With regard to the question of order, I do not think there is any point in that because if the Opposition desires to know the views of the Govern-

ment as to what they wish to do, then the Government are entitled to say as to what they have to say in this matter. Under the circumstances, it is for the members of the House themselves to consider as to how to curtail their speeches and how to finish the work. So far as I am concerned, I cannot stop any member from speaking. I now ask Janab Mudassir Hossain to speak and I would request him to be as brief as possible.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I was saying that in the Koran Mohammad has been described as خاتم النبيين that is, he is the last of the Prophets, he is the last of the apostolic dispensation; that means, after Mohammad there would be no apostles or there would be no Prophet and the reason for this is that the days of apostolic revelation, the days of Koranic revelation are gone and past. It is a modern age which has arrived, the modern age has revived. Therefore the days of revelation, the days of apostolic revelation have been closed after Mohammad. After that begins the modern age. Now, who are the apostles? It is the advanced nations who have brought in bright results in the field of economy, in the field of science, in all fields of material subjects. They are the leaders, they are the apostles. Therefore, Sir, I say that in this life " সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ: " that means, if you like to improve yourself follow the advanced nations, their conditions, their circumstances.

Sir, the same thing occurs because we are all very religious people. We, the Hindus and Muslims of India, are very religious people. If we quote from Koran or Gita or from Upanishad, that will be very interesting to you and that is also scientific.

বুদ্ধং শরনং গচ্ছামি, সঙ্ঘং শরনং গচ্ছামি, ধর্ম্মং শরনং গচ্ছামি।

We should follow the greatest leader who had brought in a millennium in the world.

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER: Your time is up.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I am finishing. Sir, that is the way in which scarcity can be driven out from this land of ours.

Then as regards another thing and it is very important, I mean control, procurement——

Mr. SPEAKER: Please sit down; your time is up. Yes, Mr. Zaman.

Sj. HEMANTA KUMAR BASU: On a point of information, Sir. কতক্ষণ এই House চলবে?

Mr. SPEAKER: Let us sit up to 7. After 7 o'clock it will depend upon the will of the House.

Sj. HEMANTA KUMAR BASU: এতদিন কোন debate হল না, আজ কেন হঠাৎ এত serious হলো?

Mr. SPEAKER: Hemanta Babu, that question has been raised. The thing is this: that this resolution is before the House. Now you wish to know something from the Government as to what resolution will be taken up and what will not be taken up. I can say this that as soon as the first resolution is concluded, the next resolution will be taken up, but if you interrupt in the middle of the speeches, it will mean more delay.

SJ. CHARU CHANDRA BHANDARI: শেষদিন আমরা bitter কিছু করতে চাই না, শুধু debate করব।

SJ. HEMANTA KUMAR BASU: Leader of the House এবং Leader of the Opposition দু'জনে মিলে ঠিক করে নিন কতজন বক্তৃতা করবেন। আপনারা ত এতদিন কেউ কিছু বলেন নি, Dr. Royই এতদিন House চালিয়ে গিয়েছেন।

SJ. KANAI LAL DE: আমরা যদি আপনাদের মতন হতাম তহলে municipal আইন pass করতে পারতেন না।

Janab A. M. A. ZAMAN: মাননীয় স্পীকার, স্যার, প্রথমে আমি ভেবেছিলাম আমি কিছু বলব না, কিন্তু ওদিক থেকে বার বার একই কথা আমাদের শোনান হচ্ছে। তাঁরা ভেবেছিলেন electionএর আগে তাঁরা যা তা ব'লে চলে যাবেন। কিন্তু সেটি হতে আমরা দেব না; তাঁদের জানা দরকার, প্রত্যেকের বলার অধিকার আছে এবং এখানে প্রত্যেকেই ভোটে এসেছে; প্রত্যেকে নিজের পায়ে দাঁড়িয়ে এসেছে।

আজ বাংলাদেশের প্রধান সমস্যা খাদ্য। তাঁরা যদি অন্যান্য প্রস্তাব আগে আলোচনা ক'রে পরে এই প্রধান প্রস্তাব সম্বন্ধে আলোচনা ক'রতেন তা হ'লে বুদ্ধিমানের কাজ হত। কারণ, এই খাদ্য সমস্যা নিয়ে তাঁরা যা তা ব'লে যাবেন তা হবে না, কারণ, আমরাওতো এখানে রয়েছি এবং গত ১৫ বৎসর এই Houseএ আছি। এই সমস্ত যা তা বলার উত্তর দিতে আমরাও জানি।

কাজেই আমার কথা হচ্ছে যে ভূতপূর্ব খাদ্য মন্ত্রীমহাশয়ের একটু চিন্তা করা উচিত ছিল যখন তিনি এই প্রস্তাব আনেন যে বাংলা দেশে কত লোকের ঘরে কত মণ খাদ্য উৎপন্ন হয় এবং কত লোককে ration দেওয়া দরকার। তিনি যদি সমস্ত জিনিষ পরিষ্কার করে বুঝিয়ে দিতেন, তা হ'লে গভর্ণমেণ্টও সব বুঝতে পারতেন কিন্তু সেদিকে তিনি যান নি। উনি শুধু প্রস্তাব এনেছেন এবং বলছেন, "দেখ হে দেশবাসী, আমরা তোমাদের জন্য কত ভাল করতে চাই। যেখানেই চালের দর ২৫ টাকার উপর সেখানেই full scaleএ ration দেবার প্রস্তাব করেছি" কিন্তু তাঁর ভাবা উচিত ছিল যে বাংলা দেশে কত জমিতে ধান ও কত জমিতে পাট চাষ হতে পারে। কত উৎপন্ন ধান বাদে India Government কত ration দিতে পারে এবং সমস্ত লোককে যদি ration দিতে হয়, তা হ'লে কোথা থেকে তা আনতে হবে তার একটা হিসাব দেওয়া উচিত ছিল। কিন্তু তা তিনি দেবেন না। আজ উঁনি কংগ্রেস থেকে চলে গিয়ে বলছেন কংগ্রেস ভাল নয়। কিন্তু যতদিন পর্য্যন্ত উঁনি কংগ্রেস পার্টিতে ছিলেন, ততদিন ওঁনার মতে কংগ্রেস ভাল ছিল। আজ বলছেন কংগ্রেস ভাল নয়। তিনি যতদিন এই ministryতে ছিলেন, ততদিন ministry ভাল ছিল, আজ উঁনি ministry থেকে বেরিয়ে গিয়ে বলছেন এটা খারাপ। ওঁনার এই ministryতে থাকবার সময় বুঝি এটা খারাপ ছিল না?

দিল্লীতেও দেখলাম scheduled casteএর প্রতিনিধি ডাঃ আম্বেদকার বলেছেন যে "ministryতে থেকে কয়েকটা টাকা নিয়ে কি হবে, তার চেয়ে electionএর propoganda করলে ভাল হয়।" এই যে সব এঁদের ফাঁকীবাজী, তা আজ দেশবাসীর কাছে ধরা পড়েছে।

দেশবাসীর টাকা পয়সার অভাব সত্ত্বেও, বায়স্কোপের টিকিটও কম বিক্রয় হয় না? সেখানে টিকিট কেনবার জন্য বেশ line বেঁধে যায়। দেশে এই যে একটা ভীষণ জিনিষ সৃষ্টি হয়েছে; ঠিক এই রকম সিনেমা, বায়স্কোপের মত এঁরা দেশের লোককে ভুলিয়ে রাখবার জন্য, নানা রকম propoganda করে লোকদের পাগল করে তুলছেন। কারণ, সমস্ত লোক পাগল হয়ে গেলে, তারা বলতে থাকবে যে, "আমাদের গভর্ণমেণ্ট, আমাদের জন্য কিছুই করছেন না, এই কথা তাঁরা ভাবছেন। তাঁরা যদি সত্য সত্যই দেশকে ভাল বাসতেন তাহলে দেশবাসী যাতে খাদ্যদ্রব্য পায় তার জন্য চেষ্টা করতেন এবং গভর্ণমেণ্টকে constructive suggestion দিতেন, কিন্তু তা তাঁরা করছেন না।

গ্রামে বহু জমি পতিত অবস্থায় পড়ে আছে, সেখানে হাল দেওয়া যাচ্ছে না, এবং তার জন্য দায়ী গভর্ণমেণ্ট, এই কথা ওঁনারা বলছেন। ওঁদের এই যে propoganda করা ওঁর একমাত্র উদ্দেশ্য হচ্ছে যে এই ধরণের মিটিং করে যাতে দু-চার আনা পয়সা তাঁদের পকেটে থাকে। তাঁদের প্রত্যেকটি দল এই রকম ভাবে কাজ করছেন। বাংলা দেশে Opposition দল ক্রমশঃ বেড়ে চলেছে এবং Opposition দলের মধ্যে যে গোলমাল তা মিটমাট

হচ্ছে না। এই সমস্ত দলগুলি যদি একটু চেষ্টা করতেন তা হ'লে দেশের খাদ্য শস্য বাড়ানর কাজে যথেষ্ট সাহায্য করতে পারতেন, কিন্তু তা তাঁরা করতে রাজী নন। ওঁনারা চান যে দেশে দুর্ভিক্ষ হোক, এবং সেই দুর্ভিক্ষের রূপটা সর্ব্বত্র ছড়িয়ে দেব।

আজকে ওঁনারা বলছেন গভর্ণমেণ্টের মধ্যে corruption ঢুকেছে। ঠিক কথা। কিন্তু চাকরী কে করে? corruption গভর্ণমেণ্ট না দেশের জনসাধারণ? এখানে যে দশ বার জন মন্ত্রী রয়েছেন, তাঁরা সবাই কি এর জন্য দায়ী, না আপনাদের যে সমস্ত লোক গভর্ণমেণ্ট ডিপার্টমেণ্টে কাজ করছেন তাঁরা দায়ী? আপনারা যখন মন্ত্রী ছিলেন, তখন আপনাদের লোকও ত দুর্নীতিপূর্ণ কাজ করেছেন, এটা অস্বীকার করলে চলবে কেন? গ্রামের সাধারণ লোকও আপনাদের জানা শুনা লোকই ত পুলিশের দারোগা বা Inspectorকে ঘুষ দেয়। সুতরাং এই সমস্ত corruptionএর জন্য জনসাধারণ দায়ী, গভর্ণমেণ্ট নয়।

ওঁনারা বলছেন যে আজকে Food Departmentএর এই কথা পরিষ্কার করে বলা উচিত ছিল যে আমরা foodএর জন্য এত করেছি। আবার অনেকে বলেছেন যে বহু লোক অনাহারে মারা গিয়েছে এবং এই খবর Subdivisional Officer ও District Magistrateকে দিয়েছেন। কিন্তু এই সমস্ত লোক মরবার আগে তাঁরা খবর দেননি।

(Here the blue light was lit,)

মিঃ স্পীকার, স্যার, আমি এখনও আমার বলবার আসল lineএ আসিনি, আমাকে একটু বেশী সময় না দিলে হবে না। অনেক কিছু বলবার জন্য আমার মনটা লাফাচ্ছে।

Mr. SPEAKER: আচ্ছা, আপনি বলুন।

Janab A. M. A. ZAMAN : ওঁনারা বললেন যে ১০-১২ জন লোক অনাহারে মারা গিয়েছে। কিন্তু তাঁদের মুখ থেকে ত কখনও শুনিনি যে, এতজন পরিবারকে তাঁরা রক্ষা করেছেন। তাঁরা চান যে দেশের লোক মরুক এবং তাদের dead body এনে গভর্ণমেণ্টের বিরুদ্ধে propaganda করতে চান। কিন্তু তাঁরা কতটুকু খাবার প্রস্তুত করে দেশবাসীকে খাওয়াতে চেষ্টা করেছিলেন? সেগুলি একবার তাঁদের চিন্তা করা দরকার। আজকে সে দিকে তাঁরা কেউ যান নি। আজকে গভর্ণমেণ্ট যে লক্ষ লক্ষ টাকা refugeeদের দিচ্ছেন, আপনারা এই টাকা কি তাদের কাজে লাগাবার চেষ্টা করেছেন? উল্টে তাদের নানাভাবে সর্ব্বনাশ করেছেন। আজকে এই যে Socialist Party এবং Krishak-Proja-Mozdur Party refugeeদের নিয়ে ছিনিমিনি খেলছেন এবং বোধ হয় মনে করছেন যে আগামী electionএ জিতে, তাঁরা নিজেদের গভর্ণমেণ্ট form করবেন। কিন্তু তাঁদের এই সমস্ত কথা ভাল করে চিন্তা করা উচিত ছিল। কিন্তু তা তাঁরা করেন নি। খালি কতকগুলি মিথ্যা, বাজে কথা খবরের কাগজে ছেপে লোককে পাগল করছেন এবং ভাবছেন যে লোকদের পাগল করে নিজেরা গদী দখল করবেন। কিন্তু এই পাগলরা একদিন বুঝবে যে কে তাদের পাগল করেছে। আমার মনে হয় সে দিন আর বেশী দূরে নেই।

আজকে খাদ্যের জন্য গভর্ণমেণ্ট কি করছেন, সেটা ভাল করে সকলের বোঝা উচিত। কত খাদ্য বাইরে থেকে আসছে আপনারা সকলেই জানেন। সুতরাং সত্য কথা বললেই ত হয়। সকলেই ১০-১৫ টাকা মণ দরে চাল পাচ্ছেন এবং তার এক মাত্র কারণ, rationing ব্যবস্থা চালু আছে বলে। এটা যে একটা সুন্দর ব্যবস্থা সে কথা কেউ বলছেন না। আপনারা সত্যিকার একবার বুকে হাত দিয়ে বলুন ত বাংলা দেশের মধ্যে দুর্ভিক্ষ কি এত দলাদলি করলে ঘুচবে? বাইরে থেকে খালি খাদ্য আনলেই কি সব হবে? খাদ্য distribution করবার জন্য যা করা দরকার সেটা আপনারা প্রত্যেকে করুন। তা না করে আপনারা খালি চেষ্টা করছেন যে দেশে খাদ্যশস্য যাতে উৎপন্ন হতে না পারে এবং গ্রামের চাষী, মজুরদের চাকরী দেব বলে ভুলিয়ে সহরে নিয়ে আসছেন, যাতে তারা এখানে এসে গভর্ণমেণ্টের কাছে বলে, "আমাদের খেতে দাও।" এই ভাবে তাঁরা গদী দখল করবার চেষ্টা করছেন।

এখানে একটা গল্প বলে আমার বক্তব্য শেষ করছি। কোন একটা নদীর পশ্চিম পাড়ে এক সাধু ছিল। সেই সাধু প্রতিদিন সকাল বেলায় উঠে স্নান করে জপতপ করতেন। একদিন সে দেরী করে ওঠায় তাড়াতাড়ি নদীতে স্নান করছিল। এমন সময় সে দেখল নদীর পূর্ব পাড়ে আর একটি সাধু, সেও খুব তাড়াতাড়ি স্নান করছিল। এই সাধুটি তখন ভাবল যে ঐ অপর পাড়ের সাধুটি খুব ধার্মিক, এবং বোধ হয় আমার মত দেরীতে ওঠায় খুব

তাড়াতাড়ি স্নান করছে, জপতপ করবার জন্য। কিন্তু ঐ ওপাড়ের সাধুটি ছিল একজন মস্ত বড় ডাকাত এবং এই ডাকাতিই তার ব্যবসা ছিল। সে সারা রাত জেগে ডাকাতি ক'রে এখন সকাল বেলায় সাধু সেজে স্নান করছে আর মনে মনে টাকা গুণছে। সে ভাবল ঐ পশ্চিম পাড়ের সাধুটিও আমার মত একজন মস্ত বড় ডাকাত। বেটা সারা রাত্রি চুরি করে, এখন সাধু সেজে তাড়াতাড়ি স্নান করছে, আর মনে মনে টাকা গুণছে। কাজেই এখানে দেখা যাচ্ছে যে চোর, সে অন্যকেও চোর ভাবছে এবং যে সাধু, সে অন্যকে সাধু ভাবছে। কাজেই এখন চিন্তা করে দেখা উচিত যে এখানে কে এবং কত সাধু আছে। বোধহয়, ওঁরাও ওপারের সাধুর মত ভাবছেন যে আমাদের গভর্ণমেণ্ট চোর। ওঁনারা যদি এপারের সাধুর মত চিন্তা করতেন তা হ'লে কি করে খাদ্য বাড়ান যায় সে সম্বন্ধে চিন্তা করে কথা বলতেন। আমরা গভর্ণমেণ্ট sideএ রয়েছি বলেই যে আমরা ওঁদের বন্ধু নয়, এবং ওঁনারা ভাবছেন যে আমরা অন্ধের মত Governmentকে support করব কিন্তু, তা নয়। সুতরাং চারুবাবুর যে প্রস্তাব তা ঠিক কার্য্যকরী নয়। এই প্রস্তাবটা আনবার আগে তার একটু চিন্তা করা উচিত ছিল।

(Here the red light was lit.)

(Sj. SIBNATH BANERJEE: আপনার লালবাতি জ্বলল।) আপনাদের আগেই জ্বলেছে।

Sj. NISHAPATI MAJHI: মাননীয় স্পীকার মহাশয়, সরবরাহ বিভাগের প্রাক্তন মন্ত্রী শ্রদ্ধেয় চারুচন্দ্র ভাণ্ডারী মহাশয় যে প্রস্তাব খাদ্য বিষয়ে এখানে উপস্থিত করেছেন, তার মূল বিষয়টা হচ্ছে এই যে ২৫৲ টাকার বেশী চালের দর এই পশ্চিমবঙ্গের যেখানেই আছে এবং যেখানেই খাদ্য মূল্য দ্রুত বৃদ্ধি পাচ্ছে সেই সব স্থানে পূর্ণ খাদ্য রেশন প্রবর্ত্তন করা হোক। তাঁর এই প্রস্তাব আজ সত্যই অনেকের কাছে চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। অনেকেই ভাববেন যে যেখানে খাদ্যের এইরূপ গুরুতর পরিস্থিতি সেখানে কেন এই প্রস্তাব গভর্ণমেণ্ট সমর্থন করছেন না। এর উত্তরে বিনীতভাবে শ্রীযুক্ত ভাণ্ডারী মহাশয়ের কাছে বোধ হয় এই নিবেদনটা করতে পারি যে এখন পশ্চিমবঙ্গে যত জিলা আছে তাতে ১ কোটি ৭০ লক্ষ মণের কাছাকাছি চাল এবং গমজাত দ্রব্য উৎপন্ন হয়। যদি এই পরিকল্পনার আভাষ অনুযায়ী ৩১টী মহকুমায় পূর্ণ মাত্রায় খাদ্য রেশন দিতে হয় পশ্চিমবঙ্গ প্রদেশে আরো যে ৫৩ লক্ষ লোক বেড়েছে তাদের শুদ্ধ, তবে কম সে কম ৪ কোটি ৭০ লক্ষ মণ খাদ্যের দরকার।

দ্বিতীয় প্রশ্ন, এখানে বিচার্য্য বিষয়,—যে গভর্ণমেণ্ট আজ ২ কোটি ৭০ লক্ষ মণ খাদ্য এই প্রদেশ এবং বাইরে থেকে সংগ্রহ করে কোন রকমে খাদ্য rationing টিকিয়ে রেখেছেন, আজ সেই গভর্ণমেণ্ট কি প্রকারে ৪ কোটি ৭০ লক্ষ মণ খাদ্য সংগ্রহ করতে পারবেন—এবিষয়ে যদি পরামর্শ দিয়ে কথা বলতেন নিশ্চয়ই আমরা তা' সাদরে মেনে নিতাম, কিন্তু সে বিষয়ে তিনি কোন পরামর্শ দেন নাই। কেবল তিনি একটা উদাহরণ দিয়েছেন যে সুন্দরবন অঞ্চলে জোৎদারদের অনেকের ঘরে অনেক চাল আছে। সুন্দরবন অঞ্চলের কোন কোন লোক কচুর শাক খেয়ে আছে।

গরীব এবং দরিদ্র মধ্যবিত্ত পরিবারের যাঁরা, যাঁদের ক্রয়শক্তি অল্প, তাঁদের এই খাদ্য মূল্য বৃদ্ধির জন্য সত্যই একটু বেদনাদায়ক অবস্থা হয়েছে একথা আজ অস্বীকার করবার উপায় নেই। আর যাঁরা পূর্ববঙ্গ হতে এসে আমাদের পশ্চিমবঙ্গে আশ্রয় নিয়েছেন—হয়ত তাঁদের এক একটা familyতে ১০।১২ জন লোক আছে, তার মধ্যে মাত্র ২।৪ জন হয়ত তিন দিনে ১।০ কি ১।।০ টাকা মজুরি পান, সে পরিবারের পক্ষে ৩।৪ সের চাল কেনবার উপায় নাই। আজকে সেইজন্যও এই সব আশ্রয়প্রার্থীর দিকে তাকিয়ে খাদ্য বিতরণের আংশিক ব্যবস্থা করতে গভর্ণমেণ্ট বাধ্য হয়েছেন। উত্তর বাংলার এবং পশ্চিম বাংলার কোন কোন অঞ্চলে আর কলকাতা শহরে রেশন ব্যবস্থা গভর্ণমেণ্টকে বজায় রাখতে হচ্ছে।

বন্ধুবর শিবনাথ বাবু বলেছেন এই খাদ্য বিষয়ে আলোচনা করা অবান্তর। কেন না গভর্ণমেণ্ট ত ঘোষণাই করেছেন ২৫৲ টাকার বেশী যেখানে খাদ্য মূল্য হবে—সেখানেই চাল দেওয়া হবে। এর উত্তরে বলছি যাদের ক্রয়শক্তি অল্প, যাদের কথা উপরে উল্লেখ করেছি, তাদের আমরা ভাগ করেছি A এবং B classএ। জেলায় জেলায় District Magistrateরা নিজের নিজের Officer দিয়ে এক একটা তালিকা করান, সেই তালিকা অনুসারে নিম্নমূল্যে খাদ্য দিয়ে এদেশের খাদ্যের জটিল অবস্থার ধীরে ধীরে সমাধান করা হচ্ছে। আজ এই বিষয়টা খুব গভীরভাবে সকলেরই বিবেচনা করা দরকার—এই হচ্ছে আমার ব্যক্তিগত মত। "প্রবাসী" পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছিল তার শেষ অংশে লেখা হয়েছে পশ্চিম বাংলার খাদ্য সমস্যা এমন অবস্থায় এসে পড়েছে

যে সকল দলের সম্মিলিত চেষ্টা ছাড়া এর সমাধান সুদূরপরাহত। আমার ব্যক্তিগত মতও তাই। প্রত্যেকের নিজের অন্তরকে আজ প্রশ্ন করা উচিত—খাদ্য সমস্যাকে রাজনীতির বাইরে রেখে, কে আমরা কতকখানি খাদ্য উৎপাদনের দিকে এবং সংগ্রহের দিকে অগ্রসর হতে পারি। শ্রদ্ধেয় গুপ্ত মহাশয়ও এই কথাই বলেছেন। আপনারা বোধহয় জানেন মাঝে মাঝে আমাদের খাদ্য ভাণ্ডারের অবস্থা এমন জটিল হয় যে আমাদের ছুটে যেতে হয় যেখানে দেশে খাদ্য আছে। কিন্তু এ সম্পর্কে আমি দুঃখের সঙ্গে বলব আপনারা এখানে খাদ্য সম্বন্ধে আলোচনা করুন, কিন্তু সেটা করবেন আমাদের খাদ্য সংগ্রহে বাধা দিয়ে নয়। এমন কিছু করা উচিত হবে না যাতে খাদ্য সংগ্রহ না হতে পারে। আমাদের খাদ্য বিভাগের অনেক Officerএর সম্পর্কে এমন ঘটনা ঘটেছে যা নাকি বলবার নয়। আমার কথা হচ্ছে আমরা দেশকে এমনভাবে গড়তে চাই না যাতে লোক অনাহারে থাকে। আমরা দেশকে সেইভাবেই গড়তে চাই যাতে খাদ্য সমস্যা অল্পদিনের মধ্যেই সমাধান হয়। শুধু জলসেচের দ্বারা তা' হবার নয়। খাদ্য সমস্যা সমাধানের জন্য চাই মানুষ, চাই সকলের সমবেত চেষ্টা। আজকের এই দুর্দ্দিনে কর্ত্তব্য হচ্ছে—যে যতটা পরিশ্রম করি তার চেয়ে বেশী পরিশ্রম সকলকেই করতে হবে। আমরা খাদ্য সমস্যা নিয়ে যতটা চিৎকার করি—সেই অনুপাতে পরিশ্রম কি করি? রবীন্দ্রনাথের সেই যে বাণী যেখানে ধূলা মাটিতে চাষী চাষ করছে—পাথর ভেঙ্গে, রৌদ্রে পুড়ে, বৃষ্টিতে ভিজে চাষ করছে, বারো মাস খাটছে, সেই কাজে সকলকেই আজ যেতে হবে, কে অতটা করতে প্রস্তুত আছেন। ওদিকের বক্তার পর বক্তা বলছেন, মাননীয় নেতা বলছেন, যে গভর্ণমেণ্ট কিছুই করছেন না। আমি গভর্ণমেণ্টের পক্ষের একজন Parliamentary Secretary বলেই যে বক্তৃতা করে আপনাদের সময় নষ্ট করছি, তা নয়, আজ চোখের সামনে আপনারা কি দেখছেন? এ বছর এমন জলকষ্ট হয়েছে যে পশ্চিম বাংলায় ভাল চাষ হতে পারছে না। কিন্তু ময়ূরাক্ষী পরিকল্পনার ফলে যতটা কাজ হয়েছে তাতে এবার চার লক্ষ একর জমিতে নিশ্চিত ফসল হবে। তা ছাড়া পশ্চিমবঙ্গেও দেখতে পাবেন বড় স্কীমের প্রয়োজন যদিও বেশী কিন্তু এখানেও ছোট ছোট স্কীমগুলিকে সহজে কার্য্যকরী করায় অনেকটা কাজ এগিয়ে গিয়েছে।

ওদিকের কোন কোন বন্ধু বাইরে লোকদের নিয়ে গোলমাল করে বেড়ান কিন্তু তাদের অন্ন দেবার কি ব্যবস্থা করেছেন? যেন তেন প্রকারেণ কেবল বিরোধীতা করলেই দেশসেবা হবে না, যেখানে ঘর নাই, সেখানে ঘর দিতে হবে, যেখানে জমি নাই সেখানে জমি দিতে হবে, যেখানে শস্য নাই সেখানে শস্য দিতে হবে। আমরা আজ ৪ বছর ধরে এই কাজে লিপ্ত আছি, তাতে আমার যতটুকু অভিজ্ঞতা হয়েছে তাই থেকে বলতে পারি খাদ্যের ব্যাপারে যদি রাজনীতি না ঢুকত তাহলে আমার দৃঢ় বিশ্বাস এবং সুস্পষ্ট অভিমত এই যে পশ্চিমবঙ্গে খাদ্যের দর এরূপ বৃদ্ধি হতো না। জনমত এবং শস্যের অভাব দূর করবার জন্যই প্রবল হয়ে উঠতো।

চালের বাজারে দেখা যায় হাজার হাজার মণ চাল মজুত ক'রে চোরা কারবার চলছে, ফল্পী আটছে, আর এদিকে অসংখ্য গরীব লোক চাল পাচ্ছে না। এমন লোক প্রায়শঃই চোখে পড়ে অনেকে চাল মাথায় করে বয়ে নিয়ে অপরকে অন্নহীন করে অন্যত্র চড়া দামে বিক্রয় করছে, যার পয়সা নাই সে ফেল্ ফেল্ ক'রে তাকিয়ে দেখছে—এইরূপ করুণ দৃশ্য দেখেও চোখ বুজে থাকি; কিন্তু এভাবে চলবেনা, এইসব দুঃখ দুর্দ্দশার কথা গভীরভাবে হৃদয়ে স্থান দিয়ে আমাদের অগ্রসর হতে হবে। নৈলে পরিষদে গালাগালি করা আর একদল আর একদলের নিন্দা করাতে কিছু লাভ হবে না। যদি আমাদের ঘরে চাল থেকেই থাকে তাহলে আমাদেরই ভাই খেতে পাবে না এইটা মনে মনে উপলব্ধি করে কার ঘরে কতটা ধানচাল আছে, কার দৈনিক কতটা প্রয়োজন অঙ্ক কষে বার করে, আমাদের কাজে অগ্রসর হতে হবে। অঙ্ক কষে দেখে যতটা প্রয়োজন ততটাই আমাদের সংগ্রহ করতে হবে। আজকে এখানে সকলেই আছি যদি আমরা এইভাবে চলি তাহলে আমি মনে করি আমাদের আর উৎপাদন বা সংগ্রহ নিয়ে বিব্রান্ত হতে হবে না।

আমি আর আপনাদের বেশী সময় নেব না। এর পরে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় আরো অনেক মূল্যবান তথ্য দিয়ে আপনাদের খাদ্যের অবস্থাটা বোঝাতে পারবেন। আমি জানি এ দেশে যে সব কাজ হয়েছে, তাহারা কতটা প্রতিকার হয়েছে। আজকে আমরা ১৯৪৩ সালের ও তৎপরবর্ত্তী যে ভয়াবহ দুর্ভিক্ষের জন্য আতঙ্কিত হয়ে উঠেছি, যার বর্ণনা দিলে বলতে হয় "গাছের পাতা পর্য্যন্ত ছিল না"—সেই দুর্ভিক্ষেরই সম্মুখীন হয়ত হতাম যদি আমাদের জাতীয় গভর্ণমেণ্ট না প্রতিষ্ঠিত হতো এবং শস্য সংগ্রহ না করা হতো। হতে পারে আজকে চারুবাবু বিরোধী দলে, কিন্তু একদিন ওঁরা সবাই ছিলেন উৎপাদন করার দিকে। আজ তাঁরা দেশের কথা ভুলে রাজনীতির গুরুদেব হয়েছেন। আজকে তিনি ভিন্ন আসনে হয়ত বসেছেন, কিন্তু একদিন তিনি আমাদেরই মন্ত্রী ছিলেন

তখন ব্রত ছিল কি করে অন্ন দিয়ে দেশের লোকের শক্তি বাড়ানো যায়, কি করে দেশের লোকদের শিক্ষিত করে তোলা যায় ও দেশের নবলব্ধ স্বাধীনতাকে সফল করা যায়। সেইজন্য আমি মনে করি আজকে নানা বিষয়ের আলোচনা করলেও এ সকল বিষয়ে যখন আজও আমরা এক মত, এবং অনেকটা একই পথ যখন আজও আমাদের রয়েছে তখন আমি সবিনয়ে নিবেদন জানাচ্ছি আসুন আমরা গ্রামের শক্ত মাটিকে উর্বরা করে তুলি, সুজলা সুফলা করে তুলি। এই হচ্ছে আমার আপনাদের কাছে নিবেদন। আমি আবারও বল্‌ছি, আসুন গ্রামের প্রাণপ্রতিষ্ঠা করি এবং বাংলাদেশকে "সোনার বাংলায়" পরিণত করি।

শ্রদ্ধেয় চারুবাবু যে প্রস্তাব এখানে এনেছেন যুক্তির দিক ও অন্যান্য সকল দিক বিবেচনা করে দেখা যায় তার কোন প্রয়োজন নাই।

Sj. KANAI LAL DE: মাননীয় সভাপাল মহোদয়, এইসব গালভরা কথা শুনতে বেশ ভাল লাগে। তিনি যেভাবে দেশের খাদ্যসমস্যা সমাধানের যুক্তি দেখিয়েছেন তা তাঁর সমর্থিত সরকারের গত ৪ বৎসরের কার্য্যাবলীতে প্রমাণিত হয়েছে। আজ দেশে ভয়াবহ খাদ্য অনটন উপস্থিত; কারণ, বহু জায়গায় নাকি ভাল ফসল হয় নি। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি গতবৎসর ভাল ফসল হ'লেও বহু জায়গায় ৮০ টাকা পর্য্যন্ত চা'লের দাম উঠেছিল কেন? তার কারণ আর কিছুই নয়, একমাত্র এই সরকারের অব্যবস্থার ফলেই এটা হয়েছিল।

আজকে দেশের এই খাদ্যাবস্থার জন্য দায়ী সরকারী ব্যবস্থা। তাঁরা খাদ্য সম্বন্ধে যে নীতি অবলম্বন করেছেন তাতে কোন সমাধান তো হবেই না, বরং ক্রমে ক্রমে খাদ্যের অবস্থার অবনতি ঘটবে। ময়ূরাক্ষী, দামোদর ইত্যাদি বড় বড় পরিকল্পনার কথা ব'লে লোককে সান্ত্বনা দেন, "এই তো হ'য়ে যাচ্ছে তোমাদের ব্যবস্থা, এই পরিকল্পনাগুলি শেষ হ'লে দেশে আর অভাব থাকবে না।" খগেনবাবু বলেছেন Control রাখা প্রয়োজন। Control থাকা সত্ত্বেও বহু জায়গায় ৭০।৮০ টাকা দরে চাল বিক্রী হচ্ছে। এই Control ব্যবস্থার ফলে যারা উৎপাদন করে তারা বেশী দামে চা'ল কিনে খাচ্ছে, আর কলকাতার লোক ১৭ টাকা চাল কিন্‌ছে। এই তো হ'ল Controlএর অবস্থা। এই যে কলকাতা সহরে Ration দেওয়া হচ্ছে তা খেয়ে কি লোকে বাঁচতে পারে? লোকে বাধ্য হ'য়ে চোরাবাজারে ১৷৷০/১৸০ টাকা দিয়ে চা'ল কেনে। এঁরা বলেন দেশে চা'ল নাই, কিন্তু এইসব চাল আসে কোথা থেকে; টাকা থাকলে যে কোন পরিমাণ চাল কিন্‌তে পারা যায়। আজকে আমরা দেখ্‌তে পাই শিয়ালদহ ষ্টেশনের আশে পাশে বৈঠকখানা বাজারে অসংখ্য নরনারী চা'লের বস্তা সাজিয়ে বিক্রী করছে। এই হচ্ছে Control রাখার ফল। অন্য কোন গণতান্ত্রিক দেশে হ'লে তাঁদের এই অব্যবস্থার জন্য দেশবাসীর নিকট কৈফিয়ত দিতে হ'ত এবং সাজাও পেতেন। খাদ্য নিয়ে রাজনীতি না ক'রে তাঁরা যদি প্রকৃতই চাষীকে খাদ্য উৎপাদনে উৎসাহ দিতেন তা'হ'লে আজ খাদ্যের এই অব্যবস্থা হ'ত না। আমরা খাদ্য নিয়ে রাজনীতি করতে চাই না। Control, Permit, Licence দিয়ে তাঁরা খাদ্য নিয়ে রাজনীতি ক'রে কতক লোককে হাতে রাখছেন। জনসাধারণের জন্য তাঁদের দরদ নাই। তাঁরা বলেন দেশে দুর্ভিক্ষ নাই, কোন অভাব নাই; আমি তাঁদের challenge ক'রে বল্‌ছি আমার সঙ্গে চলুন, কত লোক না খেতে পেয়ে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে দেখিয়ে দেব। কিন্তু তাঁদের সে সাহস নাই। এদিকে আপনারা চিনির Control রেখেছেন, ১৫ আনা সের বিক্রী করছেন। এদিকে বাজারে ১৷৷০ সের বিক্রী হচ্ছে। চিনি যদি বেশী হ'য়ে থাকে তবে Control তুলে দিন। এঁদের বন্ধু Bombayর মন্ত্রী নির্ব্বাচনের জন্য কাপড় কল মালিকদের কাছ থেকে চাঁদা তুলছেন।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. Can such reflections be made on Hon'ble Ministers of other States? Their question does not arise. The honourable member is casting reflection on the Hon'ble Ministers of Bombay and the Hon'ble Ministers of Uttar Pradesh. Sir, this is highly undesirable and this portion should be expunged from the proceedings of the House and he should withdraw.

Sj. KANAI LAL DE: খবরের কাগজ থেকেই বলছি। আজ পর্য্যন্ত তার কোন প্রতিবাদ হয় নি।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, the honourable member does not know what he is talking about. The lie direct was given to such allegations on the floor of the Parliament itself at New Delhi and he tries to manufacture things and pass on here in the absence of Ministers of other States absolutely in an irrelevant manner and this is a precedent which should not be encouraged in any way.

Mr. SPEAKER: Well, I think no aspersion should be cast over the Ministers of other States. Their names should not be mentioned.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, that portion should be expunged.

Mr. SPEAKER: That I will consider.

Sj. SIBNATH BANERJEE: ওখানকার কথা না হয় থাক, এখানকার মন্ত্রীদের চুরি সম্বন্ধে ভাল ক'রে বলা হোক।

Sj. KANAI LAL DE: স্যার, আমি না হয় আমাদের মন্ত্রীদের কথাই বলি। আমাদের মন্ত্রীরা বহু লক্ষ মণ চা'লের হিসাবই দিতে পারেন নি। এই চা'ল যদি নষ্ট না হ'ত তা'হ'লে আমাদের দেশে খাদ্যাভাব হ'ত না। Procurement করার সময় শতকরা ১০ ভাগ wastage হয়, কিন্তু আমরা জানি আমাদের দেশে যদি শতকরা ১০ ভাগ ফলন বাড়ান যায় তা'হ'লে আমাদের দেশে ঘাটতি থাকে না। কিন্তু এত যে waste হচ্ছে সেদিকে তাঁরা একদম দৃষ্টি দেন না। একটু ভাল ক'রে অনুসন্ধান করলে দেখতে পাবেন যে বহু per cent. waste হচ্ছে। কিন্তু Government এখানে সব কিছু ধামা চাপা দিয়ে বলছেন যে, মাত্র 10 per cent. waste হচ্ছে। এই যে 10 per cent. wastage হচ্ছে, সেটা যদি বন্ধ করা যায় তা হ'লে তাঁরা যে অঙ্ক কষে হিসাব দেখিয়েছেন, তাতে খাদ্যের অভাব হয় না। খাদ্য উৎপাদন না বাড়িয়ে, খালি দেশে Control প্রথা চালু রেখে, কোন সুষ্ঠু ব্যবস্থা করা সম্ভব নয়। সরকারকে বৎসরে ৫৬০,০০০,০০০ মণ ধান চা'ল কিনতে হয় এবং তার জন্য আমাদের সরকারকে ৪০,০০০,০০০ টাকা দিতে হয়। এই ধান চা'ল কিনে তাঁরা বেশী দামে বিক্রয় করেন, তাঁরা এই ধান চাল ৪৷৷০ টাকা পর্য্যন্ত margin রেখে বিক্রয় করেন। আনা-নেওয়ার খরচ মণপ্রতি আট আনার বেশী পড়ে না অথচ আমাদের সরকারের একমণ চালে প্রায় ৪ টাকা করে খরচ পড়ে। চারবার ক'রে তাঁরা আনা-নেওয়া করেন, তিন বার ক'রে বস্তা বদলান এবং তার জন্য wastage ইত্যাদিতে বহু খরচ পড়ে যায়। (Here the blue light was lit) সুতরাং আজ এই বাংলা দেশে যে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে তার হাত থেকে পরিত্রাণ করবার ভার বাংলার সরকার নিয়েছেন এবং এখন তাদের কর্ত্তব্য এর একটা সুষ্ঠু সমাধান করা। তা যদি তাঁরা না করতে পারেন, জনসাধারণকে না খেতে দিয়ে মেরে ফেলেন তা'হ'লে তাঁরা মন্ত্রীত্বের গদি ছেড়ে দিন, কারণ তাঁরা গদিতে বসে জনসাধারণকে মারতে পারেন না।

মাটিতে যে গাছ থাকে সে মাটি থেকেই রস টেনে নেয়। সেইরকম আপনাদের Control চালু রাখার ফলে জনসাধারণ প্রয়োজনীয় জিনিস কিনতে পারে না। এই রকম একটা অসঙ্গত প্রথা চালু রাখবার আপনাদের কোন অধিকার নাই। সুতরাং আপনারা হয় এই Control সম্পূর্ণ তুলে নিন, আর না হয়, সকলে যাতে খাদ্য পায় তার ব্যবস্থা করুন।

Sj. RAJANI KANTA PRAMANIK: On a point of personal explanation, Sir.

Mr. SPEAKER: আচ্ছা বলুন,।

Sj. RAJANI KANTA PRAMANIK : আমার নামটা এখানে উল্লেখ হয়েছে। পূর্ব্ববর্ত্তী বক্তা কানাইবাবু বলেছেন যে একটা Committee formation হয়েছিল এবং আমি তার সভাপতি ছিলাম। এর reportটা আমি নাকি ধামাচাপা দিয়েছি। এ বিষয়ে আমি এই Assemblyতে পূর্ব্বে একবার উল্লেখ করেছিলাম, তিনি হয়ত সে কথা ভুলে গিয়েছেন, অথবা মনে থাকলেও সেটাকে চাপা দিয়ে অসত্য কথা বলেছেন। তখন বলা হয়েছিল যে এ বিষয়ে রীতিমত enquiry হয়েছে এবং report ধামাচাপা দেওয়া হয় নি। তাঁরা বলছেন যে 10 per cent. wastage হয়েছে কিন্তু সেই reportএ দেখান হয়েছে যে 2 per cent.এর বেশী loss হয়নি। এবিষয়ে Assemblyতে পূর্ব্বেই উল্লেখ করেছি। সুতরাং আমার মনে হয়, তিনি সব কিছু জেনে-শুনেও আজকে এই কথা বলছেন, এই সত্যকে চাপা দিয়ে অসত্য ভাষণ দিচ্ছেন।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Mr. Speaker, Sir, I thank the honourable mover of this Resolution for giving this House an opportunity to go fully into the question of food problem in the State. I

am sure that the Hon'ble Food Minister will take this opportunity and everybody must be waiting to hear him to give this House a full idea and a real picture of the food position in the State. Before anyone takes up the consideration of the food problem in West Bengal, one must realise that apart from the general post-war difficulty in respect of the food problem in India, in common with most countries in the world, there have been other factors upsetting our economy. There have been most unprecedented factors which have put a strain on the food resources of the State, as happened never before in history. I think honourable members of this House representing the unhappy people of this truncated Province of Bengal should rise to the height of their responsibility in realising that they are out to grapple with a difficulty which is of historic importance and of which there is no parallel in human history. It is in that view I think that honourable members will realise, as our country men do desire at their bitter cost, that food should not be made a question of party politics, and I think whatever may be the urges for securing election victories it will be dengerous and undesirable to toy with the problem of food or to try to make political capital out of it. They will be sowing the wind out of which they will have to reap the whirlwind, if they play with the question of food with a view to gain political advantage out of it. Sir, it is known to what an unprecedented proportion the non-producing population of West Bengal has increased—the proportion of population that does not produce any food but need their daily grub. The increase has been forty per cent. Not even by Aladin's magic lamp could the food production be increased by that percentage in conditions under which we are living. The State and the people are undoubtedly passing through difficulty owing to food shortage. The difficulty is there undoubtedly, but I think there is this consolation that Bengal and the people of Bengal have been fortunate to be able to avert that spectacle of famine as we witnessed in 1943. The upsetting of the economy was not there at that time to the extent to which it exists today, and the conditions today are far worse than they were in those days. Even so the famine was not averted because there was a hearless alien governing power ruling this land. Through the grace of Providence, with the formation of a National Government, it does not matter whichever group may be in power, confidence has been aroused in the mind of the people. It has been possible for the Government to avert a famine the spectacle of which we saw in 1943. It would not be out of place here to recall that soon after the National Government came into power for the first time in West Bengal, not with the Leader of the present Assembly but with Dr. Ghosh at the head of the Government and the honourable mover of this resolution as the Food Minister, there was a time when the food ration had to be cut down to the extent of rice cereal being reduced to three chittacks per head per day. That was a difficult time and a difficult and bold measure had to be adopted in order to avert the difficulty and a worse aggravation of the food problem. There were people who at that time tried to incite and instigate our unhappy miserable populace in the industrial areas and elsewhere wanting them to demand a restoration of the ration cut. There were people who even urged them to resort to strike in order to compel a restoration of the ration cut.

But that situation had been boldly met. We had to face the situation. When an appeal was made to the people whose ration had been cut either to share in times of scarcity and difficulty one man's normal food with three men on rationing principle in order to avert famine or to eat full stomach so that at the cost of one man's food two men might perish, our people instantly responded. Those men of ill-will, who were interested in the suicidal propaganda, came forward and urged that even in British times food ration had not been cut down to eight or nine chataks per head per

day, but the Congress Government of Dr. P. C. Ghosh had cut it down to three chataks of rice a day. We did then go forward and ask the people that those evil-minded men of ill-will were propagating those comparisons to conceal the truth that while in 1943 those who were getting rations got 7 or 8 or 9 chataks a day, fifty lakhs of men, women and children perished at that time and there was not even a single word of protest whatsoever at that time from those men. Even the Famine Investigation Commission expressed surprise that there was no revolt against famine and famine conditions. When we cut the ration we posed the question before the people: it is your National Government and the Congress Government that in the face of this difficulty has come forward and asked each person to share his normal food as between three of his fellowmen so that one might remain half-starved in need, but at least famine might be averted; and when you reap your next harvest you will have your full meal, but you should for some time at least remain half-starved in order to tide over the difficulty. And we saw that people responded and realised that it was criminal in those circumstances to demand restoration of the ration cut and they were content to face hardship cheerfully as a national duty to be satisfied with less food.

There again was a parallel complaint about the scarcity of cloth. This Government or rather the Government of India was accused of bringing about a cloth famine and evil men of ill-will propagated and incited ill-will against Government, but people understood that even at the cost of hardship on the score of cloth, because cloth had to be exported from India, and in exchange of that we got food to avert famine. And as soon as they were told of the real position they cheerfully agreed to a cloth ration cut so that they might save the lives of their brothers by getting food from abroad in exchange of cloth and thus avert famine. Such was the vital fact behind the scarcity of food, behind the scarcity of cloth and behind the stringent and hard methods which were adopted by Government in order to avert the repetition of the state of affairs which we had seen in Bengal. I do know that public memories may be usually and proverbially short, but historical memories may be short only at the peril of a nation which is to emerge out of a state of servitude. We are free today, but our freedom has not come with glory. Our liberty has come with tears, with the partition of the country, with families ruined and with poor people having lost all they had. They found themselves ruined in a day and had to start afresh. Those who had been running their household in the quiet corners of villages found themselves as refugees from Pakistan and it is their influx from different parts of the country that has caused a rise of 40 per cent. of the population and increased mouths to feed.

Then, again, it is well known that in Bengal there is a vast educated middle class. Unfortunately, it is a characteristic of our education that the educated strata get farthest removed from all productive activities, from production of food and other commodities. In other words, this educated strata in respect of the consumption of commodities of life become a dead-weight on the rest of the community that work for production. That again is a crime and a legacy in a system of education that has been left behind from foreign rule. Therefore, there are more mouths to scatter poison against Government to misguide people rather than work with their hands in order to produce grains. There are mouths that want to eat food but will not raise even their little finger in order to produce food. We know, Sir, that in the sandy desert of Israel men and women, illiterate and educated, the teacher and the student, big men and poor men, all have combined together as a single army of producers so far as production of food and other elementary necessities of life are concerned, and they have converted that sandy desert into a prosperous agricultural colony which

has defied the red-shot eyes of the big powers surrounding them. That is an example for us, for a country like India, for an unhappy State like West Bengal to follow. It is necessary today that instead of creating a big hullabaloo for futile demonstration and inactive, passive and wasteful agitation we should rather harness our energy for production of food. The cost of production of food is a difficult matter. Whenever you try to bring more land under cultivation the cost of labour with the scarcity of food becomes prohibitive and there are my friends opposite some of whom delight in inculcating a doctrine of "want more and produce less". They work in a manner that operate against the productive activity of the nation, and yet expect that the cost of production would not be more. That is an absurd proposition. In these circumstances our friends opposite would do well if they combined together and urged compulsory agricultural labour in order to minimise the cost of food production. There have been other nations which have passed through difficult times. They inspire their own men and women and fellow countrymen irrespective of party and group affiliations to engage themselves in free productive activity for production of food. That is the law for the survival of a nation in a crisis. We have not heard as yet such a course advocated by our friends opposite. We have not heard them advocate any such thing. They have simply come forward with a bare resolution urging that something should be done where the price has gone above Rs. 25, mentioning nothing whatsoever about the food situation, in respect of cost and amount of production.

Sj. SIBNATH BANERJEE: Sir, the blue light has been on for more than five minutes. It means that a warning is given that the time is going to be over and then comes the red light when only the sentence is allowed to be finished. The blue light is on just two minutes before the time-limit but in this case five minutes have passed since the blue light has been on. I want your ruling how we are to be guided in this matter.

Mr. SPEAKER: As a matter of fact I have not observed any hard and fast rule with regard to this blue light. I have used it as a warning and have allowed sometimes two minutes, sometimes three minutes and this has been allowed to members on both sides of the House.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, I can assure you that I shall not deprive my friend too long of the pleasure of seeing the red light in front of his nose. In this context, Sir, I wish to point out that not a single suggestion of constructive value which may lead anywhere towards the solution of the food problem has come forward from my honourable friends opposite. That shows the utter bankruptcy of their thought and ideas.

I appeal to them in conclusion to reorient themselves with a new outlook where the question of food is concerned. Sir, I need not say more. The endeavours which the West Bengal Government have made, the immense acreage which they are trying to bring under cultivation, the attempt to increase the yield per bigha or per acre, all that attempt will be narrated by the Hon'ble Food Minister and I shall not stand between him and the House any longer.

With this appeal I oppose this motion.

Sj. BASANTLAL MURARKA: Speaker Mahodai, Sir, Jo prastao abhi Charu Babu ney pesh kiya hai, main uska birodh kerta hoon, aur isike liey khara hua hoon. Charu Babu ager is prastao ko 2 barus pahley pesh kiya hota, ya ager is prastao ko aneywaley assembly men pesh kiya hota to main unko swagat kerta. Leken jub is samai chunao shuru honeywala hai, logon men bharanti phailaney ke liey yeh prastao lia gia hai. Is

prastao ka berodh kerney sey bharanti dur hogi. Isliey main berodh kerta hoon. Sub chizon ki tezi sarey sansar men phaili huie hai, Truman Saheb bhi jahi boltey hain, aur hamarey perdhan mantari Nehruji bhi yehi boltey hain. In chizon ki tezi janewali naheen hai. Sara Sansar ek mahajudh ke darwazi per khara hua hai. Is sey maloom hota hai ke mahasamar ke liey sara sansar chizon ko rakh raha hai. Tamam chizen tezi dam men kharidi jati hain, doosri bat yeh hai ke tamam khaney ki chizen baher sey ati hain—chawal Burma sey ata hai, Gehun Australia say ata hai, makie bhi baher sey ata hai. Pahley hamarey desh men un bohut tha, leken jub sey desh ko swatantrata mili hai, sub chizon ka ana bund hogiya hai, keonke doosrey doosrey desh bhi apney faidey ke liey ûn chizon ki rakhsha kertey hain. Is liey desh men tezi phaili huie hai. Desh ke jes koney men jai-ay tezi melegi, sarey sansar men tezi hai aur iska asar Hindustan men bhi para hai. Bengal ek chota sa perdesh hai aur is men 30 lakh purb Bengal sey agaey hain. Manipur sey leken Peshawar tak hamarey Bengali bhai phailey huey they, naukari kertey they, vakil they, Doctor they, ab wah sub bhai bhi doosrey doosrey deson sey hamarey Bengal men a rahey hain. Is liey Bengal ki sankhiya itni hogaie hai ab unka raksha kerna bohut mushkil hai. Hamarey khadh mantari ke bohut cheshta per bhi Bengal perdesh men jo tezi hai, uska kum kerna mushkil hai. Leken hum ûn birodhi bhaiyon sey appeal kerna chahtey hain, Robi Babu ke Bengal ke nam per appeal kertey hain, Vivikananda ke Bengal ke nam per appeal kertey hain, Khudiram ke Bengal ke nam per appeal kertey hain, Desbandhu Das ke Bengal ke nam per appeal kertey hain, Netaji Subash ke Bengal ke name per appeal kertey hain, ke āp log ājay aur sub milker pher Bengal ko soney ka Bengal banai-ay. Bengal ka raksha kerna sarey Hindustan ka raksha kerna hai.

Khali samalochona sey kuch naheen hoga. Āp vote ke liey jetna bhi parchar kijeay, leken janta achhi tarah janti hai, ke āp jehan logon men bharanti phailana chahtey hain. Congress ke nam per āey aur ab Congress ke perti birdesh phailatey hain. Aj hamara desh swantanter hua hai, Congress ke hath sey aur āj āp log Congress hi key perti desh men birodh phailana chahtey hain. Raja log Congress raj ke birodhi hain, zamindar log iskey birodhi hain, mill malek log iska birodh kertey hain, keonke ünko ziada tax lagega. Aj sadharan biopari bhi Congress ka birodh kertey hain, keonke Control honey ki sabal wah Black-marketting naheen kersaktey hain.

Aj hamarey kuch bhai jo rasta rasta men parade kertey hain aur isterion ko julus ke samney detey hain—aur nara lagtey hain ke, "Dhan naheen dengey, jan dengey", aur doosri taraf kahtey hain ke ration kum hai. Ek taraf millon ka strike karatey hain, aur doosri taraf kahtey hain ke kapra naheen milta hai. Yeh bari lajja ki bat hai, yeh theeck naheen hai.

Main apney tamam birodhi bandhuon sey appeal kerta hoon ke is kam ko choreay. Apko desh ka bohut kam kerna hai, aur Bengal ko pher sey soney ka Bengal banana hai.

Ap parastao laieay ke Mymensingh aur Santal Pargana ko pherti milna chaheay, to ke hamarey 30 lakh bhaion ko basa saken. Bengal ko soney ka Bengal banaiay, Bengal ko bachana hai.

Sj. ANNADAPRASAD MANDAL : মাননীয় স্পীকার মহোদয়, আজকে যে প্রস্তাব মাননীয় চারুবাবু এনেছেন আমি সে প্রস্তাবের তীব্র প্রতিবাদ করছি। এই প্রস্তাবটা আনা হয়েছে একটা রাজনৈতিক প্রচারের জন্য এই আমার ধারণা। আমি বর্দ্ধমান জেলার লোক, সেটা উদ্‌বৃত্ত অঞ্চল; আমি সাধারণত যেখানে থাকি সেটা হচ্ছে কালনা সহর। সেখানকার আমি একজন সাধারণ লোক। আমি আপনাদের জানাচ্ছি আমাদের সেই যে উদ্‌বৃত্ত অঞ্চল, সেখানেই আজ ৩২৲ টাকা চালের দর। চারু বাবুর প্রস্তাব

মত ২৫৲ টাকার উর্দ্ধে দর হলেই সেখানে যদি আজ full ration প্রথা প্রবর্ত্তন করা হয় তাহলে যারা চাষী ফসল উৎপাদন করে তারা ১৬৲ টাকা দরে কিনবে, কিন্তু বেচবে বেশী দরে। আমি এর তীব্র প্রতিবাদ করি এবং জোরের সঙ্গে বলছি এইভাবে full rationএর ব্যবস্থা করা উচিত নয়। আজকে আমাদের এই পশ্চিমবঙ্গের যা অবস্থা তাতে দেখা যায় অনেক জায়গায়ই ধানচালের দর বাড়ছে। আমাদের খাদ্যের প্রকৃত অবস্থা না জেনে এই যে প্রস্তাবটি আনা হয়েছে আমাদের পরিষদ সমক্ষে, যাতে নাকি আমাদের সমস্ত দেশের অবস্থার অবনতিই হবে।

আমি আরেকটি কথা বলছি; আমার বন্ধুগণ যাঁরা এই প্রস্তাব এনেছেন তাঁরা গ্রামে গ্রামে কৃষকদের মধ্যে প্রচারকার্য্য করে বলছেন তোমরা Governmentকে ধানচাল দিয়ো না। আমি জোরের সংগে বলতে পারি কৃষকগণ উপযুক্ত মূল্যে Governmentএর কাছে ধানচাল বিক্রী করেছে। এরা কৃষকদের ধান চাষ না করবার জন্য পুরোচনা দিয়েছেন; তাঁরা এই ক'রে দেশের সর্বনাশ করার চেষ্টা করছেন। কিন্তু চাষীরা জানে তাঁদের কথা শুনলে তাদের নিজেদেরই সর্বনাশ হবে। আমার বন্ধুদের বলতে পারি এই করে দেশ উদ্ধার হবে না। তাঁরাও তো একদিন গদিতে ছিলেন, সুতরাং আজকে দেশের অবস্থা বুঝে দেখা দরকার। এঁরা controlএর বিরুদ্ধে মত প্রকাশ করেছেন। কিন্তু নাসিক কংগ্রেস অধিবেশনে control প্রথার সমর্থনে প্রস্তাব পাস হয়েছে। শুধু তাই নয়, সমস্ত প্রাদেশিক খাদ্যমন্ত্রীরা মিলিতভাবে এই মত প্রকাশ করেছেন যে, control রাখা উচিত। আজ যদি control তুলে দেওয়া যায় তাহলে যে চাষী খাদ্য উৎপাদন করে তারা সর্বাগ্রে মরবে। এমতাবস্থায় আমার বন্ধুদের অনুরোধ করি তাঁরা যেন বর্ত্তমান অবস্থাটা একটু ভাল ক'রে বিবেচনা ক'রে দেখেন। দেশের খাদ্য নিয়ে রাজনীতি করা দেশের পক্ষে একটা অনিষ্টকর ব্যাপার এতে কিছুমাত্র সন্দেহ নাই। চারুবাবু যে প্রস্তাব আজ উত্থাপন করেছেন তা অত্যন্ত অন্যায় প্রস্তাব। আজ যদি তিনি মন্ত্রী থাকতেন তাহ'লে কখনই এই প্রস্তাব করতে পারতেন না। আজককে প্রত্যেকে উৎপাদন বাড়াবার জন্য উৎসাহ দিতে হবে। উৎপাদনের মনোবৃত্তি সৃষ্টি করতে হবে। আমি আরেকটা কথা এখানে বলতে চাই আমার বন্ধুদের সংবাদপত্রে খাদ্যের ব্যাপারে যে সমস্ত সংবাদ বের হয় তা সব সময় সত্য নয়। পরিশেষে আমি আমার বন্ধুদের অনুরোধ করে বলছি তাঁরা যদি এইভাবে চলেন তা হ'লে দেশের সমূহ ক্ষতি হবে। এই বলে আমি এই প্রস্তাবের প্রতিবাদ করছি।

SJ. HEMANTA KUMAR BASU: Mr. Speaker, Sir, চারুবাবু যে প্রস্তাব এনেছেন সেটা অত্যন্ত সরল ও সোজা প্রস্তাব। এই প্রস্তাবটার উপর Government Bench সভ্যদের এতটা উষ্মা হল কেন বুঝতে পারছি না। এতে শুধু এই কথা আছে যে যেখানে ২৫ টাকার উপরে চালের দর উঠবে সেই সেই জায়গায় যেন full-scale ration introduce করা হয়। Governmentএর দায়িত্ব দেশের লোককে খাওয়ান এবং সে দায়িত্ব তাঁদের পালনও করতে হবে। জনসাধারণের অধিকারও আছে এটা তাঁদের কাছে দাবী করবার। যদি তাঁরা আসন ছেড়ে দেন তাহলে তাঁদের কাছে কেউ দাবী করবে না। আগের বক্তা বলে গেলেন আমরা নাকি ধান চাষ করতে চাষীদের মানা করেছি। এতবড় মিথ্যা কথা কি করে যে বলা হল বুঝতে পারি না। Government বরং গরীব চাষীদের ধান জোর করে procure করছেন। জমিদার ও জোতদারদের সহযোগে তাঁরা গরীব চাষীর উপর অত্যাচার করেছেন বলেই চাষীরা আজকে ধান দিতে চায় না। এই অতি সরল ও সোজা প্রস্তাবটা তাঁরা কেন মেনে নিচ্ছেন না বুঝতে পারি না।

সুন্দরবনে ৫৭ সালে বাঁধ ভেঙ্গে নোনা জল ঢুকে লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়েছে। সেদিকে তাঁদের দৃষ্টি নাই; তাঁরা জমিদারী-প্রথা বিলোপের কোন চেষ্টা করছেন না, কারণ সেখানে শোনা যাচ্ছে তাঁদের বহু জমিদারদের fishery হবে। তাঁরা সেখান থেকে চাষীদের উৎখাত করার চেষ্টায় আছেন। যত দুর্নীতি, অপকার্য্য করছেন তাঁরা, কিন্তু দোষ দেওয়া হচ্ছে আমাদের। আমি নিজে অনেক scheme দিয়েছি, ১০ লক্ষ লোকের পুনর্বসতি করেছি, বাংলা দেশের বহু জমিতে বহু চাষী ও refugee বসিয়েছি। বহু জমি পতিত পড়ে আছে, কিন্তু চাষ আবাদের কোন ব্যবস্থা হচ্ছে না, অথচ বহু চাষী সেই সমস্ত জমিতে চাষ করতে প্রস্তুত আছে। কারণ এদের বন্ধুদের স্বার্থে আঘাত লাগছে।

আমি কিছু দিন পূর্বে বহরমপুর গিয়েছিলাম। সেখানে দেখলাম ৫০টা family গাছতলায় পড়ে আছে আর বড় বড় সরকারী কর্মচারীরা বড় বড় বাড়ীতে বেশ আরামে দিনযাপন করছেন। এই ব্যাপারে আমি District Magistrateএর সঙ্গে সাক্ষাৎ করেছিলাম। আমি জোর দিয়ে বলছি কংগ্রেস Government বলেই এটা সম্ভব হয়েছে। রাস্তায় লোক পড়ে থাকে, আর আপনারা গদিতে বসে বড় বড় কথা বলেন, আপনাদের লজ্জিত হওয়া উচিত। দায়িত্ব Governmentএর, সে দায়িত্ব পালন করা না হইলে জনসাধারণের অধিকার আছে কথা

বলায়। সুন্দরবনে যাদের ঘরবাড়ী বন্যায় ভেঙ্গে গিয়েছে তাদের সাহায্য না দিয়ে নিজেদের দলের লোককে সাহায্য দিয়ে election জিতবার চেষ্টা করছেন। এটা সত্য কি না, আসুন কোন্ মন্ত্রী যাবেন আমার সঙ্গে, আমি দেখিয়ে দিব। কিন্তু publicকে face করবার সাহস আপনাদের নাই। (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: কোন গাঁয়ে নিয়ে যাবেন? (Sj. CHARU CHANDRA BHANDARI: আমি এক গ্রামে নিয়ে যেতে পারি।) আপনারা শুধু বড় বড় কথা বলেন। সত্য মিথ্যা জনসাধারণ বুঝতে পারে না। আজকে জনসাধারণের খাওয়া পড়ার ব্যবস্থা করতে হবে, না হলে তারা জোর করে আদায় করবে। আজকে চীনের দিকে তাকিয়ে দেখুন। যেখানে আগে প্রতি বৎসর দুর্ভিক্ষে লক্ষ লক্ষ মারা যেত আজকে সেই চীন দেশে ৩ বৎসরের মধ্যে খাদ্যসমস্যার সমাধান হয়ে গিয়েছে। তারা জমিদারী-প্রথা তুলে দিয়েছে।

সুতরাং আমার বক্তব্য শেষ করে আমি বলতে চাই চারুবাবুর প্রস্তাব অতি সংগত প্রস্তাব। আরো ভেবে দেখুন ২৫ টাকা দিয়েই বা বাংলা দেশের ক'জন লোক চাল ক্রয় করতে পারে। এ নিয়ে ওপক্ষ থেকে ঠাট্টা বিদ্রূপ চলছে, এতে আমি আন্তরিকভাবে দুঃখিত।

পরিশেষে শুধু এইটুকু অনুরোধ করব যে, দেশের বর্ত্তমান খাদ্যাবস্থার পরিপ্রেক্ষিতে চারুবাবুর এই অতি সংগত প্রস্তাবটা আপনারা মেনে নিবেন।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, আমার এই প্রস্তাব সম্বন্ধে কিছু বলবার ছিল না। কারণ, আমি চেয়েছিলাম যে সবগুলি প্রস্তাব আসুক, তারপর যেটা ঠিক হবে, সেটায় সকলে মত প্রকাশ করবেন। কিন্তু, তা করা হয়নি। গভর্ণমেণ্ট ইচ্ছা করে, যা হেমন্তবাবু বলছেন sabotage করেছেন, যেন গভর্ণমেণ্ট সব কিছুতেই হাসি খেলা করছেন। খাদ্যের অভাব সম্বন্ধে কোন serious argument গভর্ণমেণ্টের পক্ষ থেকে শুনিনি। তাঁরা খালি sabotage করবার চেষ্টা করছেন এবং যখন দেখলাম গভর্ণমেণ্ট এই প্রস্তাবের আলোচনা আজ শেষ করতে দিবেন না, তখন আমি দু'চারটা কথা অতি সংক্ষেপে বলব।

প্রথমে আমি নীহারেন্দু দত্ত মহাশয় ও আর একজন বন্ধু যা বলেছেন তার প্রতিবাদে বলতে চাই যে খাদ্য সমস্যা নিয়ে কোন রাজনৈতিক প্রচার কার্য্য চালান উচিৎ নয়; এবং তা আমরা করতে চাইও না। আজ আমরা সমস্ত বিষয়টি seriously ভাবে আলোচনা করে শেষ করতে চেয়েছিলাম, কিন্তু গভর্ণমেণ্ট নিজের দুর্বলতা ঘুচে, খাদ্য সমস্যা নিয়ে রাজনীতি প্রচার কার্য্য চালান হচ্ছে বলেছেন। আমরা ভেবেছিলাম যে, মোটামুটি কথায় চারুবাবু যা বলেছেন তার উপর দু-চার জন মেম্বর বলবার পর মাননীয় মন্ত্রীমহাশয় উত্তর দেবেন এবং তারপর আলোচনা শেষ হয়ে যাবে। কিন্তু, গভর্ণমেণ্ট, তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করবার জন্য আজকে এতগুলি স্পীকারকে উপস্থিত করেছেন। তাঁরা নিজেরা করেন অপরাধ, আর অন্যের ঘাড়ে দোষ চাপান, এর চেয়ে লজ্জার বিষয় আর কিছু হতে পারে না। আমি আবার বলছি, আমরা তাঁদের মত কোন রাজনৈতিক propaganda করতে চাই না।

একথা সত্য যে পল্লী অঞ্চলের বহু জায়গায় চালের দর ২৫৲ টাকা হতে বেড়ে ৮০৲ টাকা পর্য্যন্ত হয়েছে। It is a fact. এটাও সত্য যে, যারা জনগণের সঙ্গে কাজ করেন, তাদের নিকট সুন্দরবন অঞ্চল ও নানা স্থান থেকে বহু লোক এসে তাদের দুঃখ দুর্দ্দশার কথা বলে। বর্ত্তমানে হাড়োয়া, হাসনাবাদ, জয়নগর ও কেনিং অঞ্চল থেকে বহু লোক আমার কাছে এসেছিল। তাদের বিশেষ অনুরোধে আমি হাড়োয়া থানার একটা গ্রামে গিয়েছিলাম এবং সেখানে যে দৃশ্য দেখলাম তা আমি জীবনে কখনও দেখিনি। ১৯৪৩ সালে যখন দুর্ভিক্ষ হয়, তখন আমি রাজসাহী জেলে ছিলাম। বাইরে দুর্ভিক্ষ চলেছে আর আমরা জেলের ভিতর থেকে ভালভাবে খেয়েছিলাম। কাজে কাজেই সেই ভয়াবহ দুর্ভিক্ষের দৃশ্য দেখবার আমার সুযোগ হয়নি। আমি সারাজীবন Famine relief ও Flood relief করে কাটিয়েছি, কিন্তু সে দিন সেখানে নিজের চক্ষে যা দেখলাম তা আমার প্রাণে লেগেছে। যারা আসছে, তাদের মধ্যে অধিকাংশই সাঁওতাল। তারা কেঁদে কেটে বলছে যে বাবু, আমরা সব জমি শস্য শ্যামল করে তুলেছিলাম, যেখানে বড় বড় জঙ্গল ছিল, বাঘের ও সাপের ভয় ছিল, তাদের সঙ্গে লড়াই করে সে সমস্ত জমিকে আমরা শস্য শ্যামল করে তুলেছিলাম। কিন্তু আজ জমিদাররা আমাদের এই জমি থেকে তুলে দিয়ে, তাড়িয়ে দিয়ে আমাদের জমি শূন্য করে দিয়েছে। আমরা ভাগচাষী, আমাদের আজ পেট ভরে খাওয়া জোটে না। এইভাবে না খেয়ে খেয়ে তাদের প্রায় মরবার অবস্থায় দেখলাম। আমার মুখ

দিয়ে কথা বেরুচ্ছিল না তবু তাদের জিজ্ঞাসা করলাম, তোমাদের এই অবস্থা হল কেন? ঠিক তারা যা বলেছিল, আমি তাই বলছি, যে সরকারের ব্যাপক ধান্য সংগ্রহ এবং খাদ্য নীতির ফলে চালের দাম এত বেড়ে গিয়েছে যে ৪০—৫০৲ টাকা দিলেও বাজারে পাওয়া যায় না, আর পাওয়া গেলেও তার দাম এত বেশী যে সে দামে আমরা কিনতে পারি না। ফলে শাক পাতা খেয়ে দিন কাটাতে হচ্ছে এবং না খেয়ে খেয়ে আমরা মরতে বসেছি। জিনিষ আছে অথচ তারা খেতে পাচ্ছে না, এটা আমার কাছে অত্যন্ত খারাপ লাগলো। তারা বলছে যে Governmentএর ব্যাপক ধান্য সংগ্রহ নীতির যে নিয়ম করছে যে, যার ১৫ বিঘার চেয়ে বেশী জমি আছে, তাদের কাছ থেকে ধান্য সংগ্রহ করা হবে; এটা শুধু কাগজে কলমেই আছে, কিন্তু ধান্য সংগ্রহ করছে, যাদের ১৫ বিঘা কেন, কোন জমিই নাই তাদের কাছ থেকে জোর করে। এই সমস্ত কথা তারা বলেছে যে রসিদ মাত্র তারা একবার দিয়েছে, আর এমন কি বীজ ধান পর্য্যন্ত কেড়ে নিয়ে গিয়েছে। তার ফলে আমাদের বেশী দাম দিয়ে বীজ ধান কিনতে হয়। আপনারা জানেন যে এই জন্য তাদের জমিগুলি খালি পড়ে আছে। তারা বলছে যে, আমাদের কাছ থেকে এইভাবে জোর করে ধান্য সংগ্রহ করছে কিন্তু আমাদের মধ্যে যারা বড়লোক ছিল, যাদের পাঁচশ', হাজার বিঘা জমি আছে, যাদের গোলায় ধান ভরা, তাদের কাছ থেকে নেয়নি, আর নিলেও সামান্য সামান্য করে নিয়েছে।

অনুদাবাবু বলেছেন যে Government officersদের মধ্যে বহু ঘুষখোর আছে; এটা অতি সত্য কথা। এই সমস্ত officersরা প্রচুর পরিমাণে ঘুষ খাচ্ছে। যারা বড়লোক, যারা ঘুষ দিতে পারে, তাঁদের ধান তাঁরা নিচ্ছেন না কিন্তু যারা গরীব লোক ঘুষ দিতে পারে না, তাদের কাছ থেকে জোর করে ধান কেড়ে নিয়ে যাচ্ছে। এই হল সত্যিকারের অবস্থা। আমি স্বচক্ষে সব দেখে এসেছি। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম যে, ভাই, তোমরা ১৯৪৩ সালের দুর্ভিক্ষের সময় কলিকাতায় গিয়েছিলে কিন্তু এবার যাচ্ছ না কেন? তার উত্তরে তারা বলে যে, এবার কলিকাতায় আমরা যাবো না কারণ গতবার কলিকাতায় গিয়ে লোকে না খেতে পেয়ে মারা গিয়াছে, Government তাদের খেতে দিতে পারেনি। সেই জন্যই আমরা কলিকাতায় যাবো না। (The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: এত চেষ্টা করেও তাদের কলিকাতায় আনতে পারলেন না?) চেষ্টা করতে হয় না। তারা নিজেরাই আমাদের কাছে আসে। মন্ত্রীমহাশয়রা তা জানতে পারেন না কারণ তাদের কাছে তারা যেতে পারে না, বাড়ীতে sentry থাকে বলে; আমাদের বাড়ীতে তো আর sentry পাহারা থাকে না, তাই তারা আমাদের কাছেই আসে। আমাদের জনগণের সঙ্গে সম্পর্ক রাখতে হয়। তাদের কাছে জিজ্ঞাসা করলে তারা বলে, বাবু এবারের দুর্ভিক্ষ ১৯৪৩ সালের চেয়েও বেশী আরম্ভ হয়েছে। ১৯৪৩ সালে যখন লোকে না খেতে পেয়ে কলিকাতায় আসতে আরম্ভ করেছিল তখন প্রথমে তাদের সম্বন্ধে Statesman কাগজই লেখা আরম্ভ করে। আমরা তখন জেলে ছিলাম, এবং লক্ষ্য করেছিলাম যে কোন দেশী পত্রিকায় এ জিনিষ প্রচার করেনি। আজকে আমাদের এই দেশী Governmentও সর্ব প্রকার দুর্ভিক্ষকে চেপে দিতে চাচ্ছে। Dr. Roy সমস্ত কিছু জানেন তবুও তিনি বলছেন যে, না; লোকে না খেতে পেয়ে মরছে না। কাজে কাজে এই অবস্থায় আমরা রাজনীতি প্রচার করতে চাই না, Governmentএর কাছে এখন আমাদের প্রশ্ন যে তাঁরা এই অবস্থায় কি করতে চান? চারুবাবু যা বলেছেন, তা অতি ন্যায় সঙ্গত কথা। Governmentএর দায়ীত্বে তাদের খেতে দিতে হবে। চারুবাবু যে statutory rationingএর কথা বলেছেন it is practical. কিন্তু Government তার কিছুই করছেন না। নিশাপতি বাবু একটা কথা বলেছেন, অবশ্য এই ঘরের মধ্যে নয় 'লবি'তে বলছিলেন, যে চরযদুবাটিতে যে সমস্ত বাস্তুহারা ছিল তাদের কি হ'লু? আমি যখন তাঁকে এই কথা জিজ্ঞাসা করলাম, কি আর হবে। ডাঃ রায় কল্যাণী নগর করছেন। সেখানে চারশত পরিবার নিজেদের চেষ্টায় করে খাচ্ছিল, সেখানে গভর্ণমেণ্ট সহর তৈরী করবেন বলে তাদের তাড়িয়ে মরুভূমিতে পাঠিয়ে দিয়েছেন, সেখানে তারা না খেতে পেয়ে মরছেন। গভর্ণমেণ্ট কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোটি কোটি টাকা পাচ্ছেন, তা দিয়ে তাঁরা সহর তৈরী করছেন, অথচ দেশে লোক না খেতে পেয়ে মরছে। আগে তাদের খেতে দেবার ব্যবস্থা করে, তারপর ঘর, বাড়ী, সহর, রাস্তাঘাটের ব্যবস্থা করা উচিৎ। এইগুলি নিশাপতি মাঝি মহাশয় খুব যুক্তি সংগত ভাবে বলেছেন। ডাঃ রায় যে ১২ কোটি টাকা পাচ্ছেন তা দিয়ে যদি দু একটা কাপড়ের কল তৈরী করেন, তাহলে সেখানে বহু লোক কাজ করে নিজের সব ঠিক করে নেবে। তা, না করে গভর্ণমেণ্ট সব টাকা রাস্তা ঘাট, ঘর বাড়ী নির্মান কার্য্যে ব্যয় করে ফেলছেন। এখন যা বলতে যাচ্ছিলাম Governmentএর এই যে bad procurement policy এই জিনিষ নিয়ে অনেক আলোচনা করেছি ও বহু statementও দিয়েছি। এই statementএর facts and figures

may be correct or may be incorrect সে সম্বন্ধে গভর্ণমেণ্ট অন্ততঃ একটা মত প্রকাশ করুন। গভর্ণমেণ্টের যে সমস্ত statements কলিকাতার সমস্ত খবরের কাগজে বেরিয়েছে বা তাঁরা যে বক্তৃতা Radioতে দিয়েছেন তার মধ্যে আমার প্রশ্নের উত্তর পাইনি। শুধু গালাগালি করলেই উত্তর দেওয়া হয় না। গ্রামে ধানচালের অভাব নেই, টাকা দিলেই তা পাওয়া যায়।

একথা ঠিক যে গ্রামে গ্রামে এখনো চাল ধান আছে, ধনিকদের গোলায় এখনো ধান পাওয়া যায়। দাম দিলে গ্রামে ধান পাওয়া যায়। কিন্তু জিনিষের দাম বেড়েছে, এবং কেন বেড়েছে তা আগেই বলেছি। গভর্ণমেণ্ট officersদের সঙ্গে ব্যবস্থা করে ধনীরাই এটা করছেন, এবং তার ফলেই আজ artificial inflation হয়েছে। এখন গভর্ণমেণ্ট কি করে, এটা tackle করবেন? আমি বলেছি যে গভর্ণমেণ্ট এটা ঠিক করতে পারবে না সে Government must go. গভর্ণমেণ্ট লোককে খেতে দিতে পারে না তার এক মিনিটও গদিতে থাকার অধিকার নাই। আমি বলব যারা পারবে তারাই থাক। যে হেতু ৩০।৪০ টাকা দিয়ে লোকে চাল কিনতে পারে না, এবং যে হেতু হাজার হাজার লোক না খেয়ে মরছে সেই জন্য Governmentএর উচিত statutoryএর ব্যবস্থা করা। কোথা থেকে ধান চাল আসবে—বা কোথা থেকে টাকা আসবে—that is not our look out. বেহার দুর্ভিক্ষের সম্মুখীন হয়ে যেখান থেকে পেরেছে চাল এনেছে। তাঁরা স্বীকার করেছিলেন যে হাঁ আমাদের দুর্ভিক্ষের অবস্থা। বেহারের মন্ত্রীরা চেঁচামিচি করেছিলেন, এবং অবস্থাটা ছাপান নাই, লুকান নাই। আর আমাদের গভর্ণমেণ্ট বলছেন—না, আমাদের কিছু হয় নাই। বেহারের গভর্ণমেণ্ট প্রকৃত অবস্থা উদ্‌ঘাটন করে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের সাহায্য আদায় করে দুর্ভিক্ষকে ঠেকিয়েছেন, আর আমাদের গভর্ণমেণ্ট নিজেরা চেপে যাচ্ছেন, কিন্তু আমরা যখন সে বিষয়ে দু একটা কথা বলি তখন বলেন, তোমরা মিথ্যা propaganda করছ। না খেয়ে লোক মরলে, সে কথা যদি কেউ উল্লেখ করে—তাঁরা বলে বসেন "না খেয়ে কেউ মরেনি, তোমরা মিথ্যা কথা বলছ।" এইভাবে সব জিনিষটাকে ধামা চাপা দিচ্ছেন। আমরা তা মানব না, যতক্ষন আমরা এখানে আছি ততক্ষন আমরা প্রতিবাদ করবই।

তাই চারুবাবুর প্রস্তাবটা খুবই সমীচিন। এবং আমরা বিশ্বাস করি যে এটা করা যায় যদি কোন plan থাকে। এখনো যদি corrupt officersদের সরিয়ে দিয়ে যাদের হাতে ধান আছে তাদের কাছ থেকে ধান seize করা হয় এবং যাদের নেই তাদের দেয়া হয় তাহলেও একটা ব্যবস্থা হয়। আপনারা ধনীদের মন্ত্রী, ধনিকদের দিকেই তাকিয়ে থাকেন শুধু তা না তাকিয়ে যদি জনগণের দিকে তাকান তাহলেই এটা করতে পারেন। কিন্তু তা আপনারা পারবেন না। একবার দেখুন না—এবার Assemblyর জন্য দিয়েছেন কাদের? যে মনোভাব নিয়ে এই nomination দিয়েছেন সেই মনোভাবের ফলেই গরীবদের আপনারা মারছেন। Problem is not at all difficult আপনারা যে পারছেন না তাত দেখতেই পাচ্ছি। আপনাদের শাসনের ফলে হাজার হাজার লোক না খেয়ে মরছে আমাদের চোখের সামনে, তা দেখতে চান দেখিয়ে দিতে পারি। একবার আমাদের সঙ্গে চলুন বেশী দূরে নয়, (A VOICE: কোথায় কত দূরে?) বেশী দূরে নয়, ৩০।৪০ মাইলের মধ্যে, যদি আমার সঙ্গে যান তবে আমি দেখাতে পারি বাস্তবিকই এগুলি সত্য, পূর্ণ সত্য।

আপনারা যে পারছেন না এটা অকাট্য সত্য। সুতরাং চারুবাবুর যে দাবী সেটা absolutely right. খগেনবাবু যেতে পারেন, অনাদা মণ্ডল মহাশয়ও যেতে পারেন, দেখলে সে অনুসারে কাজ করতে আপনারা বাধ্য।

মাননীয় নিহারেন্দু দত্ত মজুমদার বলেছেন যে আমরা কোন constructive suggestion দিই নাই। কিন্তু আমি বলছি আমরা বহু constructive suggestion দিয়েছি। কে না জানে যে সুন্দরবন is the granary of Calcutta কিন্তু সুন্দরবনে দুর্ভিক্ষ কেন হয়। যদি বাঁধ ভেঙ্গে যায় এবং সমুদ্রের লোনা জল সেখানকার মাঠে ঢোকে। ১৯৫০ সালে যে লোনা জলে সুন্দরবন ভেসে গিয়েছিল, তার পরে দুর্ভিক্ষ-এর solution easy. একবার শুনেছিলাম, গভর্ণমেণ্ট সুন্দরবনের জমিদারী নিজের হাতে নেবেন এবং বাঁধ বাঁধবেন। কিন্তু এই জমিদার প্রধান গভর্ণমেণ্ট জমিদারী নিবেন কি করে? কিন্তু আমি এটা বার বার বলছি বাংলার খাদ্যাভাব যদি দূর করতে চান তাহলে abolish the Zamindary system at least at Sundarbans. হেমন্তবাবুও বলেছেন যে লোক জলে যতই ভেসে যায় ততই দুর্গত হয়। সুতরাং চারুবাবুর প্রস্তাব অত্যন্ত সঙ্গত। অনুরোধ করছি সরকার এটাকে মেনে নিয়ে কার্য্যকরী করুন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আজকে অনেকক্ষণ ধরে আমাদের চারুবাবুর প্রস্তাবের উপর বক্তৃতা হচ্ছে, উভয় পক্ষেরই অনেকে অনেক কথা বলেছেন, অনেক উপদেশ দিয়েছেন,

